রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ফেব্রুয়ারি ৫, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**মাদক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ/১৮ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং-১৭-আইন/২০২২।**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ৬৮ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

১। **শিরোনাম।**—এই বিধিমালা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(১) **"অন শপ (On shop)"** অর্থ বিলাতিমদ বা বিদেশিমদ বা অ্যালকোহল জাতীয় পানীয় বিক্রির এইরূপ স্থান, যে স্থান হইতে কোনো বিদেশি নাগরিক অথবা পারমিটধারী দেশীয় নাগরিক বিলাতিমদ বা বিদেশিমদ বা অ্যালকোহল জাতীয় পানীয়, ক্ষেত্রমত, পারমিটে উল্লিখিত পরিমাণে, ক্রয়পূর্বক উক্ত স্থানে বসিয়া পান করিতে পারেন;

(২) **"অফ শপ (Off shop)"** অর্থ এইরূপ স্থান, যে স্থান হইতে কোনো বিদেশি নাগরিক বা পারমিটধারী দেশীয় নাগরিক, ক্ষেত্রমত, পারমিটে উল্লিখিত পরিমাণ, বিলাতিমদ বা মদ জাতীয় পানীয় বোতল বা ক্যানবন্ধ অবস্থায় ক্রয় করিতে পারেন;


**মূল্য :** টাকা ১৯০.০০

(৩) "**আইন**" অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন);

(৪) "**ইউনিট**" অর্থ—

(ক) এক কোয়ার্ট বোতল (১ কোয়ার্ট =৭৫০ মি.লি) বিলাতিমদ বা ৩ কোয়ার্ট বোতল ওয়াইন অথবা ১৫ কোয়ার্ট বোতল সিডার, বিয়ার বা পেরি; এবং

(খ) ৩০ ইউপি এর ১ লিটার, ৪০ ইউপি এর ১.৪ লিটার, ৬০ ইউপি এর ১.৭৫ লিটার এবং ৭০ ইউপি এর ২.২৫ লিটার দেশিমদ;

(৫) "**উপপরিচালক**" অর্থ অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা, মেট্রো বা বিশেষ জোনের উপপরিচালক;

(৬) "**এজেন্ট**" অর্থ ডিস্টিলারি বা পণ্যাগারে কোনো ডিস্টিলারি কর্তৃক নিযুক্ত প্রতিনিধি বা কর্মকর্তা-কর্মচারী;

(৭) "**ক্লাব**" অর্থ এমন কোনো সংঘ যাহা Societies Registration Act, 1860 (Act No. XXI of 1860) বা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত;

(৮) "**গেজিং**" অর্থ অ্যালকোহল, ওয়াশ বা মোলাসেস সংরক্ষণ, গাঁজন, পাতন বা প্রক্রিয়াজাতকরণে ব্যবহার্য পাত্র বা আধারের ধারণ ক্ষমতার পরিমাপ বা ইহাতে কি পরিমাণ মোলাসেস, ওয়াশ বা অ্যালকোহল রহিয়াছে কিংবা সংগ্রহ করা হইয়াছে তাহার বাল্ক বা মোট পরিমাণ নির্ধারণ করা;

(৯) "**ছাড়পত্র**" অর্থ অ্যালকোহল আমদানির পর শুল্ক খালাসের নিমিত্ত এই বিধিমালার অধীন প্রদেয় ছাড়পত্র;

(১০) "**ডিপরড**" অর্থ ডিস্টিলারি বা পণ্যাগারে ড্রাম বা ভ্যাটে রক্ষিত 'ওয়াশ' বা 'অ্যালকোহল' পরিমাপের জন্য ব্যবহার্য বিশেষ ধরনের কাঠের বা ধাতুর তৈরি দাগাঙ্কিত স্কেল বা দণ্ড;

(১১) "**ডিস্টিলার**" অর্থ ডিস্টিলারির লাইসেন্সি বা সংশ্লিষ্ট লাইসেন্সের অধীন ডিস্টিলারি ব্যবস্থাপনায় ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি;

(১২) "**ডিস্টিলারি**" অর্থ অ্যালকোহল উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের কারখানা, স্থাপনা বা স্থান;

(১৩) "**ড্রাম**" অর্থ ডিস্টিলারি ও পণ্যাগারে স্পিরিট সংরক্ষণ ও পরিবহন কাজে ব্যবহার্য নির্দিষ্ট ধারণ ক্ষমতা, আকার, আকৃতি ও প্রযুক্তিগত কৌশলযুক্ত সাধারণ ব্যারেলের সাদৃশ্য বিশেষ ধাতব বা প্লাস্টিক পাত্র;

(১৪) "**তফসিল**" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(১৫) "**দেশিমদ**" অর্থ বাংলাদেশে প্রস্তুতকৃত নিম্নমাত্রার সুরাশক্তিসম্পন্ন পানযোগ্য সাধারণ অ্যালকোহল, যাহা মোলাসেসের গাঁজন ও পাতন প্রক্রিয়ায় উৎপন্ন করা হয় এবং যাহার সুরাশক্তি অন্যূন ১৩৫ ডিগ্রি লন্ডন প্রুফ এবং অনূর্ধ্ব ১৪৫ ডিগ্রি লন্ডন প্রুফকে নির্ধারিত নিম্নমাত্রার সুরাশক্তিতে রূপান্তরিত করিয়া বাজারজাত করা হয়;

(১৬) "**পণ্যাগার**" অর্থ লাইসেন্সপ্রাপ্ত এইরূপ কোনো স্থান বা বিক্রয় কেন্দ্র, যে স্থান হইতে লাইসেন্সি, পারমিটধারী, অনুমোদিত কোনো প্রতিষ্ঠান বা সংস্থাকে অ্যালকোহল সরবরাহ বা বিক্রয় করা হয়;

(১৭) "**পরিবহন**" অর্থ পরিবহন পাসের আওতায় যানবাহনের মাধ্যমে এক স্থান হইতে অন্য স্থানে অ্যালকোহল স্থানান্তর করা;

(১৮) "**পরিবহন ঘাটতি**" অর্থ ডিস্টিলারি হইতে পণ্যাগার কিংবা এক পণ্যাগার হইতে অন্য পণ্যাগারে অ্যালকোহল পরিবহনকালে বাষ্পীভবন, চুঁইয়া পড়া, তাপমাত্রার পরিবর্তন বা আবহাওয়া ও অন্যান্য কারণে স্পিরিটের সাধারণ ঘাটতি;

(১৯) "**পরিবহন পাস**" অর্থ এক স্থান হইতে অন্য স্থানে অ্যালকোহল বহন বা পরিবহন করিবার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক কোনো ব্যক্তিকে প্রদত্ত অনুমতিপত্র;

(২০) "**প্রুফ**" অর্থ অ্যালকোহলের (লন্ডন প্রুফ) মান যাহা ১৫.৫৬° সেলসিয়াস তাপমাত্রায় শতকরা ৪৯.২৪ ভাগ ওজন অনুপাতে খাঁটি স্পিরিটের উপস্থিতিসম্পন্ন জলীয় দ্রবণের সুরাশক্তিমান এবং যাহা শতকরা ৫৭.০৬ ভলিউম বাই ভলিউম (ভি/ভি) অ্যালকোহলযুক্ত;

(২১) "**প্রুভিং**" অর্থ অ্যালকোহল বা অ্যালকোহল সংবলিত ওয়াশ কিংবা দ্রবণের সুরাশক্তির পরিমাপকরণ;

(২২) "**ফরম**" অর্থ এই বিধিমালার কোনো ফরম;

(২৩) "**ফার্মেন্টেশন (Fermentation)**" অর্থ কোনো ডিস্টিলারি, ব্রিউয়ারিতে বা অন্য কোনো উপায়ে অ্যালকোহল উৎপাদনের উদ্দেশ্যে চিনি বা শ্বেতসার রহিয়াছে এইরূপ যে কোনো কাঁচামাল সহযোগে সম্পন্ন জৈব রাসায়নিক প্রক্রিয়া;

(২৪) "**ফিস**" অর্থ তফসিল-১ এ বর্ণিত লাইসেন্স ফিস, পারমিট ফিস বা উহাদের নবায়ন ফিস;

(২৫) "**বন্ডেড পণ্যাগার**" অর্থ যে স্থানে এই বিধিমালার অধীন প্রদত্ত বন্ডের মাধ্যমে বিলাতিমদ বা অ্যালকোহল মজুদপূর্বক নির্ধারিত শক্তিতে দেশিমদে রূপান্তর করা হয়, অথবা এই বিধিমালা দ্বারা নির্ধারিত অ্যালকোহল জাতীয় পণ্য আমদানিপূর্বক বিক্রয়ের শর্তে সংরক্ষণ ও মজুদ রাখা হয়;

(২৬) "**বহন**" অর্থ পারমিটে অনুমোদিত পরিমাণ অ্যালকোহল এক স্থান হইতে অন্য স্থানে স্থানান্তরকরণ;

(২৭) "**বার**" অর্থ অনুমোদিত স্থান বা স্থাপনা যে স্থানে বৈধভাবে অ্যালকোহল বিক্রয়ের জন্য সংরক্ষণ, প্রদর্শন, পরিবেশন ও সেবন করা হয়;

(২৮) "**বার পার্সোনেল**" অর্থ বার, অফ শপ বা অন শপ পরিচালনা ও উহার বিক্রয় কার্যক্রমের সুবিধার্থে অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে লাইসেন্সি কর্তৃক নিয়োজিত ব্যক্তি;

(২৯) "**বাল্ক**" অর্থ প্রচলিত এককে মোলাসেস, ওয়াশ বা অ্যালকোহলের মোট পরিমাণ;

(৩০) "**বিভাগীয় কর্মকর্তা**" অর্থ অধিদপ্তর কর্তৃক পদায়নকৃত সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কর্মকর্তা;

(৩১) "**বিলাতিমদ**" অর্থ মহাপরিচালক কর্তৃক অনুমোদিত ফর্মুলা অনুসারে দেশীয় কোনো ডিস্টিলারি কিংবা লাইসেন্সি কর্তৃক প্রস্তুতকৃত, প্রক্রিয়াজাতকৃত বা বোতলজাতকৃত কোনো অ্যালকোহল;

(৩২) "**বিশেষ ডিনেচার্ড স্পিরিট**" অর্থ সাবান এবং অন্যান্য শিল্পে ব্যবহারের উদ্দেশ্যে মহাপরিচালক কর্তৃক অনুমোদিত বিশেষ ডিনেচার‍্যান্ট সহযোগে প্রস্তুতকৃত স্পিরিট;

(৩৩) "**ব্রিউয়ার**" অর্থ ব্রিউয়ারি লাইসেন্সি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি;

(৩৪) "**ব্লেন্ডিং**" অর্থ বিভিন্ন সুরাশক্তির অ্যালকোহল একত্রে মিশ্রিতকরণ;

(৩৫) "**বোতলজাতকরণ**" অর্থ কোনো ডিস্টিলারি, ব্রিউয়ারি বা লাইসেন্সপ্রাপ্ত দোকানে যে কোনো ধরনের অ্যালকোহল বা তরল পদার্থ মহাপরিচালক কর্তৃক অনুমোদিত আকার, আকৃতি ও মাপের বোতলে বা ক্যানে নির্ধারিত পরিমাপে লেবেল ও ছিপি দ্বারা সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ;

(৩৬) "**ভেন্ডর**" অর্থ দেশিমদ, বিলাতিমদ বা যে কোনো ধরনের অ্যালকোহলের লাইসেন্সি;

(৩৭) "**ভ্যাট**" অর্থ ডিস্টিলারি, ব্রিউয়ারি ও পণ্যাগারে মোলাসেস, ওয়াশ, অ্যালকোহল, স্পিরিট বা বিয়ার রাখিবার জন্য মহাপরিচালক কর্তৃক অনুমোদিত বিশেষ আকার, আকৃতি ও প্রযুক্তিযুক্ত ধাতব বা কাঠের তৈরি বৃহদাকৃতির পাত্র;

(৩৮) "**মোলাসেস**" অর্থ অ্যালকোহল বা স্পিরিট উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল, যেমন:— গুড় বা চিটাগুড়, ইত্যাদি;

(৩৯) "**রিডাকশন**" অর্থ কোনো পণ্যাগার হইতে লাইসেন্সির নিকট দেশিমদ সরবরাহের উদ্দেশ্যে পানযোগ্য বিশুদ্ধ পানি মিশাইয়া উহার সুরাশক্তি মহাপরিচালক কর্তৃক অনুমোদিত মাত্রায় আনয়ন প্রক্রিয়া;

(৪০) "**রিসিভার**" অর্থ কোনো ডিস্টিলারিতে স্পিরিট উৎপাদনের পর উহা ভ্যাট বা গুদামে স্থানান্তরের পূর্বে পাতনযন্ত্র হইতে সরাসরি বিশেষ নিরাপত্তা ব্যবস্থা সংবলিত কক্ষে রক্ষিত যে কোনো পাত্রে বা ভ্যাটে জমাকরণ;

(৪১) "**রেক্টিফাইড স্পিরিট**" অর্থ অন্যূন ৬০ ডিগ্রি ওভার প্রুফ বা ৯১.২৯%($\underline{+}$২) (ভলিউম বাই ভলিউম ১৫.৫ ডিগ্রি সে. তাপমাত্রায়) শক্তিবিশিষ্ট যে কোনো পরিশোধিত পানযোগ্য অ্যালকোহল;

(৪২) "**রেস্টুরেন্ট**" অর্থ বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪ (২০১৪ সনের ১৫ নং আইন) এর ধারা ২ (১০) এ সংজ্ঞায়িত রেস্তোরাঁ;

(৪৩) "**লাইসেন্সি**" অর্থ এই বিধিমালার অধীনে লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি;

(৪৪) "**লাইসেন্সিং কর্তৃপক্ষ**" অর্থ মহাপরিচালক অথবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(৪৫) "শুল্কমুক্ত **পণ্যাগার**" অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969) বা তদধীন প্রণীত বিধিমালা, আদেশ **বা** প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত কোনো ডিপ্লোমেটিক বন্ডেড ওয়ারহাউজ;

(৪৬) "**সম্ভার যাচাই** (Stock Taking)" অর্থ ক্ষমতাপ্রাপ্ত কোনো মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা কর্তৃক কোনো পণ্যাগার, ডিস্টিলারি বা ব্রিউয়ারি পরিদর্শন ও অ্যালকোহলের যাবতীয় পরিমাণের বাস্তব যাচাই এবং শক্তি ও গুণাগুণ পরীক্ষা-নিরীক্ষাসহ সকল হিসাব-নিকাশ পরীক্ষা ও যাচাই করা;

(৪৭) "**স্টিল**" অর্থ ডিস্টিলারিতে অ্যালকোহল উৎপাদনে ব্যবহৃত যে কোনো যন্ত্র বা যন্ত্রাংশ;

(৪৮) "**স্পেন্ট ওয়াশ**" অর্থ ডিস্টিলারিতে স্পিরিট প্রস্তুতে ফার্মেন্টেশন ও ডিস্টিলেশন প্রক্রিয়ায় ওয়াশ হইতে স্পিরিট নিষ্কাশন করিবার পর উহার অবশিষ্টাংশ;

(৪৯) "**স্যাক্রামেন্টাল ওয়াইন**" অর্থ খ্রিষ্টান ধর্মাবলম্বীদের ধর্মীয় আচার অনুষ্ঠানে গির্জায় উপস্থিত যাজক ও তাহার অনুসারীদের জন্য আঙ্গুরের নির্যাস সহযোগে তৈরি বিশেষ ধরনের ওয়াইন বা অ্যালকোহল জাতীয় পানীয়;

(৫০) "**স্ট্রং অ্যালকোহল**" অর্থ ৯৫% এর অধিক সুরাশক্তিসম্পন্ন যে কোনো ইথাইল অ্যালকোহল;

(৫১) "**হোটেল**" অর্থ বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪ (২০১৪ সনের ১৫ নং আইন) এর ধারা ২ (১৩) তে সংজ্ঞায়িত হোটেল;

(৫২) "**হোমিওপ্যাথিক ঔষধ**" অর্থ সরকার কর্তৃক অনুমোদিত হোমিওপ্যাথিক ফার্মাকোপিয়া ও মেটেরিয়া মেডিকায় অন্তর্ভুক্ত অ্যালকোহল সংবলিত এবং অ্যালকোহলমুক্ত হোমিওপ্যাথিক ঔষধ;

(৫৩) "**হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত**" অর্থ ঔষধ প্রশাসন অধিদপ্তর হইতে ঔষধ প্রস্তুতের পারমিটধারী প্রতিষ্ঠান কর্তৃক কোনো স্বীকৃত ফার্মাকোপিয়া অনুসরণপূর্বক হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকরণ; এবং

(৫৪) "**হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকারক**" অর্থ আইন এবং Drugs (Control) Ordinance, 1982 (Ordinance No. VIII of 1982) এর অধীনে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদনের লাইসেন্সপ্রাপ্ত হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## লাইসেন্স, পারমিট, পাস, ইত্যাদি

৩। **অ্যালকোহলের লাইসেন্স, পারমিট, পাস, ইত্যাদি।**—(১) নিম্নবর্ণিত ক্ষেত্রে লাইসেন্স গ্রহণ করিতে হইবে, যথা:—

(ক) অ্যালকোহল আমদানি ও রপ্তানি;

(খ) অ্যালকোহল উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ;

(গ) অ্যালকোহল সরবরাহ, বিপণন ও ক্রয়-বিক্রয়; এবং

(ঘ) অ্যালকোহল সংরক্ষণ, গুদামজাতকরণ বা ধারণ।

(২) নিম্নবর্ণিত ক্ষেত্রে পারমিট গ্রহণ করিতে হইবে, যথা:—

(ক) অ্যালকোহল (মদ বা মদ্য জাতীয় পানীয়) পান; এবং

(খ) অ্যালকোহল ব্যবহার ও প্রয়োগ।

(৩) নিম্নবর্ণিত ক্ষেত্রে পাস গ্রহণ করিতে হইবে, যথা:—

(ক) অ্যালকোহল বহন; এবং

(খ) অ্যালকোহল পরিবহন।

৪। **লাইসেন্স বা পারমিটের জন্য আবেদন, ইত্যাদি।**—(১) আইনের ধারা ১০ এর উদ্দেশ্য পূরণকল্পে অ্যালকোহল ব্যবহার ও প্রয়োগ সংক্রান্ত লাইসেন্স বা পারমিটের জন্য তফসিল-২ এর সংশ্লিষ্ট ফরমে—

(ক) বার, অন শপ বা অফ শপের ক্ষেত্রে মহাপরিচালক; এবং

(খ) অন্যান্য ক্ষেত্রে সংশ্লিষ্ট উপপরিচালক—

বরাবর আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর—

(ক) দফা (ক) এর ক্ষেত্রে মহাপরিচালক একজন তদন্তকারী কর্মকর্তা নিযুক্ত করিবেন; এবং

(খ) দফা (খ) এর ক্ষেত্রে উপপরিচালক স্বয়ং তদন্ত করিবেন অথবা একজন তদন্তকারী কর্মকর্তা নিযুক্ত করিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত তদন্তকারী কর্মকর্তা আবেদনে বর্ণিত তথ্য ও সংশ্লিষ্ট কাগজাদি পরীক্ষাক্রমে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে এতৎসংক্রান্ত প্রতিবেদন উপপরিচালকের ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তার নিকট এবং অন্য কোনো তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে উপপরিচালকের মাধ্যমে বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন।

(৪) বিভাগীয় কর্মকর্তা, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষা করিয়া সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে মহাপরিচালকের নিকট প্রেরণ করিবেন।

(৫) মহাপরিচালক বিভাগীয় কর্মকর্তার মতামত ও সার্বিক বিষয় বিবেচনা করিয়া যুক্তিসংগত মনে করিলে আবেদনটি অনুমোদনপূর্বক সংশ্লিষ্ট উপপরিচালককে লাইসেন্স বা পারমিট প্রদানের জন্য নির্দেশনা প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, বার বা অফ শপের লাইসেন্সের ক্ষেত্রে মহাপরিচালক, প্রয়োজনে, সরকারের অনাপত্তি গ্রহণ করিতে পারিবেন।

(৬) উপ-বিধি (৫) এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী উপপরিচালক সংশ্লিষ্ট লাইসেন্স বা পারমিটের ফিস জমা প্রদানের জন্য আবেদনকারীকে অবহিত করিবেন এবং উক্ত ফিস জমাদানের ৭ (সাত) দিনের মধ্যে তফসিল-৩ এর সংশ্লিষ্ট ফরমে লাইসেন্স বা পারমিট প্রদান করিবেন।

(৭) এই বিধির অন্যান্য উপ-বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, ডিনেচার্ড স্পিরিটের ক্ষেত্রে উপপরিচালক সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষা করিয়া যুক্তিসংগত মনে করিলে আবেদনটি অনুমোদন করিবেন এবং সংশ্লিষ্ট লাইসেন্স বা পারমিট ফিস জমা প্রদানের জন্য আবেদনকারীকে অবহিত করিবেন এবং উক্ত ফিস জমাদানের ৭ (সাত) দিনের মধ্যে তফসিল-৩ এর সংশ্লিষ্ট ফরমে লাইসেন্স বা পারমিট প্রদান করিবেন।

(৮) উপ-বিধি (৬) বা (৭) অনুযায়ী লাইসেন্স বা পারমিট অনুমোদনের বিষয়টি আবেদনকারীকে অবহিতকরণের অনধিক ১৫ (পনেরো) দিনের মধ্যে ফিস জমা প্রদান বা লাইসেন্স গ্রহণ করা না হইলে মহাপরিচালক উহার কারণ বিবেচনাপূর্বক প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করিতে পারিবেন।

৫। **অ্যালকোহল পানের পারমিটের জন্য আবেদন, ইত্যাদি।**—(১) অ্যালকোহল পানের পারমিটের জন্য তফসিল-২ এর সংশ্লিষ্ট ফরমে উপপরিচালক বরাবর আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, চা শ্রমিকের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাগানে কর্মরত থাকিবার প্রমাণক আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর উপপরিচালক আবেদনের তথ্য সংশ্লিষ্ট রেজিস্টারে এন্ট্রি করিবেন এবং পরিদর্শকের নিম্নে নহে এইরূপ একজনকে তদন্তকারী কর্মকর্তা নিযুক্ত করিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত তদন্তকারী কর্মকর্তা আবেদনে বর্ণিত তথ্য ও সংশ্লিষ্ট কাগজাদি পরীক্ষাক্রমে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে এতৎসংক্রান্ত প্রতিবেদন উপপরিচালকের নিকট দাখিল করিবেন।

(৪) উপপরিচালক তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষা করিয়া যুক্তিসংগত মনে করিলে আবেদনটি অনুমোদনপূর্বক সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাকে পারমিট প্রদানের জন্য নির্দেশনা প্রদান করিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন নির্দেশনা প্রাপ্তির পর তদন্তকারী কর্মকর্তা সংশ্লিষ্ট পারমিট ফিস জমা প্রদানের জন্য আবেদনকারীকে অবহিত করিবেন এবং উক্ত ফিস জমাদানের ৭ (সাত) দিনের মধ্যে তফসিল-৩ এর সংশ্লিষ্ট ফরমে পারমিট প্রদান করিবেন এবং উহার এক কপিতে আবেদনকারীর স্বাক্ষর বা টিপসহি গ্রহণপূর্বক সংরক্ষণ করিবেন:

তবে শর্ত থাকে যে, চা বাগান এলাকার জন্য নির্ধারিত দেশিমদের পারমিট কেবল চা শ্রমিক ব্যতীত অন্য কোনো ব্যক্তির অনুকূলে প্রদান করা যাইবে না।

৬। **পাসের আবেদন, ইত্যাদি।**—(১) এক স্থান হইতে অন্য স্থানে অ্যালকোহল বহন বা পরিবহন করিবার ক্ষেত্রে পাস গ্রহণের জন্য উপপরিচালক বরাবর আবেদন করিতে হইবে।

(২) লাইসেন্সি বা পারমিটধারী কর্তৃক অন্য কোনো ব্যক্তিকে অ্যালকোহল বহন বা পরিবহন করিবার ক্ষমতা প্রদান করিবার ক্ষেত্রে পাসের আবেদনপত্রে উক্ত ব্যক্তির পরিচয়, ঠিকানা, সততা ও সুনাম সম্পর্কে প্রত্যয়নপূর্বক অ্যালকোহল বহন বা পরিবহনের জন্য যথাযথভাবে ক্ষমতা অর্পণ করিতে হইবে।

(৩) এই বিধির অধীন আবেদন প্রাপ্ত হইবার পর উপপরিচালক তফসিল-৪ এর ফরম-১৫ অনুযায়ী অ্যালকোহল পরিবহনের জন্য পাস ইস্যু করিবেন।

(৪) পাসে উল্লিখিত সময়ের মধ্যে পাস ব্যবহার করিতে হইবে এবং ব্যবহার শেষে ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান করিতে হইবে, তবে উক্ত পাসের মেয়াদ সর্বাধিক ১ (এক) মাস পর্যন্ত বর্ধিত করা যাইবে।

(৫) কোনো দেশিমদ বা বিলাতিমদের পারমিটধারী কর্তৃক দেশিমদ বা বিলাতিমদ বহন বা পরিবহনের জন্য তাহার পারমিটই পাস বলিয়া গণ্য হইবে।

(৬) কোনো যুক্তিসংগত কারণে পারমিটধারী স্বয়ং অ্যালকোহল বহন বা পরিবহনে অসমর্থ হইলে অন্য কোনো পারমিটধারীকে তাহার পারমিটের আওতাভুক্ত অ্যালকোহল পরিবহনের জন্য কমন কেরিয়ার পাস প্রদান করা যাইবে, তবে এইরূপ কমন কেরিয়ার পাসধারী উক্ত অ্যালকোহল সরবরাহের স্থান হইতে পারমিটধারীর নিকট পৌঁছাইয়া দেয়ার সময় ও পথ ব্যতীত অন্য কোনোভাবে নিজ দখলে রাখিতে পারিবেন না।

(৭) কোনো লাইসেন্সি পণ্যাগার বা কোনো পাইকারি দোকান হইতে অ্যালকোহলের সরবরাহ গ্রহণের পর উহা নিজে বহন করিতে না পারিলে তৎকর্তৃক নিয়োজিত ব্যক্তির মাধ্যমে বহন বা পরিবহন করিতে পারিবেন।

(৮) রেল, সড়ক, নৌ ও আকাশ পথের যে কোনো এক বা একাধিক পথে অ্যালকোহল বহন বা পরিবহন করা যাইবে, তবে পাসের উপর অবশ্যই বহন বা পরিবহন পথ লিপিবদ্ধ থাকিতে হইবে এবং পাসে উল্লিখিত পথ ব্যতীত অন্য কোনো পথে অ্যালকোহল বহন বা পরিবহন করা যাইবে না।

(৯) পোস্ট অফিস বা কোনো পরিবহন সংস্থার মাধ্যমে কোনো অ্যালকোহল পরিবহন করিতে হইলে পাসের একটি সত্যায়িত ফটোকপি উক্ত অ্যালকোহলের আধার, পাত্র, বাক্স, পার্সেল বা মোড়কের গায়ে ভালোভাবে আটিয়া দিতে হইবে, যাহাতে উহা কোনোভাবেই বিচ্ছিন্ন না হয় এবং সহজেই দৃষ্টিগোচর হয়।

(১০) চা বাগান এলাকা বা পার্বত্য উপজাতীয় এলাকায় উৎপাদিত অ্যালকোহল কোনো অবস্থাতেই দেশের অন্য কোনো এলাকায় বিক্রয়, পান বা অন্য উদ্দেশ্যে বহন বা পরিবহন করা যাইবে না।

৭। **লাইসেন্সের ক্ষেত্রে অনুসরণীয় বিধানাবলি।**—(১) প্রত্যেক লাইসেন্সিকে আইন, এই বিধিমালা ও সরকার কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন, আদেশ বা অধিদপ্তর কর্তৃক, সময় সময়, প্রদত্ত নির্দেশনাসমূহ অনুসরণ করিতে হইবে।

(২) এই বিধিমালার অধীন কোনো অ্যালকোহলের বাণিজ্যিক কার্যক্রমের লাইসেন্স প্রদানের পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অ্যালকোহলের স্থানীয় চাহিদা নিরূপণ করিবেন এবং প্রয়োজনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ব্যক্তির সহিত পরামর্শ করিতে পারিবেন।

(৩) মহাপরিচালক, সময় সময় লাইসেন্সের আওতায় উৎপাদিত বা প্রক্রিয়াজাত কোনো অ্যালকোহল লাইসেন্সির নিকট হইতে সংগ্রহ করিয়া পরীক্ষা করাইতে পারিবেন এবং উহা লাইসেন্সে বর্ণিত মানসম্পন্ন না হইলে উৎপাদক বা প্রক্রিয়াজাতকারীর লাইসেন্স বাতিল করিতে পারিবেন।

(৪) কোনো এলাকায় অন্যূন ১০০ জন দেশিমদ বা বিলাতিমদের পারমিটধারী থাকিলে অ্যালকোহল বিক্রয়ের লাইসেন্স প্রদান করা যাইবে।

(৫) ক্লাব বা বার ব্যতীত অন্যান্য লাইসেন্সের আওতায় মহাপরিচালক কর্তৃক অনুমোদিত যে কোনো ব্র্যান্ডের অ্যালকোহল সিলকৃত এবং অক্ষত অবস্থায় বিক্রয় করা যাইবে।

(৬) অ্যালকোহলের প্রতিটি বোতল, মোড়ক বা পাত্রের গায়ে “মদ্যপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর” এবং “আইনের বিধান ব্যতীত মদ্যপান দণ্ডনীয় অপরাধ” অভিব্যক্তি লাল কালিতে সুস্পষ্টভাবে মুদ্রিত থাকিতে হইবে।

(৭) লাইসেন্সের আওতাভুক্ত অ্যালকোহলের যাবতীয় কার্যক্রমের হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত হিসাব প্রতি মাসে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৮) মহাপরিচালক, যুক্তিসংগত কারণে, সাধারণ আদেশ দ্বারা, যে কোনো লাইসেন্সিকে তাহার লাইসেন্সের কার্যক্রম বন্ধ রাখিবার নির্দেশনা প্রদান করিতে পারিবেন।

(৯) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত দোকান, বার বা অ্যালকোহল ব্যবহারের জন্য অনুমোদিত স্থানে বিনোদনমূলক সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিচালনা করা যাইবে না।

(১০) কোনো সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, কর্পোরেশন বা অর্থনৈতিক অঞ্চলে অ্যালকোহল বিক্রয়ের লাইসেন্স গ্রহণ করিবার পর লাইসেন্সের অধীন কোনো কার্যক্রম অন্য কোনো ব্যক্তির দ্বারা পরিচালনা করাইতে হইলে অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে এবং অতঃপর সংশ্লিষ্ট ব্যক্তিকে দায়িত্ব প্রদানের চুক্তি সম্পাদনের পূর্বে অধিদপ্তরের অনাপত্তি গ্রহণ করিতে হইবে।

৮। **বার, অফ শপ, ইত্যাদির লাইসেন্সের সাধারণ শর্তাবলি।**—(১) তফসিল-৫ এ উল্লিখিত সময়ে বার, বিলাতিমদের খুচরা বা পাইকারী অফ শপ, বিলাতিমদের অন শপ এবং দেশিমদের দোকান খোলা রাখা যাইবে।

(২) শুক্রবার, মহররম, শব-এ-বরাত, ঈদ-এ-মিলাদুন্নবী, শব-এ-কদর, ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহা এবং সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত দিনে বার, অফ শপ, অন শপ ও দেশিমদের দোকান বন্ধ রাখিতে হইবে।

(৩) লাইসেন্সি অ্যালকোহলের সহিত কোনোরূপ ভেজাল মিশ্রণ বা উহার সুরাশক্তি পরিবর্তন করিতে পারিবেন না।

(৪) বার, অফ শপ, অন শপ ও দেশিমদের দোকানে ব্যবহারের অনুপযোগী অ্যালকোহল সংরক্ষণ করা যাইবে না।

(৫) বার, অফ শপ, অন শপ ও দেশিমদের লাইসেন্সি তাহার লাইসেন্সভুক্ত স্থান এবং উক্ত স্থানে যাবতীয় সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, উপকরণ, পাত্র, আধার, ইত্যাদি যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন, মানসম্পন্ন ও স্বাস্থ্যসম্মত উপায়ে উপযুক্ত নিরাপত্তার সহিত সংরক্ষণ ও পরিচালনা করিবেন।

(৬) তফসিল-৪ এর ফরম-১ অনুযায়ী লাইসেন্সিকে অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে।

(৭) বার, অন শপ, অফ শপ ও দেশিমদের দোকান পরিচালনাকালে লাইসেন্সিকে সংশ্লিষ্ট স্থানে বা দোকানে উপস্থিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, যুক্তিসংগত কোনো কারণে তিনি স্ব-শরীরে উপস্থিত থাকিতে না পারিলে, অনধিক ৩০ (ত্রিশ) দিনের অনুপস্থিতির জন্য উপপরিচালকের অনুমোদনক্রমে এবং ৩০ (ত্রিশ) দিনের অধিক সময়ের অনুপস্থিতির জন্য মহাপরিচালকের অনুমোদনক্রমে, সংশ্লিষ্ট বার, অন শপ, অফ শপ বা দেশিমদের দোকান পরিচালনার জন্য তিনি একজন উপযুক্ত প্রতিনিধি নিযুক্ত করিতে পারিবেন।

৯। **পারমিটের শর্তাবলি।**—(১) বিশেষ দিনে বা উপলক্ষে লাইসেন্সিং কর্তৃপক্ষ তৎকর্তৃক নির্ধারিত সময়ের জন্য মদ্যপানের বা পরিবেশনের জন্য তফসিল-৩ এর ফরম-৩/১৩ অনুযায়ী বিশেষ পারমিট প্রদান করিতে পারিবেন এবং অনুরূপ বিশেষ পারমিটে অনুমোদনকৃত পরিমাণের অতিরিক্ত পরিমাণ মদ্য পান বা পরিবেশন করা যাইবে না।

(২) খ্রিষ্টান সম্প্রদায়ের ধর্মীয় অনুষ্ঠানে স্যাক্রামেন্টাল ওয়াইন ব্যবহারের জন্য তফসিল-৩ এর ফরম-৩/১৪ অনুযায়ী বিশেষ পারমিট প্রদান করা যাইবে।

(৩) ২১ (একুশ) বৎসরের নিম্নের কোনো ব্যক্তিকে মদ্যপানের জন্য পারমিট প্রদান করা যাইবে না।

(৪) একজন পারমিটধারীর নিকট এককালীন সর্বোচ্চ ৩ (তিন) ইউনিট এবং মাসে সর্বোচ্চ ৭ (সাত) ইউনিটের বেশি অ্যালকোহল বিক্রয় করা যাইবে না, তবে বিশেষ পারমিটধারীর নিকট উক্ত পারমিটে উল্লিখিত পরিমাণ অ্যালকোহল এককালীন বিক্রয় করা যাইবে।

(৫) একই ব্যক্তির নামে একই মেয়াদে বিলাতিমদ এবং দেশিমদের পারমিট ইস্যু করা যাইবে না।

(৬) পারমিটধারী ক্লাব মেম্বারগণ ক্লাবের নির্ধারিত স্থানে বসিয়া মদ্যপান করিতে পারিবেন।

১০। **লাইসেন্স বা পারমিটের মেয়াদ, নবায়ন, ইত্যাদি।**—(১) লাইসেন্স বা পারমিটের মেয়াদ হইবে প্রতি অর্থ বৎসরের ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত।

(২) লাইসেন্স বা পারমিট নবায়নের জন্য প্রতি অর্থ বৎসরের ৩০ জুনের মধ্যে উপপরিচালক বরাবর আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো লাইসেন্সি বা পারমিটধারী যুক্তিসংগত কারণে নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স বা পারমিট নবায়নের জন্য আবেদন করিতে ব্যর্থ হইলে, তফসিল-১ এ উল্লিখিত বিলম্ব ফিস প্রদান সাপেক্ষে নবায়নের আবেদন করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এ বর্ণিত নবায়নের আবেদন প্রাপ্ত হইবার পর উপপরিচালক স্বয়ং তদন্ত করিবেন অথবা একজন তদন্তকারী কর্মকর্তা নিযুক্ত করিবেন এবং তদন্তকারী কর্মকর্তা আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তদন্তপূর্বক একটি প্রতিবেদন প্রস্তুত করিবেন বা, ক্ষেত্রমত, উপপরিচালকের নিকট দাখিল করিবেন।

(৪) উপ-বিধি (৩) এ বর্ণিত প্রতিবেদন প্রাপ্তির পর উপপরিচালক যুক্তিসংগত মনে করিলে তফসিল-১ এ বর্ণিত নবায়ন ফিস বা, ক্ষেত্রমত, বিলম্ব ফিস জমাদানের চালানের কপি প্রাপ্তি সাপেক্ষে, ৩ (তিন) কার্যদিবসের মধ্যে লাইসেন্স বা পারমিট নবায়ন করিবেন।

১১। **লাইসেন্স বা পারমিট সমর্পণ।**—(১) কোনো লাইসেন্সি বা পারমিটধারী লাইসেন্স বা পারমিট পরিচালনায় অসমর্থ হইলে উপযুক্ত কারণ ব্যাখ্যা করতঃ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট, স্বেচ্ছায় উক্ত লাইসেন্স বা পারমিট সমর্পণের জন্য আবেদন করিতে পারিবেন।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন প্রাপ্ত হইবার পর, প্রয়োজনে, উক্ত লাইসেন্সি বা পারমিটধারীর ব্যক্তিগত শুনানি গ্রহণ করিয়া উপ-বিধি (১) এ বর্ণিত আবেদন অনুমোদন করিতে পারিবেন এবং, প্রযোজ্য ক্ষেত্রে, এই বিধিমালায় বর্ণিত পদ্ধতি অনুসরণক্রমে উক্ত লাইসেন্স বা পারমিট অন্য কোনো ব্যক্তিকে প্রদান করিতে পারিবেন।

১২। **লাইসেন্স বা পারমিটের মালিকানা, ঠিকানা পরিবর্তন, অংশীদার নিয়োগ।**—(১) মহাপরিচালকের অনুমোদন ব্যতীত লাইসেন্স বা পারমিটের মালিকানা, ক্ষেত্রমত, সম্পূর্ণ বা আংশিক পরিবর্তন করা যাইবে না।

(২) মালিকানা পরিবর্তন বা অংশীদার নিয়োগের জন্য তফসিল-২ এর ফরম-২/১৫ অনুযায়ী উপপরিচালক বরাবর আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর উপপরিচালক স্বয়ং তদন্ত করিবেন অথবা একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিবেন।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত তদন্তকারী কর্মকর্তা আবেদনে বর্ণিত সংশ্লিষ্ট তথ্য ও কাগজাদি পরীক্ষাক্রমে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে এতৎসংক্রান্ত প্রতিবেদন উপপরিচালকের ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তার নিকট এবং অন্য কোনো তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে উপপরিচালকের মাধ্যমে বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন।

(৫) বিভাগীয় কর্মকর্তা, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষা করিয়া সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে মহাপরিচালকের নিকট প্রেরণ করিবেন।

(৬) মহাপরিচালক বিভাগীয় কর্মকর্তার মতামত ও সার্বিক বিষয় বিবেচনা করিয়া যুক্তিসংগত মনে করিলে সংশ্লিষ্ট আবেদন অনুমোদনপূর্বক সংশ্লিষ্ট উপপরিচালককে লাইসেন্স বা পারমিট প্রদানের জন্য নির্দেশনা প্রদান করিবেন।

(৭) কোনো লাইসেন্সি লাইসেন্সের কার্যক্রম পরিচালনা করিতে সক্ষম না হইলে তিনি ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার জন্য অংশীদার নিয়োগের লক্ষ্যে তফসিল-২ এর ফরম-২/১৫ অনুযায়ী আবেদন করিতে পারিবেন এবং অনুরূপ আবেদন যাচাই-বাছাই ও বিবেচনাসহ আনুষঙ্গিক বিষয়ে বিধি ৪ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

১৩। **লাইসেন্সির মৃত্যুজনিত কারণে লাইসেন্সের বন্দোবস্ত।**—(১) কোনো লাইসেন্সি মৃত্যুবরণ করিলে সংশ্লিষ্ট উপপরিচালক লাইসেন্সির মৃত্যুর ১৫ (পনেরো) দিনের মধ্যে সংবাদটি অধিদপ্তরকে অবহিত করিবেন এবং বার, অফ শপ, অন শপ অথবা দেশিমদের দোকানের ক্ষেত্রে সাময়িকভাবে লাইসেন্স পরিচালনার দায়িত্ব সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠানের বিক্রয়কর্মী বা বার পার্সোনেলকে প্রদান করিবেন।

(২) কোনো লাইসেন্সি মৃত্যুবরণ করিলে তাহার বৈধ উত্তরাধীকারীগণ, লাইসেন্সির মৃত্যু সনদসহ, তফসিল-২ এর ফরম-২/১৬ অনুযায়ী উপপরিচালক বরাবর লাইসেন্সের মালিকানা পরিবর্তনের আবেদন করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত আবেদন প্রাপ্তির পর উপপরিচালক স্বয়ং তদন্ত করিবেন অথবা একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিবেন।

(৪)উপ-বিধি (৩) এ উল্লিখিত তদন্তকারী কর্মকর্তা আবেদনে বর্ণিত তথ্য ও সংশ্লিষ্ট কাগজাদি পরীক্ষাক্রমে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে এতৎসংক্রান্ত প্রতিবেদন উপপরিচালকের ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তার নিকট এবং অন্য কোনো তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে উপপরিচালকের মাধ্যমে বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন।

(৫) বিভাগীয় কর্মকর্তা, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন, সংশ্লিষ্ট কাগজপত্র ও মতামত পরীক্ষা করিয়া সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে মহাপরিচালকের নিকট প্রেরণ করিবেন।

(৬) মহাপরিচালক বিভাগীয় কর্মকর্তার মতামত ও সার্বিক বিষয় বিবেচনা করিয়া যুক্তিসংগত মনে করিলে আবেদনটি অনুমোদনপূর্বক উহা সংশ্লিষ্ট উপপরিচালককে অবহিত করিবেন:

তবে শর্ত থাকে যে, মহাপরিচালক যুক্তিসংগত মনে না করিলে আবেদনটি অন্য কোনো প্রকারে নিষ্পত্তি করিতে পারিবেন।

১৪। **শপ ও প্রতিষ্ঠান পরিদর্শন।**—(১) মহাপরিচালক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে সাধারণ বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত অধিদপ্তরের পরিদর্শক হইতে তদূর্ধ্ব পর্যায়ের কোনো কর্মকর্তা আইনের ধারা ২০ এর বিধান অনুযায়ী পরিদর্শনকালে সংশ্লিষ্ট লাইসেন্সের অধীন যাবতীয় বহি বা রেজিস্টার পরীক্ষা এবং অ্যালকোহল প্রস্তুতের যাবতীয় সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, তৈজসপত্র, উপকরণ, বাটখারা, পরিমাপ যন্ত্র, পরীক্ষাযন্ত্র, ইত্যাদির যাচাই, পরীক্ষা, ওজন ও পরিমাপ করিতে পারিবেন।

(২) সংশ্লিষ্ট পরিদর্শক মাসে অন্যূন ১ (এক) বার এবং সংশ্লিষ্ট উপপরিচালক প্রতি ৩ (তিন) মাসে অন্যূন ১ (এক) বার উপ-বিধি (১) অনুযায়ী পরিদর্শন করিবেন এবং তফসিল-৪ এর ফরম-৩ অনুযায়ী পরিদর্শন প্রতিবেদনের কপি প্রস্তুতক্রমে, পরিদর্শকের ক্ষেত্রে উপপরিচালকের নিকট এবং উপপরিচালকের ক্ষেত্রে মহাপরিচালকের নিকট প্রেরণ করিবেন।

(৩) এই বিধির অন্যান্য উপ-বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, মহাপরিচালক যে কোনো সময় যে কোনো কর্মকর্তাকে বিশেষ প্রয়োজনে যে কোনো লাইসেন্স বা পারমিটের স্থাপনা ও সংশ্লিষ্ট অ্যালকোহলের মজুত, সংরক্ষণ, বিক্রয় বা ব্যবহার পরীক্ষা-নিরীক্ষা ও পরিদর্শনের জন্য আদেশ প্রদান করিতে পারিবেন।

## তৃতীয় অধ্যায়

## বার, অফ শপ, ইত্যাদি

১৫। **বার স্থাপন।**—(১) এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে নিম্নবর্ণিত স্থানে বার স্থাপনের লাইসেন্স প্রদান করা যাইবে, যথা:—

(ক) হোটেল;

(খ) রেস্তোরাঁ, যে স্থানে সাধারণ খাবার পরিবেশনের পাশাপাশি অ্যালকোহল সংরক্ষণ, প্রদর্শন ও পরিবেশন করা হইয়া থাকে;

(গ) এইরূপ ক্লাব, যাহার সদস্যগণের মধ্যে অন্যূন ২০০ জন সদস্য অ্যালকোহল পানের জন্য পারমিটধারী:

তবে শর্ত থাকে যে, ক্লাবের লাইসেন্স বা রেজিস্ট্রেশন প্রাপ্তির ৩ (তিন) বৎসর অতিবাহিত না হওয়া পর্যন্ত বার লাইসেন্সের জন্য আবেদন করা যাইবে না; এবং

(ঘ) ইপিজেড, থিমপার্ক বা সরকারি উন্নয়ন প্রকল্পের যে স্থানে বিদেশি নাগরিক রহিয়াছে বা থাকিবে।

(২) এই বিধিমালার অধীন হোটেল, রিসোর্ট, রেস্টুরেন্ট, ক্লাব, ডিউটি ফ্রি শপ ও প্রকল্প এলাকার জন্য নিম্নবর্ণিত সংখ্যক বার লাইসেন্স প্রদান করা যাইবে, যথা:—

(ক) দুই তারকা মানসম্পন্ন হোটেলের ক্ষেত্রে অনধিক ১(এক)টি;

(খ) তিন তারকা মানসম্পন্ন হোটেলের ক্ষেত্রে অনধিক ২(দুই)টি;

(গ) চার তারকা মানসম্পন্ন হোটেলের ক্ষেত্রে অনধিক ৩(তিন)টি;

(ঘ) পাঁচ অথবা অধিক তারকা মানসম্পন্ন হোটেলের ক্ষেত্রে অনধিক ৭(সাত)টি;

তবে শর্ত থাকে যে, ৭(সাত)টি বারের অধিক বার প্রয়োজন হইলে, যৌক্তিকতা সাপেক্ষে ও সরকারের অনুমোদনক্রমে, বার সংখ্যা বৃদ্ধি করা যাইবে;

(ঙ) পর্যটন, কূটনৈতিক বা অভিজাত এলাকার রিসোর্টের জন্য ১(এক)টি;

(চ) রেস্টুরেন্টের ক্ষেত্রে ১(এক)টি;

(ছ) ক্লাবের ক্ষেত্রে ১(এক)টি;

(জ) বিমানবন্দর, সমুদ্রবন্দর ও স্থলবন্দরের, ক্ষেত্রমত, আগমন, বহির্গমন বা ট্রানজিট লাউঞ্জের ডিউটি ফ্রি শপে পৃথকভাবে ১(এক)টি করিয়া; এবং

(ঝ) সরকারি উন্নয়ন প্রকল্পে নিয়োজিত বিদেশি নাগরিকদের মদ্যপানের জন্য প্রকল্প এলাকায় প্রকল্প মেয়াদকালের জন্য ১(এক)টি।

(৩) বার, বিলাতিমদের অন শপ ও বিলাতিমদের অফ শপকে আমদানিকৃত বিদেশিমদ, বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় এর ব্রান্ড রেজিস্ট্রেশন গ্রহণ করিতে হইবে।

(৪) আমদানিকৃত বিদেশিমদ, বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় এর ব্রান্ড রেজিস্ট্রেশন গ্রহণ করিতে হইলে তফসিল-২ এর ফরম ২/৩০ অনুযায়ী আবেদন করিতে হইবে এবং এতদুদ্দেশ্যে তফসিল-৩ এর ফরম ৩/৩০ অনুযায়ী সংশ্লিষ্ট ব্রান্ড রেজিস্ট্রেশন প্রদান করা যাইবে।

(৫) উপ-বিধি (৪) অধীন প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই ও বিবেচনাসহ আনুষঙ্গিক বিষয়ে বিধি ৪ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

১৬। **বার পার্সোনেল, বিক্রেতা, বহনকারী নিয়োগ।**—(১) বার, অফ শপ, অন শপ, দেশিমদের দোকান, অ্যালকোহল সংক্রান্ত অন্যান্য শপ, ইত্যাদিতে বিক্রয় বা সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনার জন্য, অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে, লাইসেন্সি কর্তৃক বার পার্সোনেল, বিক্রেতা বা বহনকারী নিয়োগ করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত বার পার্সোনেল, বিক্রেতা বা বহনকারী নিয়োগের অনুমোদনের জন্য তফসিল-২ এর ফরম-২/৫ অনুযায়ী উপপরিচালকের নিকট আবেদন করিতে হইবে।

(৩)উপ-বিধি (২) এ উল্লিখিত আবেদন প্রাপ্তির পর উপপরিচালক সংশ্লিষ্ট পরিদর্শককে তদন্তের দায়িত্ব প্রদান করিবেন এবং তিনি বার পার্সোনেল, বিক্রেতা বা বহনকারী হিসেবে আবেদনে উল্লিখিত ব্যক্তি বা ব্যক্তিবর্গের বিষয়ে দাখিলকৃত তথ্যাদির সঠিকতা যাচাইক্রমে সুনির্দিষ্ট সুপারিশসহ উপপরিচালকের নিকট প্রতিবেদন দাখিল করিবেন।

(৪) উপপরিচালক উপ-বিধি (৩) এর অধীন প্রতিবেদন প্রাপ্ত হইবার পর তফসিল-৩ এর ফরম-৩/৬ অনুযায়ী বার পার্সোনেল, বিক্রেতা বা বহনকারী নিয়োগের অনুমোদন প্রদান করিবেন।

১৭। **শুল্কমুক্ত পণ্যাগারের ক্ষেত্রে অনুসরণীয় শর্তাবলি।**—(১) শুল্কমুক্ত পণ্যাগারে কাস্টমস কর্তৃপক্ষ ও অধিদপ্তরের প্রতিনিধির যৌথ তত্ত্বাবধানে আমদানিকৃত অ্যালকোহল সংরক্ষণ, সরবরাহ ও বিক্রয় সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদন করিতে হইবে।

(২) অ্যালকোহল বিক্রয়, সরবরাহ ও সংরক্ষণ রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে এবং বিক্রয় রেজিস্টারে ক্রেতার নাম, ডিপ্লোম্যাটিক পাসপোর্ট নম্বর, শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পাস বহি নম্বর, জাতীয়তা, ক্রয়কৃত পণ্যের নাম ও পরিমাণ, ইত্যাদি উল্লেখ থাকিতে হইবে।

(৩) শুল্কমুক্ত পণ্যাগার খোলা ও বন্ধের ক্ষেত্রে সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত দাপ্তরিক সময়সূচি অনুসরণ করিতে হইবে।

(৪) শুল্কমুক্ত পণ্যাগার হইতে বিদেশি কূটনৈতিক বা শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পাস বহিধারী ব্যক্তি নির্ধারিত পরিমাণ অ্যালকোহল ক্রয় করিতে পারিবেন।

## চতুর্থ অধ্যায়

## ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার, ইত্যাদি স্থাপন

১৮। **ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার স্থাপনের জন্য আবেদন।**—(১) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার স্থাপনের লাইসেন্সের জন্য তফসিল-২ এ বর্ণিত সংশ্লিষ্ট ফরমে মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্য ও আনুষঙ্গিক বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য মহাপরিচালক অন্যূন ৩ (তিন) সদস্যবিশিষ্ট কমিটি গঠন করিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত কমিটি অনধিক ২ (দুই) মাসের মধ্যে তদন্তপূর্বক একটি প্রতিবেদন মহাপরিচালকের নিকট দাখিল করিবেন।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্ত হইবার পর মহাপরিচালক যুক্তিযুক্ত মনে করিলে, অনাপত্তির জন্য সরকারের নিকট প্রেরণ করিবেন এবং সরকারের অনাপত্তি প্রাপ্ত হইবার পর মহাপরিচালক দাখিলকৃত নকশা অনুমোদন ও কাগজপত্র অবলোকনপূর্বক আবেদন অনুমোদনপূর্বক উহার কপি সংশ্লিষ্ট উপপরিচালকের নিকট প্রেরণ করিবেন:

তবে শর্ত থাকে যে, নূতন কোনো ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার স্থাপনের অনুমতি প্রদানের পূর্বে মহাপরিচালক দেশে স্পিরিটের চাহিদার তুলনায় উৎপাদন ব্যবস্থা, আন্তর্জাতিক বাজারে দেশীয় স্পিরিটের বিপণন সম্ভাবনা এবং নূতন ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার স্থাপনের প্রয়োজনীয়তা যুক্তিসংগতভাবে যাচাই করিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন অনুমোদনের কপি প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে উপপরিচালক তফসিল-৩ এর সংশ্লিষ্ট ফরমে লাইসেন্স প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানের পূর্বে ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের মালিকের নিকট হইতে তফসিল-৪ এর ফরম-১ অনুযায়ী একটি অঙ্গীকারনামা গ্রহণ করিতে হইবে।

১৯। **ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার স্থাপনের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি।**—(১) মহাপরিচালকের পূর্বানুমতি ব্যতীত অনুমোদিত লে-আউট প্লান বহির্ভূত কোনো স্থাপনা তৈরি করা যাইবে না।

(২) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার প্রতিষ্ঠাকালে উহার স্টিল, ভ্যাট, কলাম ও পাইপ লাইনসমূহ এইরূপে স্থাপন করিতে হইবে যাহাতে উৎপাদনের শুরু হইতে শেষ পর্যন্ত চূড়ান্ত উৎপাদিত অ্যালকোহল যথাযথভাবে সংরক্ষণ এবং যৌথ তালাবদ্ধ রাখা যায়।

(৩) ভিন্ন ভিন্ন অ্যালকোহল প্রবাহকে পৃথকভাবে চিহ্নিত করিবার জন্য ভিন্ন ভিন্ন তৈল রং এর সাহায্যে উহা আচ্ছাদিত করিতে হইবে।

(৪) ধাতব পাইপ ব্যবহারের ক্ষেত্রে এইরূপ কোনো ধাতুর পাইপ ব্যবহার করা যাইবে না যাহাতে অ্যালকোহল বিষাক্ত বা ধাতুদুষ্ট (Metalic Contamination) হইতে পারে।

(৫) স্পিরিটের গাঁজন ও পাতন যন্ত্রে রিসিভার ও ওয়াশ ব্যাক ব্যতীত অন্য কোনো কিছুর সহিত কোনো সংযোগ থাকিতে পারিবে না।

(৬) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার স্থাপনকালে ডিস্টিলারির চারপাশে উপযুক্ত নিরাপত্তা বেষ্টনী ও প্রাচীর নির্মাণ করিতে হইবে এবং আগমন-নির্গমনের জন্য উহার চৌহদ্দিতে একটি মাত্র মূল গেট থাকিবে।

(৭) সকল ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারেই পৃথক রিসিভার রুম থাকিতে হইবে।

(৮) ডিনেচার্ড স্পিরিট, রেক্টিফাইড স্পিরিট, দেশিমদ, বিলাতিমদ, ইত্যাদির জন্য পৃথক পৃথক ভ্যাট ও গোডাউন থাকিতে হইবে।

(৯) রিসিভার রুমের নির্দিষ্ট ভ্যাট ব্যতীত অন্য কোনো ভ্যাট, রুম বা গোডাউনের সহিত ডিনেচার্ড স্পিরিট, রেক্টিফাইড স্পিরিট, দেশিমদ বা বিলাতিমদের কোনো সংযোগ লাইন রাখা যাইবে না।

(১০) ভ্যাটে কি পরিমাণ অ্যালকোহল সংগৃহীত হয় উহা পরিমাপ করিবার জন্য নির্দিষ্ট ফ্লো মিটার বা ফ্লো পরিমাপ যন্ত্র ও গ্লাস সেভ এইরূপে সংযোগ করিতে হইবে যাহাতে উৎপাদিত স্পিরিটের তাপমাত্রা ও ইন্ডিকেশান সুরাশক্তি একই সঙ্গে বাহির হইতে দেখিতে ও পরিমাপ করা যাইবে।

(১১) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের প্রতিটি ভ্যাট, রিসিভার, যন্ত্রপাতি ও স্টিল, ইত্যাদির গায়ে লাইসেন্সের শর্ত অনুযায়ী রং করিতে হইবে ও ক্রমিক নম্বর বসাইতে হইবে এবং উহাদের ধারণ ক্ষমতা ও অন্যান্য বিবরণ লিখিয়া রাখিতে হইবে।

(১২) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের সকল কক্ষের দেয়াল ভিতরের দিকে এইরূপে সাদা রং-এর প্রলেপ দ্বারা আচ্ছাদিত করিয়া রাখিতে হইবে যাহাতে কোনো দেয়ালে কখনও স্যাঁতসেঁতে ভাব না থাকে।

(১৩) কোনো ভ্যাট, রিসিভার বা আধারে রক্ষিত ওয়াশ বা অ্যালকোহল পরিমাপ করিবার জন্য ডিপরড ভ্যাটের উপরের অংশে সুনির্দিষ্ট স্থান ব্যতীত অন্য কোনো স্থানে ব্যবহার করা যাইবে না।

২০। **ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার পরিবর্তন এবং যন্ত্রপাতির মেরামত ও সংরক্ষণ।**—ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার স্থাপনের পর উহার কোনো পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন এবং যন্ত্রপাতির মেরামত ও সংরক্ষণ করিবার প্রয়োজন হইলে মহাপরিচালকের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

২১। **ডিস্টিলারি বা ব্রিউয়ারিতে কাঁচামাল ও উপকরণ ব্যবহার**।- (১) ডিস্টিলারি বা ব্রিউয়ারিতে অ্যালকোহল বা বিয়ার উৎপাদনের জন্য মহাপরিচালকের পূর্বানুমোদিত কাঁচামাল ও উপকরণ ব্যতীত অন্য কোনো কাঁচামাল ও উপকরণ ব্যবহার করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কাঁচামাল বা উপকরণ ব্যবহারের পূর্বে উহার গুণাগুণ ও উপযুক্ততা সম্পর্কে অধিদপ্তরের রাসায়নিক পরীক্ষাগার হইতে অথবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানের রাসায়নিক পরীক্ষাগার হইতে পরীক্ষাপূর্বক প্রতিবেদন সংগ্রহ করিয়া অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

২২। **ডিস্টিলারি বা ব্রিউয়ারিতে কাঁচামাল ও উপকরণ সংরক্ষণ**।—(১) মোলাসেস সংরক্ষণের জন্য ডিস্টিলারির অনুমোদিত চৌহদ্দির মধ্যে উপযুক্ত আচ্ছাদনবিশিষ্ট এইরূপ ট্যাংক বা পিটের ব্যবস্থা করিতে হইবে যাহাতে উপর হইতে ঠান্ডা পানি প্রয়োগ করিয়া এবং ভিতর দিয়া ঠান্ডা পানির প্রবাহ চালু রাখিয়া বা অন্য কোনো উপায়ে মোলাসেসের তাপমাত্রা নিয়ন্ত্রণের ব্যবস্থা থাকে।

(২) ট্যাংক, ভ্যাট বা পিটের মধ্যে সংরক্ষিত মোলাসেসের মজুত যাচাই ও পরিমাপ করিবার জন্য প্রয়োজনীয় গেজিং সম্পন্ন করিতে হইবে এবং ফ্লোটিং স্কেল বা অন্য কোনো উপযুক্ত পরিমাপ যন্ত্র সংযোজন করিতে হইবে।

(৩) ডিস্টিলারি বা ব্রিউয়ারি কর্তৃপক্ষ মোলাসেসের সরবরাহ পাইবার পর অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে উক্ত মোলাসেসের পরিমাণ পরিমাপ করিয়া তাহা নির্ধারিত ট্যাংক বা পিটের মধ্যে সংরক্ষণ করিবেন।

(৪) পরিবহন ও সংরক্ষণ বাবদ সর্বোচ্চ ২% হিসেবে মোলাসেস, মল্ট, হপস-এর ঘাটতি অনুমোদনযোগ্য হইবে, তবে উৎপাদনে ব্যবহৃত হইবার পর মোলাসেস, মল্ট, হপস-এর কোনো ঘাটতি বা অপচয় অনুমোদনযোগ্য হইবে না।

(৫) ডিস্টিলারি বা ব্রিউয়ারিতে ব্যবহার্য অন্যান্য কাঁচামাল ও উপকরণ যেমন:—এসেন্স, ক্যারামেল, কর্ক, লেবেল, বোতল, কুচোচিন, পাইরিডিন বা অন্য যে কোনো ডিনেচার‍্যান্ট, ফার্মেন্টিং এজেন্ট, ইত্যাদি ডিস্টিলারির অনুমোদিত চৌহদ্দির মধ্যে উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থা সংবলিত গোডাউনে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও ডিস্টিলার বা ব্রিউয়ারের যৌথ নিয়ন্ত্রণে যৌথ তালা চাবিতে সংরক্ষণ করিতে হইবে।

(৬) ডিস্টিলার বা ব্রিউয়ার এবং অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উভয়েই সংরক্ষিত অনুরূপ উপকরণের পৃথক হিসাব সংরক্ষণ করিবেন এবং প্রতি মাসে জেলা, মেট্রো বা বিশেষ জোনে ডিস্টিলারি বা ব্রিউয়ারিতে ব্যবহৃত কাঁচামাল ও উপকরণের বিস্তারিত হিসাব বিবরণী প্রেরণ করিবেন এবং ত্রৈমাসিক সম্ভার যাচাইকালে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ডিস্টিলারি বা ব্রিউয়ারির সকল কাঁচামাল ও উপকরণের মজুতও যাচাই করিয়া দেখিবেন।

(৭) ডিস্টিলারি বা ব্রিউয়ারিতে সংরক্ষিত কাঁচামাল ও উপকরণসমূহের কোনো ঘাটতি বা ক্ষয়ক্ষতি হইলে ডিস্টিলারি বা ব্রিউয়ারির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তাহা অবিলম্বে উপযুক্ত কারণ ব্যাখ্যা করিয়া জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করিবেন এবং অধিদপ্তরের জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তা উক্তরূপ অবহিত হইবার পর প্রয়োজনে বিষয়টি যথাযথ তদন্ত করিয়া, আইনগত ব্যবস্থা গ্রহণপূর্বক, ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

(৮) স্পিরিট সংরক্ষণের ভ্যাট, রিসিভার কিংবা ডিস্টিলেশান প্লান্ট হইতে কাঁচামাল ও উপকরণ সংরক্ষণের জন্য ব্যবহৃত গুদাম নিরাপদ দূরত্বে স্থাপন করিতে হইবে এবং উক্ত স্থানে প্রয়োজন মোতাবেক পর্যাপ্ত আলো-বাতাস চলাচলের ব্যবস্থা থাকিতে হইবে।

২৩। **ডিস্টিলারি বা ব্রিউয়ারিতে উৎপাদন কার্যক্রম।**—(১) ডিস্টিলারি বা ব্রিউয়ারি কর্তৃপক্ষ উৎপাদন কাজ শুরু করিবার ৭ (সাত) দিন পূর্বে অধিদপ্তরের জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তাকে উৎপাদনের সুনির্দিষ্ট সময় লিখিতভাবে অবহিত করিবেন এবং ডিস্টিলারি বা ব্রিউয়ারি কর্মকর্তার উপস্থিতিতে উৎপাদন কাজ শুরু করিবেন।

(২) পানি ও মোলাসেসের মধ্যে বিদ্যমান ক্ষতিকর ব্যাকটেরিয়া বা জীবাণু ধ্বংসের ব্যবস্থা করিতে হইবে।

(৩) ফার্মেন্টেশন বা ব্রিউয়িং শেষ হইবার পর ডিস্টিলেশানের পূর্বে ওয়াশের ফার্মেন্টেশন দক্ষতা এবং ইহাতে বিদ্যমান অ্যালকোহলের পরিমাণ নির্ধারণ করিতে হইবে এবং উহার বিষয়ে ডিস্টিলারি বা ব্রিউয়ারির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট ঘোষণা প্রদান করিতে হইবে।

(৪) স্পেন্ট ওয়াশ ব্যতীত অন্য কোনো ওয়াশ ডিস্টিলারি হইতে বাহির করিয়া (Drain out) দেওয়া যাইবে না।

(৫) একবার ডিস্টিলেশন সম্পন্ন হইবার পর মহাপরিচালকের অনুমোদন ব্যতীত স্টিলের সঙ্গে যুক্ত রিসিভার এবং ফেইন্টস এর মধ্যে বিদ্যমান অ্যালকোহল ব্যতীত অন্য কোনো অ্যালকোহলের ডিস্টিলেশন করা যাইবে না।

(৬) ডিস্টিলারি বা ব্রিউয়ারির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুমতি ব্যতীত বিকাল ৫.০০ টা হইতে সকাল ৯.০০ টার মধ্যে রিসিভার হইতে কোনো অ্যালকোহল বা বিয়ার অন্য কোনো ভ্যাট বা গোডাউনে স্থানান্তর করা যাইবে না।

(৭) ফার্মেন্টেশন বা ব্রিউয়িং চলাকালে ফার্মেন্টেশন বা ব্রিউয়িং এর দক্ষতা নিরূপণের জন্য ফার্মেন্টেশন বা ব্রিউয়িং ভ্যাট হইতে সঠিক নমুনা সংগ্রহের ব্যবস্থা রাখিতে হইবে এবং ফার্মেন্টেশন বা ব্রিউয়িং-কে অধিকতর ত্বরান্বিত ও সফল করিবার জন্য প্রয়োজনে অতিরিক্ত ঈস্ট সরবরাহ করা যাইবে।

(৮) সাধারণত প্রতি টন মোলাসেস হইতে অন্যূন ৩০০-৩২০ লিটার অ্যালকোহল উৎপাদন করিতে হইবে এবং কোনো ক্ষেত্রে অ্যালকোহলের উৎপাদন হার তদপেক্ষা কম হইলে ডিস্টিলারকে উহার ব্যাখ্যা প্রদান করিতে হইবে এবং অনুরূপ ব্যাখ্যা সন্তোষজনক না হইলে এই উপ-বিধিতে নির্ধারিত হারে উৎপাদন নির্ধারণ করিয়া প্রচলিত হারে মাদকশুল্ক আদায় করা হইবে।

(৯) ডিস্টিলারির বয়লারে জ্বালানি হিসাবে ফার্নেস অয়েল, ধানের তুষ, কয়লা, প্রাকৃতিক গ্যাস, কাঠ, ইত্যাদি ব্যবহারের জন্য প্রতিবার উক্ত জ্বালানি ক্রয়ে ডিস্টিলারি কর্মকর্তার লিখিত অনুমতি গ্রহণ করিতে হইবে এবং ডিস্টিলারির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতি ব্যতীত উক্ত জ্বালানির সরবরাহ গ্রহণ ও গোডাউনে প্রেরণ করা যাইবে না।

২৪। **ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের কার্যক্রমে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতি**।- (১) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারে কোনো কাঁচামাল বা উপকরণ আমদানি ও গুদামজাতকরণ, ফার্মেন্টেড ওয়াশের নমুনা সংগ্রহ, রিসিভার রুমের তালা খোলা ও ভিতরে প্রবেশ, অ্যালকোহল বা বিয়ারের সরবরাহ প্রদান, মজুত যাচাই ও ঊর্ধ্বতন কর্মকর্তার পরিদর্শন, ইত্যাদি ক্ষেত্রে ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মচারী উপস্থিত থাকিবেন।

(২) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের কোনো কর্মচারী ছুটিতে থাকিলে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করিতে হইবে।

(৩) সংশ্লিষ্ট উপপরিচালকের পূর্বানুমোদন এবং ছুটিকালীন বিকল্প ব্যবস্থা ব্যতিরেকে ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্মস্থল ত্যাগ করিতে পারিবেন না।

২৫। **ডিস্টিলারিতে, ব্রিউয়ারিতে বা পণ্যাগারে কর্মসময়**।—ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের সকল কার্যক্রমে অধিদপ্তরের একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতি বাধ্যতামূলক।

২৬। **ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের কার্যক্রম পরিদর্শন ও মজুত যাচাই**।—(১) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হইতেছে কিনা উহা যাচাই করিবার জন্য সংশ্লিষ্ট উপপরিচালক প্রতি ৩ (তিন) মাসে একবার ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের কাঁচামাল ও উপকরণসমূহের সম্ভার যাচাই করিবেন।

(২) নিয়মিত পরিদর্শন ছাড়াও জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তাগণ বা ঊর্ধ্বতন কর্মকর্তাগণ আকস্মিকভাবে ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার পরিদর্শন করিতে পারিবেন এবং উক্ত পরিদর্শন প্রতিবেদন মহাপরিচালকের নিকট প্রেরণ করিতে হইবে।

(৩) পরিদর্শনের সময় ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার কর্তৃপক্ষ সকল প্রকার তথ্য দ্বারা সহায়তা করিবেন।

২৭। **ডিস্টিলারি, ব্রিউয়ারি ও পণ্যাগারের কতিপয় নিরাপত্তামূলক ব্যবস্থা**।—(১) অ্যালকোহল উৎপাদন ও মজুদের ঘরসমূহে ব্যবহৃত উপকরণ ও সাজ-সরঞ্জামে কাঠ ও সহজে দাহ্য পদার্থ, যতদূর সম্ভব, এড়াইয়া চলিতে হইবে।

(২) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের রিসিভার রুম, গুদাম এবং ভ্যাটসমূহ অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার মালিকগণ যৌথ তালায় সংরক্ষণ ও ব্যবস্থাপনা করিবেন এবং তৎসংক্রান্ত যৌথ রেজিস্টার সংরক্ষণ করিবেন।

২৮। **উৎপাদিত অ্যালকোহলের মান নিয়ন্ত্রণ।**—(১) অ্যালকোহল উৎপাদনকালে উহার বিশুদ্ধতা ও যথাযথ মান বজায় রাখিতে হইবে এবং অ্যালকোহল রিসিভার, ভ্যাট, ড্রাম, ইত্যাদি নিয়মিত মোমের প্রলেপে আচ্ছাদিত এবং পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিতে হইবে।

(২) ডিস্টিলারি বা ব্রিউয়ারি উৎপাদিত অ্যালকোহলের নমুনা বৎসরে অন্যূন ০১ (এক) বার (প্রতি ব্যাচ উৎপাদনের পর) উৎপাদনের ৭ (সাত) দিনের মধ্যে অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোনো রাসায়নিক পরীক্ষাগারে প্রেরণপূর্বক উহার গুণগত মান যাচাইয়ের ব্যবস্থা করিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত গুণগত মান যাচাইয়ের পর পানের অযোগ্য ঘোষিত অ্যালকোহলের পুরো লট যৌথ ব্যবস্থাপনায় ধ্বংস করিতে হইবে এবং ডিস্টিলার বা ব্রিউয়ার উহার জন্য কোনো মূল্য বা ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না।

(৪) অ্যালকোহলের সুরাশক্তি ও গুণগত মান সঠিক পর্যায়ে উন্নীত করিবার জন্য, প্রযোজ্য ক্ষেত্রে, মহাপরিচালকের অনুমোদনক্রমে, নিম্নশক্তির বা মানের অ্যালকোহল রি-ডিস্টিলেশন করা যাইবে।

(৫) নির্ধারিত পরিমাণে ডিনেচার‍্যান্ট মিশ্রণের প্রমাণ পাওয়া না গেলে সংশ্লিষ্ট ডিনেচার্ড স্পিরিট মহাপরিচালকের অনুমোদনক্রমে প্রয়োজনে পুনরায় ডিনেচারেশন করা যাইবে।

২৯। **অ্যালকোহল সরবরাহ, ইত্যাদি।**—(১) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার হইতে শুল্ক আদায় সাপেক্ষে লাইসেন্সির নিকট অ্যালকোহল সরবরাহ করা যাইবে।

(২) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার হইতে কোনো অ্যালকোহল সরবরাহের পূর্বে ওজন, পরিমাপ এবং সুরাশক্তি নির্ণয়ের মাধ্যমে প্রুফ লিটার এককে প্রকৃত পরিমাণ নির্ণয়পূর্বক শুল্ক ধার্য করিতে হইবে।

(৩) কোনো ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারে অ্যালকোহল মজুত রাখিবার কারণে নিম্নবর্ণিত ঘাটতি অনুমোদনযোগ্য হইবে, যথা:—

(ক) কোনো পণ্যাগারে অ্যালকোহল মজুত থাকিলে ব্লেন্ডিং, র‍্যাকিং এবং স্টোরেজ ঘাটতি ১৫ (পনেরো) দিন পর্যন্ত ০.৫%, ১৫ (পনেরো) দিনের বেশি কিন্তু ১ (এক) মাস পর্যন্ত ১% এবং ১ (এক) মাসের অধিক সময়ের জন্য ১.৫% পর্যন্ত সর্বোচ্চ ঘাটতি প্রযোজ্য হইবে; এবং

(খ) যদি কোনো ধাতব ভ্যাটে বা পাত্রে মজুত করা হইয়া থাকে তবে যে কোনো সময়ের জন্য ০.৫০%।

(৪) পণ্যাগার হইতে লাইসেন্সির রিডাকশনের মাধ্যমে দেশিমদ তৈরির ৪৮ (আটচল্লিশ) ঘন্টা পর সরবরাহ করা যাইবে এবং সরবরাহকৃত দেশিমদ হইতে একটি পৃথক বোতলে গৃহীত ৫০০ মিঃলিঃ পরিমাণ নমুনা পণ্যাগারে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নমুনা লেবেলে তাহার স্বাক্ষরসহ ভালোভাবে সিলগালা করিয়া লাইসেন্সি বা ভেন্ডরের হেফাজতে প্রদান করিবেন।

(৫) পণ্যাগার বা বিক্রয়কেন্দ্র হইতে অ্যালকোহল সরবরাহকালে পরিবহন পাসের ৪ (চার) কপি ইস্যু করিতে হইবে।

(৬) পরিবহন পাসের প্রথম কপি সরবরাহ গ্রহণকারীর নিকট, দ্বিতীয় কপি অধিদপ্তরের জেলা, মেট্রো বা বিশেষ জোন কার্যালয়ে, তৃতীয় কপি সরবরাহ গ্রহণকারীর নিজ জেলার অধিদপ্তরের কার্যালয়ে এবং চতুর্থ কপি সরবরাহকারী ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের রেজিস্টারে তফসিল-৪ এর ফরম-৪/১৫ অনুযায়ী সংরক্ষিত থাকিবে।

(৭) বন্ডের মাধ্যমে অ্যালকোহল সরবরাহ করা যাইবে এবং বন্ডের অধীন কোনো অ্যালকোহল সরবরাহ করা হইলে উহা একমাত্র সংশ্লিষ্ট বন্ডধারী কর্তৃক বন্ড প্রদর্শনের মাধ্যমে পরিবহন করা যাইবে, তবে অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তা কর্তৃক সরবরাহকৃত বিশেষ বন্ড সার্টিফিকেটের মাধ্যমেও অনুরূপ অ্যালকোহল পরিবহন করা যাইবে।

(৮) এক জেলা হইতে অন্য জেলায় বন্ডের অধীন অ্যালকোহল সরবরাহ করিতে হইলে যে জেলা, মেট্রো বা বিশেষ জোন এলাকা হইতে অ্যালকোহল সরবরাহ করা হইবে সেই জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তা বন্ড সার্টিফিকেট ইস্যু করিবেন এবং যে জেলায় অ্যালকোহল সরবরাহ করা হইবে উক্ত জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তা উক্ত সার্টিফিকেট প্রতিস্বাক্ষর করিবেন এবং নথিজাত করিবেন।

(৯) বন্ডের মাধ্যমে কোনো অ্যালকোহল সরবরাহ করা হইলে সরবরাহ গ্রহণকারী উহা বিক্রয় কিংবা ব্যবহারের পূর্বে অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তার নিকট ট্রেজারি চালানের মাধ্যমে নির্ধারিত হারে শুল্ক পরিশোধক্রমে সংশ্লিষ্ট বন্ড অবমুক্ত করিয়া লইবেন।

(১০) বন্ডের অধীন অ্যালকোহল সরবরাহকালে—

(ক) ৫০ কিলোমিটার এলাকার মধ্যে সরবরাহ হইলে ০.৫% হারে; এবং

(খ) ৫০ কিলোমিটার এর অধিক দূরত্বে সরবরাহ করা হইলে ০.৭৫% হারে-

পরিবহন ঘাটতি অনুমোদন করা যাইবে।

(১১) নির্ধারিত শুল্ক পরিশোধের পর ডিস্টিলারি বা বন্ডেড পণ্যাগার হইতে ডিনেচার্ড স্পিরিট, রেক্টিফাইড স্পিরিট, অ্যাবসলিউট অ্যালকোহল, মিথাইল অ্যালকোহল বা স্পেশাল ডিনেচার্ড স্পিরিটের লাইসেন্সি বিক্রেতা বা ব্যবহারের পারমিটধারী উভয়ের নিকট সরাসরি সরবরাহ করা যাইবে, তবে কোনো মদ্যপানের পারমিটধারীকে ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার হইতে সরাসরি অ্যালকোহল সরবরাহ করা যাইবে না।

(১২) ডিনেচার্ড স্পিরিট বা মেথিলেটেড স্পিরিটের খুচরা বিক্রেতা ও ব্যবহারকারীগণ সাধারণভাবে পাইকারি বিক্রেতার নিকট হইতে ডিনেচার্ড বা মেথিলেটেড স্পিরিটের সরবরাহ গ্রহণ করিবেন।

**ব্যাখ্যা।**—সাধারণভাবে ৫০০ লিটারের নিম্নে যে কোনো পরিমাণ ডিনেচার্ড স্পিরিট সরবরাহকে খুচরা বিক্রয় এবং ৫০০ লিটারের উর্ধ্বে যে কোনো পরিমাণ ডিনেচার্ড স্পিরিটের সরবরাহকে পাইকারি বিক্রয় হিসাবে গণ্য করা হইবে।

(১৩) কোনো ডিস্টিলারি বা ব্রিউয়ারি কর্তৃক অ্যালকোহল রপ্তানির ক্ষেত্রে রপ্তানি বিষয়ক কাগজপত্রসহ মহাপরিচালকের নিকট রপ্তানির ছাড়পত্রের জন্য আবেদন করিবেন এবং ছাড়পত্র পাইবার পরই অ্যালকোহল রপ্তানি করা যাইবে।

(১৪) রপ্তানির প্রাক্কালে ডিস্টিলারি বা ব্রিউয়ারি হইতে যথানিয়মে পরিবহন পাস ইস্যু করিতে হইবে এবং বন্দর পর্যন্ত পরিবহন শেষে রপ্তানিকারক পাসের প্রথম কপি রপ্তানি বন্দরের কাস্টমস কর্তৃপক্ষের নিকট, দ্বিতীয় কপি মহাপরিচালকের নিকট এবং তৃতীয় কপি অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তার নিকট জমা প্রদান করিতে হইবে।

(১৫) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা বন্ডেড পণ্যাগার হইতে অ্যালকোহল নিম্নরূপ পদ্ধতিতে সরবরাহ করিতে হইবে, যথা:—

(ক) রেক্টিফাইড স্পিরিটের আমদানি ও রপ্তানির লাইসেন্সি কর্তৃক যে কোনো ব্যক্তিকে লাইসেন্সে বর্ণিত ক্ষেত্রে ও উদ্দেশ্যে ব্যবহারের জন্য রেক্টিফাইড স্পিরিট সরবরাহ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, রেক্টিফাইড স্পিরিটের লাইসেন্সে অনুমোদিত ব্যক্তিকে এককালীন মজুদ অপেক্ষা অধিক পরিমাণ রেক্টিফাইড স্পিরিট সরবরাহ করা যাইবে না:

আরও শর্ত থাকে যে, লাইসেন্সি স্বয়ং বা তৎকর্তৃক নিয়োজিত এবং অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অনুমোদিত কর্মচারী ব্যতীত অন্য কাহারো নিকট রেক্টিফাইড স্পিরিটের সরবরাহ করা যাইবে না।

(খ) লাইসেন্স বা পারমিটপ্রাপ্ত পাইকারি ও খুচরা বিক্রেতা, পারমিটধারী শিল্পে ব্যবহারকারী এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পারমিটধারী ব্যক্তিকে কিংবা ডিনেচার্ড স্পিরিট রপ্তানির জন্য লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিকে ডিনেচার্ড স্পিরিট সরবরাহ করা যাইবে; এবং

(গ) লাইসেন্স বা পারমিটপ্রাপ্ত ল্যাবরেটরি, গবেষণাগার, ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান, শিল্পকারখানা বা রপ্তানিকারককে লাইসেন্সে বর্ণিত ক্ষেত্র ও উদ্দেশ্যে ব্যবহারের জন্য রেক্টিফাইড স্পিরিট, স্ট্রং অ্যালকোহল, অ্যাবসোলিউট অ্যালকোহল, ইথাইল অ্যালকোহল, মিথাইল অ্যালকোহল, এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল, ডিনেচার্ড স্পিরিট ও বিশেষ ডিনেচার্ড স্পিরিট সরবরাহ করা যাইবে।

(১৬) ডিস্টিলারি বা বন্ডেড পণ্যাগার হইতে নিম্নবর্ণিত ধরনের সুরাশক্তি বিশিষ্ট স্পিরিট বা অ্যালকোহল সরবরাহ করা যাইবে, যথা:—

(ক) ডিস্টিলারি হইতে বন্ডেড পণ্যাগারসমূহে সরবরাহকালে দেশিমদের সুরাশক্তি ১৩৫ প্রুফের কম এবং ১৪৫ প্রুফের বেশি হইবে না;

(খ) বন্ডেড পণ্যাগার হইতে ভেন্ডরগণের নিকট সরবরাহকালে দেশিমদের সুরাশক্তি সাধারণভাবে ৬০ ডিগ্রি প্রুফ বা ৪০ ডিগ্রি আন্ডার প্রুফ হইবে, তবে চা বাগান এলাকায় বা মহাপরিচালক কর্তৃক বিশেষভাবে অনুমোদিত অন্য কোনো এলাকায় ইহার চাইতে কম বা বেশি যে কোনো সুরাশক্তি বিশিষ্ট দেশিমদ সরবরাহ করা যাইবে;

(গ) ডিস্টিলারি হইতে বন্ডেড পণ্যাগারে দেশিমদ সরবরাহ করিতে হইলে একসঙ্গে অন্যূন ৫০০ প্রুফ লিটার দেশিমদ সরবরাহ করিতে হইবে;

(ঘ) ডিস্টিলারি, বন্ডেড পণ্যাগার বা বিলাতিমদ প্রস্তুতের কারখানা হইতে ব্র্যান্ডি, হুইস্কি বা রাম ৭৫ ডিগ্রি প্রুফ সুরাশক্তি বা ২৫ আন্ডার প্রুফ সুরাশক্তিতে এবং জিন ৬৫ ডিগ্রি প্রুফ সুরাশক্তিতে সরবরাহ করিতে হইবে এবং অন্যান্য বিলাতিমদ মহাপরিচালক কর্তৃক নির্ধারিত সুরাশক্তিতে সরবরাহ করিতে হইবে;

(ঙ) ডিস্টিলারি বা বন্ডেড পণ্যাগার হইতে ১৬৫ প্রুফ বা ১৫.৬ ডিগ্রি সেঃ তাপমাত্রায় ৯১.২৯% (+২) ভলিয়ুম বা তদূর্ধ্ব সুরাশক্তিতে রেক্টিফাইড স্পিরিট সরবরাহ করিতে হইবে;

(চ) অ্যালকোহল ফরটিস বা স্ট্রং অ্যালকোহল ফার্মাকোপিয়াভুক্ত হোমিওপ্যাথিক মাদারটিংচার, সলিউশন ও শক্তিকৃত ঔষধ উৎপাদনে ব্যবহৃত হয় বিধায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সরকার কর্তৃক, সময় সময়, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা আরোপিত শুল্ক গ্রহণপূর্বক সরবরাহ করিতে হইবে; এবং

(ছ) বন্ডেড পণ্যাগার বা ডিস্টিলারি হইতে ১৫০ প্রুফের বেশি এবং ১৬৫ প্রুফের কম যে কোনো সুরাশক্তির ডিনেচার্ড স্পিরিট সরবরাহ করা যাইবে।

(১৭) ডিস্টিলারি বা বন্ডেড পণ্যাগারে অ্যালকোহল সরবরাহের সময় উহার রিডাকশন, ব্লেন্ডিংসহ যাবতীয় প্রস্তুতিমূলক ও আনুষঙ্গিক কার্যাদি অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে ডিস্টিলার বা তৎকর্তৃক নিয়োজিত কর্মচারীগণ করিবেন এবং অনুমোদিত পরিমাণের অপেক্ষা অধিক পরিমাণ কোনো ঘাটতি হইলে সাধারণভাবে উহার উপর ধার্যযোগ্য শুল্ক ডিস্টিলার পরিশোধ করিবেন।

(১৮) কোনো ডিস্টিলারি বা বন্ডেড পণ্যাগার হইতে সাধারণ সুরাশক্তির কোনো অ্যালকোহল সরবরাহ করিতে হইলে উহা সরাসরি ডিস্টিলারির গোডাউন হইতে সরবরাহ করা যাইবে, তবে রিডাকশনের মাধ্যমে কোনো অ্যালকোহলকে নিম্ন সুরাশক্তিতে আনিয়া সরবরাহ করিতে হইলে উহা ডিস্টিলারির গোডাউন হইতে সরবরাহ করা যাইবে না এবং সেই ক্ষেত্রে ডিস্টিলারির আঙ্গিনা সংলগ্ন একটি পৃথক বন্ডেড পণ্যাগার স্থাপন করিয়া সেইস্থান হইতে রিডাকশান ও নিম্ন সুরাশক্তি বিশিষ্ট অ্যালকোহল সরবরাহ করিতে হইবে।

৩০। **ডিস্টিলারি বা ব্রিউয়ারি কর্তৃক উৎপাদিত পণ্যের বিপণন।**—(১) বাংলাদেশের ভৌগোলিক সীমানায় স্থাপিত ডিস্টিলারি বা ব্রিউয়ারি কর্তৃক উৎপাদিত পণ্য দ্বারা প্রাথমিকভাবে দেশের অভ্যন্তরীণ চাহিদা পূরণ করিতে হইবে, তবে দেশের অভ্যন্তরীণ চাহিদা পূরণের পর মহাপরিচালকের অনুমোদন গ্রহণক্রমে উক্ত পণ্য বিদেশে রপ্তানি করা যাইবে ।

(২) ডিস্টিলারি বা ব্রিউয়ারির উৎপাদিত অ্যালকোহল বন্ডেড পণ্যাগারের মাধ্যমে বিপণন করা যাইবে এবং দেশিমদ সরকারি নিয়ন্ত্রণাধীন ও পরিচালিত বন্ডেড পণ্যাগার হইতে বিপণন করিতে হইবে।

(৩) অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত পরিবহন পাসের মাধ্যমে প্রেরিত অ্যালকোহল ব্যতীত অন্য কোনোভাবে প্রেরিত কোনো অ্যালকোহল ডিস্টিলারি বা ব্রিউয়ারির বাহিরে অবস্থিত কোনো পণ্যাগারে গ্রহণ করা যাইবে না, তবে উক্ত অ্যালকোহল আমদানিকৃত হইয়া থাকিলে আমদানির ছাড়পত্র এবং আমদানি সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ও ইনভয়েস পরিবহন পাস হিসাবে গণ্য হইবে।

(৪) আমদানির ক্ষেত্রে অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তা কর্তৃক মোড়ক উন্মোচন এবং ত্রৈমাসিক ও বার্ষিক সম্ভার যাচাই করিতে হইবে।

(৫) কোনো পণ্যাগারে কোনো অ্যালকোহলের কোনো সরবরাহ পৌঁছানোর সঙ্গে সঙ্গে উক্ত পণ্যাগারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং পণ্যাগার, ডিস্টিলারি বা ব্রিউয়ারি মালিকের প্রতিনিধি যৌথভাবে যে সকল ড্রামে বা ট্যাংকে উক্ত অ্যালকোহল আনয়ন করা হইয়াছে তাহার ওজন পরিমাপ করিবেন, উহার গেজিং ও প্লাম্বিং করিবেন, উহাতে রক্ষিত অ্যালকোহলের তাপমাত্রা, ইন্ডিকেশান ও সুরাশক্তির পরিমাপ করিবেন এবং অ্যালকোহলের বাল্ক পরিমাণ এবং প্রুফ লিটারে প্রকৃত পরিমাণ নির্ণয় করিবেন এবং সংশ্লিষ্ট রেজিস্টারে রেকর্ড করিবেন।

(৬) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগার হইতে অন্য কোনো পণ্যাগারে অ্যালকোহল স্থানান্তরকালে ড্রাম বা ট্যাংক ছিদ্র হওয়া, চুঁইয়া পড়া, বাষ্পীভূত হওয়া, বা অন্য কোনোভাবে অ্যালকোহল ঘাটতি হইবার ক্ষেত্রে নিম্নবর্ণিত দূরত্ব ও পরিবহনকাল বিবেচনায় ঘাটতি অনুমোদনযোগ্য হইবে—

(ক) ২ (দুই) দিনের কম যে কোনো সময়ের পরিবহনকালে ০.৫০%;

(খ) ২ (দুই) দিনের বেশি তবে ৭ (সাত) দিনের কম সময়ের পরিবহনকালে ১%;

(গ) ৭ (সাত) দিনের বেশি তবে ১৪ (চৌদ্দ) দিনের কম সময়ের পরিবহনকালে ১.৫০%; এবং

(ঘ) ১৪ (চৌদ্দ) দিনের বেশি যে কোনো সময়ের পরিবহনকালে ২%।

(৭) উপ-বিধি (৬) এ উল্লিখিত ঘাটতি অপেক্ষা কোনো অ্যালকোহলের চালানে অতিরিক্ত ঘাটতি পাওয়া গেলে উক্ত অতিরিক্ত ঘাটতির অ্যালকোহলের উপর প্রেরণকারী ডিস্টিলার, ব্রিউয়ার বা পণ্যাগার মালিক বা লাইসেন্সি প্রচলিত হারে মাদকশুল্ক পরিশোধ করিবেন।

(৮) ডিস্টিলারি বা ব্রিউয়ারি হইতে পণ্যাগারে বা পণ্যাগার হইতে পণ্যাগারে বন্ডের অধীন পরিবহনকালে অ্যালকোহলের যাবতীয় দায়-দায়িত্ব উহার প্রেরণকারীর উপর বর্তাইবে।

(৯) মহাপরিচালক কর্তৃক অনুমোদিত ভ্যাট বা ট্যাংকে অ্যালকোহল মজুত রাখা যাইবে, তবে এইরূপ মজুত রাখিবার ক্ষেত্রে কোনো বিশেষ সমস্যা থাকিলে মহাপরিচালকের অনুমোদনক্রমে ড্রামেও অ্যালকোহল মজুত রাখা যাইবে।

(১০) পণ্যাগার, ডিস্টিলারি বা ব্রিউয়ারিতে কোনো ভ্যাট বা রিসিভার স্থাপন করিবার পর বা ব্যবহারের জন্য ড্রাম বা ব্যারেল সংগ্রহ করিবার পর ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ডিস্টিলার, ব্রিউয়ার, এজেন্ট বা লাইসেন্সির উপস্থিতিতে উহা যথাযথভাবে গেজিং করিবেন এবং উক্ত গেজিং এর টেবুলেশন বহি তৈরি করিয়া মহাপরিচালকের অনুমোদন গ্রহণ করিতে হইবে জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন এবং জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তা পরীক্ষা করিয়া উহার বিষয়ে প্রত্যয়ন করিবেন ও রেজিস্টারে লিপিবদ্ধ করিবেন।

(১১) অধিদপ্তরের জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তা পণ্যাগার হইতে ভেন্ডরগণের নিকট দেশিমদ সরবরাহকালে পরিমাপের সঠিকতা নিশ্চিত করিয়া প্রত্যয়ন প্রদান করিবেন।

(১২) বিশেষ কারণে কখনো ডিস্টিলারি বা ব্রিউয়ারি হইতে অ্যালকোহলের সরবরাহ বন্ধ হইয়া গেলে পণ্যাগার হইতে ভেন্ডরগণের দেশিমদ সরবরাহ চালু রাখিবার জন্য স্বাভাবিক অবস্থায় সকল পণ্যাগারে তাহাদের গড় মাসিক সরবরাহের অন্যূন এক- চতুর্থাংশ দেশিমদ বা বিয়ারের নিম্নতম মজুত হিসাবে সংরক্ষিত রাখিতে হইবে।

(১৩) পণ্যাগারে কর্মরত ডিস্টিলারি বা ব্রিউয়ারি এজেন্ট গড় সরবরাহের অর্ধেক অ্যালকোহল মজুত থাকিতেই অ্যালকোহলের পরবর্তী চালানের সরবারহের জন্য ডিস্টিলারি বা ব্রিউয়ারিতে চাহিদাপত্র প্রেরণ করিবেন, তবে বিশেষ অবস্থায় সংরক্ষিত নিম্নতম মজুত হইতে সরবরাহ প্রদান করিতে হইলে অধিদপ্তরের জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তার অনুমতি গ্রহণ করিতে হইবে।

৩১। **পণ্যাগারের রেজিস্টার ও হিসাব সংরক্ষণ।**—(১) পণ্যাগারে নিয়োজিত অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং ডিস্টিলার বা ব্রিউয়ারের এজেন্ট বা পণ্যাগারের লাইসেন্সি পণ্যাগারের যাবতীয় কার্যক্রমের দৈনন্দিন হিসাব সংরক্ষণ করিবেন।

(২) তফসিল-৪ এর নিম্নবর্ণিত ফরমে পণ্যাগারের নিম্নরূপ বিষয়াদির হিসাব বা রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে, যথা:—

(ক) ফরম-৪/৪ অনুযায়ী পণ্যাগারের ভবন, স্থাপনা, যন্ত্রপাতি, ভ্যাট, ড্রাম, ওজনের মেশিন, পরিমাপের পাত্র, ডিপরড ও অন্যান্য আনুষঙ্গিক সরঞ্জামের হিসাব;

(খ) ফরম-৪/৫ অনুযায়ী ভ্যাট, ড্রাম বা কাস্ক গেজিং রেজিস্টার;

(গ) ফরম-৪/৬ অনুযায়ী ডিস্টিলারি বা ব্রিউয়ারি হইতে প্রাপ্ত অ্যালকোহল বা বিয়ার ভর্তি ড্রাম ও ট্যাংক রেজিস্টার;

(ঘ) ফরম-৪/৭ অনুযায়ী পণ্যাগারে অ্যালকোহল বা বিয়ার রিডাকশান, ব্লেন্ডিং ও ইস্যু রেজিস্টার;

(ঙ) ফরম-৪/৮ অনুযায়ী অ্যালকোহল বা বিয়ারের সমাপ্তি জের এবং লেনদেনের সার-সংক্ষেপ রেজিস্টার;

(চ) ফরম-৪/৯ অনুযায়ী পণ্যাগার লাইসেন্সি বা কর্মকর্তা কর্মচারীদের দৈনন্দিন হাজিরা খাতা রেজিস্টার;

(ছ) ফরম-৪/১০ অনুযায়ী পণ্যাগারে প্রবেশের জন্য পাস বহি;

(জ) ফরম-৪/১১ অনুযায়ী নিরাপত্তা রক্ষীদের দৈনন্দিন হাজিরা;

(ঝ) ফরম-৪/১২ অনুযায়ী পণ্যাগারে অ্যালকোহল বা বিয়ারের গোডাউন খোলা ও বন্ধ রাখিবার রেজিস্টার;

(ঞ) ফরম-৪/১৩ অনুযায়ী হাইড্রোমিটার, পানি ও ওজন যন্ত্রের পরীক্ষা রেজিস্টার;

(ট) ফরম-৪/১৪ অনুযায়ী রাজস্ব ও চালান রেজিস্টার;

(ঠ) ফরম-৪/১৫ অনুযায়ী পরিবহন পাস বহি;

(ড) ফরম-৪/১৬ অনুযায়ী পরিবহন পাস রেজিস্টার;

(ঢ) ফরম-৪/১৭ অনুযায়ী নমুনা ও লেবেল রেজিস্টার;

(ণ) ফরম-৪/১৮ অনুযায়ী ত্রৈমাসিক বা বাৎসরিক সম্ভার যাচাই রেজিস্টার; এবং

(ত) ফরম-৪/১৯ অনুযায়ী ত্রৈমাসিক বা বাৎসরিক বাৎসরিক সম্ভার যাচাই প্রতিবেদন।

৩২। **ডিস্টিলারি বা ব্রিউয়ারিতে ব্যবহার্য ফরম ও রেজিস্টার।**—ডিস্টিলারি বা ব্রিউয়ারির দৈনন্দিন কার্যক্রম নির্বাহের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও ডিস্টিলার কর্তৃক তফসিল ৪ এর নিম্নবর্ণিত ফরমে নিম্নরূপ রেজিস্টারসমূহ সংরক্ষণ করিতে হইবে, যথা:—

(ক) ফরম-৪/২০ অনুযায়ী কাঁচামাল, ভ্যাট, ট্যাংক, রিসিভার, ড্রাম, স্টিল, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম, ইত্যাদির হিসাবের রেজিস্টার;

(খ) ফরম-৪/২১ অনুযায়ী ফার্মেন্টেশন ভ্যাট, ট্যাংক, ইত্যাদির গেজিং ও টেবুলেশন রেজিস্টার;

(গ) ফরম-৪/২২ অনুযায়ী ড্রাম, ব্যারেল, ইত্যাদি গেজিং ও টেবুলেশন রেজিস্টার;

(ঘ) ফরম-৪/২৩ অনুযায়ী মোলাসেস/হফ/মল্ট বা অন্যান্য উপকরণ ক্রয়, মজুত ও ব্যবহারের হিসাব রেজিস্টার;

(ঙ) ফরম-৪/২৪ অনুযায়ী ফার্নেশ অয়েল ক্রয়, মজুত ও ব্যবহারের দৈনন্দিন হিসাব রেজিস্টার;

(চ) ফরম-৪/২৫ অনুযায়ী ফার্মেন্টেশন/ব্রিউয়িং কাজে ব্যবহার্য সহায়ক উপকরণ ও রাসায়নিক দ্রব্যের দৈনন্দিন হিসাব রেজিস্টার;

(ছ) ফরম-৪/২৬ অনুযায়ী ডিনেচার্যান্টের উৎপাদন, ক্রয় ও ব্যবহারের দৈনন্দিন হিসাব রেজিস্টার;

(জ) ফরম-৪/২৭ অনুযায়ী এসেন্স, ক্যারামেল, কর্ক, ছিপি, লেবেল, বোতল, ইত্যাদির ক্রয় ও ব্যবহারের দৈনন্দিন হিসাব রেজিস্টার;

(ঝ) ফরম-৪/২৮ অনুযায়ী ফার্মেন্টেড ওয়াশ, উৎপাদিত অ্যালকোহল বা বিয়ার এবং স্পেন্ট ওয়াশের দৈনন্দিন হিসাব রেজিস্টার;

(ঞ) ফরম-৪/২৯ অনুযায়ী রিসিভার ও ভ্যাটে দৈনিক অ্যালকোহল বা বিয়ার কালেকশানের দৈনন্দিন হিসাব রেজিস্টার;

(ট) ফরম-৪/৩০ অনুযায়ী অ্যালকোহল বা বিয়ার মজুদের রেজিস্টার;

(ঠ) ফরম-৪/৩১ অনুযায়ী পণ্যাগারে অ্যালকোহল বা বিয়ার প্রেরণের জন্য ব্যবহৃত ড্রাম রেজিস্টার;

(ড) ফরম-৪/৩২ অনুযায়ী অ্যালকোহল বা বিয়ারের দৈনন্দিন ইস্যু, সমাপ্তি জের এবং লেনদেনের সার-সংক্ষেপ রেজিস্টার;

(ঢ) ফরম-৪/৩৩ অনুযায়ী আদায়কৃত রাজস্ব ও ট্রেজারি চালানের দৈনন্দিন হিসাব রেজিস্টার;

(ণ) ফরম-৪/৩৪ অনুযায়ী ডিস্টিলারি বা ব্রিউয়ারি কর্তৃপক্ষের পারসোনাল লেজার অ্যাকাউন্টের হিসাব রেজিস্টার;

(ত) ফরম-৪/৩৫ অনুযায়ী ডিস্টিলারি বা ব্রিউয়ারির কর্মকর্তা ও কর্মচারীদের দৈনন্দিন হাজিরা খাতা;

(থ) ফরম-৪/৩৬ অনুযায়ী ডিস্টিলারি বা ব্রিউয়ারিতে প্রবেশ ও পাস রেজিস্টার;

(দ) ফরম-৪/৩৭ অনুযায়ী ডিস্টিলারি বা ব্রিউয়ারির নিরাপত্তা প্রহরী রেজিস্টার;

(ধ) ফরম-৪/৩৮ অনুযায়ী বিশেষ নিরাপত্তা তালার টিকিট রেজিস্টার;

(ন) ফরম-৪/৩৯ অনুযায়ী ফার্মেন্টেড ওয়াশের রাসায়নিক পরীক্ষার রেজিস্টার;

(প) ফরম-৪/৪০ অনুযায়ী হাইড্রোমিটার, স্যাকাহারো মিটার ইত্যাদির প্রত্যয়ন রেজিস্টার;

(ফ) ফরম-৪/৪১ অনুযায়ী রাসায়নিক পরীক্ষার জন্য নমুনা প্রেরণের রেজিস্টার;

(ব) ফরম-৪/৪২ অনুযায়ী নমুনার লেবেল ফরম;

(ভ) ফরম-৪/৪৩ অনুযায়ী স্টোর রেজিস্টার;

(ম) ফরম-৪/৪৪ অনুযায়ী স্টেশনারি ও ফরম এর গ্রহণ ও বিতরণ রেজিস্টার;

(য) ফরম-৪/৪৫ অনুযায়ী ডিস্টিলারি বা ব্রিউয়ারি খোলা ও বন্ধ করিবার রেজিস্টার;

(র) ফরম-৪/৪৬ অনুযায়ী উৎপাদিত অ্যালকোহলের রাসায়নিক পরীক্ষা প্রতিবেদনের রেজিস্টার;

(ল) ফরম-৪/৪৭ অনুযায়ী ত্রৈমাসিক/বাৎসরিক সম্ভার যাচাই রেজিস্টার; এবং

(শ) ফরম-৪/৪৮ অনুযায়ী অ্যালকোহল বা বিয়ার স্টোরেজ ভ্যাট রেজিস্টার।

৩৩। **শুল্কমুক্ত পণ্যাগার।**—(১) দেশে উৎপাদিত কোনো অ্যালকোহল শুল্কমুক্তভাবে সরবরাহ করা যাইবে না।

(২) বিলাতিমদের উৎপাদন ও বোতলজাতকরণের লাইসেন্স রহিয়াছে এইরূপ কোনো ডিস্টিলারি বা ব্রিউয়ারি বা বিদেশিমদের বৈধ আমদানিকারক শুল্কমুক্ত পণ্যাগার স্থাপন করিতে পারিবেন এবং উক্তক্ষেত্রে বিলাতিমদের উৎপাদন সংশ্লিষ্ট বিধান ব্যতীত সংশ্লিষ্ট অন্যান্য বিধানও প্রতিপালন করিতে হইবে।

(৩) শুল্কমুক্ত পণ্যাগার স্থাপনে এই বিধিমালার বিধানের সহিত Customs Act, 1969 (Act No. IV of 1969) এর বিধানসমূহও প্রতিপালন করিতে হইবে।

(৪) বিদেশি জাহাজের নাবিক, কূটনৈতিক পাসপোর্টধারী, বহির্গামী ব্যক্তি, ট্রানজিটে অবস্থানকারী বা কূটনৈতিক সুবিধাভোগী ব্যতীত অন্য কোনো ব্যক্তির নিকট শুল্কমুক্ত পণ্যাগার হইতে কোনো বিলাতিমদ সরবরাহ করা যাইবে না।

(৫) শুল্কমুক্ত পণ্যাগারে বিলাতিমদ সরবরাহ বিদেশে রপ্তানি হিসেবে গণ্য হইবে এবং এইরূপ রপ্তানিকৃত বিলাতিমদ এই বিধিমালার বিধান ছাড়া অন্য কোনোভাবে বিক্রয়, হস্তান্তর বা সরবরাহ করা যাইবে না।

(৬) মহাপরিচালক কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে এবং এই বিধিমালার বিধান অনুসরণপূর্বক অধিদপ্তরের পরিদর্শক বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা প্রতিমাসে অন্যূন একবার শুল্কমুক্ত পণ্যাগারের যাবতীয় কার্যক্রম সংক্রান্ত নথি ও রেজিস্টারসমূহ পরিদর্শন করিবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৭) শুল্কমুক্ত পণ্যাগার হইতে সরবরাহকৃত প্রতি বোতল অ্যালকোহলের গায়ে লেবেলের উপর সংশ্লিষ্ট শুল্কমুক্ত পণ্যাগারের নাম, ঠিকানা, বোতলের ক্রমিক নম্বর এবং ''শুল্কমুক্ত, ইহা ক্রয়ের পরে হস্তান্তর নিষিদ্ধ'' এই মর্মে ইংরেজি ও বাংলায় সিলমোহর অঙ্কিত করিয়া দিতে হইবে।

(৮) শুল্কমুক্ত পণ্যাগার হইতে বিলাতিমদের বিক্রয় ও সরবরাহ সংক্রান্ত যাবতীয় বিবরণী প্রতি মাসের শেষে সংশ্লিষ্ট জেলা, মেট্রো বা বিশেষ জোন অফিসে প্রেরণ করিতে হইবে।

## পঞ্চম অধ্যায়

## দেশিমদ, বিলাতিমদ, বিয়ার, রেক্টিফাইড স্পিরিট, ডিনেচার্ড স্পিরিট উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, ইত্যাদি

৩৪। **দেশিমদের উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ।**—(১) সরকারের নিয়ন্ত্রণাধীন ডিস্টিলারি ব্যতীত অন্য কোনো ডিস্টিলারিকে দেশিমদ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও পাইকারিভাবে সরবরাহ বা বিক্রয় করিবার লাইসেন্স প্রদান করা যাইবে না।

(২) সরকারের নিয়ন্ত্রণাধীন ডিস্টিলারিকে দেশিমদ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও পাইকারিভাবে সরবরাহ বা বিক্রয় করিবার লাইসেন্সের জন্য তফসিল-২ এর ফরম-২/১৮ অনুযায়ী মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্য ও আনুষঙ্গিক বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য মহাপরিচালক অন্যূন ৩ (তিন) সদস্যবিশিষ্ট কমিটি গঠন করিবেন।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত কমিটি অনধিক ২ (দুই) মাসের মধ্যে তদন্তপূর্বক একটি প্রতিবেদন মহাপরিচালকের নিকট দাখিল করিবেন।

(৫) উপ-বিধি (৪) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্ত হইবার পর মহাপরিচালক যুক্তিযুক্ত মনে করিলে, অনাপত্তির জন্য সরকারের নিকট প্রেরণ করিবেন এবং সরকারের অনাপত্তি প্রাপ্ত হইবার পর মহাপরিচালক দাখিলকৃত নকশা অনুমোদন ও কাগজপত্র অবলোকনপূর্বক আবেদন অনুমোদনপূর্বক উহার কপি সংশ্লিষ্ট উপপরিচালকের নিকট প্রেরণ করিবেন।

(৬) উপ-বিধি (৫) এ উল্লিখিত অনুমোদনের কপি প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে উপপরিচালক তফসিল-৩ এর ফরম-৩/১৮ অনুযায়ী লাইসেন্স প্রদান করিবেন।

(৭) দেশিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকারী ডিস্টিলারি কর্তৃক তাহাদের উৎপাদিত দেশিমদ সংশ্লিষ্ট লাইসেন্সিদের নিকট পাইকারিভাবে সরবরাহ করিবার জন্য দেশের বিভিন্ন স্থানে অবস্থিত উহাদের প্রত্যেক পণ্যাগারের জন্য পৃথক পাইকারি লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(৮) দেশিমদের উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সরবরাহ, সংরক্ষণ ও বিপণনের ক্ষেত্রে আইন ও এই বিধিমালার অধীন যথাযথভাবে নিরাপদ ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে।

৩৫। **বিলাতিমদের উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বোতলজাতকরণ।**—(১) বিলাতিমদের উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ এবং বোতলজাতকরণের লাইসেন্সের জন্য তফসিল-২ এর ফরম-২/২৬ অনুযায়ী মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর বিধি ৩৪ এর বিধানাবলি অনুসরণপূর্বক তফসিল-৩ এর ফরম-৩/২৭ অনুযায়ী বিলাতিমদের উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ এবং বোতলজাতকরণের লাইসেন্স ইস্যু করিতে হইবে।

(৩) ডিস্টিলারি বা ব্রিউয়ারিতে বিলাতিমদের উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বোতলজাতকরণ প্রক্রিয়া পৃথক একটি ভবনে নিরাপত্তা ব্যবস্থার মধ্যে সম্পন্ন করিতে হইবে।

(৪) মহাপরিচালকের অনুমোদিত নির্দিষ্ট সুরাশক্তিতে বিলাতিমদ উৎপাদন করা যাইবে এবং উহার বোতলের আকার, আকৃতি ও ধারণ ক্ষমতা, উহাতে ব্যবহার্য রং ও গন্ধ, প্রতি বোতলে পরিমাণ, বোতলের ছিপি ও কর্ক, বোতলের লেবেল, বোতলের রং ইত্যাদি মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(৫) বাংলাদেশে তৈরি অ্যালকোহল ব্যতীত অন্য কোনো অ্যালকোহল বিলাতিমদ তৈরিতে ব্যবহার করা যাইবে না, তবে বিশেষ ক্ষেত্রে মহাপরিচালকের বিশেষ অনুমতিক্রমে বাংলাদেশের সহিত বাণিজ্যিক সম্পর্ক রহিয়াছে এইরূপ কোনো দেশ হইতে অ্যালকোহল আমদানিপূর্বক বিলাতিমদ উৎপাদন করা যাইবে।

(৬) বিলাতিমদ প্রস্তুতের লাইসেন্সি ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে বিলাতিমদ তৈরিতে ব্যবহার্য এসেন্স বা ক্যারামেল আমদানি করিবার অনুমতি প্রদান করা যাইবে না।

(৭) বিলাতিমদ তৈরির উপকরণ বিলাতিমদের কারখানা ব্যতীত অন্য কোনো স্থানে রাখা যাইবে না এবং উহা লাইসেন্সি বা তাহার উপযুক্ত প্রতিনিধি এবং অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার যৌথ নিয়ন্ত্রণে সংরক্ষণ করিতে হইবে।

(৮) বিলাতিমদের লেবেলের উপর ইহার ব্র্যান্ডের নাম, ট্রেড মার্ক, প্রুফ একক সুরাশক্তি, মদের পরিমাণ, ব্যাচ নং, উৎপাদন তারিখ, উৎপাদকের নাম, ঠিকানা, দেশ, ইত্যাদি ছাড়াও "অতিরিক্ত অ্যালকোহল সেবন বিপদজ্জনক" (Drinking of excess alcohol is dangerous) মর্মে ইংরেজি ও বাংলায় সতর্কবাণী মুদ্রিত থাকিতে হইবে।

(৯) বোতলজাত করিবার সময় উহার ছিপি এইরূপে আটকানো থাকিতে হইবে যাহাতে উক্ত ছিপি একবার খুলিয়া ফেলিলে পুনরায় অবিকলভাবে লাগানো না যায়।

(১০) বিলাতিমদ ও মদজাতীয় পানীয় পাইকারি বিক্রয় বা খুচরা বিক্রয়ের ক্ষেত্রে লাইসেন্সের জন্য তফসিল-২ এর, ক্ষেত্রমত, ফরম ২/২৭ বা ফরম ২/২৮ অনুযায়ী মহাপরিচালক বরাবর আবেদন করিতে হইবে।

(১১) উপ-বিধি (১০) এর অধীন প্রাপ্ত আবেদন বিধি ৪ এর বিধানাবলি অনুসরণপূর্বক যাচাই-বাছাই ও বিবেচনা করিয়া তফসিল-৩ এর, ক্ষেত্রমত, ফরম ৩/২৮ বা ফরম ৩/২৯ অনুযায়ী সংশ্লিষ্ট লাইসেন্স প্রদান করিতে হইবে।

৩৬। **বিয়ার উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বোতলজাতকরণ।**—(১) সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণ এবং যন্ত্রপাতি ও কাঁচামাল ব্যবহার ব্যতীত অন্য কোনোভাবে বিয়ার উৎপাদন করা যাইবে না।

(২) সরকার কর্তৃক নির্ধারিত শ্রেণির বিয়ার ব্যতীত অন্য কোনো প্রকারের ও সুরাশক্তির বিয়ার উৎপাদন করা যাইবে না।

(৩) সরকার কর্তৃক নির্ধারিত উপাদান ও উপকরণ ব্যতীত বাণিজ্যিক, শিল্প বা অন্য কোনো উদ্দেশ্যে বিয়ারে কোনোরূপ উপাদান বা উপকরণ মিশ্রিত করা যাইবে না।

(৪) মহাপরিচালক কর্তৃক অনুমোদিত বোতল বা ক্যান ছাড়া অন্য প্রকার আধারে দেশে উৎপাদিত বিয়ার বাজারজাত করা যাইবে না।

৩৭। **রেক্টিফাইড স্পিরিট, স্ট্রং অ্যালকোহল, অ্যাবসোলিউট অ্যালকোহল, ইথাইল অ্যালকোহল, মিথাইল অ্যালকোহল, এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল ও ডিনেচার্ড স্পিরিট উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ।**—(১) রেক্টিফাইড স্পিরিট, স্ট্রং অ্যালকোহল, অ্যাবসোলিউট অ্যালকোহল, ইথাইল অ্যালকোহল, মিথাইল অ্যালকোহল, এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল বা ডিনেচার্ড স্পিরিট উৎপাদন লাইসেন্সের জন্য তফসিল-২ এর সংশ্লিষ্ট ফরমে মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর বিধি ৩৪ এর বিধানাবলি অনুসরণপূর্বক তফসিল-৩ এর ফরম-৩/১৯ অনুযায়ী রেক্টিফাইড স্পিরিট, স্ট্রং অ্যালকোহল, অ্যাবসোলিউট অ্যালকোহল, ইথাইল অ্যালকোহল, মিথাইল অ্যালকোহল, এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল বা ডিনেচার্ড স্পিরিটের উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ লাইসেন্স ইস্যু করিতে হইবে।

(৩) রেক্টিফাইড স্পিরিট খুচরা বিক্রয়ের জন্য পৃথক খুচরা বিক্রয়ের লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(৪) বৈজ্ঞানিক গবেষণাগার, হাসপাতাল, চিকিৎসালয়, শিক্ষা প্রতিষ্ঠান, ডায়াগনস্টিক সেন্টার, কুটির শিল্প এবং যে কোনো চিকিৎসকের নিজস্ব চেম্বারে ব্যবহারের জন্য অনূর্ধ্ব ২ (দুই) লিটার পর্যন্ত রেক্টিফাইড স্পিরিটের বিক্রয়, খুচরা বিক্রয় হিসাবে গণ্য হইবে এবং উক্ত ক্ষেত্রে খুচরা বিক্রয়ের ক্যাশ মেমো পরিবহন পাস হিসাবে গণ্য হইবে।

(৫) রেক্টিফাইড স্পিরিটের কোনো পাইকারি লাইসেন্সি খুচরা রেক্টিফাইড স্পিরিট বিক্রয় করিতে পারিবেন না, তবে গবেষণাগারে পরীক্ষার জন্য কাঁচের বোতলে রি-এজেন্ট গ্রেড (Re-agent grade) এর অ্যালকোহল খুচরা বিক্রয় করা যাইবে।

(৬) লাইসেন্স, পারমিট ও পরিবহন পাসের আওতা ব্যতীত অন্য কোনোভাবে রেক্টিফাইড স্পিরিট মজুত, সংরক্ষণ, ব্যবহার, প্রক্রিয়াজাতকরণ বা পরিবহন করা যাইবে না।

(৭) বিলাতিমদ বা দেশিমদের কোনো বিক্রয় স্থানে রেক্টিফাইড স্পিরিটের লাইসেন্স প্রদান করা যাইবে না।

(৮) অ্যালকোহল, ডিনেচার্ড স্পিরিট বা রেক্টিফাইড স্পিরিট সাধারণভাবে বিদেশ হইতে আমদানি করা যাইবে না, তবে সরকার কর্তৃক স্বীকৃত কোনো অ্যালোপ্যাথিক বা হোমিওপ্যাথিক ঔষধ অথবা অনুমোদিত শিল্প ক্ষেত্রে ব্যবহার্য নির্দিষ্ট মানসম্পন্ন রেক্টিফাইড স্পিরিট বা ইথাইল অ্যালকোহল দেশে উৎপাদিত না হইলে বা উৎপাদনে যৌক্তিকভাবে ঘাটতি থাকিলে মহাপরিচালকের বিশেষ অনুমতি গ্রহণপূর্বক আমদানি করা যাইবে।

(৯) ১৬০ সুরাশক্তির নিম্নে কোনো রেক্টিফাইড স্পিরিট উৎপাদন করা যাইবে না।

(১০) উপ-বিধি (৯) এ বর্ণিত সুরাশক্তির রেক্টিফাইড স্পিরিটকে কোনো অবস্থাতেই ডিনেচার্ড স্পিরিটে রূপান্তর করা যাইবে না।

৩৮। **ডিনেচার্ড স্পিরিট উৎপাদনের নিয়ম ও পদ্ধতি**।—(১) সাধারণ ডিনেচার্ড স্পিরিটের জন্য প্রতি ৯৯ লিটার স্পিরিটের সহিত ০.৫০ লিটার লঘু ও অনুগ্র কুচোচিন এবং ০.৫০ লিটার পাইরিডিন বেজ মিশিয়ে ১০০ লিটার সাধারণ ডিনেচার্ড স্পিরিট তৈরি করিতে হইবে।

**ব্যাখ্যা**।—এই বিধির অধীন—

(ক) "লঘু ও অনুগ্র কুচোচিন" অর্থ এইরূপ কুচোচিন যাহা সাধারণ কুচোচিনকে ২০০ সেন্টিগ্রেড বা তাহার নিম্নের তাপমাত্রায় শুষ্ক অবস্থায় রি-ডিস্টিলেশন করিয়া পাওয়া যায়, যাহার আপেক্ষিক ঘনত্ব ডিস্টিলড ওয়াটার এর ৮৩ হইতে ৮৬ শতাংশের মধ্যে, যাহা ঘন সালফিউরিক এসিডের মধ্যে অন্যূন ৭০ ভাগ দ্রবীভূত হইয়া যাইবে এবং যাহার মধ্যে কোনো জলীয় অংশ থাকিবে না; এবং

(খ) "পাইরিডিন বেজ" অর্থ রাসায়নিক ফর্মুলার খনিজ উদ্ভূত পদার্থ যাহা ১১৬ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রায় গলিয়া যায় এবং যাহার সহিত সাদৃশ্যপূর্ণ কতিপয় খনিজ দ্রব্যের বিভিন্ন তাপমাত্রায় মিশ্রণ ঘটানো হয়, বিশেষ ডিনেচার্ড স্পিরিটের জন্য ইহা ব্যবহারের ক্ষেত্র ও উদ্দেশ্য ভেদে, সময় সময়, সরকার কর্তৃক নির্ধারিত বিভিন্ন রাসায়নিক দ্রব্য বা ডিনেচার‍্যান্ট বিভিন্ন মাত্রা ও পরিমাণে মিশ্রিত করিতে হইবে, যেমন:- সাবান শিল্পে ব্যবহারের জন্য সরকার অনুমোদিত উড ন্যাপথা, কস্টিক সোডা, ইত্যাদি সর্বোচ্চ ১% পর্যন্ত মিশ্রিত করিতে হইবে।

(২) সাধারণ ডিনেচার্ড স্পিরিট উৎপাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) মহাপরিচালকের কর্তৃক অনুমোদিত পৃথক ভবন ও কক্ষে ডিনেচার্ড স্পিরিট উৎপাদন ও সংরক্ষণের ব্যবস্থা করিতে হইবে এবং উক্ত কক্ষে ডিনেচার্ড করিবার জন্য ব্যবহার্য অ্যালকোহল ব্যতীত অন্য কোনো অ্যালকোহল রাখা যাইবে না;

(খ) দফা (ক) তে বর্ণিত ক্ষেত্রে রক্ষিত অ্যালকোহলের ভ্যাট ও আধার, ইত্যাদির সহিত একমাত্র রিসিভার রুম হইতে আসা ডিনেচার্ড করিবার জন্য ব্যবহার্য অ্যালকোহলের রিসিভার ছাড়া অন্য কোনো রিসিভার বা ভ্যাটের কোনোরূপ সংযোগ লাইন রাখা যাইবে না এবং কোনো বিশেষ কারণে নিম্নশক্তির রেক্টিফাইড স্পিরিট ডিনেচার্ড স্পিরিটে রূপান্তরের প্রয়োজন হইলে অধিদপ্তরের জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তার অনুমোদনক্রমে উক্ত স্পিরিটকে রিসিভার রুম হইতেই ডিনেচার্ড স্পিরিটের জন্য নির্দিষ্ট রিসিভার ভ্যাটে স্থানান্তর করিয়া তাহা সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে;

(গ) অ্যালকোহল বা স্পিরিট ডিনেচার করিবার জন্য অন্যূন ২৫০০ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এক বা একাধিক ভ্যাট ডিনেচারিং রুমে স্থাপন করিতে হইবে এবং উহা ব্যবহারের পূর্বে বিধি মোতাবেক গেজিং ও টেবুলেশনের ব্যবস্থা করিতে হইবে;

(ঘ) ডিনেচার‍্যান্ট মজুত রাখিবার জন্য ডিনেচার্ড স্পিরিটের উৎপাদন ও সংরক্ষণাগারের সহিত বিশেষ নিরাপত্তা ব্যবস্থা সংবলিত পৃথক রুমের ব্যবস্থা করিতে হইবে এবং ডিস্টিলার ও ডিস্টিলারির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার যৌথ নিরাপত্তা তালা চাবিতে সিলগালা করা অবস্থায় থাকিবে;

(ঙ) ডিনেচার‍্যান্ট সংরক্ষণকালে গোডাউনে রক্ষিত প্রতিটি ড্রাম, বোতল বা পাত্র পৃথকভাবে রাখিতে হইবে এবং প্রতিটির গায়ে উহাতে বিদ্যমান ডিনেচার‍্যান্টের নাম ও পরিমাণ সংবলিত লেবেল থাকিতে হইবে;

(চ) ডিনেচার্ড স্পিরিট তৈরির জন্য ব্যবহার্য স্পিরিটের সুরাশক্তি অন্যূন ১৫৫ ডিগ্রি প্রুফ বা ৫৫ ডিগ্রি ওভার প্রুফ হইতে হইবে এবং একত্রে অন্যূন ২০০০ লিটার স্পিরিট ডিনেচার করিতে হইবে;

(ছ) ডিনেচারেশন শুরু করিবার পূর্বে ডিনেচারের জন্য ব্যবহার্য সকল ভ্যাট বা আধার উত্তমভাবে গেজিং-প্রুভিং পরীক্ষা করিয়া দেখিতে হইবে;

(জ) উৎপাদিত ডিনেচার্ড স্পিরিট হইতে ৫০০ মিলি লিটার পরিমাণ নমুনা সংগ্রহ করিতে হইবে এবং যথাযথ লেবেলিং ফরম পূরণ করিয়া সিলগালা অবস্থায় রাসায়নিক পরীক্ষকের নিকট প্রয়োজনীয় পরীক্ষার জন্য প্রেরণ করিতে হইবে;

(ঝ) রাসায়নিক পরীক্ষায় নিম্নমান ঘোষিত ডিনেচার্ড স্পিরিটকে ব্যবহার উপযোগী করিবার জন্য অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্দেশ প্রদান করিবেন এবং এক সপ্তাহের মধ্যে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নির্দেশনা প্রতিপালন করিয়া রাসায়নিক পরীক্ষকের নিকট উহা পুনরায় পরীক্ষার জন্য প্রেরণ করিবেন এবং রাসায়নিক পরীক্ষক কর্তৃক পুনরায় পরীক্ষা করিয়া নিম্নমান ঘোষণা করা হইলে অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তা, ডিস্টিলারি কর্মকর্তা এবং মালিক পক্ষ নিম্নমানের স্পিরিট ধ্বংস করিবেন;

(ঞ) রাসায়নিক পরীক্ষার প্রতিবেদন প্রাপ্ত হইবার পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উহার গেজিং প্রুভিং করিয়া যথাযথ পরিমাপ করিবেন এবং সরবরাহের জন্য ব্যবহৃত পৃথক ভ্যাটে স্থানান্তর করিয়া সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করিবেন; এবং

(ট) রাসায়নিক পরীক্ষার প্রতিবেদন না পাওয়া পর্যন্ত কোনো অবস্থাতেই তৈরিকৃত ডিনেচার্ড স্পিরিটকে ডিনেচারিং ভ্যাট হইতে সরবরাহ ভ্যাটে স্থানান্তর করা যাইবে না।

(৩) ডিনেচার্ড ভ্যাট বা ডিনেচার্ড রুম হইতে সরবরাহ ভ্যাট বা সরবরাহ গোডাউনে স্পিরিট স্থানান্তরের প্রতি ক্ষেত্রেই ডিস্টিলার বা তাহার এজেন্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবরে লিখিত চাহিদাপত্র পেশ করিবেন এবং ডিনেচার্ড স্পিরিট গোডাউনে অন্যূন ১ (এক) মাসের জন্য সরবরাহের অনুমতি প্রদান করা যাইবে, তবে অনুরূপ স্পিরিট মজুত থাকিতে নূতন কোনো স্পিরিটের চাহিদাপত্র পেশ করা যাইবে না।

(৪) ডিনেচার্ড স্পিরিট তৈরির উদ্দেশ্যে রিসিভার, ভ্যাট, ড্রাম, ইত্যাদির গায়ে স্পষ্ট অক্ষরে তেল রং এর সাহায্যে ''ডিনেচার্ড স্পিরিট" এবং ইহার ধারণ ক্ষমতা লিপিবদ্ধ থাকিতে হইবে।

(৫) রিসিভার রুম, ডিনেচারেশন রুম ও সরবরাহকারী গোডাউনসহ সকল স্থানে নির্ধারিত কার্যক্রম সম্পর্কে যাবতীয় হিসাবের বিবরণী নিয়মিতভাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং ডিস্টিলার বা তাহার এজেন্ট উভয়ে সংরক্ষণ করিবেন।

(৬) কোনো হার্ডওয়ার সামগ্রীর বিক্রেতা এবং ডিনেচার্ড স্পিরিট প্রয়োজন হয় এইরূপ কোনো শিল্প কারখানার অনুকূলে ডিনেচার্ড স্পিরিটের বিক্রয় ও ব্যবহারের জন্য লাইসেন্স বা পারমিট প্রদান করা যাইবে।

(৭) ডিস্টিলার ব্যতীত কোনো বিলাতিমদের ভেন্ডর, দেশিমদের ভেন্ডর বা রেক্টিফাইড স্পিরিটের লাইসেন্সিকে একই স্থানে ডিনেচার্ড স্পিরিটের লাইসেন্স প্রদান করা যাইবে না।

(৮) লাইসেন্সি ডিস্টিলার বা উৎপাদনকারী, পাইকারি ব্যবসায়ী, খুচরা ব্যবসায়ী ও ব্যবহারকারীগণ নিম্নবর্ণিত পরিমাণ ডিনেচার্ড স্পিরিট এককালীন মজুত হিসাবে রাখিতে পারিবেন, যথা:-

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১। | ডিস্টিলার বা উৎপাদনকারী | যে কোনো পরিমাণ |
| ২। | পাইকারি বিক্রেতা | যে কোনো পরিমাণ |
| ৩। | খুচরা বিক্রেতা | ৫০০ লিটার |
| ৪। | ব্যবহারকারী | লাইসেন্স বা পারমিটে অনুমোদিত পরিমাণ। |

(৯) ব্যক্তিগত কাজে ব্যবহারের জন্য এককালীন ১০ লিটারের অধিক স্পিরিট ক্রয় বা দখলে রাখা যাইবে না।

(১০) পাইকারি বিক্রেতার নিকট হইতে খুচরা বিক্রেতা এবং খুচরা বিক্রেতার নিকট হইতে ভোক্তা ডিনেচার্ড স্পিরিট ক্রয় করিবার পর প্রাপ্ত ক্রয় রশিদকে পরিবহন পাস হিসাবে গণ্য করা হইবে।

৩৯। **হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত বা শক্তিকরণ কাজে রেক্টিফাইড স্পিরিট, ইথাইল অ্যালকোহল বা স্ট্রং অ্যালকোহলের ব্যবহার**।—(১) হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকারক ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতে রেক্টিফাইড স্পিরিট, ইথাইল অ্যালকোহল বা স্ট্রং অ্যালকোহল ব্যবহারের লাইসেন্স বা পারমিট প্রদান করা যাইবে না।

(২) হোমিওপ্যাথিক চিকিৎসক বা প্রাকটিশনার্স ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে হোমিওপ্যাথিক শক্তিকরণ বা ডাইলুশনপূর্বক রোগীকে পরিবেশনের জন্য রেক্টিফাইড স্পিরিট, ইথাইল অ্যালকোহল বা স্ট্রং অ্যালকোহলের লাইসেন্স বা পারমিট প্রদান করা যাইবে না।

(৩) হোমিওপ্যাথিক মাদার টিংচারসহ সকল ধরনের হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন কাজের জন্য লাইসেন্স প্রদানের পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষ রেক্টিফাইড স্পিরিটের, ইথাইল অ্যালকোহল বা স্ট্রং অ্যালকোহল যথাযথ চাহিদা নিরূপণপূর্বক প্রয়োজনীয় পরিমাণ রেক্টিফাইড স্পিরিট, ইথাইল অ্যালকোহল বা স্ট্রং অ্যালকোহল বরাদ্দ প্রদান করিবেন এবং প্রয়োজনে, ঔষধ প্রশাসন অধিদপ্তরের সুপারিশ গ্রহণ করিবেন।

(৪) ব্যবস্থাপত্রধারী রোগী, হোমিওপ্যাথিক ঔষধ বিক্রেতা এবং হোমিওপ্যাথিক চিকিৎসক ব্যতীত অন্য কোনো ব্যক্তির নিকট হোমিওপ্যাথিক ঔষধ বিক্রয় করা যাইবে না।

(৫) ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হোমিওপ্যাথিক ঔষধ (ডাইল্যুশন) এবং মাদারটিংচার লাইসেন্সিগণ সংশ্লিষ্ট লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত লাইসেন্স সমর্পণপূর্বক এই বিধিমালার অধীন হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতের জন্য রেক্টিফাইড স্পিরিট, ইথাইল অ্যালকোহল বা স্ট্রং অ্যালকোহল সংগ্রহ, সংরক্ষণ, পরিবহন ও ঔষধ তৈরির উপাদান হিসেবে ব্যবহারের জন্য লাইসেন্স গ্রহণ করিবেন।

৪০। **ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কর্তৃক নিজস্ব বাসগৃহে পান করিবার জন্য মদ চোলাইয়ের পারমিট প্রদান প্রক্রিয়া, ইত্যাদি**।—(১) খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান পার্বত্য জেলা এবং বাংলাদেশের অন্যান্য এলাকায় বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ব্যক্তিদের জন্য সংশ্লিষ্ট জেলার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটির সুপারিশের ভিত্তিতে নিলাম ডাকের মাধ্যমে চোলাই মদের মহালের সংখ্যা ও অবস্থান নির্ধারণ করিতে হইবে।

(২) নিলামের মাধ্যমে চোলাই মদের মহালের সর্বোচ্চ দরদাতাকে চোলাইমদ প্রস্তুত ও বিক্রয়ের অনুমতি প্রদান করা যাইবে।

(৩) নিলাম হইতে প্রাপ্ত অর্থ মাদকশুল্ক খাতে জমা প্রদান করিতে হইবে।

(৪) খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান পার্বত্য জেলাসহ দেশের বিভিন্ন স্থানে বসবাসরত বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কর্তৃক ঐতিহ্যগতভাবে প্রস্তুতকৃত মদ উক্ত এলাকায় এই বিধিমালা অনুযায়ী প্রদেয় মদের মহাল হইতে সংগ্রহপূর্বক পারিবারিকভাবে নিজ বাসগৃহে পান করিতে পারিবেন।

(৫) ২১ (একুশ) বৎসরের নিম্নের কোনো ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ব্যক্তিকে ব্যক্তিগত পানের জন্য মদ চোলাইয়ের পারমিট প্রদান করা যাইবে না।

(৬) মহাপরিচালক কর্তৃক অনুমোদিত উপাদান ব্যবহার বা পদ্ধতি অনুসরণ ব্যতীত অন্য কোনো উপাদান সহযোগে বা পদ্ধতি অনুসরণপূর্বক মদ চোলাই করা যাইবে না।

(৭) অনুমতিপ্রাপ্ত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে মদ চোলাই করা যাইবে না।

(৮) পারমিটধারী ব্যক্তি এবং তাহার পরিবারের ২১ (একুশ) বৎসর বা তদূর্ধ্ব বয়সের সদস্যগণ ব্যতীত অন্য কোনো ব্যক্তি চোলাইকৃত মদ পান করিতে পারিবেন না, তবে লাইসেন্সি ব্যক্তির পরিবারে আগত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ২১ (একুশ) বৎসর বা তদূর্ধ্ব বয়সের কোনো মেহমান বা আত্মীয়কে চোলাইমদ সহযোগে আপ্যায়ন করা যাইবে।

৪১। **তাড়ি উৎপাদন ও সাধারণ শর্তাবলি।**—(১) এই বিধিমালার অধীন লাইসেন্স গ্রহণ ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে তাড়ি উৎপাদন, রস সংগ্রহকারী, গাছি, বহনকারী, বিক্রয়কারী হিসেবে নিয়োগ করা যাইবে না।

(২) প্রতি বৎসর জুন মাসে সংশ্লিষ্ট জেলার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটি কর্তৃক প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে সর্বোচ্চ নিলাম ডাককারী ব্যক্তিকে তাড়ির লাইসেন্স প্রদান করা যাইবে।

(৩) লাইসেন্সের আওতায় কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি আইন, এই বিধিমালা বা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং উহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে, তাহা হইলে উক্ত কর্মচারীর দায়ভার লাইসেন্সির উপর বর্তাইবে।

(৪) তাড়ি উৎপাদনের জন্য রস সংগ্রহ, তাড়ি বহন, প্রক্রিয়াজাতকরণ, উৎপাদন এবং বিক্রয়ের যাবতীয় কাজে পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যসম্মত পদ্ধতি অবলম্বন করিতে হইবে এবং উৎপাদিত তাড়িতে জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকারক বা বিষাক্ত কোন উপাদান পাওয়া গেলে তজ্জন্য লাইসেন্স বাতিলযোগ্য হইবে এবং উহার জন্য লাইসেন্সি কোনরূপ ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না।

(৫) তাল এবং খেজুর গাছের রস বা মহাপরিচালক কর্তৃক অনুমোদিত অন্য কোনো প্রকারের শর্করা মিশ্রিত তরল দ্রব্য ব্যতীত অন্য কোনো কিছুকে তাড়ি উৎপাদনের উপাদান হিসেবে ব্যবহার করা যাইবে না।

## ষষ্ঠ অধ্যায়
## অ্যালকোহল আমদানি, রপ্তানি, ক্রয়, বিক্রয়, সংরক্ষণ ইত্যাদি

৪২। **অ্যালকোহল আমদানি, রপ্তানি, ইত্যাদি।**—(১) বাংলাদেশে উৎপাদিত হয় না এইরূপ কোনো ইথাইল অ্যালকোহল, অ্যাবসলিউট অ্যালকোহল, রেক্টিফাইড স্পিরিট, স্ট্রং অ্যালকোহল ও ইন্ডাস্ট্রিয়াল মেথিলেটেড স্পিরিট এবং শিল্প, গবেষণাগার ও অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদনের ক্ষেত্রে ব্যবহার্য অ্যালকোহল আমদানি করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, উক্ত উপ-বিধিতে উল্লিখিত অ্যালকোহল বাংলাদেশে উৎপাদিত হইলেও গুণে ও মানে আন্তর্জাতিক মানসম্পন্ন না হইলে উহা, সরকারের অনাপত্তিপত্র গ্রহণপূর্বক, আমদানি করা যাইবে।

(৩) বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় আমদানি বা রপ্তানির ক্ষেত্রে তফসিল-২ এর ফরম ২/২৫ অনুযায়ী আমদানি বা রপ্তানির লাইসেন্সের জন্য মহাপরিচালক বরাবর আবেদন করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রাপ্ত আবেদন বিধি ৪ এর বিধানাবলি অনুসরণপূর্বক যাচাই-বাছাই ও বিবেচনা করিয়া তফসিল-৩ এর ফরম ৩/২৫ অনুযায়ী আমদানি বা রপ্তানির লাইসেন্স প্রদান করিতে হইবে।

(৫) অ্যালকোহল আমদানি ও রপ্তানির ক্ষেত্রে আইন ও এই বিধিমালাসহ এতৎসংক্রান্ত অন্যান্য আইন, বিধিমালা, নীতিমালা, আদেশ, প্রজ্ঞাপন অনুসরণ করিতে হইবে।

(৬) মহাপরিচালকের নিকট হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত ব্র্যান্ড ব্যতীত অন্য কোনো ব্র্যান্ডের অ্যালকোহল আমদানি করা যাইবে না।

(৭) পর্যটন কর্পোরেশন, বার, শুল্কমুক্ত পণ্যাগারসমূহ বা সরকারের নিকট হইতে বিশেষভাবে অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতীত কোনো ব্যক্তি বাণিজ্যিক উদ্দেশ্যে অ্যালকোহল জাতীয় পানীয় আমদানি করিতে পারিবেন না।

৪৩। **অ্যালকোহল জাতীয় পানীয় আমদানি ও রপ্তানি সংক্রান্ত শর্তাবলি।**—(১) শুল্কমুক্ত পণ্যাগার ও ডিউটি ফ্রি শপের পারমিটধারী প্রতিষ্ঠানসমূহের বার্ষিক আমদানি প্রাপ্যতা, শুল্কায়ন শ্রেণি বিন্যাস, ভ্যালুয়েশন Customs Act, 1969 (Act No IV of 1969) এর section 13(2), 18 ও 25 অনুযায়ী হইবে।

(২) লাইসেন্সি কর্তৃক বাৎসরিক অ্যালকোহল আমদানি প্রাপ্যতা অধিদপ্তরের সম্মতিক্রমে নির্ধারণ করিতে হইবে এবং শুল্কায়নের কপি যথাশীঘ্র মহাপরিচালকের নিকট প্রেরণ করিতে হইবে।

(৩) অ্যালকোহল জাতীয় পানীয় আমদানি করিতে হইলে উহার প্রতি বৎসরের ব্যবহারের লক্ষ্যমাত্রা লিখিতভাবে দাখিল করিতে হইবে এবং দাখিলকৃত লক্ষ্যমাত্রা যুক্তিসংগত হইলে আমদানির অনুমতি প্রদান করা যাইবে।

(৪) অ্যালকোহল জাতীয় পানীয় আমদানি বা রপ্তানি করিতে হইলে তফসিল-২ এর ফরম ২/১৩ অনুযায়ী আবেদন করিতে হইবে এবং আমদানি বা রপ্তানির পূর্বানুমতি তফসিল-৩ এর ফরম ৩/১৫ অনুযায়ী প্রদান করা যাইবে।

(৫) উপ-বিধি (৪) অধীন প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই ও বিবেচনাসহ আনুষঙ্গিক বিষয়ে বিধি ৪ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

(৬) আমদানিকৃত অ্যালকোহলের বিগত অর্থ বৎসরের ব্যবহারের হিসাব বিবরণী আবেদনকারী ব্যক্তি কর্তৃক স্বাক্ষরপূর্বক দাখিল করিতে হইবে।

(৭) এই বিধির অন্যান্য বিধান সাপেক্ষে—

(ক) বৈদেশিক মুদ্রা অর্জনকারী শুল্কমুক্ত বিপণি বা বার আমদানি নীতি আদেশের নির্দেশনা অনুযায়ী অ্যালকোহল আমদানি করিতে পারিবে;

(খ) রেস্টুরেন্ট, হোটেল, ক্লাব বা বারে অ্যালকোহলের মোট ব্যবহারের ৪০% প্রচলিত হারে শুল্ক ও কর প্রদান সাপেক্ষে বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের শুল্কমুক্ত বিপণি হইতে অথবা আমদানির মাধ্যমে এবং অবশিষ্ট ৬০% দেশে উৎপাদিত উৎস হইতে সংগ্রহ করা যাইবে;

(গ) রপ্তানি প্রক্রিয়াজাত অঞ্চল, পাওয়ার প্লান্ট ও বিশেষ পর্যটন অঞ্চলে কর্মরত বিদেশি কর্মীদের জন্য স্থাপিত বার, অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে, প্রচলিত শুল্ক ও কর পরিশোধ করিয়া বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের শুল্কমুক্ত বিপণি হইতে অ্যালকোহল জাতীয় পানীয় সংগ্রহ করিতে পারিবে; এবং

(ঘ) বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের আওতাধীন বারসমূহ, অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে, প্রচলিত শুল্ক ও কর পরিশোধ করিয়া বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের শুল্কমুক্ত বিপণি হইতে অ্যালকোহল জাতীয় পানীয় সংগ্রহ করিতে পারিবে।

(৮) যে সকল ক্লাবে মদ্যপানের পারমিটধারী সদস্যের সংখ্যা ২০০ বা ততোধিক সেই সকল ক্লাব তাহাদের বার্ষিক চাহিদার সর্বোচ্চ ৪০% পর্যন্ত বিলাতিমদ বিদেশ হইতে আমদানি করিতে পারিবে এবং অবশিষ্ট ৬০% দেশে উৎপাদিত উৎস হইতে সংগ্রহ করিতে পারিবে।

৪৪। **অ্যালকোহল জাতীয় পানীয় আমদানির শুল্ক খালাসের ছাড়পত্র।**—(১) অ্যালকোহল জাতীয় পানীয় আমদানি করিবার পর কাস্টমস ক্লিয়ারেন্সের নিমিত্ত তফসিল-২ এর ফরম ২/১৪ অনুযায়ী মহাপরিচালক বরাবর ছাড়পত্রের জন্য আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অধীন আবেদন প্রাপ্ত হইবার পর মহাপরিচালক দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা করিয়া সন্তুষ্ট হইলে, শুল্ক খালাসের জন্য তফসিল-৩ এর ফরম ৩/১৬ অনুযায়ী এতদসংক্রান্ত ছাড়পত্র প্রদান করিবেন।

৪৫। **সরবরাহ।**—(১) লাইসেন্সি বা পারমিটধারী ব্যতীত অন্য কাহারও নিকট অ্যালকোহল সরবরাহ করা যাইবে না।

(২) লাইসেন্সপ্রাপ্ত বা পারমিটধারী উৎপাদনকারী, আমদানিকারক, পাইকারি বিক্রেতা কিংবা খুচরা বিক্রেতা ব্যতীত অন্য কেহ অ্যালকোহল সরবরাহ করিতে পারিবেন না।

(৩) উপ-বিধি (১) ও (২) মোতাবেক অ্যালকোহল সরবরাহের পূর্বে প্রযোজ্য হারে মাদকশুল্ক আদায় করিতে হইবে।

৪৬। **ক্রয় ও বিক্রয়।**—(১) লাইসেন্সপ্রাপ্ত আমদানিকারক, উৎপাদনকারী, পাইকারি বা খুচরা বিক্রেতা এবং পারমিটধারী ব্যতীত অন্য কোনো ব্যক্তি অ্যালকোহল ক্রয় বা বিক্রয় করিতে পারিবেন না।

(২) দেশে উৎপাদিত যে কোনো ধরনের অ্যালকোহল যথাযথ হারে মাদকশুল্ক পরিশোধ ব্যতীত ক্রয় করা যাইবে না, তবে অনুরূপ ক্ষেত্রে বিক্রেতা কর্তৃক উৎপাদক বা পাইকারি বিক্রেতার নিকট হইতে ক্রয়কালে মাদকশুল্ক পরিশোধ করা হইয়া থাকিলে ক্রেতা কর্তৃক পুনরায় শুল্ক পরিশোধ করিবার প্রয়োজন হইবে না।

(৩) পাইকারি বা খুচরা বিক্রেতা ব্যতীত যে কোনো ব্যবহারকারী তাহার পারমিটে উল্লিখিত পরিমাণের অধিক অ্যালকোহল ক্রয় করিতে পারিবেন না।

৪৭। **সংরক্ষণ ও গুদামজাতকরণ।**—(১) লাইসেন্সি বা পারমিটধারী ব্যতীত কোনো ব্যক্তি অ্যালকোহল সংরক্ষণ বা গুদামজাত করিতে পারিবেন না।

(২) লাইসেন্সে উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে অ্যালকোহল সংরক্ষণ বা গুদামজাত করা যাইবে না।

(৩) কোনো আবাসিক এলাকায়, ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্ববর্তী স্থানে বা জনস্বাস্থ্য ও আইন শৃঙ্খলা পরিস্থিতির জন্য ঝুঁকিপূর্ণ কোনো স্থানে অ্যালকোহল সংরক্ষণ বা গুদামজাতকরণের জন্য লাইসেন্স প্রদান করা যাইবে না।

(৪) কোনো যুক্তিসঙ্গত কারণে লাইসেন্সে উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে অ্যালকোহল সংরক্ষণ ও গুদামজাত করিতে হইলে তজ্জন্য সংশ্লিষ্ট লাইসেন্সি বা পারমিটধারীকে পৃথক গুদামজাতকরণ লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

৪৮। **প্রদর্শন**।—(১) লাইসেন্স বা পারমিটধারী ব্যতীত অন্য কোনো ব্যক্তি বাণিজ্যিক বা অন্য কোনো উদ্দেশ্যে কোনো স্থানে অ্যালকোহল প্রদর্শন করিতে পারিবেন না।

(২) বাণিজ্যিক উদ্দেশ্যে অ্যালকোহল প্রদর্শন করিতে হইলে তাহা প্রকাশ্য স্থানে কিংবা বিজ্ঞাপন আকারে জনগণকে আকৃষ্ট করিবার উদ্দেশ্যে প্রদর্শন করা যাইবে না।

৪৯। **অবশিষ্ট অ্যালকোহল, ইত্যাদির বিলিবন্দেজ**।—(১) এই বিধিমালার অধীন প্রদত্ত কোনো লাইসেন্স বা পারমিটের মেয়াদ শেষ হইবার পর উহা নবায়ন করা না হইলে অথবা লাইসেন্স বা পারমিট সাময়িকভাবে স্থগিত বা বাতিল হইলে উক্ত লাইসেন্স বা পারমিটের আওতাধীন অবশিষ্ট সমুদয় অ্যালকোহল অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তার মাধ্যমে পাইকারি বাজার দরে অন্য কোনো অনুরূপ লাইসেন্সি বা পারমিটধারী ব্যক্তির নিকট বিক্রয় করিতে হইবে।

(২) রাসায়নিক পরীক্ষকের পরীক্ষা প্রতিবেদন অনুযায়ী ব্যবহারযোগ্য হইলে বাজেয়াপ্তকৃত অ্যালকোহল, লাইসেন্স বা পারমিটধারী কোনো ব্যক্তির নিকট নিলামে বিক্রয় করা যাইবে এবং ব্যবহারের অযোগ্য ঘোষিত অ্যালকোহল বাজেয়াপ্ত ও ধ্বংস করিতে হইবে।

৫০। **নমুনা গ্রহণ পদ্ধতি**।—আইনের অধীন কোনো বস্তুর রাসায়নিক পরীক্ষার প্রয়োজন হইলে-

(ক) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারে ব্যবহৃত কাঁচামাল, জব্দকৃত আলামত যেমন:- সকল প্রকার বিদেশিমদ, দেশিমদ ও বিলাতিমদ এবং অ্যালকোহল জাতীয় পানীয়ের ক্ষেত্রে নমুনা ১ কোয়ার্ট (৭৫০ মিলি) পরিমাণ কাচের বোতলে লইতে হইবে;

(খ) জব্দকৃত আলামত পানি ব্যতীত অন্য যে কোনো তরল পদার্থ যেমন:- দেশিমদ, দেশীয় চোলাইমদ, ডিনেচার্ড স্পিরিট, রেক্টিফাইড স্পিরিট, স্পিরিট, তাড়ি, পঁচুই, ওয়াশ, ইত্যাদি একটি পরিষ্কার কোয়ার্ট (৭৫০ মিলি পরিমাণ) বোতলে নমুনা লইতে হইবে এবং যে তরল পদার্থের নমুনা লইতে হইবে সেই তরল দ্বারা বোতলটি প্রথমে বিশেষভাবে ধৌত করিতে হইবে, ও অতঃপর বোতলের তিন-চতুর্থাংশ তরল দ্বারা পরিপূর্ণ করিয়া ছিপি দ্বারা বন্ধ করিতে হইবে;

(গ) জব্দকৃত আলামত মুলি, বাখর বা ঈস্ট হইলে, সেই ক্ষেত্রে নমুনার পরিমাণ অন্যূন ৩০ (ত্রিশ) গ্রাম হইতে হইবে;

(ঘ) ডিস্টিলারি, ব্রিউয়ারি বা পণ্যাগারের রিডাকশনের জন্য বা অন্য কোনো প্রয়োজনে পানির পরীক্ষা করা প্রয়োজন হইলে একটি পরিষ্কার বোতলে (৭৫০ মিলি) পরিপূর্ণ করিয়া নমুনা সংগ্রহ করিতে হইবে; এবং

(ঙ) প্রতিটি নমুনা সংগ্রহের পর নমুনা সংগ্রহকারী কর্মকর্তা কর্তৃক তফসিল-৪ এর ফরম-৪/২ অনুযায়ী পৃথক বর্ণ বা সংখ্যা দিয়া চিহ্নিতকরণপূর্বক অফিসিয়াল ব্রাশ সিল দ্বারা সিলগালা ও লেবেলযুক্ত করিতে হইবে।

## সপ্তম অধ্যায়

## বিবিধ

৫১। **ডিস্টিলারি বা ব্রিউয়ারি ও বন্ডেড পণ্যাগার হইতে অ্যালকোহলের মাদকশুল্ক আদায় প্রক্রিয়া।**—(১) ডিস্টিলারি, ব্রিউয়ারি ও বন্ডেড পণ্যাগার হইতে দেশে উৎপাদিত যে কোনো ধরনের অ্যালকোহলের উপর অগ্রিম মাদকশুল্ক আদায় করিতে হইবে।

(২) রপ্তানি বা কোনো শুল্কমুক্ত পণ্যাগারে সরবরাহ বা গবেষণা, রাসায়নিক পরীক্ষা ও অধিদপ্তরের কর্মকর্তাদের প্রশিক্ষণার্থে নমুনা সরবরাহের ক্ষেত্রে সম্পূর্ণ হারে মাদকশুল্ক রেয়াত প্রদান করা যাইবে।

(৩) ডিস্টিলারি, ব্রিউয়ারি কিংবা বন্ডেড পণ্যাগার হইতে লাইসেন্সির নিকট দেশে উৎপাদিত অ্যালকোহল সরবরাহকালে তদস্থলে নিয়োজিত অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মাদকশুল্ক আদায় করিতে হইবে।

৫২। **লাইসেন্স, পারমিট ও নবায়ন ফিস এবং মাদকশুল্ক আদায় পদ্ধতি।**—(১) লাইসেন্স, পারমিট ও নবায়ন ফিস এবং মাদকশুল্ক সরকার কর্তৃক, সময় সময় নির্ধারিত আর্থিক কোডে (ভ্যাটসহ) ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে এবং অনুরূপ ফিস বা মাদকশুল্ক জমাদানের পূর্বে সংশ্লিষ্ট অফিস কর্তৃক জমা খাতের কোড যাচাই করিয়া লইতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত চালানের ৩ (তিন) কপির প্রথম কপি সংশ্লিষ্ট ব্যাংক শুল্ক প্রদানকারীকে সরবরাহ করিবেন, দ্বিতীয় কপি জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে প্রেরণ করিবেন এবং তৃতীয় কপি অধিদপ্তরের জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(৩) অধিদপ্তরের প্রত্যেক জেলা, মেট্রো বা বিশেষ জোন কর্মকর্তা সংশ্লিষ্ট চালান রেজিস্টার সংরক্ষণ করিবেন এবং ব্যাংক হইতে চালানের কপি প্রাপ্ত হইবার পর উহা রেজিস্টারের সহিত মিলাইয়া চালান রেজিস্টারে উহা লিপিবদ্ধ করিবেন এবং সংশ্লিষ্ট ব্যাংক ও জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক উক্ত টাকা যে সঠিক হিসাব খাতে জমা হইয়াছে তৎমর্মে প্রত্যয়নপত্র সংগ্রহ করিয়া তাহা চালান রেজিস্টারে সংযুক্ত করিয়া রাখিবেন।

(৪) সকল হিসাব ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৫) অধিদপ্তর প্রতি বৎসর জুলাই মাসে সংশ্লিষ্ট চালানের সুনির্দিষ্ট আর্থিক কোড উল্লেখপূর্বক দুইটি বহুল প্রচারিত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।

৫৩। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার পর, এই বিধিমালায় যে সকল বিষয়ে বিধান করা হইয়াছে সেই একই বিষয় সম্পর্কিত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (লাইসেন্স ও পারমিট ফিস) বিধিমালা, ২০১৪ এর বিধানসমূহ বিলুপ্ত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন বিলুপ্ত হওয়া সত্ত্বেও উক্ত বিলুপ্তকৃত বিধানের অধীন গৃহীত বা কৃত কার্যক্রম, প্রদত্ত বা ধার্যকৃত লাইসেন্স বা পারমিট ফিস এই বিধিমালার অধীন গৃহীত, কৃত, প্রদত্ত বা ধার্যকৃত বলিয়া গণ্য হইবে।

**তফসিল-১**

[বিধি ৪(৬), ১০(৪) ও ৫২ দ্রষ্টব্য]

**লাইসেন্স ও পারমিট ফিস এবং উহাদের নবায়ন ফিস**

**টেবিল**

| ক্রমিক নং | বিবরণ | লাইসেন্স/পারমিট ফিস এবং উহাদের নবায়ন ফিসের হার (টাকায়) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ডিস্টিলারি লাইসেন্স | লাইসেন্সের ক্ষেত্রে ১০,০০,০০০/-<br>নবায়নের ক্ষেত্রে ৫,০০,০০০/- |
| ২। | দেশিমদ উৎপাদন লাইসেন্স | ৫,০০,০০০/ - |
| ৩। | রেক্টিফাইড স্পিরিট/অ্যালকোহল উৎপাদন লাইসেন্স | ৫,০০,০০০/ - |
| ৪। | ব্রিউয়ারি লাইসেন্স | ৫,০০,০০০/ - |
| ৫। | (ক) দেশিমদের বন্ডেড পণ্যাগার লাইসেন্স (প্রতিটির জন্য) | ৭০,০০০/ - |
| | (খ) দেশিমদের পাইকারি বিক্রয় লাইসেন্স (প্রতিটির জন্য) | ৭০,০০০/ - |
| ৬। | রেক্টিফাইড স্পিরিটের পণ্যাগার ও পাইকারি বিক্রয়ের লাইসেন্স | ১,০০,০০০/ - |
| ৭। | (ক) বিলাতিমদের বন্ডেড পণ্যাগার ও পাইকারি বিক্রয়ের লাইসেন্স<br>(খ) বিলাতিমদের পণ্যাগার, বিক্রয় কেন্দ্র ও পাইকারি বিক্রয়ের লাইসেন্স<br>(গ) ডিপ্লোমেটিক বন্ডে আমদানী পণ্যাগার ও খুচরা বিক্রয়ের লাইসেন্স | ৫,০০,০০০/- |
| ৮। | মদের আমদানি-রপ্তানি লাইসেন্স<br>(ক) বিদেশিমদের আমদানি লাইসেন্স<br>(খ) বিলাতিমদের রপ্তানি লাইসেন্স | ক) ১,০০,০০০/-<br>খ) ১০,০০০/- |
| ৯। | বিলাতিমদের উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ লাইসেন্স | ৫,০০,০০০/- |
| ১০। | বিলাতি/বিদেশিমদের ব্রান্ড রেজিস্ট্রেশন (পাঁচ অর্থ-বৎসরের জন্য) | প্রতি ব্রান্ড বিলাতি মদ: ২০,০০০/-<br>বিদেশি মদ: ২৫,০০০/- |
| ১১। | বিলাতি/বিদেশিমদ মজুদ ও পাইকারি বিক্রয়ের লাইসেন্স | ১,০০,০০০/- |
| ১২। | বিদেশিমদ ও বিলাতিমদ মজুদ, খুচরা বিক্রয়ের লাইসেন্স | |
| | (ক) মহানগর, উন্নয়ন কর্তৃপক্ষ ঘোষিত এলাকা, রিসোর্ট ও ব্যয়বহুল এলাকায় (অফ শপ) | ১,০০,০০০/- |
| | (খ) পৌর এলাকায় (অফ শপ) | ৫০,০০০/- |
| | (গ) অন্যান্য এলাকায় (অফ শপ) | ৪০,০০০/- |
| | (ঘ) বিদেশিমদ ডিউটি ফ্রি শপ (আগমন/বহিঃগমন/ট্রানজিট) (প্রতিটি শপের জন্য আলাদা লাইসেন্স লইতে হইবে) | ২,০০,০০০/- |
| | (ঙ) বিদেশিমদ ডিউটি পেইড শপ | ১,০০,০০০/- |
| ১৩। | হোটেল, রেস্তোরা, হোটেল কাম রেস্তোরা, বিনোদন কেন্দ্র, বিমান বন্দর, রিসোর্ট , থিমপার্ক ইত্যাদি স্থানে বার এ বিলাতী মদ খুচরা বিক্রয়/পরিবেশন লাইসেন্স | |
| | (ক) মহানগর, উন্নয়ন কর্তৃপক্ষ ঘোষিত এলাকা, রিসোর্ট ও ব্যয়বহুল এলাকায় বিদ্যমান | ১,০০,০০০/- |
| | (খ) পৌর এলাকায় বিদ্যমান | ১,০০,০০০/- |
| | (গ) অন্যান্য এলাকায় বিদ্যমান | ৫০,০০০/- |

| ক্রমিক নং | বিবরণ | লাইসেন্স/পারমিট ফিস এবং উহাদের নবায়ন ফিসের হার (টাকায়) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১৪। | বিলাতিমদ /বিদেশিমদের ক্লাব লাইসেন্স | ২,০০,০০০/- |
| ১৫। | বিলাতিমদের লেট ক্লেজিং লাইসেন্স (রাত ১০.৩০ এর পর সর্বোচ্চ ৩ ঘন্টা) | ১,০০,০০০/- |
| ১৬। | দেশিমদ খুচরা বিক্রয়ের লাইসেন্স | |
| | (ক) মহানগর/সিটি কর্পোরেশন এলাকায় | ৫০,০০০/- |
| | (খ) পৌর এলাকায় | ৩০,০০০/- |
| | (গ) অন্যান্য এলাকায় | ১০,০০০/- |
| ১৭। | তাড়ি উৎপাদন লাইসেন্স | নিলাম ডাকের মাধ্যমে আদায়যোগ্য। |
| ১৮। | বিলাতিমদ পানের পারমিট | ৩,০০০/- |
| ১৯। | দেশিমদ পানের পারমিট | ১৫০/- |
| ২০। | জ্বালানী/শিল্প প্রতিষ্ঠানসমূহে ব্যবহারের জন্য রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল উৎপাদন/আমদানি, রপ্তানি ও মজুদ রাখিবার লাইসেন্স | |
| | (ক) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ৫০০০ লিটার পর্যন্ত | ১০,০০০/- |
| | (খ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ৫০০০ লিটার হইতে উর্ধ্বে হতে ১০০০০ লিটার পর্যন্ত | ১৫,০০০/- |
| | (গ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ১০০০০ লিটার এর উর্ধ্বে | ২০,০০০/- |
| ২১। | রেক্টিফাইড স্পিরিট , অ্যাবসলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল মজুদ ও পাইকারি বিক্রয়ের লাইসেন্স | ৩০,০০০/- |
| ২২। | রেক্টিফাইড স্পিরিট , অ্যাবসলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল মজুদ ও ব্যবহারের পারমিট | |
| | (ক) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ৫০০ লিটার পর্যন্ত | ৫,০০০/- |
| | (খ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ৫০০ লিটার এর উর্ধ্বে হইতে ১০০০ লিটার পর্যন্ত | ১০,০০০/- |
| | (গ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ১০০০ লিটার এর উর্ধ্বে | ২০,০০০/- |
| ২৩। | অ্যালপ্যাথিক ঔষধ শিল্পে রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল আমদানি মজুদ ও ব্যবহারের পারমিট | |
| | (ক) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ৫০০ লিটার পর্যন্ত | ৫,০০০/- |
| | (খ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ৫০০ লিটার এর উর্ধ্ব হইতে ১০০০ লিটার পর্যন্ত | ৮,০০০/- |
| | (গ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ১০০০ লিটার এর উর্ধ্ব হইতে ৫০০০ লিটার পর্যন্ত | ২০,০০০/- |
| | (ঘ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ৫০০০ লিটার এর উর্ধ্বে | ২৫,০০০/- |

| ক্রমিক নং | বিবরণ | লাইসেন্স/পারমিট ফিস এবং উহাদের নবায়ন ফিসের হার (টাকায়) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৪। | আয়ুর্বেদিক/ইউনানী ঔষধ শিল্পে রেক্টিফাইড স্পিরিট/ইথাইল অ্যালকোহল মজুদ ও ব্যবহারের পারমিট | |
| | (ক) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ১০০ লিটার পর্যন্ত | ৩,০০০/- |
| | (খ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ১০০ লিটার এর উর্ধ্ব হইতে ৫০০ লিটার পর্যন্ত | ৫,০০০/- |
| | (গ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ৫,০০০ লিটার পর্যন্ত | ২০,০০০/- |
| | (ঘ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ৫,০০০ লিটার এর উর্ধ্বে | ২৫,০০০/- |
| ২৫। | বৈজ্ঞানিক গবেষণা, শিক্ষা চিকিৎসা ও অন্যান্য ক্ষেত্রে ব্যবহারের জন্য রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল মজুদ ও ব্যবহারের পারমিট ফিস | |
| | (ক) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ২০ লিটার পর্যন্ত | ১,০০০/- |
| | (খ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ২০ লিটার এর উর্ধ্ব হইতে ৫০০ লিটার পর্যন্ত | ৩,০০০/- |
| | (গ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ৫০০ লিটার এর উর্ধ্বে | ৫,০০০/- |
| ২৬। | হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতের জন্য রেকটিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল /ইথাইল অ্যালকোহল আমদানি ও মজুদ লাইসেন্স ফিস | |
| | (ক) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ১,০০০ লিটার পর্যন্ত | ৫,০০০/- |
| | (খ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ১,০০০ লিটার এর উর্ধ্ব হইতে ৫০০০ লিটার পর্যন্ত | ১০,০০০/- |
| | (গ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ৫,০০০ লিটার এর উর্ধ্ব হইতে ১০০০০ লিটার পর্যন্ত | ২০,০০০/- |
| | (ঘ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ১০,০০০ লিটার এর উর্ধ্বে | ২৫,০০০/- |
| ২৭। | হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতের জন্য রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল (ইথাইল) সংগ্রহ, সংরক্ষণ, পরিবহণ এবং ঔষধ (মাদার টিংচার) তৈরির উপাদান হিসাবে ব্যবহারের পারমিট ফিস | |
| | (ক) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ১,০০০ লিটার পর্যন্ত | ১০,০০০/- |
| | (খ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ১,০০০ লিটার এর উর্ধ্ব হইতে ৫,০০০ লিটার পর্যন্ত | ১২,০০০/- |
| | (গ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ৫,০০০ লিটার এর উর্ধ্ব হইতে ১০,০০০ লিটার পর্যন্ত | ১৫,০০০/- |
| | (ঘ) বাৎসরিক বরাদ্দের পরিমাণ ১০,০০০ লিটার এর উর্ধ্বে | ২০,০০০/- |

| ক্রমিক নং | বিবরণ | লাইসেন্স/পারমিট ফিস এবং উহাদের নবায়ন ফিসের হার (টাকায়) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৮। | হোমিওপ্যাথিক চিকিৎসক কর্তৃক ঔষধ শক্তিকরণ (ডাইলুশন) এর রেক্টিফাইড স্পিরিট মজুদ ও ব্যবহারের পারমিট বাৎসরিক বরাদ্দের পরিমাণ সর্বোচ্চ ৪০ প্রুফ লিটার | ২,০০০/- |
| ২৯। | অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/রেক্টিফাইড স্পিরিট সংবলিত হোমিওপ্যাথিক ঔষধ পাইকারি বিক্রয়ের লাইসেন্স | ৭,০০০/- |
| ৩০। | ডিনেচার্ড স্পিরিট লাইসেন্স | |
| | (ক) ডিনেচার্ড স্পিরিট উৎপাদন, মজুদ ও পাইকারি বিক্রয় লাইসেন্স | ১,০০,০০০/- |
| | (খ) ডিনেচার্ড স্পিরিটের পণ্যাগার ও পাইকারি বিক্রয় লাইসেন্স | ৫০,০০০/- |
| | (গ) মজুদ ও পাইকারি বিক্রয়ের লাইসেন্স | ১২,০০০/- |
| | (ঘ) (১) মজুদ ও খুচরা বিক্রয়ের লাইসেন্স (মহানগর এলাকায়) | ৩,০০০/- |
| | (২) মজুদ ও খুচরা বিক্রয়ের লাইসেন্স (অন্যান্য এলাকায়) | ২,০০০/- |
| | (৩) ব্যবহারের পারমিট | ১,০০০/- |
| | (ঙ) শিল্পক্ষেত্রে ব্যবহারের জন্য মজুদের লাইসেন্স | ২,০০০/- |
| ৩১। | বিলাতিমদের বোটলিং লাইসেন্স | ১,০০,০০০/- |
| ৩২। | দেশিমদের বোটলিং লাইসেন্স | ৫০,০০০/- |
| ৩৩। | মিথাইল অ্যালকোহল (মিথানল) লাইসেন্স/পারমিট | |
| | (ক) মিথাইল অ্যালকোহল (মিথানল) উৎপাদন/আমদানি, মজুদ ও পাইকারি বিক্রয় লাইসেন্স | ২০,০০০/- |
| | (খ) মিথাইল অ্যালকোহল (মিথানল) মজুদ ও খুচরা বিক্রয় লাইসেন্স | ১৫,০০০/- |
| | (গ) মিথাইল অ্যালকোহল (মিথানল) ব্যবহার পারমিট | ২,০০০/- |
| ৩৪। | অ্যাবসলিউট অ্যালকোহল উৎপাদন লাইসেন্স | ১,০০,০০০/- |
| ৩৫। | এক্সটা নিউট্রাল অ্যালকোহল উৎপাদন লাইসেন্স | ১,৫০,০০০/- |
| ৩৬। | সুগন্ধি ও টয়লেট্রিজ প্রস্তুতির জন্য অ্যালকোহলযুক্ত লাইসেন্স | ২৫,০০০/- |
| ৩৭। | যে কোনো ধরনের লাইসেন্স/পারমিট বিলম্বে নবায়ন | |
| | (ক) ৩ (তিন) মাস পর্যন্ত বিলম্বের জন্য | মূল লাইসেন্স/পারমিট ফিস এর অতিরিক্ত ২৫% |
| | (খ) ৬ (ছয়) মাস পর্যন্ত বিলম্বের জন্য | মূল লাইসেন্স/পারমিট ফিস এর অতিরিক্ত ৫০% |
| | (গ) ৬ (ছয়) মাসের উর্ধ্বে, তবে ৩ বৎসরের মধ্যে বিলম্বের জন্য | মূল লাইসেন্স/পারমিট ফিস এর অতিরিক্ত ৬০% |
| ৩৮। | ডুপ্লিকেট লাইসেন্স/পারমিট | |
| | (ক) যে কোনো ধরনের ডুপ্লিকেট লাইসেন্স | মূল লাইসেন্স ফি এর ২০% |
| | (খ) যে কোনো ধরনের ডুপ্লিকেট পারমিট | মূল পারমিট ফি এর ২০% |

**তফসিল-২**

**ফরম-২/১**

[বিধি ৪(১) দ্রষ্টব্য]

**হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত এর জন্য রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল আমদানির লাইসেন্সের জন্য আবেদনপত্র**

বরাবর

উপপরিচালক

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

..................................

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নামঃ

২। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নামঃ

৩। পিতার নাম(প্রযোজ্য ক্ষেত্রে):

৪। মাতার নাম(প্রযোজ্য ক্ষেত্রে):

৫। ঠিকানাঃ (ক) স্থায়ীঃ (খ) বর্তমানঃ

৬। হোমিওপ্যাথিক ল্যাবরেটরি/ঔষধ কারখানার স্থানঃ

৭। প্রতিষ্ঠানের মেমোরেন্ডাম অব আর্টিকেল এবং আর্টিকেল অব অ্যাসোসিয়েশন (প্রযোজ্য ক্ষেত্রে):

৮। প্রতিষ্ঠানের বোর্ড অব ডাইরেক্টরদের বিস্তারিত ঠিকানা ও পরিচিতি (প্রযোজ্য ক্ষেত্রে):

৯। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের জাতীয়তা ও জাতীয় পরিচয়পত্র নম্বর :

১০। কি কারণে/উদ্দেশ্যে রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল আমদানি লাইসেন্সের আবেদন করা হইয়াছেঃ

১১। রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল আমদানির ক্ষেত্রে সুগার এন্ড ফুড ইন্ডাস্ট্রিজ করপোরেশনের অনাপত্তিপত্র :

১২। প্রতিষ্ঠানের অফিসার/কর্মচারীদের বিবরণ(প্রযোজ্য ক্ষেত্রে):

১৩। প্রতিষ্ঠানের স্থাপনা যন্ত্রপাতির বিবরণ( প্রযোজ্য ক্ষেত্রে):

১৪। ট্রেড লাইসেন্সঃ প্রদানকারী কর্তৃপক্ষঃ মেয়াদকালঃ

১৫। টিআইএন নং :

১৬। ব্যাংক স্বচ্ছলতা সনদপত্রঃ

৬. মোবাইল নংঃ ..............................................

৭. জাতীয়তা ও জাতীয় পরিচয়পত্র নং :...............................................

৮. অফিস ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে) : ....................................................

৯. আবেদনকৃত ব্রিউয়ারীর স্থান (Site) : .............................................

১০. জমির মালিকানা সংক্রান্ত কাগজপত্রাদি/দখলীসত্ত্ব সংক্রান্ত কাগজপত্র : ............

১১. ব্রিউয়ারীর নীল নকশা : ..............................................

১২. চৌহদ্দীসহ প্রতিষ্ঠানের নীল নকশা :

১৩. আবেদনকৃত ব্রিউয়ারীতে কি ধরণের বিয়ার উৎপাদন/প্রক্রিয়াজাতকরণ করা হইবে তার বিবরণ (রেসিপিসহ):...........

১৪. উৎপাদিত বিয়ার বাজারজাতকরণের পরিকল্পনাঃ ..................................................

১৫. উৎপাদন ক্ষমতা (সর্বোচ্চ):..............................................................................................

১৬. বিডা/বিসিকের রেজিঃ নং : ..........................................................

১৭. উৎপাদিত বিয়ার বিদেশে রপ্তানি করা হইবে কি না ? :.................................

১৮. ট্রেড লাইসেন্স নং ও প্রকার : --------প্রদানকারী কর্তৃপক্ষ : --------- মেয়াদকাল :----

১৯. টিআইএন : -----------------------------------------------------------------

২০. হালনাগাদ আয়কর সনদের রসিদঃ

২১. উৎপাদনের জন্য ব্যবহার্য কাঁচামালের বিবরণ : --------------------------------------

২২. কাঁচামালসমূহের সরবরাহের উৎস :-------------------------------------------------

২৩. ব্রিউয়ারীর যন্ত্রপাতি ও সাজ-সরঞ্জামের বিবরণ : --------------------------------------

২৪. পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নং : -----------------------------------------

২৫. প্রস্তাবিত ব্রিউয়ারীর জনবল ও অফিসার-কর্মচারীর তালিকা-----------------------------

২৬. ব্রিউয়ারীতে নিযুক্ত ও কর্মরত কেমিস্ট এর জীবন বৃত্তান্ত, যোগ্যতার সনদপত্র, নিয়োগপত্র, ইত্যাদির তালিকা--

২৭. ব্যাংক স্বচ্ছলতার প্রত্যয়নপত্র--------------------------------------------

২৮. স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/কাউন্সেলর এর অনাপত্তি পত্র (সংযুক্ত করিতে হইবে):-------

২৯. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের লাইসেন্স:------------------------------

৩০. বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স:-----------------------------------------------

৩১. বিনিয়োগকৃত অর্থের উৎস ও পরিমাণ:---------------------------------------

৩২. বর্জ্য ব্যবস্থাপনা:-----------------------------------------------------------------

৩৩. প্রস্তাবিত ব্রিউয়ারীতে অধিদপ্তর ও প্রতিষ্ঠানের জনবলের আবাসন ব্যবস্থা :-----------------

৩৪. জয়েন্ট স্টক কোম্পানীর নিবন্ধন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) :----------------------------

৩৫. মেমোরেন্ডাম অব আর্টিকেল এবং আর্টিকেল অব এসোসিয়েশন (প্রযোজ্য ক্ষেত্রে) :--------

৩৬. আবেদনকারী ঋণখেলাপী নয় এই মর্মে বাংলাদেশ ব্যাংকের প্রত্যয়ন পত্র :------------

৩৭. অন্যান্য তথ্য, যাহা আবেদনকারী তার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন।

এই আবেদনে প্রদত্ত সকল তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার জানামতে সত্য। কোনো তথ্য বা কাগজপত্র মিথ্যা বা জাল বা ভুয়া প্রমাণিত হইলে আমার আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি
ও সিলমোহর

(এই আবেদনপত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে। আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় সকল তথ্যাবলি এবং প্রামাণিক কাগজপত্র না থাকিলে আবেদনপত্র অসম্পূর্ণ বিবেচনায় বাতিলযোগ্য হইবে।)

**ফরম-২/২২**

[বিধি ১৮(১) দ্রষ্টব্য]

**দেশি মদের বন্ডেড পণ্যাগার/পাইকারি বিক্রয় লাইসেন্সের জন্য আবেদন পত্র**

বরাবর
মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
.....................................

১। প্রতিষ্ঠানের নাম:
২। প্রতিষ্ঠানের ঠিকানা:
৩। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম:
৪। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর ঠিকানা:
(ক) বর্তমান ঠিকানা:
(খ) স্থায়ী ঠিকানা:
৫। জাতীয় পরিচয়পত্র নং : মোবাইল নং :
৬। পণ্যাগারের অবস্থান:
৭। কি কারণে/উদ্দেশ্যে সংশ্লিষ্ট মাদক সংক্রান্ত লাইসেন্সের আবেদন করা হইয়াছে :
৮। প্রতিষ্ঠানের অফিসার/কর্মচারীদের বিবরণ(প্রযোজ্য ক্ষেত্রে) :
৯। প্রতিষ্ঠানের স্থাপনা যন্ত্রপাতির বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)
১০। ট্রেড লাইসেন্স: প্রদানকারী কর্তৃপক্ষ: মেয়াদকাল:
১১। টি আইএন:
১২। হালনাগাদ আয়কর সনদের রসিদ :
১৩। আবেদনকারী ঋণ খেলাপি কিনা মর্মে বাংলাদেশ ব্যাংকের প্রত্যায়ণ পত্র :
১৪। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের হালনাগাদ লাইসেন্স :
১৫। বিস্ফোরক অধিদপ্তরের হালনাগাদ লাইসেন্স :
১৬। জমির দলিল/ভবন, ইত্যাদির ভাড়ার চুক্তিপত্র:
১৭। জমির শ্রেণি পরিবর্তন সংক্রান্ত অনুমতি/অনাপত্তিপত্র (শিল্প কারখানার ক্ষেত্রে):
১৮। প্রশাসনিক কর্তৃপক্ষের অনাপত্তিপত্র:
১৯। কেমিস্ট প্রতিনিধির নাম ও জীবনবৃত্তান্ত :
২০। অন্যান্য তথ্য : যাহা আবেদনকারী তাহার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারিবেন।

এই আবেদনে প্রদত্ত সকল তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার জানামতে সত্য। কোনো তথ্য বা কাগজপত্র মিথ্যা বা জাল বা ভুয়া প্রমাণিত হইলে আমার আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি
ও সিলমোহর

(এই আবেদনপত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে। আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় সকল তথ্যাবলি এবং প্রামাণিক কাগজপত্র না থাকিলে আবেদনপত্র অসম্পূর্ণ বিবেচনায় বাতিলযোগ্য হইবে।)

**ফরম-২/২৩**

[বিধি ১৮(১) দ্রষ্টব্য]

**বিলাতিমদের পাইকারী বিক্রয় কেন্দ্র/বন্ডেড পন্যাগারের লাইসেন্সের জন্য আবেদনপত্র :**

বরাবর
মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
.................................

১। ব্যক্তি/প্রতিষ্ঠানের নামঃ
২। পিতার নাম(প্রযোজ্য ক্ষেত্রে):
৩। ঠিকানাঃ (ক) স্থায়ীঃ (খ) বর্তমানঃ (গ) অফিসঃ
৪। বন্ডেড পণ্যাগার লাইসেন্সের অবস্থানঃ
৫। প্রতিষ্ঠানের মেমোরেন্ডাম অব আর্টিকেল এবং আর্টিকেল অব অ্যাসোসিয়েশন (প্রযোজ্য ক্ষেত্রে):
৬। প্রতিষ্ঠানের বোর্ড অব ডাইরেক্টরদের নাম, ঠিকানা ও পরিচিতি (প্রযোজ্য ক্ষেত্রে):
৭। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর জাতীয়তা ও জাতীয় পরিচয়পত্র নম্বরঃ
৮। কি কারণে/উদ্দেশ্যে সংশ্লিষ্ট মাদক সংক্রান্ত লাইসেন্সের আবেদন করা হইয়াছেঃ
৯। প্রতিষ্ঠানের অফিসার/কর্মচারীদের বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):
১০। প্রতিষ্ঠানের স্থাপনা যন্ত্রপাতির বিবরণ ও নীল নকসা ( প্রযোজ্য ক্ষেত্রে) :
১১। কি কি ব্রান্ডের মদ বিলাতিমদ মজুদ করিতে চান উহার বিবরণ :
১২। ট্রেড লাইসেন্সঃ প্রদানকারী কর্তৃপক্ষঃ মেয়াদকালঃ
১৩। টি আইএনঃ
১৪। ব্যাংক স্বচ্ছলতা সনদপত্রঃ
১৫। ব্যাংক ঋণ আছে কি না, থাকিলে এতদ্সংক্রান্ত দলিলাদি :
১৬। আবেদনকারী ঋণ খেলাপি কিনা এ মর্মে বাংলাদেশ ব্যাংকের প্রত্যায়ন পত্র :
১৭। অগ্নি নির্বাপণ ব্যবস্থার বিস্তারিত বর্ণনা :
১৮। আমদানি /রপ্তানির নিবন্ধন নং/লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)
১৯। শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত লাইসেন্স সংযোজন করিতে হইবে।
২০। প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র :
২১। জমির দলিল/ভবন ইত্যাদির ভাড়ার চুক্তিপত্রঃ
২২। জমির শ্রেণি পরিবর্তন সংক্রান্ত অনুমতি/অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে):
২৩। অন্যান্য তথ্য : যাহা আবেদনকারী তাহার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন।

এই আবেদনে প্রদত্ত সকল তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার জানামতে সত্য। কোনো তথ্য বা কাগজপত্র মিথ্যা বা জাল বা ভুয়া প্রমাণিত হইলে আমার আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি
ও সিলমোহর

(এই আবেদনপত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে। আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় সকল তথ্যাবলি এবং প্রামাণিক কাগজপত্র না থাকিলে আবেদনপত্র অসম্পূর্ণ বিবেচনায় বাতিলযোগ্য হইবে।)

**ফরম-২/২৪**

[বিধি ১৮(১) দ্রষ্টব্য]

**রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল এর বন্ডেড পণ্যাগার লাইসেন্স এর জন্য আবেদনপত্র**

বরাবর
মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
................................

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম : ............................................................

২। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম : ............................................................

৩। পিতার নাম(প্রযোজ্য ক্ষেত্রে):

৪। ঠিকানা: (ক) স্থায়ী: (খ) বর্তমান: (গ) অফিস:
(ঘ) পণ্যাগারের অবস্থান :

৫। প্রতিষ্ঠানের মেমোরেন্ডাম অব আর্টিকেল এবং আর্টিকেল অব এ্যাসোসিয়েশন (প্রযোজ্য ক্ষেত্রে):

৬। প্রতিষ্ঠানের বোর্ড অব ডাইরেক্টরদের নাম, ঠিকানা ও পরিচিতি (প্রযোজ্য ক্ষেত্রে) :

৭। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর জাতীয়তা ও জাতীয় পরিচয়পত্র নম্বর:

৮। প্রতিষ্ঠানের অফিসার/কর্মচারীদের বিবরণ(প্রযোজ্য ক্ষেত্রে):

৯। প্রতিষ্ঠানের স্থাপনা যন্ত্রপাতির বিবরণ( প্রযোজ্য ক্ষেত্রে)

১০। ট্রেড লাইসেন্স: প্রদানকারী কর্তৃপক্ষ: মেয়াদকাল:

১১। টি আইএন:

১২। ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র:

১৩। ব্যাংক ঋণ আছে কি না , থাকিলে এতদ্‌সংক্রান্ত দলিলাদি :

১৪। আবেদনকারী ঋণ খেলাপি কিনা মর্মে বাংলাদেশ ব্যাংকের প্রত্যায়ন পত্র :

১৫। বিনিয়োগ বোর্ডের রেজিষ্ট্রেশন নং ( প্রযোজ্য ক্ষেত্রে)

১৬। দেশীয় ও বৈদেশিক মুদ্রায় বিনিয়োগের পরিমাণ ও অর্থের উৎস :

১৭। ফায়ার সার্ভিস/বিস্ফোরক অধিদপ্তরের অনাপত্তিপত্র :

১৮। অগ্নি নির্বাপণ ব্যবস্থার বিস্তারিত বর্ণনা :

১৯। পুলিশ প্রত্যয়নপত্র:

২০। জমির দলিল/ভবন, ইত্যাদির ভাড়ার চুক্তিপত্র:

২১। জমির শ্রেণি পরিবর্তন সংক্রান্ত অনুমতি/অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) :

২২। প্রশাসনিক কর্তৃপক্ষের অনাপত্তিপত্র:

২৩। অন্যান্য তথ্য, যাহা আবেদনকারী তাহার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন।

এই আবেদনে প্রদত্ত সকল তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার জানামতে সত্য। কোনো তথ্য বা কাগজপত্র মিথ্যা বা জাল বা ভুয়া প্রমাণিত হইলে আমার আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি
ও সিলমোহর

(এই আবেদনপত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে। আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় সকল তথ্যাবলি এবং প্রামাণিক কাগজপত্র না থাকিলে আবেদনপত্র অসম্পূর্ণ বিবেচনায় বাতিলযোগ্য হইবে।)

**ফরম-২/২৫**
[বিধি ৪২(৩) দ্রষ্টব্য]
**বিদেশিমদ আমদানি/রপ্তানির লাইসেন্স এর আবেদনপত্র**

বরাবর
উপপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
..................................

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম : .............................................................
২। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম : ...............................................................
৩। মাতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) : .............................................................
৪। পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) : ............................................................
৫। ঠিকানা : ..................................................
স্থায়ী :......................................................
বর্তমান :....................................................
৬। জাতীয় পরিচয় পত্র নম্বর/পাসপোর্ট নং (যদি থাকে) : ...................................
৭। অফিস ও ব্যবসা স্থানের ঠিকানা : ............................................................
৮। আমদানি নিবন্ধন সনদপত্র নং ......................প্রদানকারী কর্তৃপক্ষ....................
প্রদানের স্থান............................ তারিখ..............................................
৯। ট্রেড লাইসেন্স নং ও প্রকার : ..........................................................
প্রদানকারী কর্তৃপক্ষ : ..........................................................
মেয়াদকাল :.........................................................
১০। টিআইএন : .....................................................
সার্কেল................................ অঞ্চল :...........................................
১১। কি কি ব্রান্ডের বিদেশিমদ আমদানি /বিলাতিমদ রপ্তানি করিতে ইচ্ছুকঃ ..............
১২। আমদানি/রপ্তানির উদ্দেশ্য ......................................................................
১৩। কি কি বিদেশিমদ আমদানি/বিলাতিমদ রপ্তানি করিতে চান, তাহার পরিমাণসহ বিস্তারিত বিবরণ (প্রয়োজনে পৃথক পৃথক সীট সংযোজন করা যাইবে) : .................................
১৪। উল্লিখিত বিদেশিমদ ইতোপূর্বে আমদানি/বিলাতিমদ রপ্তানি করিয়াছেন কিনা? করিলে তালিকা সংযোজন করিতে হইবে।
১৫। ইতিপূর্বে কোনো ছাড়পত্র পাইয়াছেন কিনা, পাইলে তাহার নম্বর ও তারিখ ..............
১৬। আমদানি /রপ্তানির রুট : ............................................
১৭। প্রবেশ/নির্গমন বন্দর : ......................................................................
১৮। আমদানি/রপ্তানি কাজে সহায়তাকারী ইনডেন্টর/এজেন্টের নাম, ঠিকানা, জাতীয়তা .........
১৯। আমদানি/রপ্তানির সম্ভাব্য সময়কাল ........................................................
২০। অন্যান্য তথ্য যাহা আবেদনকারী তাহার আবেদনে যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন .....

এই আবেদনে প্রদত্ত সকল তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার জানামতে সত্য। কোনো তথ্য বা কাগজপত্র মিথ্যা বা জাল বা ভুয়া প্রমাণিত হইলে আমার আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি
ও সিলমোহর

(এই আবেদনপত্র সংশ্লিষ্ট জেলা/মেট্রো/বিশেষ জোন কার্যালয়ে জমা প্রদান হইবে। আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় সকল তথ্যাবলি এবং প্রামাণিক কাগজপত্র না থাকিলে আবেদনপত্র অসম্পূর্ণ বিবেচনায় বাতিলযোগ্য হইবে।)

**ফরম-২/২৬**

[বিধি ৩৫(১) দ্রষ্টব্য]

**বিলাতিমদের উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ/বোতলজাতকরণের লাইসেন্সের আবেদনপত্র**

বরাবর
মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
...............................

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম : ..........................................................
২। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম : .......................................................
৩। মাতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :------------------------------------
৪। পিতার নাম(প্রযোজ্য ক্ষেত্রে) :-------------------------------------------------
৫। ঠিকানা : ------------------------------------------------------------
(ক) স্থায়ী : ---------------------------------------------------
(খ) বর্তমান : -----------------------------------------------------
৬। জাতীয় পরিচয়পত্র নং/পাসপোর্ট নং (যদি থাকে) :------------- মোবাইল নং :--------
৭। ব্যবসা স্থানের ঠিকানা : ------------------------------------------
৮। কারখানার ঠিকানা (নীলনকশাসহ) : ------------------------------------------
৯। বিনিয়োগ বোর্ড/বিসিকের রেজিঃ নং : -------------------------------------------
১০। হালনাগাদ ট্রেড লাইসেন্স নং : ----------------মেয়াদকাল :---------------------
১১। হালনাগাদ টিআইএন : ----------------------------------------------------
১২। পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ও বর্জ ব্যবস্থাপনার বিবরণ :-----------------------------
১৩। ব্যাংক স্বচ্ছলতার সার্টিফিকেট (প্রদান করিতে হইবে) :------------------------------
১৪। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স লাইসেন্স নং:--------------------------------------
১৫। বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স নং :-----------------------------------------------
১৬। ভ্যাট নিবন্ধন সনদপত্র :-----------------------------------------------
১৭। উৎপাদনের সম্ভাব্য টার্গেট ও বিনিয়োগের পরিমাণ :---------------------------
১৮। অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অফিস ও বাসস্থানের ঠিকানা: ----------------------
১৯। বিলাতিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের উপকরণ/কাঁচামাল কোথা হইতে সংগ্রহ করিতে হইবে তাহার বিশদ বিবরণ।
২০। বিলাতিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ/বোতলজাতকরণ কারখানা/ডিস্টিলারীর নীলনকশা, স্থাপনা ও যন্ত্রপাতির বিবরণ :-
২১। আবেদনকৃত বিলাতি মদ উৎপাদন/প্রক্রিয়াজাতকরণের জন্য ব্যবহার্য বোতলের নমুনা (আকার, আকৃতি ও ধারণ ক্ষমতাসহ), লেবেল, প্রস্তাবিত সুরাশক্তি, কর্ক, ট্রেড মার্ক, ইত্যাদির নমুনা/বিবরণ :----------
২২। উৎপাদনকারী কারখানার জনবল ও অফিসার-কর্মচারীর তালিকা :---------------------
২৩। উৎপাদনকারী কারখানায় নিযুক্ত ও কর্মরত কেমিস্ট এর জীবনবৃত্তান্ত, যোগ্যতার সনদপত্র, নিয়োগপত্র, ইত্যাদি বিবরণ :
২৪। উৎপাদিত বিলাতিমদের মান নিয়ন্ত্রণের কি কি ব্যবস্থা আছে তাহার বর্ণনা :--------------
২৫। অন্যান্য তথ্য, যাহা আবেদনকারী তার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন।

এই আবেদনে প্রদত্ত সকল তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার জানামতে সত্য। কোনো তথ্য বা কাগজপত্র মিথ্যা বা জাল বা ভুয়া প্রমাণিত হইলে আমার আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি
ও সিলমোহর

(এই আবেদনপত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে। আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় সকল তথ্যাবলি এবং প্রামাণিক কাগজপত্র না থাকিলে আবেদনপত্র অসম্পূর্ণ বিবেচনায় বাতিলযোগ্য হইবে।)

**ফরম-২/২৭**

[বিধি ৩৫(১০) দ্রষ্টব্য]

**বিলাতিমদ পাইকারি বিক্রয়ের লাইসেন্সের আবেদনপত্র**

বরাবর
মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
..................................

১। আবেদনকারী ব্যক্তির নাম : ...............................................................

২। প্রতিষ্ঠানের নাম : ............................................................................

৩। মাতার নাম(প্রযোজ্য ক্ষেত্রে) :-------------------------------------------

৪। পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) : .............................................................

৫। ঠিকানা : ................................................

স্থায়ী :.......................................................

বর্তমান :................................................

শিক্ষাগত যোগ্যতা :---------------------

ভোগ্যপণ্য ব্যবসায় অভিজ্ঞতার বিবরণ:

জাতীয় পরিচয়পত্র নং/পাসপোর্ট নং (যদি থাকে): ......................................

৬। অফিস ও ব্যবসা স্থানের ঠিকানা : ................................................

৭। ট্রেড লাইসেন্স নং : .........................................................................

৮। মোবাইল নং :

৯। ই-টিআইএন : ..............................................

১০। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর লাইসেন্স নং :

১১। প্রতিষ্ঠানে নিযুক্ত ও কর্মরত রেজিষ্টার্ড বিক্রেতার নাম : ...............................

১২। আবেদনপত্রের সঙ্গে প্রতিষ্ঠানের/দোকানের গোডাউন/শো-রুম/বিক্রয় কেন্দ্র এর নীল-নক্‌শা দাখিল করিতে হইবে: ...

১৩। পাইকারি বিক্রয়ের দোকান/প্রতিষ্ঠান/গোডাউন/বিক্রয় কেন্দ্র এর মালিকানা/ভাড়ার রসিদ ও চুক্তিপত্র দাখিল করিতে হইবে :

১৪। আবেদনকারীর আর্থিক স্বচ্ছলতা সম্পর্কে ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট দাখিল করিতে হইবে: .......

১৫। কি কি ব্রান্ডের মদ বিলাতিমদ বিক্রয় করিতে ইচ্ছুক তাহার বর্ণনা : ...................

১৬। অন্যান্য তথ্য যাহা আবেদনকারী তাহার আবেদনে যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন :......

এই আবেদনে প্রদত্ত সকল তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার জানামতে সত্য। কোনো তথ্য বা কাগজপত্র মিথ্যা বা জাল বা ভুয়া প্রমাণিত হইলে আমার আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি
ও সিলমোহর

(এই আবেদনপত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে। আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় সকল তথ্যাবলি এবং প্রামাণিক কাগজপত্র না থাকিলে আবেদনপত্র অসম্পূর্ণ বিবেচনায় বাতিলযোগ্য হইবে।)

**ফরম-২/২৮**

[বিধি ৩৫(১০) দ্রষ্টব্য]

**বিলাতি মদের খুচরা বিক্রয়ের লাইসেন্সের জন্য আবেদনপত্র**

বরাবর
মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
.................................

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ .........................................................

২। আবেদনকারী ব্যক্তির নামঃ ...................................................................

৩। মাতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :--------------------------------------------

৪। পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) : .........................................................

৫। ঠিকানা : ...............................................
স্থায়ী :...............................................
বর্তমান :...............................................

৬। শিক্ষাগত যোগ্যতা :---------------------

৭। ভোগ্যপণ্য ব্যবসায় অভিজ্ঞতার বিবরণঃ

৮। জাতীয় পরিচয়পত্র নং/পাসপোর্ট নং (যদি থাকে)ঃ .......................................

৯। ট্রেড লাইসেন্স নং : .........................................................................

১০। মোবাইল নং :-----------------------------------

১১। ই-টিআইএনঃ ............................................................

১২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর লাইসেন্স নং :---------------------------

১৩। কি কি ব্রান্ডের বিলাতিমদ বিক্রয় করিতে চান তাহাদের বিবরণ : -------------------

১৪। দোকান ও গোডাউনের নীল নকসা ও ভাড়ার রশিদ জমাঃ--------------------------

১৫। দোকানের অফিসার, কর্মচারীদের তালিকাঃ---------------------------------------

১৬। দোকানে নিযুক্ত রেজিষ্টার্ড বিক্রেতার নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, জীবনবৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা, চারিত্রিক সনদপত্র, নিয়োগপত্র, ইত্যাদির কপি সংযুক্ত করিতে হইবে।

১৭। ব্যাংক স্বচ্ছলতার সনদপত্রঃ----------------------------------

১৮। অন্যান্য তথ্য : যাহা আবেদনকারী তাহার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন------------

এই আবেদনে প্রদত্ত সকল তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার জানামতে সত্য। কোনো তথ্য বা কাগজপত্র মিথ্যা বা জাল বা ভুয়া প্রমাণিত হইলে আমার আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি
ও সিলমোহর

(এই আবেদনপত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে। আবেদনপত্রে পরিবেশিত তথ্যবলির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে। আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় সকল তথ্যাবলি এবং প্রামাণিক কাগজপত্র না থাকিলে আবেদনপত্র অসম্পূর্ণ বিবেচনায় বাতিলযোগ্য হইবে।)

**ফরম-২/২৯**

[বিধি ৪(৬) দ্রষ্টব্য]

**হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতের জন্য রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল সংগ্রহ, সংরক্ষণ, পরিবহন এবং ঔষধ তৈরির উপাদান হিসাবে ব্যবহারের লাইসেন্সের জন্য আবেদনপত্র**

বরাবর
মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
..................................

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম:

২। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নাম:

৩। মাতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে):

৪। পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে):

৫। ঠিকানা: (ক) স্থায়ী: (খ) বর্তমান:

৬। হোমিওপ্যাথিক ল্যাবরেটরি/ঔষধ প্রস্তুতের কারখানা/স্থান:

৭। প্রতিষ্ঠানের মেমোরেন্ডাম অব আর্টিকেল এবং আর্টিকেল অব অ্যাসোসিয়েশন (প্রযোজ্য ক্ষেত্রে):

৮। প্রতিষ্ঠানের বোর্ড অব ডাইরেক্টরদের বিস্তারিত ঠিকানা ও পরিচিতি (প্রযোজ্য ক্ষেত্রে):

৯। প্রতিষ্ঠানের স্বত্বাকারীর জাতীয়তা........................জাতীয় পরিচয়পত্র নম্বর :.........................

১০। শিক্ষাগত/পেশাগত যোগ্যতা (প্রযোজ্য ক্ষেত্রে):

১১। কি কারণে/উদ্দেশ্যে হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্সের আবেদন করা হইয়াছে:

১২। প্রতিষ্ঠানের অফিসার/কর্মচারীদের বিবরণ(প্রযোজ্য ক্ষেত্রে):

১৩। প্রতিষ্ঠানের স্থাপনা যন্ত্রপাতির বিবরণ( প্রযোজ্য ক্ষেত্রে)

১৪। ট্রেড লাইসেন্স:................................. মেয়াদকাল:....................................

১৫। টিআইএন:

১৬। ব্যাংক স্বচ্ছলতা সনদপত্র:

১৭। ঔষধ প্রশাসন অধিদপ্তরের লাইসেন্স নং: ( প্রযোজ্য ক্ষেত্রে) প্রদানকারী কর্তৃপক্ষ: মেয়াদকাল:

১৮। বিডা/বিসিক এর রেজিস্ট্রেশন নং ( প্রযোজ্য ক্ষেত্রে):

১৯। দেশিয়/বৈদেশিক মুদ্রায় বিনিয়োগের পরিমাণ ও অর্থের উৎস :

২০। অগ্নি নির্বাপণ ব্যবস্থার বিস্তারিত বর্ণনা :

২১। আমদানি/রপ্তানির নিবন্ধন নং/লাইসেন্স: (প্রযোজ্য ক্ষেত্রে)

২২। যে সমস্ত ঔষধ উৎপাদন করা হইবে তাহাদের তালিকা ও অনুমোদিত ফার্মাকপিয়া/ফর্মূলা:

২৩। উৎপাদনের লক্ষ্যমাত্রা উৎপাদিত পণ্য রপ্তানি করা হইবে কি না, কতটুকু রপ্তানি হইবে কতটুকু দেশীয় বাজারে বিপণন হইবে :

২৪। কি কি কাঁচামাল/উপকরণ ব্যবহার করা হইবে উৎসসহ তাহাদের বিস্তারিত বর্ণনা :

২৫। জমির দলিল/ভবন ইত্যাদির ভাড়ার চুক্তিপত্র:

২৬। যে মাদকদ্রব্যের লাইসেন্সের জন্য আবেদন করা হইতেছে তাহার চাহিদা/ বাৎসরিক বরাদ্দ সম্পর্কে ঔষধ প্রশাসন অধিদপ্তরের মূল্যায়ন ও সুপারিশপত্র:

২৭। জমির শ্রেণি পরিবর্তন সংক্রান্ত অনুমতি/অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) :

২৮। কেমিস্ট/ফার্মাসিষ্টের/কারিগরি দক্ষতাসম্পন্ন ব্যক্তির নাম, শিক্ষাগত যোগ্যতা ও নিয়োগপত্র:

২৯। অন্যান্য তথ্য : যাহা আবেদনকারী তাহার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন।

এই আবেদনে প্রদত্ত সকল তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার জানামতে সত্য। কোনো তথ্য বা কাগজপত্র মিথ্যা বা জাল বা ভুয়া প্রমাণিত হইলে আমার আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি
ও সিলমোহর

(এই আবেদনপত্র সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে। আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় সকল তথ্য এবং প্রামাণিক কাগজপত্র না থাকিলে আবেদনপত্র অসম্পূর্ণ বিবেচনায় বাতিলযোগ্য হইবে।)

**ফরম-২/৩০**

[বিধি ৪(৬) দ্রষ্টব্য]

**ব্রান্ড রেজিস্ট্রেশন লাইসেন্সের জন্য আবেদনপত্র**

বরাবর

মহাপরিচালক

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম:

২। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নাম:

৩। মাতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে):

৪। পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে):

৫। ঠিকানা: (ক) স্থায়ী: (খ) বর্তমান:

৬। প্রতিষ্ঠানের মেমোরেন্ডাম অব আর্টিকেল এবং আর্টিকেল অব অ্যাসোসিয়েশন (প্রযোজ্য ক্ষেত্রে):

৭। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর জাতীয়তা.................জাতীয় পরিচয়পত্র নম্বর :.............

৮। ট্রেড লাইসেন্স:.................................... মেয়াদকাল:............................................

৯। টিআইএন:

১০। আমদানিকৃত বিদেশি মদ/বিলাতি মদের ব্রান্ডের নাম ও অনুমোদিত বোটলিং লেবেলের বর্ণনা (প্রযোজ্য ক্ষেত্রে):

১১। অন্যান্য তথ্য: যাহা আবেদনকারী তাহার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন।

এই আবেদনে প্রদত্ত সকল তথ্য ও দাখিলকৃত কাগজপত্র আমার জানামতে সত্য। কোনো তথ্য বা কাগজপত্র মিথ্যা বা জাল বা ভুয়া প্রমাণিত হইলে আমার আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি
ও সিলমোহর

(এই আবেদনপত্র সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে। আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলীর সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় সকল তথ্য এবং প্রামাণিক কাগজপত্র না থাকিলে আবেদনপত্র অসম্পূর্ণ বিবেচনায় বাতিলযোগ্য হইবে।)

**ফরম-৩/১**

[বিধি ৪ (৬) **দ্রষ্টব্য**]

**হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতের জন্য রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল আমদানির লাইসেন্স**

লাইসেন্স নম্বর................................ তারিখ......................................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং.........................................................................................................

তারিখ:..................................................এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ...................................................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার............................................ তারিখের............................ আবেদনের ভিত্তিতে হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতের জন্য রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল আমদানির লাইসেন্স প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠানের নাম :

২. প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নাম:
 পদবি*:*

৩. পিতার নাম(প্রযোজ্য ক্ষেত্রে):
 মাতার নাম(প্রযোজ্য ক্ষেত্রে):

৪. প্রতিষ্ঠানের ঠিকানা :
 অফিস :
 ব্যবসা স্থান :
 হোমিওপ্যাথিক ঔষুধ প্রস্তুতকারী ল্যাবরেটরি/কারখানার অবস্থান :

৫. রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল দ্বারা উৎপাদিত ঔষধ মজুতের গুদাম (স্টোর) এর অবস্থান ও ঠিকানা:

৬. টিআইএন :

৭. ট্রেড লাইসেন্স নং: মেয়াদকাল:

৮. আমদানি নিবন্ধন সনদ :

৯. ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত লাইসেন্স নম্বর :

১০. অনুমোদিত যথাযথ পেশাগত দক্ষতা ও শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন (কেমিস্ট/বোটানিস্ট এবং রেজিস্টার্ড হোমিওপ্যাথিক চিকিৎসক) এর নাম:

১১. ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অনুমোদনপ্রাপ্ত ঔষধের তালিকা:

১২. বিডা/ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা (বিসিক) এর নিবন্ধন নং:

১৩. হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতের জন্য অনুমোদিত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল সুরাশক্তি ন্যূনতম ৯৫%(±) এর বাৎসরিক ও এককালীন বরাদ্দকৃত :

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর ও পদবি**

**শর্তাবলি:**

১। এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি ট্রেজারি চালানের মাধ্যমে অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২। এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ শে জুন পর্যন্ত কিংবা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে উহার কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩। মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সহিত সম্পৃক্ত করা যাইবে না।

৫। এই লাইসেন্সের আওতায় অফিসার বা কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার লাইসেন্সির উপর বর্তাইবে।

৬। কোনো কারণে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স বাতিল হইয়া গেলে এই লাইসেন্সটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সমর্পণ করিতে হইবে।

৭। এই লাইসেন্সে অনুমোদিত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল ব্যতীত অন্য কোনো প্রকার রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল আমদানি করা যাইবে না।

৮। এই লাইসেন্সে উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে আমদানিকৃত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে সংরক্ষণ ও মজুদ করা যাইবে না।

৯। লাইসেন্সি তাহার দখলীয় যাবতীয় রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল অগ্নি নির্বাপণ ব্যবস্থাসহ উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থাধীনে সংরক্ষণ বা মজুদ করিবেন। আগুন উৎসের নিকট কোনো অবস্থাতেই রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল এর মজুদ করা যাইবে না।

১০। এই লাইসেন্সের আওতায় হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত করিবার স্থানে একমাত্র লাইসেন্সে উল্লিখিত পরিমাণ রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল ব্যতীত অন্য কোনো অ্যালকোহল থাকিতে পারিবে না।

১১। এই লাইসেন্সের আওতায় আমদানিকৃত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল একমাত্র সরকার কর্তৃক স্বীকৃত কোনো ফার্মাকোপিয়া অনুসরণপূর্বক ঔষধ প্রস্তুত ছাড়া অন্য কোনো কাজে ব্যবহার করা যাইবে না।

১২। এই লাইসেন্সের আওতায় আমদানিকৃত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল দ্বারা কোনো অবস্থাতেই কোনো অ্যালোপ্যাথিক, কবিরাজি, আয়ুর্বেদিক, ইউনানি বা হার্বাল ঔষধ তৈরি করা যাইবে না।

১৩। এই লাইসেন্সের আওতায় প্রতিবার রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল আমদানির পূর্বে লাইসেন্সি মহাপরিচালকের নিকট হইতে নির্ধারিত ফরমে আবেদনপূর্বক আমদানির পূর্বানুমতি (ছাড়পত্র) গ্রহণ করিবেন।

১৪। এই লাইসেন্সের আওতায় আমদানিকৃত স্পিরিট যাহাতে কোনোরূপ অপচয়, অপব্যবহার, চোরাচালান কিংবা এই লাইসেন্সের আওতাবর্হিভুত কোনো উদ্দেশ্যে ব্যবহার করা না হয় তৎমর্মে লাইসেন্সি অধিদপ্তর কর্তৃক নির্ধারিত পরিমাণ টাকার সিউরিটি বন্ড সম্পাদন করিবেন।

১৫। লাইসেন্সি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে যে কোনো সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লাইসেন্সে উল্লিখিত প্রাঙ্গণে যাবতীয় স্থাপনা, মজুত, রেজিস্টারসমূহ, হিসাব-পত্র, ইত্যাদি পরিদর্শন ও পরীক্ষায় সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

১৬। লাইসেন্সি প্রতি বার কোনো রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল আমদানির শুল্ক খালাসের জন্য মহাপরিচালকের নিকট লিখিতভাবে আবেদন করিবেন এবং শুল্ক খালাসের ছাড়পত্র গ্রহণ করিবেন।

১৭। লাইসেন্স গ্রহণকালে পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৮। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিলে লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল দায়ের করিতে পারিবে। আপিল সন্তুষ্ট না হইলে আদালতের শরণাপন্ন হওয়া যাইবে।

১৯। লাইসেন্সির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ নং ধারা প্রযোজ্য হইলে তাহার লাইসেন্স নবায়ন করা যাইবে না।

বি: দ্র:-এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইলো এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিলেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর ইত্যাদি সন্নিবেশ করা হইল।

**ফরম-৩/২**

[বিধি ৪ (৬) দ্রষ্টব্য]

**রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল সংবলিত হোমিওপ্যাথিক ঔষধ আমদানির লাইসেন্স**

লাইসেন্স নম্বর.............................. তারিখ.....................................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং...................................... তারিখ:........................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ................কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার..................................... তারিখের.......................... আবেদনের ভিত্তিতে রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল সংবলিত হোমিওপ্যাথিক ঔষধ আমদানির লাইসেন্স প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত হোমিওপ্যাথিক ঔষধ আমদানিকারক প্রতিষ্ঠানের নাম :

২. প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী /ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নাম:
পদবি:

৩. পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে):
মাতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে):

৪. প্রতিষ্ঠানের ঠিকানা :
অফিস :
ব্যবসা স্থান :

৫. হোমিওপ্যাথিক ঔষধ মজুতের জন্য ব্যবহার্য গুদাম এর অবস্থান ও ঠিকানা :

৬. টিআইএন :

৭. ট্রেড লাইসেন্স নং.......................................মেয়াদকাল:...............................

৮. আমদানি নিবন্ধন সনদ :

৯. ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হোমিওপ্যাথিক ঔষধ আমদানি লাইসেন্স নম্বর :

১০. অনুমোদিত যথাযথ পেশাগত দক্ষতা ও শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন (কেমিস্ট ও বোটানিস্ট এবং রেজিস্টার্ড হোমিওপ্যাথিক চিকিৎসক) এর নাম:

১১. ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক আমদানির জন্য অনুমোদনপ্রাপ্ত ঔষধের তালিকা:

**শর্তাবলিঃ**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি ট্রেজারি চালানের মাধ্যমে অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত কিংবা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে উহার কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবেনা।

৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো কার্যক্রমে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার লাইসেন্সির উপর বর্তাইবে।

৬. কোনো কারণে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স বাতিল, স্থগিত বা প্রত্যাহার হইয়া গেলে এই লাইসেন্সও বাতিল বা স্থগিত হইয়া যাইবে।

৭. এই লাইসেন্সে অনুমোদিত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল সংবলিত হোমিওপ্যাথিক ঔষধ ব্যতীত অন্য কোনো প্রকার ঔষধ আমদানি করা যাইবে না।

৮. এই লাইসেন্সে উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে আমদানিকৃত হোমিওপ্যাথিক ঔষধ মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে সংরক্ষণ ও মজুদ করা যাইবে না।

৯. লাইসেন্সি তাহার আমদানিকৃত যাবতীয় হোমিওপ্যাথিক ঔষধ অগ্নি নির্বাপণ ব্যবস্থাসহ উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থাধীনে সংরক্ষণ বা মজুত করিবেন। আগুন উৎসের নিকট কোনো অবস্থাতেই হোমিওপ্যাথিক ঔষধ এর মজুত করা যাইবে না।

১০. এই লাইসেন্সের আওতায় প্রতিবার রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল সংবলিত হোমিওপ্যাথিক ঔষধ আমদানির পূর্বে লাইসেন্সি মহাপরিচালকের নিকট হইতে নির্ধারিত ফরমে আবেদনপূর্বক আমদানির পূর্বানুমতি (ছাড়পত্র) গ্রহণ করিবেন।

১১. এই লাইসেন্সের আওতায় আমদানিকৃত হোমিওপ্যাথিক ঔষধ যাহাতে কোনোরুপ অপচয়, অপব্যবহার, চোরাচালান কিংবা এই লাইসেন্সের আওতা বহির্ভূত কোনো উদ্দেশ্যে ব্যবহার করা না হয় তৎমর্মে লাইসেন্সি মহাপরিচালক কর্তৃক নির্ধারিত পরিমাণ টাকার সিউরিটি বন্ড সম্পাদন করিবেন।

১২. লাইসেন্সি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে যে কোনো সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লাইসেন্সে উল্লিখিত প্রাঙ্গণ, তথাকার যাবতীয় স্থাপনা, মজুত, রেজিস্টারসমূহ, হিসাব-পত্র, ইত্যাদি পরিদর্শন ও পরীক্ষায় সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

১৩. লাইসেন্সি প্রত্যেকবার কোনো রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল সংবলিত হোমিওপ্যাথিক ঔষধ আমদানির শুল্ক খালাসের জন্য মহাপরিচালককে লিখিতভাবে রিপোর্ট করিবেন এবং শুল্ক খালাসের ছাড়পত্র গ্রহণ করিবেন।

১৪. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিলে লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল দায়ের করিতে পারিবে। আপিলে সন্তুষ্ট না হইলে আদালতের শরণাপন্ন হওয়া যাইবে।

১৬. লাইসেন্সি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ নং ধারা প্রযোজ্য হইলে তাহার লাইসেন্স নবায়ন করা যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর ও পদবি**

বি: দ্র:-এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/৩**

[বিধি ৪ (৬) দ্রষ্টব্য]

**হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত এর জন্য রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল সংগ্রহ, সংরক্ষণ, পরিবহন এবং ঔষধ তৈরির উপাদান হিসাবে ব্যবহারের লাইসেন্স**

লাইসেন্স নম্বর............................... তারিখ......................................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং............................... তারিখঃ..................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ...................................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার......................... তারিখের............................................. আবেদনের ভিত্তিতে হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতের জন্য রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল সংগ্রহ, সংরক্ষণ,পরিবহন এবং ঔষধ তৈরির উপাদান হিসাবে ব্যবহারের লাইসেন্স প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠানের নাম :

২. প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নামঃ
পদবিঃ

৩. মাতার নাম(প্রযোজ্য ক্ষেত্রে):
পিতার নাম(প্রযোজ্য ক্ষেত্রে):

৪. প্রতিষ্ঠানের ঠিকানা :
অফিস :
ব্যবসা স্থান :
হোমিওপ্যাথিক ঔষুধ প্রস্তুতকারী ল্যাবরেটরি/কারখানার অবস্থান :

৫. রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল দ্বারা উৎপাদিত ঔষধ মজুতের গুদাম (ষ্টোর) এর অবস্থান ও ঠিকানাঃ

৬. টিআইএন :

৭. ট্রেড লাইসেন্স নংঃ........................... মেয়াদকালঃ.........................................

৮. আমদানি নিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) :

৯. ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত লাইসেন্স নম্বর :........মেয়াদকালঃ.....

১০. অনুমোদিত যথাযথ পেশাগত দক্ষতা ও শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন (কেমিস্ট ও বোটানিস্ট এবং রেজিস্টার্ড হোমিওপ্যাথিক চিকিৎসক) এর নামঃ

১১. ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অনুমোদন প্রাপ্ত ঔষধের তালিকাঃ

১২. বিডা/ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা (বিসিক) এর নিবন্ধন নংঃ

১৩. হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতের জন্য অনুমোদিত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল সুরাশক্তি ন্যূনতম ৯৫% এর বাৎসরিক ও এককালীন বরাদ্দকৃত :

<u>শর্তাবলি:</u>

১. এই লাইসেন্স প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত টাকা ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করিয়া চালানের কপিসহ নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত কিংবা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে এর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ দেওয়া যাইবে না।

৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো কার্যক্রমে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার লাইসেন্সির উপর বর্তাইবে।

৬. কোনো কারণে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদন লাইসেন্স বাতিল, স্থগিত বা প্রত্যাহার করা হইলে লাইসেন্সি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্স ইস্যুকারী জেলা, মেট্রো বা বিশেষ জোন কার্যালয়কে অবিলম্বে অবহিত করিতে হইবে।

৭. এই লাইসেন্সে অনুমোদিত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল ব্যতীত অন্য কোনো প্রকার অ্যালকোহল ব্যবহার করা যাইবে না।

৮. এই লাইসেন্সে উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে সংরক্ষণ ও মজুদ করা যাইবে না।

৯. লাইসেন্সি তাহার দখলীয় যাবতীয় রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল অগ্নি নির্বাপন ব্যবস্থাসহ উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থাধীনে সংরক্ষণ বা মজুত করিবেন। আগুন উৎসের নিকট কোনো অবস্থাতেই রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল এর মজুদ করা যাইবে না।

১০. এই লাইসেন্সের আওতায় হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত করিবার জন্য লাইসেন্সি অবশ্যই প্রয়োজনীয় পরিমাণ হোমিওপ্যাথিক ঔষধের কাঁচামাল ও অন্যান্য সকল উপাদান, শিশি/বোতল, ক্যাপসহ ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত যাবতীয় মোড়ক সামগ্রী (লেবেল, কার্টন, ইনসার্ট, ইত্যাদি), ব্যাকপোটেন্সি, মাদারটিংচার, ডোজেস ফরমের সকল প্রকার একক ও কম্বিনেশন ঔষধ, প্যাকেট, মোড়ক ইত্যাদি স্বাস্থ্যসম্মত উপায়ে [Good ManufacturingPractice (GMP)] সংরক্ষণ ও মজুত করিবেন।

১১. এই লাইসেন্সের আওতায় হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত করিবার স্থানে একমাত্র *লাইসেন্সে* উল্লিখিত পরিমাণ রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল ব্যতীত মিথাইল অ্যালকোহল (মিথানল) থাকিতে পারিবে না।

১২. এই লাইসেন্সের আওতায় সংগৃহীত ও মজুতকৃত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল একমাত্র সরকার কর্তৃক স্বীকৃত কোনো ফার্মাকপিয়া অনুসরণপূর্বক ঔষধ প্রস্তুত ছাড়া অন্য কোনো কাজে ব্যবহার করা যাইবে না।

১৩. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত সকল প্রকার হোমিওপ্যাথিক ঔষধের লেবেল/কার্টন বা মোড়কের গায়ে উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম, উৎপাদন লাইসেন্স নম্বর, ঔষধের নাম, ঔষধের শক্তি/মাত্রা, সুরাশক্তি (প্রযোজ্য ক্ষেত্রে), ব্যাচ নম্বর, উৎপাদন তারিখ, ঔষধের পরিমাণ, মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে), ইত্যাদি তথ্যাবলি সুস্পষ্টভাবে লিপিবদ্ধ থাকিতে হইবে।

১৪. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত সকল প্রকার হোমিওপ্যাথিক ঔষধের লেবেল বা মোড়কের গায়ে 'চিকিৎসকের পরামর্শ ব্যতীত সেবন ক্ষতিকর'এইমর্মে সতর্কতাবাণী অঙ্কিত থাকিতে হইবে।

১৫. যথাযথ গুণাগুণ সম্পন্ন মূল মাদার টিংচার কিংবা নিম্নশক্তির ব্যাক পোটেন্সি ব্যবহারপূর্বক অনুমোদিত হোমিওপ্যাথিক ফার্মাকপিয়া অনুসরণ ব্যতীত অন্য কোনো প্রকারে এই লাইসেন্সের আওতায় হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত করা যাইবে না।

১৬. এই লাইসেন্সের আওতায় সংগৃহীত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল দ্বারা কোনো অবস্থাতেই কোনো অ্যালোপ্যাথিক, কবিরাজি, আয়ুর্বের্দিক, ইউনানি বা হার্বাল ঔষধ তৈরি করা যাইবে না।

১৭. এ লাইসেন্সের আওতায় প্রতিবার রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল সংগ্রহের পূর্বে লাইসেন্সি প্রতিষ্ঠান সংশ্লিষ্ট জেলা অফিসারের বরাবরে তাহার লাইসেন্সের এককালীন বরাদ্দ মোতাবেক রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল সংগ্রহের/পরিবহনের জন্য পরিবহন পাসের জন্য আবেদন করিবেন।

১৮. বরাদ্দ মোতাবেক রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল সংগ্রহ/পরিবহন কালে এই লাইসেন্সের সহিত সংযুক্ত ছকে পরিমাণ ও তারিখসহ সরবরাহকারী কর্তৃপক্ষ স্বাক্ষর করিবেন।

১৯. এই লাইসেন্সের আওতায় সরবরাহকৃত ও মজুদকৃত স্পিরিট যাহাতে কোনোরূপ অপচয়, অপব্যবহার, চোরাচালান কিংবা এই লাইসেন্সের আওতাবহির্ভুত কোনো উদ্দেশ্যে ব্যবহার করা না হয় তৎমর্মে লাইসেন্সি অধিদপ্তর কর্তৃক নির্ধারিত টাকার সিউরিটি বন্ড সম্পাদন করিবেন।

২০. লাইসেন্সি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে যে কোনো সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লাইসেন্সে উল্লিখিত প্রাঙ্গন, তথাকার যাবতীয় স্থাপনা, মজুত, রেজিষ্টারসমূহ, হিসাব-পত্র, ইত্যাদি পরিদর্শন ও পরীক্ষায় সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

২১. লাইসেন্সি প্রত্যেকবার কোনো রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল সংগ্রহের পর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত অফিসারকে লিখিতভাবে রিপোর্ট করিবেন এবং ঔষধ প্রস্তুতের উদ্দেশ্যে মোড়ক খোলার নির্দিষ্ট দিনক্ষণ অবহিত না করিয়া হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুত কাজে তাহা ব্যবহার করিতে পারিবেন না।

২২. লাইসেন্স গ্রহণকালে পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৩. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করে কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

২৪. এই লাইসেন্সের আওতায় হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদনের যাবতীয় কার্যক্রম ঔষধ উৎপাদন লাইসেন্সে উল্লিখিত যথাযথ পেশাগত দক্ষতা ও শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ব্যক্তির তত্ত্বাবধানে সম্পন্ন করিতে হইবে।

২৫. একমাত্র লাইসেন্সপ্রাপ্ত হোমিওপ্যাথিক ঔষধ এর পাইকারি বিক্রেতা, খুচরা বিক্রেতা এবং ব্যবহারকারী হোমিওপ্যাথিক চিকিৎসক ব্যতীত অন্য কোনো ব্যক্তির নিকট এই লাইসেন্সের আওতায় হোমিওপ্যাথিক ঔষধ বিক্রয় করা যাইবে না।

২৬. লাইসেন্সি প্রতিষ্ঠানের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ নং ধারা প্রযোজ্য হইলে তাহার লাইসেন্স নবায়ন করা যাইবে না।

২৭. এই লাইসেন্সের অধীনে বরাদ্দকৃত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল এর সরবরাহ গ্রহণের পূর্বে সরকার নির্ধারিত হারে মাদকশুল্ক ট্রেজারি চালানের মাধ্যমে অগ্রিম মাদক শুল্ক প্রদান করিতে হইবে।

২৮. এই লাইসেন্স ব্যতিরেকে হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতের উপাদান হিসাবে রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল সংগ্রহ, ক্রয়, সংরক্ষণ, বহন, ঔষধের উপাদান হিসাবে ব্যবহার, উৎপাদিত ঔষধ সংরক্ষণ, পরিবহন, বিক্রয়, বিপণন করা যাইবে না।

২৯. এই লাইসেন্স জারি/প্রাপ্তির তারিখ হইতে উল্লিখিত প্রতিষ্ঠান বা ব্যক্তির নামে ইতোপূর্বে যদি কোনো 'হোমিওপ্যাথিক মাদারটিংচার লাইসেন্স' অথবা 'হোমিও ডাইলুশন লাইসেন্স' নামীয় কোনো লাইসেন্স থাকে তবে তাহার কার্যকারিতা রহিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্র:-এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/৪**

[বিধি ৪ (৬) দ্রষ্টব্য]

**হোমিওপ্যাথিক চিকিৎসক কর্তৃক ঔষধ ডাইল্যুশন এর জন্য রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল ব্যবহারের পারমিট**

**পারমিট নম্বর ...........................তারিখ..............................**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং.......................................................... তারিখঃ.................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ...............,,,,,,,,,,,.......... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার....................................... তারিখের.............................................. আবেদনের ভিত্তিতে হোমিও ঔষধ ডাইল্যুশনের জন্য রেক্টিফাইড স্পিরিট /অ্যাবসোলিউট অ্যালকোহল/ ইথাইল অ্যালকোহল ব্যবহারের পারমিট প্রদান করা হইলঃ

১. পারমিটপ্রাপ্ত হোমিওপ্যাথিক ঔষধ ডাইল্যুশনকারী চিকিৎসকের নাম :

২. মাতার নামঃ
পিতার নামঃ

৩. চিকিৎসা কেন্দ্রের নামঃ
চিকিৎসকের ঠিকানাঃ
বর্তমানঃ
স্থায়ীঃ

৪. জাতীয় পরিচয়পত্র নং : ...........................................

৫. টিআইএন (প্রযোজ্য ক্ষেত্রে) :

৬. হোমিওপ্যাথিক ঔষধ ডাইল্যুশনের জন্য অনুমোদিত রেক্টিফাইড স্পিরিট এর বার্ষিক বরাদ্দ :

৭. বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ডের রেজিস্ট্রেশন/তালিকাভুক্তির নম্বর :

**শর্তাবলিঃ**

১. এই পারমিট বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত পারমিট ফি ট্রেজারি চালানের মাধ্যমে নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই পারমিট ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা পারমিটে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর উহার কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই পারমিট হস্তান্তর/ স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই পারমিটের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫. এই পারমিটের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা পারমিটের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে পারমিটধারীর স্বার্থ নিহিত থাকিলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার শর্ত লঙ্ঘনকারী ব্যক্তিসহ পারমিটধারীর উপর বর্তাইবে।

৬. এই পারমিটে অনুমোদিত রেক্টিফাইড স্পিরিট ব্যতীত অন্য কোনো প্রকার রেক্টিফাইড স্পিরিট ব্যবহার করা যাইবে না।

৭. এই পারমিটে উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে রেক্টিফাইড স্পিরিট মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে ডাইল্যুশন, সংরক্ষণ ও মজুত করা যাইবে না।

৮. ডাইল্যুশনের জন্য ব্যবহৃত ব্যাক পটেন্সির ক্রয়/সংগ্রহের ক্যাশ মেমো বা দালিলিক প্রমানাদি পারমিটধারী কর্তৃক সংরক্ষণ করিতে হইবে এবং প্রয়োজনে তাহা পরিদর্শনকারী অফিসারের নিকট উপস্থাপন করিতে বাধ্য থাকিবে।

৯. পারমিটধারী তাহার দখলীয় যাবতীয় রেক্টিফাইড স্পিরিট উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থাধীনে সংরক্ষণ বা মজুত করিবেন।

১০. এই পারমিটের আওতায় হোমিওপ্যাথিক ঔষধ ডাইল্যুশন করিবার জন্য পারমিটধারী অবশ্যই প্রয়োজনীয় পরিমাণ হোমিওপ্যাথিক ঔষধের শিশি, কর্ক, ব্যাকপোটেন্সি, ইত্যাদি স্বাস্থ্য সম্মত উপায়ে সংরক্ষণ ও মজুদ করিবেন।

১১. এই পারমিটের আওতায় হোমিওপ্যাথিক ঔষধ ডাইল্যুশন করিবার স্থানে একমাত্র পারমিটে উল্লিখিত পরিমাণ রেক্টিফাইড স্পিরিট ব্যতীত অন্য কোনো প্রকার অ্যালকোহল কিংবা অ্যালকোহল জাতীয় বা অন্য কোনো নিষিদ্ধ পণ্য দ্রব্য কিংবা মেথানল থাকিতে পারিবে না।

১২. এই পারমিটের আওতায় সংগৃহীত ও মজুদকৃত স্পিরিট একমাত্র সরকার কর্তৃক স্বীকৃত কোনো ফার্মাকোপিয়া অনুসরণপূর্বক হোমিও ঔষধ ডাইল্যুশন ছাড়া অন্য কোনো কাজে ব্যবহার করা যাইবে না।

১৩. এই পারমিটের আওতায় ডাইল্যুশনকৃত সকল প্রকার হোমিওপ্যাথিক ওষুধের শিশির গায়ে ডাইল্যুশনকারী হোমিও চিকিৎসকের নাম, রেজিষ্ট্রেশন নম্বর, লাইসেন্স নম্বর, ওষুধের নাম, ওষুধের শক্তির মাত্রা, সুরাশক্তি, ব্যাচ নম্বর, ডাইল্যুশনের তারিখ, ইত্যাদি তথ্যাবলি সুস্পষ্টভাবে লিপিবদ্ধ থাকিতে হইবে।

১৪. এই পারমিটের আওতায় ডাইল্যুশনকৃত সকল প্রকার হোমিওপ্যাথিক ওষুধের শিশির গায়ে 'চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেবন যোগ্য' মর্মে সতর্কতা বাণী লিপিবদ্ধ থাকিতে হইবে।

১৫. এই পারমিটের আওতায় তরল শক্তিকৃত (ডাইল্যুশন) হোমিওপ্যাথিক ঔষধ চিকিৎসাধীন রোগীদের পরিবেশন করিতে হইবে। ইহা বাণিজ্যিকভাবে ঔষধ বিক্রেতাদের নিকট বিক্রয় করা যাইবে না।

১৬. যথাযথ গুণাগুণ সম্পন্ন মূল মাদারটিংচার কিংবা নিম্ন শক্তির ব্যাকপোটেন্সি ব্যবহারপূর্বক সরকার অনুমোদিত হোমিওপ্যাথিক ফার্মাকোপিয়া অনুসরণ ব্যতীত অন্য কোনো প্রকারে এই পারমিটের আওতায় হোমিওপ্যাথিক ওষুধ ডাইল্যুশন করা যাইবে না।

১৭. এই পারমিটের আওতায় প্রাপ্ত রেক্টিফাইড স্পিরিট দ্বারা একমাত্র হোমিওপ্যাথিক ঔষধ ডাইল্যুশন ব্যতীত কোনো অবস্থাতেই কোনো মাদারটিংচার বা হোমিওপ্যাথিক একক ও কম্বিনেশন ওষুধ কিংবা কবিরাজি, আয়ুর্বেদিক বা ইউনানি বা অ্যালোপ্যাথিক ওষুধ তৈরি করা যাইবে না।

১৮. এই পারমিটের আওতায় প্রতিবার স্পিরিট সংগ্রহের পূর্বে পারমিটধারী ব্যক্তি সংশ্লিষ্ট জেলা, মেট্রো বা বিশেষ জোন অফিসারের বরাবরে তাহার পারমিটের এককালীন বরাদ্দ মোতাবেক স্পিরিট সংগ্রহের জন্য পরিবহন পাসের জন্য আবেদন করিবেন।

১৯. বরাদ্দ মোতাবেক স্পিরিট সংগ্রহ কালে এই পারমিটের সহিত সংযুক্ত ছকে সরবরাহপ্রাপ্ত স্পিরিটের পরিমাণ, তারিখ এবং সরবরাহকারী কর্তৃপক্ষের স্বাক্ষর থাকিতে হইবে।

২০. এই পারমিটের আওতায় সরবরাহপ্রাপ্ত ও মজুতকৃত স্পিরিট যাহাতে কোনোরূপ অপচয়, অপব্যবহার, চোরাচালান কিংবা এই পারমিটের আওতাবহির্ভূত কোনো উদ্দেশ্যে ব্যবহার করা না হয় তৎমর্মে পারমিটধারী অধিদপ্তর কর্তৃক নির্ধারিত টাকার সিউরিটি বন্ড সম্পাদন করিবেন।

২১. পারমিটধারী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে যে কোনো সময় তাহার পারমিটের প্রাঙ্গন, তথাকার যাবতীয় স্থাপনা, মজুত, রেজিস্টারসমূহ, হিসাব-পত্র, ইত্যাদি পরিদর্শন ও পরীক্ষায় সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

২২. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৩. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা পারমিটের শর্ত ভঙ্গের কারণে পারমিট বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরূদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

২৪. এই পারমিটের আওতায় ৩০ মিলিলিটার এর অধিক আয়তন বিশিষ্ট কোনো শিশি বা বোতলে হোমিওপ্যাথিক ডাইল্যুশন (শক্তিকৃত) ঔষধ সংরক্ষণ ও পরিবেশন করা যাইবে না।

২৫. এই পারমিটের আওতায় সরবরাহপ্রাপ্ত রেক্টিফাইড স্পিরিট চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে পারমিটধারীকে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

২৬. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই পারমিটের আওতাভুক্ত রেক্টিফাইড স্পিরিট ব্যবহারের যাবতীয় হিসাব দৈনিক সংরক্ষণ করিতে হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্র:-এই পারমিট দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে পারমিটধারী তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই পারমিটের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/৫**

[বিধি ৪ (৬) দ্রষ্টব্য]

**রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল (ইথানল) সংবলিত হোমিওপ্যাথিক ঔষধ সংগ্রহ, মজুত, সংরক্ষণ ও পাইকারি বিক্রয়ের লাইসেন্স :**

**লাইসেন্স নম্বর ........................তারিখ...........................**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং এই বিধির বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং....................................... তারিখ:...................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ................................. কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার................................ তারিখের............................................ আবেদনের ভিত্তিতে রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল (ইথানল) সংবলিত হোমিওপ্যাথিক ঔষধ সংগ্রহ, মজুত, সংরক্ষণ ও পাইকারি বিক্রয়ের লাইসেন্স প্রদান করা হইল :

১. প্রতিষ্ঠানের নাম :

২. লাইসেন্সপ্রাপ্ত হোমিওপ্যাথিক ঔষধ বিক্রয়কারী প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নাম :

৩. পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :
মাতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে):

৪. জাতীয়তা এবং জাতীয় পরিচয়পত্র নং (প্রযোজ্য ক্ষেত্রে) :

৫. ব্যক্তি/প্রতিষ্ঠানের ঠিকানা :

৬. টিআইএন :

৭. ট্রেড লাইসেন্স নং :

৮. বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ডের রেজিস্ট্রেশনপ্রাপ্ত/তালিকাভুক্ত নিয়োগকৃত চিকিৎসকের নাম :

৯. ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ড্রাগ লাইসেন্স নং :

১০. (হোমিওপ্যাথিক ঔষধ আমদানি ও বিক্রয়কারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে) আমদানি লাইসেন্স নম্বর :

**শর্তাবলি:**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি ট্রেজারি চালানের মাধ্যমে অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ইহার কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবেনা।

৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনে কার্যক্রমে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার শর্ত লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৬. এই লাইসেন্সে উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল (ইথানল) সংবলিত হোমিওপ্যাথিক ঔষধ মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে সংরক্ষণ ও মজুত করা যাইবে না।

৭. লাইসেন্সি তাহার দখলীয় রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল (ইথানল) সংবলিত যাবতীয় হোমিওপ্যাথিক ঔষধ উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থাধীনে সংরক্ষণ বা মজুত করিবেন।

৮. এই লাইসেন্সের আওতায় হোমিওপ্যাথিক ঔষধ স্বাস্থ্য সম্মত উপায়ে সংশ্লিষ্ট আইনের বিধান অনুযায়ী সংরক্ষণ, মজুত ও পাইকারি বিক্রয় করিতে হইবে।

৯. এই লাইসেন্সের আওতায় একমাত্র সরকার কর্তৃক স্বীকৃত কোনো ফার্মাকোপিয়া অনুসরণপূর্বক প্রস্তুতকৃত হোমিওপ্যাধিক ঔষধ ছাড়া অন্য কোনো প্রকার হোমিওপ্যাথিক ঔষধ মজুদ ও বিক্রয় করা যাইবে না। তদ্রুপ বৈধভাবে আমদানিকৃত অনুমোদিত ঔষধ ছাড়া মজুত বা বিক্রয় করা যাইবে না।

১০. এই লাইসেন্সের আওতাভুক্ত সকল প্রকার হোমিওপ্যাথিক ঔষধের বোতলের গায়ে হোমিওপ্যাথিক ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম, রেজিস্ট্রেশন নম্বর, লাইসেন্স নম্বর, ঔষধের নাম, ঔষধের শক্তি/মাত্রা, সুরাশক্তি (প্রযোজ্য ক্ষেত্রে), ব্যাচ নম্বর, উৎপাদন তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে), ইত্যাদি তথ্যাবলি সুস্পষ্টভাবে লিপিবদ্ধ থাকিতে হইবে। আমদানি কৃত ঔষধের ক্ষেত্রেও উপরি-উল্লিখিত তথ্যসহ লেবেল থাকিতে হইবে।

১১. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন), অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১২. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) লঙ্ঘন কিংবা পারমিটের শর্ত ভঙ্গের কারণে পারমিট বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্র:-এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/৬**

[বিধি ১৬(৪) দ্রষ্টব্য]

বার/বিলাতিমদের অফ শপ/ বিলাতিমদের অন শপ/দেশিমদের দোকানে বার পার্সোনেল/বিক্রেতা/বহনকারী নিয়োগের অনুমোদনপত্র

**স্মারক নং ......................** **তারিখ .............................**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার---------------------কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক প্রতিষ্ঠানটির----------------------------------tারিখের---------------- আবেদন ও তদন্তকারী কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে নিম্নোক্ত ব্যক্তিকে বার/বিলাতিমদের অফ শপ/ বিলাতিমদের অন শপ/দেশিমদের দোকানে বার পার্সোনেল/ বিক্রেতা/ বহনকারী নিয়োগের অনুমোদন প্রদান করা হইল :

১। লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের নাম : ............................................................................

২। লাইসেন্সির নাম : ................জাতীয় পরিচয়পত্র নং.................মোবাইল নং................

৩। প্রতিষ্ঠানের ঠিকানা: গ্রাম/সড়ক/মহল্লা:--------------------ডাকঘর:-----------------------
থানা/উপজেলা----------------------জেলা:----------------------- ।

৪। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বার/বিলাতিমদের অফ শপ/ বিলাতিমদের অন শপ/দেশিমদের দোকানের লাইসেন্স নং : --------------------------------

৫। বার/বিলাতিমদের অফ শপ/ বিলাতিমদের অন শপ/দেশিমদের দোকানে বার পার্সোনেল/বিক্রেতা/ বহনকারী হিসাবে নিয়োগকৃত ব্যক্তির বিবরণী

| ক্রমিক নং | নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা | জন্ম তারিখ | বয়স | পদের নাম |
|---|---|---|---|---|
| | | | | |

**শর্তাবলি:**

১। অনুমোদনপত্র হস্তান্তরযোগ্য নয়।

২। অনুমোদনপত্র সংশ্লিষ্ট অর্থবৎসরের জন্য বৈধ থাকিবে।

৩। বার/বিলাতিমদের/দেশিমদের দোকানে বার পারসোনেল/ বিক্রেতা/বহনকারী হিসাবে নিয়োগকৃত প্রত্যেক ব্যক্তির জন্য পৃথক অনুমোদনপত্র প্রদান করিতে হইবে।

৪। যে কোনো উপযুক্ত কারণে ইস্যুকারী কর্তৃপক্ষ এই অনুমোদনপত্র বাতিল করিতে পারিবেন।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

*এই অনুমোদনপত্র তিন কপিতে ইস্যু করা হইবে। প্রথম কপি লাইসেন্সির নিকট, দ্বিতীয় কপি নিয়োগকৃত ব্যক্তির নিকট এবং তৃতীয় কপি ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট থাকিবে।

** অনুমোদন পত্রের উপরে বাম দিকে ইস্যুকারী কর্তৃপক্ষের অফিসের সিলমোহর, নথি নম্বর, ইস্যু নম্বর, ইত্যাদি না থাকিলে এই অনুমোদন পত্র বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/৭**

[বিধি ৪ (৬) দ্রষ্টব্য]

**হোটেল, রেস্তোঁরা, হোটেল-কাম-রেস্তোঁরা, বিনোদন কেন্দ্র, ইপিজেড, বন্দর, রিসোর্ট, থিমপার্ক এ বার লাইসেন্স**

লাইসেন্স নম্বর .................. তারিখ ..................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং.................................................. তারিখ:...................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ....................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার........................ তারিখের আবেদনের ভিত্তিতে হোটেল, রেস্তোঁরা, হোটেল-কাম-রেস্তোঁরা, বিনোদন কেন্দ্র, ইপিজেড, বন্দর, রিসোর্ট, থিমপার্ক এ বার লাইসেন্স প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির নাম :
   প্রতিষ্ঠানের নাম :
২. ব্যক্তি/প্রতিষ্ঠানের ঠিকানা :
   অফিস :
   ব্যবসা স্থান :
৩. বার লাইসেন্সের প্রকার:
৪. ট্রেড লাইসেন্স নম্বর................ প্রদানকারী কর্তৃপক্ষ :.......................মেয়াদ:
৫. টিআইএন :
৬. হোটেল, রেস্তোঁরা, হোটেল-কাম-রেস্তোঁরা, বিনোদন কেন্দ্র, রিসোর্ট, থিমপার্ক এর লাইসেন্স নম্বর :..............................
৭. বিডার নিবন্ধন নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) : .................................................
৮. বিক্রয়/পরিবেশনযোগ্য বিদেশিমদ /বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় এর বিবরণ:
৯. অনুমোদিত বার পার্সোনেল এর নাম :

**শর্তাবলি:**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত নবায়ন ফি জমাদানপূর্বক নবায়নের জন্য আবেদন করিতে হইবে।
২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর ইহার কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।
৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।
৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা বার পার্সোনেল হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫. জেলা, মেট্রো বা বিশেষ জোন কার্যালয়ের অফিসারের অনুমোদন ব্যতীত লাইসেন্সের আওতায় কোনো কার্যক্রম পরিচালনার জন্য কোনো বার পার্সোনেল নিয়োগ প্রদান করা যাইবে না।

৬. এই লাইসেন্সের আওতায় বার পার্সোনেল হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৭. এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে বিলাতিমদের বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

৮. রেজিস্টেশন প্রাপ্ত ব্র্যান্ডের বিদেশিমদ ও মদজাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো প্রকার বিদেশিমদ ও মদজাতীয় পানীয় বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

৯. লাইসেন্সি ব্যক্তি স্বয়ং কিংবা রেজিষ্টার্ড বার পার্সোনেল ব্যতীত অন্য কেহ এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার বিলাতিমদ বিক্রয় বা পরিবেশন করিতে পারিবেন না।

১০. একমাত্র পারমিটধারী ব্যক্তি কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার অধীনে স্বীকৃতিপ্রাপ্ত ব্যক্তি ছাড়া অন্য কাহারো নিকট এ লাইসেন্সের আওতাভুক্ত কোনে বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

১১. লাইসেন্সিকে এই লাইসেন্সের আওতায় বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষিত সকল বিদেশি/বিলাতিমদ চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার বিষয়ে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১২. লাইসেন্সের আওতায় ভেজালযুক্ত, বিষাক্ত, নিম্নশক্তির, বিবর্ণ কিংবা অন্য কোনোভাবে পরিবর্তিত বিদেশি/বিলাতিমদ ও মদজাতীয় পানীয় বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

১৩. ২১ বৎসর বয়সের নিম্নের কাহারো নিকট বিদেশি/বিলাতিমদ ও মদজাতীয় পানীয় বিক্রয়, সরবরাহ বা পরিবেশন করা যাইবেনা।

১৪. লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো ছোঁয়াচে রোগাক্রান্ত ব্যক্তিকে কিংবা ২১ বছরের নিম্ন বয়সের কোনো ব্যক্তিকে মদ ও মদজাতীয় পানীয় বিক্রয় বা পরিবেশন কার্যে নিয়োগ প্রদান করা যাইবে না।

১৫. লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই একমাত্র লাইসেন্সে অনুমোদিত প্রকারে বিলাতিমদ ব্যতীত অন্য কোনো প্রকার অ্যালকোহল কিংবা বিলাতীমদের উৎপাদনে ব্যবহৃত হইতে পারে এমন কোনো উপাদান বা উপকরণ সংরক্ষণ করা যাইবে না।

১৬. লাইসেন্সপ্রাপ্ত স্থানে মহাপরিচালকের অনুমতি ব্যতীত কোনোরূপ নাচ-গান কিংবা অন্য কোনোরকম বিনোদনের ব্যবস্থা করা যাইবে না।

১৭. এই বিধি দ্বারা নির্ধারিত সুরাশক্তির বিদেশি/বিলাতিমদ ব্যতীত অন্য কোনো প্রকার সুরাশক্তির বিদেশি/বিলাতিমদ লাইসেন্সপ্রাপ্ত স্থানে মজুদ, সংরক্ষণ বা বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

১৮. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি কিংবা বার পার্সোনেল এই লাইসেন্সের অধীন কোনোরূপ কার্যক্রম পরিচালনা করিবার সময় কোনো অবস্থাতেই অ্যালকোহল কিংবা অন্য কোনোরূপ নেশার দ্রব্য সেবন, অপ্রকৃতস্থ কিংবা নেশাগ্রস্ত হইতে পারিবেন না।

১৯. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি এই লাইসেন্সের অধীন বিক্রয়ের উদ্দেশ্যে সংগৃহীত বিলাতিমদের সরবরাহ পাইবার ৩ কার্যদিবসের মধ্যে জেলা বা মেট্রো বা বিশেষ জোন কার্যালয়ের অফিসারকে তৎসম্পর্কে লিখিতভাবে অবহিত করিবেন। সংশ্লিষ্ট জেলা বা মেট্রো বা বিশেষ জোন কার্যালয়ের অফিসার কিংবা তাহার প্রতিনিধি কর্তৃক যথাযথ যাচাই ব্যতীত কোনো অবস্থাতেই বিদেশি/বিলাতিমদ ও মদজাতীয় পণ্য কোনোরূপ বিক্রয়, পরিবেশন ও অন্যান্য কার্যক্রম করা যাইবে না।

২০. লাইসেন্সে অনুমোদিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে বিদেশি/বিলাতিমদ ও মদজাতীয় পানীয় সংরক্ষণ বা মজুদ করা যাইবে না।

২১. লাইসেন্সে অনুমোদিত বার কাউন্টার ব্যতীত অন্য কোনো স্থানে বিদেশি/বিলাতিমদ ও মদজাতীয় পানীয় বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

২২. একই হোটেলে/রেস্টুরেন্টে পৃথক পৃথক বার/কাউন্টারে মদ পরিবেশন করিতে হইলে তাহার জন্য পৃথক পৃথক বার লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

২৩. আবাসিক হোটেলের অধীনে বার লাইসেন্স থাকিলেও মহাপরিচালকের অনুমোদন ব্যতীত বার লাইসেন্সে বর্ণিত প্রাঙ্গণ হইতে হোটেলের কোনো আবাসিক রুমে মদ পরিবেশন বা সরবরাহ করা যাইবে না।

২৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, বিলাতিমদ, ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, ক্যাশমেমো, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

২৫. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় এর যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং প্রতি মাসের ১ তারিখ জেলা/মেট্রো/বিশেষ জোন কার্যালয়ে নির্ধারিত ফরমে হিসাব প্রেরণ করিতে হইবে।

২৬. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৭. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বিঃ দ্রঃ-এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

**এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/৮**
[বিধি ৪ (৬) দ্রষ্টব্য]
**ক্লাব বার লাইসেন্স**
লাইসেন্স নম্বর ................................ তারিখ ..................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং...................................................... তারিখ:................................. এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ........................ কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার........................ তারিখের আবেদনের ভিত্তিতে বিদেশি/ বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় এর ক্লাব বার লাইসেন্স প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত ক্লাবের নাম :

২. ক্লাবের সভাপতি/সাধারণ সম্পাদকের নাম :

৩. ক্লাবের ঠিকানা :

৪. অনুমোদিত বিদেশি/বিলাতিমদ ও মদজাতীয় পানীয় এর রেজিস্ট্রেশনকৃত ব্র্যান্ডের নাম :

৫. অনুমোদিত বার পার্সোনেল এর নাম ও পদবি:

৬. সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধন নম্বর :

**শর্তাবলি:**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত নবায়ন ফি জমাদানপূর্বক নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০শে জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর ইহার কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর, স্থানান্তর কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা বার পার্সোনেল হিসাবে নিয়োগ প্রদান করা যাইবে না।

৫. সংশ্লিষ্ট জেলা বা মেট্রো বা বিশেষ জোন কার্যালয়ের অনুমোদন ছাড়া এই লাইসেন্সের আওতায় কোনো কার্যক্রম পরিচালনার জন্য কোনো অফিসার, ম্যানেজার, বার পার্সোনেল কিংবা অন্য কোনো ব্যক্তিকে নিয়োগ দেয়া যাইবে না।

৬. এই লাইসেন্সের আওতায় বার পার্সোনেল হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার শর্ত লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৭. ক্লাব লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

৮. ক্লাব লাইসেন্সে রেজিস্ট্রেশনপ্রাপ্ত ব্র্যান্ডের বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো প্রকার বিদেশি/বিলাতিমদ খুচরা বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

৯. লাইসেন্সে অনুমোদিত ব্যক্তি কিংবা রেজিষ্টার্ড বার পার্সোনেল ব্যতীত অন্য কেউ এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার বিদেশি/বিলাতিমদ ও মদজাতীয় পানীয় বিক্রয় বা পরিবেশন করিতে পারিবেন না।

১০. পারমিটধারী ক্লাব সদস্য ছাড়া অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো বিদেশি/বিলাতিমদ ও মদজাতীয় পানীয় বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

১১. লাইসেন্সের আওতায় বিক্রয় বা পরিবেশনের উদ্দেশ্যে সংরক্ষিত সকল বিলাতিমদ চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার বিষয়ে লাইসেন্সধারীকে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১২. এই লাইসেন্সের আওতায় ভেজালযুক্ত, বিষাক্ত, নিম্নশক্তির, বিবর্ণ কিংবা অন্য কোনোভাবে পরিবর্তিত বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় বিক্রয়, পরিবেশন ও সরবরাহ করা যাইবে না।

১৩. লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই কোনো ছোঁয়াচে রোগাক্রান্ত ব্যক্তিকে কিংবা ২১ বৎসরের নিম্নের বয়সের কোনো ব্যক্তিকে বিলাতীমদের বিক্রয়, পরিবেশন ও সরবরাহ কার্যক্রম পরিচালনা করিতে দেয়া যাইবে না।

১৪. লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই একমাত্র লাইসেন্সে বিলাতিমদ ব্যতীত অন্য কোনো প্রকার অ্যালকোহল কিংবা বিলাতিমদের উৎপাদনে ব্যবহৃত হইতে পারে এমন কোনো উপাদান বা উপকরণ সংরক্ষণ করা যাইবে না।

১৫. লাইসেন্সপ্রাপ্ত বার প্রাঙ্গণে মহাপরিচালকের অনুমোদন ব্যতীত কোনো অবস্থাতেই কোনোরূপ নাচ-গান কিংবা অন্য কোনোরকম বিনোদনের ব্যবস্থা করা যাইবে না।

১৬. এই বিধি দ্বারা নির্ধারিত সুরাশক্তির বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো প্রকার সুরাশক্তির বিলাতিমদ লাইসেন্সপ্রাপ্ত স্থানে মজুত, সংরক্ষণ, বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

১৭. কোনো অবস্থাতেই লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি কিংবা রেজিষ্টার্ড বার পার্সোনেল এই লাইসেন্সের অধীন কোনোরূপ কার্যক্রম পরিচালনা করিবার সময়ে অ্যালকোহল কিংবা অন্য কোনোরূপ নেশার দ্রব্য সেবন, অপ্রকৃতস্থ কিংবা নেশাগ্রস্ত হইতে পারবে না।

১৮. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি প্রতিবারই এই লাইসেন্সের অধীন বিক্রয় বা পরিবেশনের উদ্দেশ্যে সংগৃহীত বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় সরবরাহ পাইবার ৩ দিনের মধ্যে জেলা/মেট্রো/বিশেষ জোন কার্যালয়কে তৎসম্পর্কে লিখিতভাবে অবহিত করিবেন। জেলা/মেট্রো/বিশেষ জোন কার্যালয়ের অফিসার কিংবা তাহার প্রতিনিধি কর্তৃক যথাযথ যাচাই ব্যতীত কোনো অবস্থাতেই বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় এর কোনোরূপ বিক্রয়, সরবরাহ বা পরিবেশনের কার্য সম্পাদন করিতে পারিবেন না।

১৯. একমাত্র লাইসেন্সে অনুমোদিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় মদ সংরক্ষণ বা মজুদ করা যাইবে না।

২০. এই লাইসেন্সে উল্লিখিত বার কাউন্টার ছাড়া অন্য কোনো স্থানে বিলাতিমদ বিক্রয়, সরবরাহ ও পরিবেশন করা যাইবে না।

২১. একই ক্লাবে পৃথক পৃথক বার কাউন্টারে মদ পরিবেশন করিতে হইলে তাহার জন্য পৃথক পৃথক বার লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

২২. এই লাইসেন্সপ্রাপ্ত বার হইতে কোনো অবস্থাতে বার প্রাঙ্গনের বাহিরে মদ সরবরাহ বা পরিবেশন করা যাইবে না।

২৩. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এ লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রেমিসেস, স্থাপনা, বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয়, ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, ক্যাশমেমো, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

২৪. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এ লাইসেন্সের আওতাভুক্ত বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় মদের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং নির্ধারিত ফরমে প্রতি মাসের ১ তারিখ জেলা/মেট্রো/বিশেষ জোন কার্যালয়কে হিসাব প্রেরণ করিতে হইবে।

২৫. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৬. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করে কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

**বিঃ দ্রঃ-**এ লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

**এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/৯**

[বিধি ৪ (৬) দ্রষ্টব্য]

**হোটেল, রেস্তোঁরা, হোটেল-কাম-রেস্তোঁরা, বিনোদন কেন্দ্র, বন্দর, ইপিজেড, রিসোর্ট, থিমপার্ক, ক্লাব বার এর লেট ক্লোজিং লাইসেন্স**

লাইসেন্স নম্বর ................................ তারিখ .............................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং................................ তারিখঃ..................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ....................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার............................. তারিখের আবেদনের ভিত্তিতে বিলাতীমদের হোটেল, রেস্তোঁরা, হোটেল-কাম-রেস্তোঁরা, বিনোদন কেন্দ্র, বন্দর, ইপিজেড, রিসোর্ট, থিমপার্ক, ক্লাব বার এ লেট ক্লোজিং লাইসেন্স প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির নাম :
   প্রতিষ্ঠান/ক্লাবের নাম :
২. ব্যক্তি/প্রতিষ্ঠানের ঠিকানা :
   অফিস :
৩. ট্রেড লাইসেন্স নম্বর......................প্রদানকারী কর্তৃপক্ষ :................................
৪. হোটেল, রেস্তোঁরা, হোটেল-কাম-রেস্তোঁরা, বন্দর, ইপিজেড, বিনোদন কেন্দ্র, রিসোর্ট, থিমপার্ক এর লাইসেন্স নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) :...............................................
৫. কি কারণে লেট ক্লোজিং লাইসেন্স প্রদান করা হইলঃ
৬. লেট ক্লোজিং লাইসেন্সের সময়সীমা :
৭. বিক্রয়/পরিবেশনযোগ্য বিদেশি/বিলাতিমদ ও মদজাতীয় পানীয় এর বিবরণঃ
৮. অনুমোদিত বার পার্সোনেল এর নাম :

**শর্তাবলিঃ**

১। এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত নবায়ন ফি জমাদানপূর্বক নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২। এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর ইহার কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩। মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো কার্যক্রমে সম্পৃক্ত করা কিংবা বার পার্সোনেল হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫। জেলা বা মেট্রো বা বিশেষ জোন কার্যালয়ের অনুমোদন ব্যতীত এই লাইসেন্সের আওতায় কোনো কার্যক্রম পরিচালনার জন্য কোনো অফিসার, ম্যানেজার, বার পার্সোনেল কিংবা অন্য কোনো ব্যক্তিকে নিয়োগ দেওয়া যাইবে না।

৬। এই লাইসেন্সের আওতায় বার পার্সোনেল হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৭। লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় এর বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

৮। লাইসেন্সে বর্ণিত কারণ ছাড়া অন্য কোনো কারণে লেট ক্লোজিং সময়ে বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় এর বিক্রয়, সরবরাহ ও পরিবেশন করা যাইবে না।

৯। লাইসেন্সে অনুমোদিত লেট ক্লোজিং সময়সীমার অতিরিক্ত সময়ের জন্য বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় এর বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

১০। লেট ক্লোজিং সময়সীমার (নির্ধারিত সময়ের পরবর্তী ২ ঘন্টা) মধ্যে বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় এর বার খোলা রাখিবার কারণে আইন শৃঙ্খলা পরিস্থিতির কোনো ব্যত্যয় ঘটিলে কিংবা কোনো দুর্ঘটনা সংঘটিত হইলে কিংবা অন্য কোনো অনভিপ্রেত পরিস্থিতির সৃষ্টি হইলে তাহার যাবতীয় দায়-দায়িত্ব লাইসেন্সির উপর বর্তাইবে।

১১। লাইসেন্সি স্বয়ং কিংবা রেজিষ্টার্ড বার পার্সোনেল ব্যতীত অন্য কেউ এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার বিদেশি/বিলাতিমদ ও মদজাতীয় পানীয় বিক্রয় বা পরিবেশন করিতে পারিবেন না।

১২। একামাত্র পারমিটধারী ব্যক্তি কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার অধীনে স্বীকৃতিপ্রাপ্ত ব্যক্তি ছাড়া অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো বিলাতি মদ বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

১৩। লাইসেন্সধারীকে এই লাইসেন্সের আওতায় বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষিত সকল বিলাতিমদ চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৪। কোনো অবস্থাতেই এই লাইসেন্সের আওতায় ভেজালযুক্ত, বিষাক্ত, নিম্নশক্তির, বিবর্ণ কিংবা অন্য কোনোভাবে পরিবর্তিত বিলাতিমদ বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

১৫। কোনো অবস্থাতেই ২১ বৎসর বয়সের নিম্নের কাহারও নিকট বিলাতিমদ সরবরাহ বা পরিবেশন করা যাইবে না।

১৬। লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই কোনো ছোঁয়াচে রোগাক্রান্ত ব্যক্তিকে কিংবা কোনো মহিলাকে কিংবা ২১ বৎসরের নিম্ন বয়সের কোনো ব্যক্তিকে বিক্রয় বা পরিবেশন কার্য পরিচালনা করিতে দেওয়া যাইবে না।

১৭। লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই একমাত্র লাইসেন্সে অনুমোদিত প্রকারে বিলাতিমদ ব্যতীত অন্য কোনো প্রকার অ্যালকোহল কিংবা বিলাতীমদের উৎপাদনে ব্যবহৃত হইতে পারে এমন কোনো উপাদান বা উপকরণ সংরক্ষণ করা যাইবে না।

১৮। লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই কোনোরূপ নাচ-গান কিংবা অন্য কোনোরকম বিনোদনের ব্যবস্থা করা যাইবে না।

১৯। বিধি দ্বারা নির্ধারিত সুরাশক্তির বিলাতিমদ ব্যতীত অন্য কোনো প্রকার সুরাশক্তির বিলাতিমদ লাইসেন্সপ্রাপ্ত স্থানে মজুদ, সংরক্ষণ বা বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

২০। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি কিংবা রেজিষ্টার্ড সেল্সম্যান এই লাইসেন্সের অধীন কোনোরূপ কার্যক্রম পরিচালনা করিবার সময় কোনো অবস্থাতেই অ্যালকোহল কিংবা অন্য কোনোরূপ নেশা দ্রব্য সেবন, অপ্রকৃতস্থ কিংবা নেশাগ্রস্ত হইতে পারিবে না।

২১। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি প্রতিবারই এই লাইসেন্সের অধীন বিক্রয়ের উদ্দেশ্যে সংগৃহীত বিলাতীমদের সরবরাহ পাইবার ৪৮(আটচল্লিশ) ঘন্টার মধ্যে জেলা অফিসারকে তৎসম্পর্কে লিখিতভাবে অবহিত করিবেন। সংশ্লিষ্ট জেলা অফিসার কিংবা তাহার প্রতিনিধি কর্তৃক যথাযথ যাচাই ব্যতীত কোনো অবস্থাতেই বিলাতীমদের কোনোরূপ বিক্রয়ের/পরিবেশন কার্য নির্বাহ করা যাইবে না।

২২। একমাত্র লাইসেন্সে অনুমোদিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে বিলাতিমদ সংরক্ষণ বা মজুদ করা যাইবে না।

২৩। এই লাইসেন্সে অনুমোদিত বার/কাউন্টার ছাড়া অন্য কোনো স্থানে বা বারে বিলাতিমদ বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

২৪। একই হোটেলে/রেস্টুরেন্টে পৃথক পৃথক বার/কাউন্টার-এ মদ পরিবেশন করিতে হইলে তাহার জন্য পৃথক পৃথক বার লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

২৫। এই লাইসেন্স কোনো আবাসিক হোটেলের অধীনে হইলে কোনো অবস্থাতেই হোটেলের কোনো আবাসিক রুমে মদ পরিবেশন বা সরবরাহ করা যাইবে না।

২৬। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, বিলাতিমদ ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, ক্যাশমেমো, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

২৭। নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এ লাইসেন্সের আওতাভুক্ত বিলাতীমদের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২৮। লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৯। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

**বি: দ্র:**-এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করবেন।

**এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/১০**

[বিধি ৫ (৫) দ্রষ্টব্য]

**দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ ও মদজাতীয় পানীয় পানের পারমিট (অমুসলিম)**

পারমিট নম্বর ................................ তারিখ ..................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত জেলা, মেট্রো বা বিশেষ জোন কার্যালয়ের অফিসার এর অনুমোদনক্রমে .........................কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তিকে তাহার.................................তারিখের আবেদনের ভিত্তিতে দেশি মদ বা বিলাতি/বিদেশিমদ ও মদজাতীয় পানীয় পানের পারমিট (অমুসলিম) প্রদান করা হইল :

১. পারমিটপ্রাপ্ত ব্যক্তির নাম :

২. মাতার নাম :

৩. পিতার নাম :

৪. বয়স :

৫. পেশা :

৬. জাতীয়তা : জাতীয় পরিচয়পত্র নং :

৭. ধর্ম :

৮. মোবাইল নং :

৯. সনাক্তকরণ চিহ্ন :

১০. ঠিকানা :

১১. পারমিটের মেয়াদ :

১২. পারমিটে অন্তর্ভুক্ত অনুমোদিত মদের মাসিক পরিমাণ ও প্রকার :

১৩. যে দোকান/বার/ক্লাব/প্রতিষ্ঠান হইতে মদের সরবরাহ গ্রহণ/ক্রয় করিতে হইবে :

**শর্তাবলি:**

১. এই পারমিট বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত পারমিট ফি অগ্রিম পরিশোধপূর্বক পারমিটের জন্য আবেদন করিতে হইবে।

২. এই পারমিট ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা পারমিটে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. এই পারমিট হস্তান্তর বা স্থানান্তর করা যাইবে না।

৪. এই পারমিটে তালিকাভুক্ত বিলাতিমদ ব্যতীত অন্য কোনো প্রকার বিলাতিমদ ক্রয়, সংরক্ষণ বা পান করা যাইবে না।

৫. একমাত্র লাইসেন্সপ্রাপ্ত দোকান/বার/ক্লাব/প্রতিষ্ঠান ছাড়া অন্য কোনো স্থান কিংবা প্রতিষ্ঠানের নিকট হইতে এই পারমিটের আওতায় কোনো বিলাতিমদ ক্রয় করা যাইবে না।

৬. এই পারমিটে উল্লিখিত মাসিক পরিমাণের অতিরিক্ত বিলাতিমদ ক্রয় করা যাইবে না।

৭. এই পারমিটের আওতায় প্রতিবার মদ ক্রয়ের পর তাহা পারমিটের অপর পৃষ্ঠায় মাস, তারিখ ক্রয়কৃত মদের নাম, ক্রয়কৃত মদের পরিমাণ এবং বিক্রেতার স্বাক্ষরসহ এন্ট্রি করিতে হইবে।

৮. পারমিটধারী মদ পান করিয়া কখনও কোনো যানবাহন চালানো বা কলকারখানার যন্ত্রপাতি পরিচালনা করিতে পারিবেন না।

৯. পারমিটধারী কখনও প্রকাশ্যে জনসম্মুখে কিংবা ১৬ বৎসরের নিম্নের কোনো শিশু বা কিশোরের সম্মুখে মদ পান করিতে পারিবেন না।

১০. এই পারমিটের আওতায় ক্রয়কৃত সকল দেশি মদ বা বিলাতি/বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। ইহার কোনোরূপ ব্যত্যয় ঘটিলে তাহার দায়-দায়িত্ব পারমিটধারীর উপর বর্তাইবে।

১১. ইস্যুকারী কর্তৃপক্ষের বিশেষ অনুমোদন ব্যতিরেকে এ পারমিটের আওতায় ক্রয়কৃত মদ দ্বারা অনুরূপ পারমিটধারী নয় এমন কাহাকেও আপ্যায়ন করা যাইবে না। তবে দেশি মদ বা বিলাতি/বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় এর পারমিটধারী ব্যক্তি কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালায় পারমিট গ্রহণের বিধান হইতে রেয়াতপ্রাপ্ত ব্যক্তিকে এই পারমিটের আওতায় ক্রয়কৃত মদে আপ্যায়ন করা যাইবে।

১২. পারমিটপ্রাপ্ত ব্যক্তি কোনো প্রকাশ্য স্থান বা জনসম্মুখে মদপান করিতে পারিবেন না।

১৩. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় পারমিট, তাহার দ্বারা ক্রয়কৃত দেশি মদ বা বিলাতি/বিদেশিমদ ও মদজাতীয় পানীয় এবং তাহার মজুত পরীক্ষা, পরিদর্শন ও যাচাই কাজে পারমিটধারী সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১৪. পারমিট গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই পারমিটের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা পারমিটের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করে পারমিট বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

১৬. পারমিটে বর্ণিত দোকান/বার/ক্লাব/প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোনো লাইসেন্সপ্রাপ্ত দোকান/বার/ক্লাব/প্রতিষ্ঠান হইতে মদ ক্রয়/সংগ্রহ করা যাইবে না।

১৭. মেয়াদ শেষে পারমিটটি তাহার ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান করিতে হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্র:-এই পারমিট দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে পারমিটধারী তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই পারমিটের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**পারমিটের অপর পৃষ্ঠা**

| মাসের নাম | ক্রয়ের তারিখ | মদের নাম ও পরিমাণ | বিক্রয়কারীর স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

**ফরম-৩/১১**

[বিধি ৫ (৫) দ্রষ্টব্য]

**দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ এবং মদ জাতীয় পানীয় পানের পারমিট (স্বাস্থ্যগত কারণে মুসলিমদের জন্য)**

পারমিট নম্বর ................................ তারিখ ..................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত জেলা, মেট্রো বা বিশেষ জোন কার্যালয়ের অফিসার এর অনুমোদনক্রমে ............................কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তিকে তাহার.............................তারিখের আবেদনের ভিত্তিতে দেশি মদ বা বিলাতি/বিদেশিমদ এবং মদজাতীয় পানীয় পানের পারমিট (স্বাস্থ্যগত কারণে) প্রদান করা হইল :

১. পারমিটপ্রাপ্ত ব্যক্তির নাম :

২. মাতার নাম :

৩. পিতার নাম :

৪. বয়স :

৫. পেশা :

৬. জাতীয়তা : জাতীয় পরিচয়পত্র নং :

৭. মোবাইল নং :

৮. ধর্ম :

৯. সনাক্তকরণ চিহ্ন :

১০. ঠিকানা :

১১. যে মেয়াদের জন্য পারমিট প্রদান করা হইল :

১২. স্বাস্থ্যগত যে কারণে পারমিট প্রদান করা হইল :

১৩. পারমিটের অন্তর্ভুক্ত মদের অনুমোদিত পরিমাণ ও প্রকার :

১৪. যে দোকান/বার/ক্লাব/প্রতিষ্ঠান হইতে মদের সরবরাহ গ্রহণ করিতে হইবে :

**শর্তাবলি:**

১. পারমিট বাবদ বার্ষিক নির্ধারিত পারমিট ফি অগ্রিম পরিশোধপূর্বক পারমিট গ্রহণের জন্য আবেদন করিতে হইবে। বৎসরের যে কোনো অংশের জন্য একই পরিমাণ পারমিট ফি অগ্রিম পরিশোধ করিতে হইবে।

২. সাধারণত এই পারমিট ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা পারমিটে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে।

৩. যে স্বাস্থ্যগত কারণের জন্য এই পারমিট প্রদান করা হইল উক্ত স্বাস্থ্যগত কারণ দূরীভূত হইলে পারমিটধারী অবিলম্বে পারমিটটি ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট সমর্পণ করিবেন।

৪. এই পারমিট হস্তান্তর বা স্থানান্তর করা যাইবে না।

৫. এই পারমিটে তালিকাভুক্ত দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ এবং মদ জাতীয় পানীয় পানের পারমিট ব্যতীত অন্য কোনো প্রকার দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ এবং মদ জাতীয় পানীয় পানের পারমিট ক্রয়, সংরক্ষণ বা পান করা যাইবে না।

৬. লাইসেন্সপ্রাপ্ত দোকান/বার/ক্লাব/প্রতিষ্ঠান ছাড়া অন্য কোনো স্থান কিংবা প্রতিষ্ঠানের নিকট হইতে এ পারমিটের আওতায় কোনো দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ এবং মদ জাতীয় পানীয় ক্রয় করা যাইবে না।

৭. এই পারমিটের আওতায় প্রতিবার দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ এবং মদ জাতীয় পানীয় ক্রয়ের পর তাহা পারমিটের অপর পৃষ্ঠায় মাস, তারিখ ক্রয়কৃত মদের নাম, ক্রয়কৃত মদের পরিমাণ এবং বিক্রেতাহার স্বাক্ষরসহ এন্ট্রি করিতে হইবে।

৮. এই পারমিটে অনুমোদিত পরিমাণের অতিরিক্ত দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ এবং মদ জাতীয় পানীয় মদ ক্রয় করা যাইবে না।

৯. পারমিটধারী মদ পান করিয়া কখনও কোনো যানবাহন চালানো বা কলকারখানার যন্ত্রপাতি পরিচালনা করিতে পারিবেন না।

১০. পারমিটধারী কখনও প্রকাশ্যে জনসম্মুখে কিংবা ১৬ বৎসরের নিম্নের কোনো শিশু বা কিশোরের সম্মুখে মদ পান করিতে পারিবেন না।

১১. এই পারমিটের আওতায় ক্রয়কৃত সকল দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ এবং মদ জাতীয় পানীয় মদ চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। উহার কোনোরূপ ব্যত্যয় ঘটলে তাহার দায়-দায়িত্ব পারমিটধারীর উপর বর্তাইবে।

১২. এই পারমিটের আওতায় ক্রয়কৃত দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ এবং মদ জাতীয় পানীয় কোনো অবস্থাতেই অন্যের নিকট বিক্রয় কিংবা অন্যকে হস্তান্তর করা যাইবে না।এই পারমিটের আওতায় ক্রয়কৃত দেশিমদ কখনও নিজ দখল কিংবা নিজের বাসগৃহ ও কর্মস্থল ছাড়া অন্যের বাসগৃহ বা কর্মস্থলে কোনোরূপ স্থানান্তর, মজুদ বা সংরক্ষণ করা যাইবে না।

১৩. এই পারমিটের আওতায় ক্রয়কৃত দেশি মদ বা বিলাতি/বিদেশিমদ এবং মদ জাতীয় পানীয় দ্বারা কাহাকেও আপ্যায়ন করা যাইবে না।

১৪. এই পারমিটের আওতায় ক্রয়কৃত দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ এবং মদ জাতীয় পানীয় একমাত্র চিকিৎসকের ব্যবস্থাপত্রের নির্দেশনা মোতাবেক সেবন করিতে হইবে।

১৫. পারমিটপ্রাপ্ত ব্যক্তি মদ পান করিয়া কোনো প্রকাশ্য স্থান বা জনসম্মুখে নেশাগ্রস্ত বা অপ্রকৃতস্থ হইতে পারিবেন না।

১৬. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই পারমিট, তাহার আওতাভুক্ত দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ এবং মদ জাতীয় পানীয় এবং তাহার মজুত, পরীক্ষা, পরিদর্শন ও যাচাই কাজে পারমিটধারী সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

১৭. পারমিট গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই পারমিটের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৮ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা পারমিটের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া পারমিট বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

১৯. মেয়াদ শেষে পারমিটটি তাহার ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান করিতে হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্র:-এই পারমিট দুই কপিতে (মুড়ি কপি সহ) প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে পারমিটধারী তাহার শর্তবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই পারমিটের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**পারমিটের অপর পৃষ্ঠা**

| মাসের নাম | ক্রয়ের তারিখ | মদের নাম ও পরিমাণ | বিক্রয়কারীর স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

**ফরম-৩/১২**

[বিধি ৫(৫) দ্রষ্টব্য]

**দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ ও মদজাতীয় পানীয় পানের পারমিট (বিদেশি নাগরিক)**

পারমিট নম্বরঃ................................ তারিখঃ.......................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত জেলা, মেট্রো বা বিশেষ জোন কার্যালয়ের অফিসার এর অনুমোদনক্রমে.........................কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তিকে (বিদেশি নাগরিক) তাহার........................তারিখের আবেদনের ভিত্তিতে দেশি মদ বা বিলাতি/বিদেশিমদ ও মদজাতীয় পানীয় পানের পারমিট প্রদান করা হইল :

১. ব্যক্তির (বিদেশি নাগরিক) নাম :

২. মাতার নামঃ

৩. পিতার নাম :

৪. বয়স :

৫. পেশা :

৬. জাতীয়তা : পাসপোর্ট নং :

৭. ধর্ম :

৮. সনাক্তকরণ চিহ্ন :

১০. নিজ দেশের ঠিকানা :

১১. বাংলাদেশে অবস্থানকালীন ঠিকানা :

১২. বাংলাদেশে অবস্থানকালীন মেয়াদ :

১৩. পারমিটের মেয়াদ :................................ হইতে ............................... পর্যন্ত।

**শর্তাবলিঃ**

১. পারমিট বাবদ বার্ষিক নির্ধারিত পারমিট ফি অগ্রিম পরিশোধপূর্বক পারমিট গ্রহণের জন্য আবেদন করিতে হইবে। বৎসরের যে কোনো অংশের জন্য একই পরিমাণ পারমিট ফি অগ্রিম পরিশোধ করিতে হইবে।

২. এই পারমিট ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা পারমিটে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। এই পারমিট কোনোভাবেই নবায়নযোগ্য নয়।

৩. এই পারমিট হস্তান্তর করা যাইবে না।

৪. এই পারমিটে অনুমোদিত দেশিমদ বা বিদেশি/বিলাতিমদ বা মদ জাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো অ্যালকোহল ক্রয়, সংরক্ষণ বা পান করা যাইবে না।

৫. একমাত্র লাইসেন্সপ্রাপ্ত দোকান/বার/ক্লাব/প্রতিষ্ঠান ছাড়া অন্য কোনো স্থান কিংবা প্রতিষ্ঠানের নিকট হইতে এই পারমিটের আওতায় কোনো দেশিমদ বা বিদেশি/বিলাতিমদ বা মদ জাতীয় পানীয় ক্রয় বা সংগ্রহ করা যাইবে না।

৬. এই পারমিটে উল্লিখিত পরিমাণের অতিরিক্ত দেশিমদ বা বিদেশি/বিলাতিমদ বা মদজাতীয় পানীয় ক্রয় করা যাইবে না।

৭. এই পারমিটের আওতায় প্রতিবার মদ ক্রয়ের পর তাহা পারমিটের অপর পৃষ্ঠায় মাস, তারিখ, দোকান/প্রতিষ্ঠানের নাম, ক্রয়কৃত মদের নাম, ক্রয়কৃত মদের পরিমাণ এবং বিক্রেতার স্বাক্ষরসহ এন্ট্রি করিতে হইবে।

৮. পারমিটধারী মদ পান করিয়া কোনো যানবাহন চালানো বা কলকারখানার যন্ত্রপাতি পরিচালনা করিতে পারিবেন না।

৯. পারমিটধারী প্রকাশ্যে, জনসম্মুখে কিংবা লাইসেন্সবিহীন কোনো হোটেল বা রেস্টুরেন্টে বা ১৬ বছরের নিম্নের কোনো শিশু বা কিশোরের সম্মুখে মদ্য পান করিতে পারিবেন না।

১০. এই পারমিটের আওতায় ক্রয়কৃত দেশিমদ বা বিদেশি/বিলাতিমদ বা মদজাতীয় পানীয় চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। ইহার কোনোরূপ ব্যত্যয় ঘটিলে তাহার দায়-দায়িত্ব পারমিটধারীর উপর বর্তাইবে।

১১. এই পারমিটের আওতায় ক্রয়কৃত দেশিমদ  কোনো অবস্থাতেই অন্যের নিকট বিক্রয় কিংবা অন্যকে হস্তান্তর করা যাইবে না।এই পারমিটের আওতায় ক্রয়কৃত দেশিমদ কখনও নিজ দখল কিংবা নিজের বাসগৃহ ও কর্মস্থল ছাড়া অন্যের বাসগৃহ বা কর্মস্থলে কোনোরূপ স্থানান্তর, মজুদ বা সংরক্ষণ করা যাইবে না।

১২. প্রদানকারী কর্তৃপক্ষের (ইস্যুকারী) অনুমোদন ব্যতিরেকে এই পারমিটের আওতায় ক্রয়কৃত মদ দ্বারা অন্য কাহাকেও আপ্যায়ন করা যাইবে না। দেশিমদ বা বিদেশি/বিলাতিমদ বা মদজাতীয় পানীয় পারমিটধারী ব্যক্তি কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালায় পারমিট গ্রহণের বিধান হইতে রেয়াতপ্রাপ্ত ব্যক্তি ব্যতীত অন্য কাহাকেও এই পারমিটের মদ দ্বারা আপ্যায়ন করা যাইবে না।

১৩. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই পারমিট তাহার আওতাভুক্ত দেশিমদ বা বিদেশি/বিলাতিমদ বা মদজাতীয় পানীয় এবং ইহার মজুদ, পরীক্ষা, পরিদর্শন ও যাচাই কাজে পারমিটধারী সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

১৪. এই পারমিটের লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই পারমিটের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা পারমিটের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করে পারমিট বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

১৬. মেয়াদ শেষে অবশ্যই পারমিটটি তাহার প্রদানকারী কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান করিতে হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বিঃ দ্রঃ-এই পারমিট দুই কপিতে (মুড়ি কপি সহ) প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে পারমিটধারী তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

**এই পারমিটের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**পারমিটের অপর পৃষ্ঠা**

| মাসের নাম | ক্রয়ের তারিখ | মদের নাম ও পরিমাণ | বিক্রয়কারীর স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

**ফরম-৩/১৩**

[বিধি ৯ (১) দ্রষ্টব্য]

**দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ ও মদজাতীয় পানীয় পানের পারমিট (বিশেষ দিন বা উৎসব উপলক্ষে)**

**পারমিট নম্বর ................................ তারিখ ..................**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত জেলা বা মেট্রো বা বিশেষ জোন কার্যালয়ের অফিসার এর অনুমোদনক্রমে ....................................................কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার.............................তারিখের আবেদনের ভিত্তিতে বিশেষ দিন বা উৎসব উপলক্ষে দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ ও মদজাতীয় পানীয় পানের পারমিট (বিশেষ দিন বা উৎসব উপলক্ষে) প্রদান করা হইল :

১. পারমিটপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম :

২. মাতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে):

৩. পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :

৪. বয়স :

৫. পেশা :

৬. জাতীয়তা : জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট নং (প্রযোজ্য ক্ষেত্রে):

৭. ধর্ম :

৮. সনাক্তকরণ চিহ্ন :

৯. ঠিকানা :

১০. যে মেয়াদের জন্য পারমিট প্রদান করা হইল :

১১. যে বিশেষ দিন বা উৎসব উপলক্ষে পারমিট প্রদান করা হইল:

১২. উৎসব/অনুষ্ঠানের স্থান ও সময়কাল :

**শর্তাবলি:**

১. পারমিট বাবদ বার্ষিক নির্ধারিত পারমিট ফি অগ্রিম পরিশোধপূর্বক পারমিট গ্রহণের জন্য আবেদন করিতে হইবে। বৎসরের যে কোনো অংশের জন্য একই পরিমাণ পারমিট ফি অগ্রিম পরিশোধ করিতে হইবে।

২. এই পারমিট উহার মেয়াদ পর্যন্ত বহাল থাকিবে এবং উহা কোনোভাবে নবায়নযোগ্য নয়।

৩. এই পারমিট হস্তান্তর করা যাইবে না।

৪. এই পারমিটে অনুমোদিত দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো প্রকার অ্যালকোহল ক্রয়, সংরক্ষণ বা পান করা যাইবে না।

৫. একমাত্র লাইসেন্সপ্রাপ্ত দোকান/প্রতিষ্ঠান ছাড়া অন্য কোনোস্থান কিংবা প্রতিষ্ঠানের নিকট হইতে এই পারমিটের আওতায় কোনো দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় ক্রয় করা যাইবে না।

৬. এই পারমিটে উল্লিখিত পরিমাণের অতিরিক্ত দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় ক্রয় করা যাইবে না।

৭. প্রকাশ্যে জনসমক্ষে কিংবা ১৬ বছরের নিম্নের কোনো শিশু বা কিশোরের সম্মুখে এই পারমিটের আওতায় কোনো প্রকার মদ পান কিংবা পরিবেশন করা যাইবে না।

৮. এই পারমিটের আওতায় ২১ বছরের নিম্নের কোনো ব্যক্তিকে মদ পরিবেশন করা যাইবে না।

৯. এই পারমিটের আওতায় ক্রয়কৃত দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় চুরি যাওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। ইহার কোনোরূপ ব্যত্যয় ঘটিলে তাহার দায়-দায়িত্ব লঙ্ঘনকারী ব্যক্তিসহ পারমিটধারীর উপর বর্তাইবে।

১০. এই পারমিটের আওতায় ক্রয়কৃত দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ এবং মদ জাতীয় পানীয় কোনো অবস্থাতেই অন্যের নিকট বিক্রয় কিংবা অন্যকে হস্তান্তর করা যাইবে না। এই পারমিটের আওতায় ক্রয়কৃত মদ কখনও নিজ দখল কিংবা নিজের বাসগৃহ ও কর্মস্থল ছাড়া অন্যের বাসগৃহ বা কর্মস্থলে কোনোরূপ স্থানান্তর, মজুদ বা সংরক্ষণ করা যাইবে না।

১১. দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় পারমিটধারী ব্যক্তি কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালায় পারমিট গ্রহণের বিধান হইতে রেয়াতপ্রাপ্ত ব্যক্তি ব্যতীত অন্য কাহাকেও এই পারমিটের আওতায় মদ পরিবেশন করা যাইবে না।

১২. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই পারমিট, ইহার আওতাভুক্ত দেশিমদ বা বিলাতি/বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় এবং ইহার মজুদ পরীক্ষা, পরিদর্শন ও যাচাই কাজে পারমিটধারী সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

১৩. এই পারমিট গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই পারমিটের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

১৫. মেয়াদ শেষে পারমিটটি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

**বিঃ দ্রঃ-**এই পারমিট দুই কপিতে (মুড়ি কপিসহ) প্রদান করা হইবে এবং পারমিট গ্রহণকারী অফিস কপিতে শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই পারমিটের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**পারমিটের অপর পৃষ্ঠা**

| মাসের নাম | ক্রয়ের তারিখ | মদের নাম ও পরিমাণ | বিক্রয়কারীর স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

**ফরম-৩/১৪**

[বিধি ৯ (২) দ্রষ্টব্য]

**খ্রিষ্টান সম্প্রদায়ের ধর্মীয় অনুষ্ঠানে স্যাকরামেন্টাল ওয়াইন ব্যবহারের বিশেষ পারমিট**

**পারমিট নম্বর ........................তারিখ........................**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত জেলা, মেট্রো বা বিশেষ জোন কার্যালয়ের অফিসার এর অনুমোদনক্রমে ....................................................কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার.............................তারিখের আবেদনের ভিত্তিতে খ্রিষ্টান সম্প্রদায়ের ধর্মীয় অনুষ্ঠানে স্যাকরামেন্টাল ওয়াইন ব্যবহারের বিশেষ পারমিট প্রদান করা হইল :

১. ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম :

২ মাতার নামঃ

৩. পিতার নাম

৪. পদমর্যাদা:

৫। জাতীয়তা .............জাতীয় পরিচয়পত্র নং /পাসপোর্ট (যদি থাকে) : ..................

৬. ঠিকানা :

৭. পারমিটে অন্তর্ভুক্ত স্যাকরামেন্টাল ওয়াইনের পরিমাণ :

৮. যে দোকান/প্রতিষ্ঠান হইতে স্যাকরামেন্টাল ওয়াইনের সরবরাহ গ্রহণ করিবেন :

৯. পারমিটের মেয়াদ :

**শর্তাবলিঃ**

১. এই পারমিট বাবদ কোনো পারমিট ফি পরিশোধ করিতে হইবে না।

২. এই পারমিটে উল্লিখিত মেয়াদ পর্যন্ত ইহা বহাল থাকিবে।

৩. এই পারমিট হস্তান্তর করা যাইবে না।

৪. এই পারমিটে অনুমোদিত স্যাকরামেন্টাল ওয়াইন ব্যতীত অন্য কোনো প্রকার মদ ক্রয়, সংরক্ষণ বা ব্যবহার করা যাইবে না।

৫. একমাত্র লাইসেন্সপ্রাপ্ত দোকান/প্রতিষ্ঠান ছাড়া অন্য কোনো স্থান কিংবা প্রতিষ্ঠানের নিকট হইতে এই পারমিটের আওতায় কোনো স্যাকরামেন্টাল ওয়াইন ক্রয় করা যাইবে না।

৬. এই পারমিটে উল্লিখিত পরিমাণের অতিরিক্ত স্যাকরামেন্টাল ওয়াইন ক্রয় করা যাইবে না।

৭. এই পারমিটের আওতায় ক্রয়কৃত স্যাকরামেন্টাল ওয়াইন ব্যবহারের হিসাব অপর পৃষ্ঠায় বর্ণিত ছক মোতাবেক সংরক্ষণ করিতে হইবে।

৮. এই পারমিটের আওতায় ক্রয়কৃত স্যাকরামেন্টাল ওয়াইন চুরি যাওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। উহার কোনোরূপ ব্যত্যয় ঘটিলে দায়-দায়িত্ব পারমিটধারীর উপর বর্তাইবে।

৯. এই পারমিটের আওতায় ক্রয়/তৈরিকৃত স্যাকরামেন্টাল ওয়াইন পারমিটধারী ব্যক্তি কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালায় পারমিট গ্রহণের বিধান হইতে রেয়াতপ্রাপ্ত ব্যক্তি কিংবা ধর্মীয় অনুষ্ঠানে উপস্থিত খ্রিষ্টান সম্প্রদায়ের কোনো ব্যক্তি ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে সরবরাহ করা যাইবে না।

১০. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই পারমিট, তাহার আওতাভুক্ত স্যাকরামেন্টাল ওয়াইন এবং ইহার মজুদ পরীক্ষা, পরিদর্শন ও যাচাই কাজে পারমিটধারী সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১১. এই পারমিট গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১২. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

১৩. মেয়াদ শেষে পারমিটটি ইহার প্রদানকারী কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান করিতে হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্র:-এই পারমিট দুই কপিতে (মুড়ি কপিসহ) প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে পারমিটধারী ইহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই পারমিটের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**পারমিটের অপর পৃষ্ঠা**

| মাসের নাম | ক্রয়ের তারিখ | স্যাকরামেন্টাল ওয়াইনের নাম ও পরিমাণ | বিক্রয়কারীর স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

**ফরম-৩/১৫**

[বিধি ৪৩ (৪) দ্রষ্টব্য]

**মদ ও মদ জাতীয় পানীয় আমদানি/রপ্তানির পূর্বানুমতি**

**ছাড়পত্র নম্বর ......................তারিখ............................**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং.................................. তারিখ:....................................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ........................ কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার........................ তারিখের আবেদনের ভিত্তিতে মদ ও মদ জাতীয় পানীয় আমদানি/রপ্তানির পূর্বানুমতি প্রদান করা হইল:

১। প্রতিষ্ঠানের নাম :

২। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম :

৩। প্রতিষ্ঠানের ঠিকানা :

অফিস :

ব্যবসা স্থান :

৪। টিআইএন :

৫। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক আমদানি/রপ্তানির লাইসেন্স নং :......... মেয়াদকাল : ........

৬। আমদানি/রপ্তানির নিবন্ধন সনদপত্র নম্বর :............ প্রদানকারী কর্তৃপক্ষ:.................

৭। আমদানি /রপ্তানির জন্য অনুমোদিত মদ ও মদ জাতীয় পানীয় এর বিবরণ ও পরিমাণ :

৮। মোট মূল্য (দেশীয়/বৈদেশিক মুদ্রায়) :

৯। অর্থের উৎস:

১০। আমদানি /রপ্তানি রুট :

১১। প্রবেশ বন্দর/নির্গমন বন্দর:

১২। ইনডেন্টরের নাম, ঠিকানা ও লাইসেন্স নম্বর:

১৩। ছাড়পত্রের মেয়াদ :

১৪। যে দেশ হইতে আমদানি/যে দেশে রপ্তানি করা হইবে :

১৫। আমদানিকারক/রপ্তানিকারক বিদেশি প্রতিষ্ঠানের নাম, ঠিকানা :

**শর্তাবলি:**

১. ইস্যুর তারিখ হইতে এই ছাড়পত্রের মেয়াদ হইবে তিন মাস।

২. নির্ধারিত সময়ের মধ্যে এই ছাড়পত্র ব্যবহার করা না হইলে তাহা বাতিল বলিয়া গণ্য হইবে। উপযুক্ত কারণ দর্শাইলে প্রদানকারী কর্তৃপক্ষ উহার মেয়াদকাল তিন মাস পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন। তবে একবারের বেশী কোনো ছাড়পত্রের মেয়াদকাল বর্ধিত করা যাইবে না।

৩. এই ছাড়পত্র হস্তান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই ছাড়পত্রের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫. এই ছাড়পত্রের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ তদধীন প্রণীত বিধিমালা কিংবা ছাড়পত্রের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি ছাড়পত্রধারীর স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার শর্ত লঙ্ঘনকারী ব্যক্তিসহ ছাড়পত্রধারীর উপর বর্তাইবে।

৬. এই ছাড়পত্রে বর্ণিত রুট ও বন্দর ব্যতীত অন্য কোনো রুট বা বন্দরের মাধ্যমে মদ ও মদ জাতীয় পানীয় আমদানি করা যাইবে না।

৭. এই ছাড়পত্রে অনুমোদিত মদ ও মদ জাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো প্রকার মদ ও মদ জাতীয় পানীয় আমদানি করা যাইবে না।

৮. ছাড়পত্রধারী ব্যক্তি স্বয়ং কিংবা তাহার নিযুক্ত এবং মহাপরিচালকের অনুমোদিত ইনডেন্টর ব্যতীত অন্য কেউ তাহার পক্ষে এই ছাড়পত্রের আওতাভুক্ত কোনো প্রকার মদ ও মদজাতীয় পানীয় আমদানি করিতে পারিবে না।

৯. এই ছাড়পত্রের আওতায় আমদানিকৃত মদ ও মদজাতীয় পানীয় যথাযথ লাইসেন্সধারীদের নিকট পাইকারি বিক্রয়/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার অধীন অনুমোদিত ব্যক্তিদের নিকট সরবরাহ ব্যতীত অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট কোনোরূপ বিক্রয় বা হস্তান্তর বা সরবরাহ করা যাইবে না।

১০. এই ছাড়পত্রের আওতায় কোনো আমদানি, রপ্তানি বা পাইকারি বিক্রয় করিতে হইলে সরকারের বৈদেশিক মুদ্রা সংক্রান্ত নীতিমালা, আমদানি, রপ্তানি নীতিমালা এবং সরকারের শুল্ক, আবগারী ও ভ্যাট সংক্রান্ত নীতি ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

১১. দেশের বা বিদেশের বৈধ প্রতিষ্ঠান বা ব্যক্তির সঙ্গে এ দেশের/বিদেশের প্রচলিত আইনের বিধান পালন করতঃ এই ছাড়পত্রের আওতায় **মদ ও মদ জাতীয় পানীয়** আমদানি ও রপ্তানি সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করা যাইবে।

১২. এই ছাড়পত্রের অধীনে একবার মাত্র মদ ও মদ জাতীয় পানীয় আমদানি করা যাইবে। ছাড়পত্রধারী কোনো মদ ও মদ জাতীয় পানীয় আমদানির পর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত অফিসারকে লিখিতভাবে রিপোর্ট করিবেন এবং উক্ত অফিসারের ব্যক্তিগত উপস্থিতি ও পরীক্ষা-নিরীক্ষা ব্যতীত মদ ও মদ জাতীয় পানীয় এর মোড়ক খুলিতে বা তাহা হইতে কোনো কিছু বিক্রয়, কিংবা হস্তান্তর করিতে পারিবেন না।

১৩. এই ছাড়পত্রের মাধ্যমে আমদানি /রপ্তানির ক্ষেত্রে যাবতীয় আর্থিক ও আইনগত দায়-দায়িত্ব আমদানি /রপ্তানিকারকের উপর বর্তাইবে।

১৪. এই ছাড়পত্রে বর্ণিত দেশ, কোম্পানি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোনো দেশ, কোম্পানি বা প্রতিষ্ঠান হইতে মদ ও মদ জাতীয় পানীয় আমদানি /রপ্তানি করা যাইবে না এবং বর্ণিত রুট এবং প্রবেশ/নির্গম বন্দর ব্যতীত অন্য কোনো রুট বা বন্দর ব্যবহার করা যাইবে না।

১৫. এই ছাড়পত্র গ্রহণকালে তাহার পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই ছাড়পত্রের কোনো শর্ত কিংবা মহাপরিচালকের কোনো আদেশ লঙ্ঘন করিলে বিধি মোতাবেক এই ছাড়পত্র প্রদানকারী কর্তৃপক্ষ উপযুক্ত কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া তাহা বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিত রাখিতে পারিবেন।

১৬. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা ছাড়পত্রের শর্ত ভঙ্গের কারণে ছাড়পত্র বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

**বি: দ্র:-** এই ছাড়পত্র দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই ছাড়পত্রের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/১৬**

[বিধি ৪৪ দ্রষ্টব্য]

**মদ ও মদ জাতীয় পানীয় আমদানির শুল্ক খালাসের ছাড়পত্র**

**ছাড়পত্র নম্বর ...........................তারিখ.............................**

অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধি ................................... এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ..............................নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার/উহার ..........................তারিখের ------------------ আবেদনের প্রেক্ষিতে এতদ্দ্বারা আমদানিকৃত মাদকদ্রব্য......................... এর শুল্ক খালাসের ছাড়পত্র প্রদান করিল:

১। শুল্ক খালাসের ছাড়পত্রপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম:-------------------------------------

২। ঠিকানা :

অফিস: ---------------------------------------------------------------------

ব্যবসা স্থান: --------------------------------------------------------------

৩। আমদানি লাইসেন্স নং: -----------------------------------------------------

প্রদানকারী কর্তৃপক্ষ: ---------------------------------------------------------

৪। আমদানিকারকের নাম: --------------------------------------------------

প্রতিষ্ঠানের নাম: ---------------------------------------------------------

ঠিকানা: ---------------------------------------------------------------------

৫। ইনভয়েস নং ও তারিখ:

৬। বিল অব লেডিং (বিএল) নং : -------------------------------------------------

৭। মদ ও মদ জাতীয় পানীয় এর নাম ও পরিমাণ

**শর্তাবলি:**

১. এই আমদানিকৃত মাদকদ্রব্যের শুল্ক খালাসের ছাড়পত্র অন্য কাহাকেও হস্তান্তর করা যাইবে না।

২. এই শুল্ক খালাসের ছাড়পত্র একবারের বেশি ব্যবহার করা যাইবে না।

৩. আমদানিকৃত মাদকদ্রব্য বা উহার উপাদান, উপকরণ এই শুল্ক খালাসের ছাড়পত্রের জন্য আবেদনপত্রে উল্লিখিত উদ্দেশ্য ব্যতীত অন্য কোনোরূপে ব্যবহার করা যাইবে না।

৪. যে কোনো যুক্তিসংগত কারণে এই শুল্ক খালাসের ছাড়পত্রের কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে উহার প্রদানকারী কর্তৃপক্ষ বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিত রাখিতে পারিবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

* শুল্ক খালাসের এই ছাড়পত্রের উপরের দিকে বাম কোণে প্রদানকারী কর্মকর্তার অফিসের সীল মোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে উহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

* কোনো কারণে এই শুল্ক খালাসের ছাড়পত্রের ব্যবহার করা না হইলে উহা অবশ্যই সময়সীমা পার হইবার পর প্রদানকারী কর্তৃপক্ষের নিকট ফেরত প্রদান করিতে হইবে।

**ফরম-৩/১৭**

[বিধি ১৮ (৫) দ্রষ্টব্য]

**ডিস্টিলারি লাইসেন্স**

লাইসেন্স নম্বর ..................................তারিখ....................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং...................................... তারিখ:................................. এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ....................................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার...................... তারিখের....................................আবেদনের ভিত্তিতে ডিস্টিলারি লাইসেন্স প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের নাম :
প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম :

২. প্রতিষ্ঠানের ঠিকানা :
অফিস :
ব্যবসাস্থল:
ডিস্টিলারির ঠিকানা :

৩. ট্রেড লাইসেন্স নং :

৪. বিডা/বিসিকের রেজিঃ নং :

৫. টিআইএন:

৬. ডিস্টিলারিতে উৎপাদনযোগ্য অ্যালকোহল/অ্যালকোহলিক বেভারেজ এর বিবরণ :

৭. অনুমোদিত কেমিস্ট এর নাম:

**শর্তাবলি:**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। লাইসেন্স নবায়নের ক্ষেত্রে বিদ্যমান লাইসেন্স ফিস বিধিমালা ব্যত্যয়ে কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে ।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর, স্থানান্তর কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪. এই লাইসেন্সের শর্তাবলি এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর অধীন বিদ্যমান সংশ্লিষ্ট বিধিমালা প্রতিপালনের এবং সরকারি পাওনা পরিশোধের নিশ্চয়তা হিসাবে ডিস্টিলারির জমি, ভবন, যন্ত্রপাতি এবং অন্যান্য সকল স্থাপনা এবং সকল মালামাল ও সম্পদ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট দায়বদ্ধ থাকিবে মর্মে সিউরিটি বন্ড সম্পাদন করিতে হইবে। ডিস্টিলারির উৎপাদন কার্যক্রম আরম্ভ হইবার এক মাসের মধ্যে উক্তরূপ সিউরিটি বন্ড সম্পাদন করিতে হইবে।

৫. এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে ডিস্টিলারির কার্যক্রম পরিচালনা করা যাইবে না।

৬. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৭. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার শর্ত লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৮. এই লাইসেন্সে অনুমোদিত প্রকারের অ্যালকোহল ব্যতীত অন্য কোনো অ্যালকোহল/ অ্যালকোহলিক বেভারেজ উৎপাদন করা যাইবে না।

৯. মহাপরিচালক অনুমোদিত যন্ত্রপাতি, কাঁচামাল ও উপকরণ ব্যবহার এবং উৎপাদন পদ্ধতি ও রেসিপি অনুসরণপূর্বক অ্যালকোহল উৎপাদন করিতে হইবে।

১০. অনুমোদিত কেমিস্টের প্রত্যক্ষ তত্ত্বাবধান এবং প্রশিক্ষিত জনবল ব্যবহার ব্যতীত এ লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার অ্যালকোহল উৎপাদন করা যাইবে না।

১১. ডিস্টিলারিতে উৎপাদিত অ্যালকোহল বিক্রয়ের জন্য ডিস্টিলারির লাইসেন্স ছাড়াও পাইকারি বিক্রয়ের লাইসেন্স এবং ডিস্টিলারির বাইরে পৃথক অন্য কোনো স্থানে মজুদ বা বিক্রয় করিতে হইলে পৃথকভাবে মজুদ ও বিক্রয় লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

১২. মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে এই লাইসেন্সের আওতাভুক্ত ডিস্টিলারির লে-আউট প্লান, স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম ইত্যাদির কোনোরূপ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বিয়োজন করা যাইবে না।

১৩. এই লাইসেন্সের আওতায় অ্যালকোহল উৎপাদন কার্যক্রম পরিচালনার পূর্বে অ্যালকোহল উৎপাদনের উদ্দেশ্যে ব্যবহার্য কাঁচামাল, উপকরণ, রাসায়নিক দ্রব্য, ইত্যাদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে স্বীকৃত রাসায়নিক পরীক্ষাগারে পরীক্ষার পর উহার মান যাচাই সনদসহ মহাপরিচালকের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

১৪. লাইসেন্সপ্রাপ্ত স্থানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ ও তদধীন প্রণীত বিধিমালার দ্বারা স্বীকৃত এবং মহাপরিচালকের অনুমোদিত স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, মোড়ক, বোতল, উপকরণ এবং উৎপাদিত অ্যালকোহল ছাড়া অন্য কোনোকিছু সংরক্ষণ বা গুদামজাত করা যাইবে না।

১৫. লাইসেন্সপ্রাপ্ত স্থানে স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, মোড়ক, বোতল, উপকরণ এবং অন্যান্য বস্তুর নাম ও বিবরণ, ধারণ ক্ষমতা ও পরিমাণ/সংখ্যা, ইত্যাদি সুস্পষ্টভাবে লিপিবদ্ধ থাকিতে হইবে।

১৬. অ্যালকোহল উৎপাদনের পর তাহার রাসায়নিক গুণাগুণ ও মান মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে স্বীকৃত পরীক্ষাগারে পরীক্ষার পর মহাপরিচালকের অনুমোদনক্রমে অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট বিক্রয় লাইসেন্সের আওতায় পাইকারি বিক্রয়/গুদামজাতকরণ বা রপ্তানি করা যাইবে।

১৭. উৎপাদিত সকল প্রকার অ্যালকোহলের পাত্র, আধার ও মোড়কের গায়ে অ্যালকোহলের পরিমাণ, উৎপাদন তারিখ, ব্যাচ নম্বর ব্যবহৃত উপাদানসমূহ, পরিমাণ এবং উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম লিপিবদ্ধ থাকিতে হইবে।

১৮. এই লাইসেন্সের আওতায় অ্যালকোহল উৎপাদনের যে কোনো কার্যক্রম গ্রহণের কমপক্ষে ৪৮(আটচল্লিশ) ঘন্টা পূর্বে (সরকারি ও সাপ্তাহিক ছুটি ব্যতীত) উক্ত কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট জেলা অফিসারকে লিখিতভাবে অবহিত করবেন।

১৯. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত ও মজুদকৃত সকল অ্যালকোহল চুরি, পাচার কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে ডিস্টিলার প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিবেন।

২০. একমাত্র অগ্নি নিরোধক পাকা দেয়াল ও পর্যাপ্ত আলো-বাতাসের সরবরাহ বিশিষ্ট যথাযথ নিরাপত্তা ব্যবস্থা সংবলিত কক্ষ ছাড়া অন্য কোনো স্থানে ডিস্টিলারিতে উৎপাদিত অ্যালকোহল মজুদ করা যাইবে না। কোনো আগুনের উৎসের সন্নিকটে ডিস্টিলারিতে উৎপাদিত অ্যালকোহল মজুদ করা যাইবে না।

২১. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এবং তদধীন প্রণীত বিধিমালা এর আওতায় লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কাহারো নিকট উৎপাদিত অ্যালকোহল বিক্রয় বা সরবরাহ করা যাইবে না।

২২. মহাপরিচালকের অনুমোদন এবং অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত রপ্তানির লাইসেন্স ছাড়া উৎপাদিত অ্যালকোহল বিদেশে রপ্তানি করা যাইবে না।

২৩. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত যে কোনো ধরনের অ্যালকোহল বিক্রয় কিংবা কোথাও সরবরাহের পূর্বে সরকারকে নির্ধারিত হারে মাদক শুল্ক প্রদান করিতে হইবে।

২৪. ডিস্টিলারির ভারপ্রাপ্ত অফিসারের পূর্বানুমতি ব্যতীত ডিস্টিলারিতে কর্মরত অফিসার ও কর্মচারী ভিন্ন অন্য কোনো ব্যক্তিকে ডিস্টিলারির অভ্যন্তরে প্রবেশ করিতে দেওয়া যাইবে না।

২৫. এই লাইসেন্সে বর্ণিত শর্তাবলি ছাড়াও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও তদধীন প্রণীত বিধিমালার সংশ্লিষ্ট বিধান এ লাইসেন্সের শর্ত বলিয়া গণ্য হইবে।

২৬. এই লাইসেন্সের আওতায় পরিচালিত ডিস্টিলারিতে নিযুক্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসার/ কর্মচারীদের বেতন ভাতা বাবদ ব্যয়কৃত অর্থের পরিমাণ যদি ডিস্টিলারি হইতে আদায়কৃত মাদকশুল্কের ৫ শতাংশের বেশী হয় তাহা হইলে মহাপরিচালক কর্তৃক নির্ধারিত অতিরিক্ত অর্থ ডিস্টিলারকে মহাপরিচালকের নিকট পরিশোধ করিতে হইবে।

২৭. ডিস্টিলার নিজ খরচে মহাপরিচালকের অনুমোদনক্রমে ডিস্টিলারির যাবতীয় ভবন, স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম ইত্যাদির মেরামত ও রক্ষণাবেক্ষণের কার্য সম্পাদন করিবেন।

২৮. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, যন্ত্রপাতি, সাজসরঞ্জাম, উৎপাদিত অ্যালকোহল, কাঁচামাল কিংবা তাদের উপাদান, উপকরণ, যন্ত্রপাতি ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, ক্যাশমেমো, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

২৯. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এ লাইসেন্সের আওতায় উৎপাদিত অ্যালকোহল, তাহার বিক্রয়/সরবরাহ এবং তাদের কাঁচামাল, উপকরণ বা উপাদানের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

৩০. উৎপাদিত অ্যালকোহল বিক্রয়/সরবরাহের বিপরীতে সরকারের নির্ধারিত হারে মাদক শুল্ক আদায়ের জন্য পারসোনাল লেজার একাউন্ট (PLA) সংরক্ষণপূর্বক সমূদয় মাদক শুল্ক অগ্রিম পরিশোধ করিতে হইবে। এইক্ষেত্রে মহাপরিচালক কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন পরিমাণ অর্থ পারসোনাল লেজার একাউন্ট (PLA) এ জমা থাকিতে হইবে।

৩১. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৩২. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বিঃ দ্রঃ- এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/১৮**

[বিধি ৩৪ (৬) দ্রষ্টব্য]

**দেশীমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের লাইসেন্স**

লাইসেন্স নম্বর.....................................তারিখ...............................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং......................................... তারিখ:............................ এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ....................................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার........................ তারিখের......................................... আবেদনের ভিত্তিতে দেশীমদ দেশীমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের লাইসেন্স প্রদান করা হইল :

১। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

.........................................................................................

২। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম :...............................................................

মাতার নাম :......................................................................

পিতার নাম :......................................................................

৩। স্বত্বাধিকারীর ঠিকানা :.........................................................................

বর্তমান ঠিকানা :...............................................................................

স্থায়ী ঠিকানা :...............................................................................

জাতীয় পরিচয়পত্র নং :........................ মোবাইল নং :.........................

৪। ট্রেড লাইসেন্স নং :................................. মেয়াদকাল :...........................

৫। বিডা/বিসিকের রেজিঃ নং :...................................................................

৬। ই-টিআইএন :.......................................................................

৭। অনুমোদিত দেশিমদের প্রকার ও বিবরণ :.....................................

৮। অনুমোদিত গোডাউনের বিবরণ ও ধারণ ক্ষমতা :.....................................

**<u>শর্তাবলি:</u>**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. এই লাইসেন্স এর আওতায় লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান বাংলাদেশের ভৌগোলিক সীমানার মধ্যে দেশিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরনের প্রতিষ্ঠান হিসাবে গণ্য হইবেন।

৪. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৫. মহাপরিচালক কর্তৃক অনুমোদিত নির্ধারিত শর্করার মাত্রা সংবলিত মোলাসেস বা চিটাগুড় ব্যবহার করিতে হইবে। এই লাইসেন্সের আওতায় দেশিমদ উৎপাদনের মূল উপাদান হিসাবে চিনিকলসমূহের উপজাত দ্রব্য মোলাসেস বা চিটাগুড় ব্যবহার করিতে হইবে।

৬. এই লাইসেন্সে বর্ণিত স্থান ও ডিস্টিলারি ব্যতীত অন্য কোনো স্থানে বা ডিস্টিলারিতে দেশিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ করা যাইবে না।

৭. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারার অপরাধ প্রযোজ্য হয় এইরূপ ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৮. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার শর্ত লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৯. এই লাইসেন্সে অনুমোদিত প্রকার ও সুরাশক্তির দেশিমদ ব্যতীত অন্য কোনো প্রকার বা সুরাশক্তির দেশিমদ দেশিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ করা যাইবে না।

১০. লাইসেন্সি অবশ্যই মহাপরিচালক কর্তৃক অনুমোদিত যন্ত্রপাতি, কাঁচামাল ও উপকরণ ব্যবহার করিবেন এবং উৎপাদন পদ্ধতি (যদি প্রযোজ্য হয়) অনুসরণপূর্বক দেশিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ করিবেন।

১১. অনুমোদিত কেমিস্টের প্রত্যক্ষ তত্ত্বাবধান এবং প্রশিক্ষিত জনবল দ্বারা এই লাইসেন্সের আওতাভুক্ত দেশিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ করিতে হইবে।

১২. মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে এই লাইসেন্সের আওতাভুক্ত স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম, ইত্যাদির কোনোরূপ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বিয়োজন করা যাইবে না।

১৩. এই লাইসেন্সের আওতায় দেশিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ কার্যক্রম পরিচালনার পূর্বে দেশিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের উদ্দেশ্যে ব্যবহার্য মোলাসেস কোনো স্বীকৃত রাসায়নিক পরীক্ষাগারে পরীক্ষার পর তাহার উপযুক্ততার সনদসহ মহাপরিচালকের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

১৪. ১৩৫ (একশত পঁয়ত্রিশ) প্রুফ সুরাশক্তির নিম্নে এবং ১৪৫ (একশত পঁয়তাল্লিশ) ডিগ্রি প্রুফ সুরাশক্তির উপরে কোনো দেশিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ করা যাইবে না।

১৫. লাইসেন্সপ্রাপ্ত স্থানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এবং তদধীন প্রণীত বিধিমালা দ্বারা স্বীকৃত নয় এবং মহাপরিচালকের অনুমোদিত স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, ভ্যাট, বোতল, উপকরণ এবং অন্যান্য বস্তু ছাড়া অন্য কোনোকিছু সংরক্ষণ বা গুদামজাত করা যাইবে না।

১৬. লাইসেন্সপ্রাপ্ত স্থানে স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, ভ্যাট, বোতল, উপকরণ এবং অন্যান্য বস্তুর গায়ে সুস্পষ্টভাবে তাহার বিবরণী, ধারণক্ষমতা ও পরিমাণ, ইত্যাদি লিপিবদ্ধ থাকিতে হইবে।

১৭. এই লাইসেন্সের আওতায় দেশিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের ক্ষেত্রে যে কোনো কার্যক্রম শুরুর কমপক্ষে ৪৮ (আটচল্লিশ) ঘণ্টা পূর্বে (সরকারি ও সাপ্তাহিক ছুটি ব্যতীত) উক্ত কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট মেট্রো, জেলা বা বিশেষ জোন কার্যালয়ের অফিসারকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

১৮. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত ও মজুতকৃত সকল দেশিমদ চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত রোধে লাইসেন্সি কর্তৃক প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৯. অগ্নি নিরোধক, পাকা দেয়াল ও পর্যাপ্ত আলো-বাতাসের সরবরাহ সংবলিত কক্ষ ছাড়া অন্য কোনো স্থানে দেশিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণে ব্যবহার্য অ্যালকোহল মজুদ করা যাইবে না। কোনো আগুনের উৎসের সন্নিকটে দেশিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণে ব্যবহার্য অ্যালকোহল মজুদ করা যাইবে না।

২০. অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর আওতায় লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো দেশিমদ বিক্রয় বা সরবরাহ করা যাইবে না।

২১. এই লাইসেন্সের আওতায় পাইকারিভাবে দেশিমদ বিক্রয়ের প্রতিটি পণ্যাগারের জন্য লাইসেন্সি কর্তৃক পৃথক পৃথক পাইকারি লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

২২. এই লাইসেন্সের আওতায় দেশী মদের কোনো খুচরা বিক্রয় কার্যক্রম পরিচালনা করা যাইবে না।

২৩. অনুমোদিত সুরাশক্তি ব্যতীত অন্য কোনো সুরাশক্তির দেশিমদ  এ লাইসেন্সের আওতায় সরবরাহ বা বিক্রয় করা যাইবে না।

২৪. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত যে কোনো ধরনের দেশী মদের উপর নির্ধারিত হারে অগ্রিম মাদক শুল্ক পরিশোধ ব্যতীত বিক্রয় করা যাইবে না।

২৫. লাইসেন্সপ্রাপ্ত ডিস্টিলারির ভারপ্রাপ্ত অফিসারের পূর্বানুমতি ব্যতীত ডিস্টিলারিতে কর্মরত সংশ্লিষ্ট অফিসার ও কর্মচারী ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে উৎপাদন এলাকায় প্রবেশ করিতে দেয়া যাইবে না।

২৬. এই লাইসেন্সে বর্ণিত শর্তাবলি ছাড়াও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ ও তদধীন প্রণীত বিধিমালার যে কোনো সংশ্লিষ্ট বিধান এই লাইসেন্সের শর্ত বলিয়া  গণ্য হইবে।

২৭. এই লাইসেন্সের আওতায় পরিচালিত ডিস্টিলারিতে দেশিমদ উৎপাদন কেন্দ্র কিংবা বিপণন পণ্যাগারে নিযুক্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অফিসার/কর্মচারীদের বেতন ভাতা বাবদ ব্যয়কৃত অর্থের পরিমাণ যদি দেশিমদ হইতে আদায়কৃত মাদকশুল্কের ৫ শতাংশের বেশী হয় তাহা হইলে মহাপরিচালক কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ লাইসেন্সি কর্তৃক সংস্থাপন খরচ হিসাবে পরিশোধযোগ্য হইবে।

২৮. লাইসেন্সিনিজ খরচে মহাপরিচালকের অনুমোদনক্রমে ডিস্টিলারিতে দেশিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র কিংবা বিপণন কেন্দ্র কিংবা পণ্যাগারের যাবতীয় ভবন, স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম, ইত্যাদির মেরামত ও রক্ষণাবেক্ষণের ব্যয়ভার নির্বাহ করিবেন।

২৯. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, যন্ত্রপাতি, সাজসরঞ্জাম, উৎপাদিত দেশিমদ, কাঁচামাল কিংবা তাহাদের উপাদান, উপকরণ, যন্ত্রপাতি, ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, চালান, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

৩০. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত দেশিমদ, তাহাদের কাঁচামাল এবং উপকরণ ও উপাদানের যাবতীয় ক্রয়, বিক্রয় ও হিসাব সংরক্ষণ করিতে হইবে।

৩১ লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৩২ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বিঃ দ্রঃ- এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বাম দিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/১৯**

[বিধি ৩৭ (২) দ্রষ্টব্য]

**রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের লাইসেন্স**

**লাইসেন্স নম্বর .....................তারিখ.............................**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং................................ তারিখ:..................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ................................. কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার................................ তারিখের.................................................... আবেদনের ভিত্তিতে রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের লাইসেন্স প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:
২. প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীর নাম :
৩. মাতার নাম :
৪. পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :
৫. বর্তমান ঠিকানা:
   স্থায়ী ঠিকানা
   মোবাইল নং :
   উৎপাদন স্থান/কারখানা/ডিস্টিলারির ঠিকানা :
৬. টিআইএন :
৭. অনুমোদিত রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল এর প্রকার ও বিবরণ:
৮. গোডাউনের বিবরণ ও ধারণ ক্ষমতা :
৯. উৎপাদনের বাৎসরিক টার্গেট :

**শর্তাবলি:**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর ইহার কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর, স্থানান্তর কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪. এই লাইসেন্সে অনুমোদিত স্থান ও ডিস্টিলারি ব্যতীত অন্য কোনো স্থানে বা ডিস্টিলারিতে রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/ অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথানল উৎপাদন করা যাইবে না।

৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৬. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার শর্ত লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৭. এই লাইসেন্সে অনুমোদিত প্রকার ও সুরাশক্তির রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/ অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল ব্যতীত অন্য কোনো প্রকার রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/ অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল উৎপাদন ও প্রক্রিয়াজাত করা যাইবে না।

৮. লাইসেন্সি মহাপরিচালক কর্তৃক অনুমোদিত যন্ত্রপাতি, কাঁচামাল ও উপকরণ ব্যবহার এবং উৎপাদন পদ্ধতি ও রেসিপি (যদি প্রযোজ্য হয়) অনুসরণপূর্বক রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল উৎপাদন ও প্রক্রিয়াজাত করিবেন।

৯. অনুমোদিত কেমিস্টের প্রত্যক্ষ তত্ত্বাবধান এবং প্রশিক্ষিত জনবল ব্যবহার ব্যতীত এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল উৎপাদন ও প্রক্রিয়াজাত করা যাইবে না।

১০. মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে এ লাইসেন্সের আওতাভুক্ত স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম ইত্যাদির কোনোরূপ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বিয়োজন করা যাইবে না।

১১. এই লাইসেন্সের আওতায় রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল উৎপাদন কার্যক্রম পরিচালনার পূর্বে রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল উৎপাদনের উদ্দেশ্যে ব্যবহার্য মোলাসেস বা অন্য কোনো উপকরণ কোনো স্বীকৃত রাসায়নিক পরীক্ষাগারে পরীক্ষার পর তাহার উপযুক্ত তাহার সনদসহ মহাপরিচালকের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

১২. ১৬০(একশত ষাট) প্রুফ সুরাশক্তির নিম্নে কোনো রেক্টিফাইড স্পিরিট এবং ১৬৮ (একশত আটষট্টি) প্রুফ সুরাশক্তির নিম্নে কোনো স্ট্রং অ্যালকোহল, ইথাইল অ্যালকোহল বা ইথানল উৎপাদন করা যাইবে না।

১৩. লাইসেন্সপ্রাপ্ত স্থানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এবং তদধীন প্রণীত বিধিমালার দ্বারা স্বীকৃত এবং মহাপরিচালকের অনুমোদিত স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, ভ্যাট, উপকরণ এবং অন্যান্য বস্তু ছাড়া অন্য কোনোকিছু সংরক্ষণ বা গুদামজাত করা যাইবে না।

১৪. লাইসেন্সপ্রাপ্ত স্থানে স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, ভ্যাট, উপকরণ এবং অন্যান্য বস্তুর গায়ে সুস্পষ্টভাবে তাহার বিবরণী, ধারণ ক্ষমতা, ক্রমিক নং, পরিমাণ ইত্যাদি লিপিবদ্ধ থাকিতে হইবে।

১৫. এই লাইসেন্সের আওতায় যে কোনো কার্যক্রমের কমপক্ষে ৪৮ (আটচল্লিশ) ঘন্টা পূর্বে (সরকারি ও সাপ্তাহিক ছুটি ব্যতীত) উক্ত কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট জেলা বা মেট্রো বা বিশেষ জোন কার্যালয়ের অফিসারকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

১৬. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত ও মজুতকৃত সকল রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল//অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/ এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত না হইবার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৭. অগ্নি নিরোধক, পাকা দেয়াল ও পর্যাপ্ত আলো-বাতাসের সরবরাহের ব্যবস্থা সংবলিত কক্ষ ব্যতীত অন্য কোনো স্থানে রেক্টিফাইড স্পিরিট মজুদ করা যাইবে না। কোনো আগুনের উৎসের সন্নিকটে রেক্টিফাইড স্পিরিট মজুদ করা যাইবে না।

১৮. অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধানমতে অনুমোদিত লাইসেন্স/পারমিটপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল//অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/ মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল বিক্রয় বা সরবরাহ করা যাইবে না।

১৯. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথানল বিক্রয়ের জন্য পৃথকভাবে পাইকারি বিক্রয় লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

২০. এই লাইসেন্সের আওতায় কোনোভাবেই রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/ অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল কোনো খুচরা বিক্রয় কার্যক্রম পরিচালনা করা যাইবে না।

২১. মহাপরিচালক কর্তৃক অনুমোদিত সুরাশক্তি ব্যতীত অন্য কোনো প্রকারে সুরাশক্তিতে রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/ মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল সরবরাহ বা বিক্রয় করা যাইবে না।

২২. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত যে কোনো ধরনের রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল এর উপর হইতে সরকার নির্ধারিত হারে মাদকশুল্ক আদায় ব্যতীত বিক্রয় করা যাইবে না।

২৩. ডিস্টিলারির ভারপ্রাপ্ত অফিসারের পূর্বানুমতি ব্যতীত ডিস্টিলারিতে কর্মরত সংশ্লিষ্ট অফিসার ও কর্মচারী ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/ অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল উৎপাদন এলাকায় প্রবেশ করিতে দেওয়া যাইবে না।

২৪. এই লাইসেন্সে বর্ণিত শর্তাবলি ছাড়াও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও তদধীন প্রণীত বিধিমালার যে কোনো বিধান এই লাইসেন্সের শর্ত বলিয়া গণ্য হইবে।

২৫. এই লাইসেন্সের আওতায় পরিচালিত ডিস্টিলারিতে রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/ অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল উৎপাদন কেন্দ্র কিংবা বিপণন পণ্যাগারে নিযুক্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসার/কর্মচারীদের বেতন ভাতা বাবদ ব্যয়কৃত অর্থের পরিমাণ যদি রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল হইতে আদায়কৃত মাদকশুল্কের ৫ শতাংশের বেশি হয় তাহা হইলে উক্ত ক্ষেত্রে মহাপরিচালক কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ লাইসেন্সির মাধ্যমে সংস্থাপন খরচ হিসাবে পরিশোধযোগ্য হইবে।

২৬. লাইসেন্সি নিজ খরচে মহাপরিচালকের অনুমোদনক্রমে ডিস্টিলারিতে রেক্টিফাইড স্পিরিট/ স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/ এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল বিক্রয়ের কেন্দ্র কিংবা বিপণন পণ্যাগারের যাবতীয় ভবন, স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম, ইত্যাদির মেরামত ও রক্ষণাবেক্ষণের কার্য নির্বাহ করিবেন।

২৭. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, যন্ত্রপাতি, সাজসরঞ্জাম, উৎপাদিত রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/ মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল কাঁচামাল কিংবা তাদের উপাদান, উপকরণ, যন্ত্রপাতি ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, চালান, পরিবহন পাস ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

২৮. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত রেক্টিফাইড স্পিরিট/স্ট্রং অ্যালকোহল/অ্যাবসোলিউট অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/মিথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল তাহাদের কাঁচামাল এবং উপকরণ ও উপাদানের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২৯. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৩০. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্র:- এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/২০**

[বিধি ৩৭ (২) দ্রষ্টব্য]

**ডিনেচার্ড স্পিরিট উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের লাইসেন্স**

**লাইসেন্স নম্বর ..........................তারিখ............................**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং................................ তারিখ:.................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ................................. কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার................................ তারিখের............................................ আবেদনের ভিত্তিতে ডিনেচার্ড স্পিরিট উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের লাইসেন্স প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:

২. প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীর নাম :

৩. মাতার নাম :

৪. পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :

৫. স্বত্ত্বাধিকারীর ঠিকানা :
(ক) বর্তমান ঠিকানা:
(খ) স্থায়ী ঠিকানা:

৬. জাতীয় পরিচয়পত্র নং : মোবাইল নং :

৭. উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের স্থান/কারখানা/ডিস্টিলারির ঠিকানা :

৮. বিডা/বিসিকের রেজিঃ নং :

৯. ট্রেড লাইসেন্স নং : ইস্যুকারী কর্তৃপক্ষ: মেয়াদকাল:

১০. ই-টিআইএন :

১১. উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের জন্য অনুমোদিত ডিনেচার্ড স্পিরিটের প্রকার ও বিবরণ:

১২. গোডাউনের বিবরণ ও ধারণ ক্ষমতা :

**শর্তাবলি:**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর, স্থানান্তর কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪. এই লাইসেন্সে বর্ণিত স্থান ও ডিস্টিলারি ব্যতীত অন্য কোনো স্থানে বা ডিস্টিলারিতে ডিনেচার্ড স্পিরিট উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ করা যাইবে না।

৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৬. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার শর্ত লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৭. এই লাইসেন্সে অনুমোদিত সাধারণ ডিনেচার্ড স্পিরিট, বিশেষ ডিনেচার্ড স্পিরিট এবং ইহার নির্ধারিত সুরাশক্তি ব্যতীত অন্য কোনো প্রকারের ডিনেচার্ড স্পিরিট উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ করা যাইবে না।

৮. লাইসেন্সি অবশ্যই সরকার অনুমোদিত উপকরণ, যন্ত্রপাতি, ডিনেচারেন্ট ব্যবহার এবং উৎপাদন পদ্ধতি ও রেসিপি (প্রযোজ্য ক্ষেত্রে) অনুসরণপূর্বক ডিনেচার্ড স্পিরিট উৎপাদন করিবেন।

৯. অনুমোদিত কেমিস্টের প্রত্যক্ষ তত্ত্বাবধান এবং প্রশিক্ষিত জনবল ব্যতীত এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার ডিনেচার্ড স্পিরিট উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ করা যাইবে না।

১০. একই ডিস্টিলারিতে ডিনেচার্ড স্পিরিট ও রেক্টিফাইড স্পিরিট উৎপাদন করা হইলে ডিনেচার্ড স্পিরিটের পাইপ, রিসিভার, ভ্যাট, ডিনেচার করিবার কক্ষ এবং অন্যান্য সাজ-সরঞ্জাম অবশ্যই রেক্টিফাইড স্পিরিট হইতে সম্পূর্ণ পৃথক এবং এমন নিরাপত্তার ব্যবস্থা সম্বলিত হইতে হইবে যাহাতে কোনো অবস্থাতেই কোনো রেক্টিফাইড স্পিরিটকে ডিনেচার্ড স্পিরিটের কক্ষে আনয়ন কিংবা ডিনেচার্ড স্পিরিটের সঙ্গে মিশ্রিত করা না যায়।

১১. কমপক্ষে ১৫০(একশত পঞ্চাশ) প্রুফ শক্তির নিম্নের কোনো ডিনেচার্ড স্পিরিট উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ করা যাইবে না।

১২. সরকার নির্ধারিত প্রকার ও পরিমাণ ডিনেচার‍্যান্ট ব্যতীত অন্য কোনো প্রকার ও পরিমাণ ডিনেচার‍্যান্ট ব্যবহার করা যাইবে না।

১৩. ডিনেচারেশন কার্যক্রম পরিচালনা করিবার সময় অবশ্যই ডিস্টিলারির ভারপ্রাপ্ত অফিসার এবং তাহার উপরের পদমর্যাদার অধিক্ষেত্র আছে এমন একজন অফিসার উপস্থিত থাকিবেন। ডিনেচারেশন করিবার পূর্বে সকল ডিনেচার‍্যান্ট এর রাসায়নিক গুণাগুণ ও মান সম্পর্কে রাসায়নিক পরীক্ষকের প্রতিবেদন সংগ্রহ করিতে হইবে।

১৪. মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে এ লাইসেন্সের আওতাভুক্ত স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম ইত্যাদির কোনোরূপ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বিয়োজন করা যাইবে না।

১৫. লাইসেন্সপ্রাপ্ত স্থানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এবং তদধীন প্রণীত বিধিমালার দ্বারা স্বীকৃত এবং মহাপরিচালকের অনুমোদিত স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, ভ্যাট, উপকরণ এবং অন্যান্য বস্তু ছাড়া অন্য কোনো কিছু সংরক্ষণ বা গুদামজাত করা যাইবে না।

১৬. লাইসেন্সপ্রাপ্ত স্থানে স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, ভ্যাট, উপকরণ এবং অন্যান্য বস্তুর গায়ে সুস্পষ্টভাবে তাহার বিবরণী ও পরিমাণ লিপিবদ্ধ রাখিতে হইবে।

১৭. এই লাইসেন্সের আওতায় ডিনেচার্ড স্পিরিট উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের যে কোনো কার্যক্রমের কমপক্ষে ৪৮ (আটচল্লিশ) ঘন্টা পূর্বে (সরকারি ও সাপ্তাহিক ছুটি ব্যতীত) উক্ত কার্যক্রম সম্পর্কে জেলা বা মেট্রো বা বিশেষ জোন কার্যালয়ের অফিসারকে লিখিতভাবে অবহিত করিবেন।

১৮. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত/প্রক্রিয়াজাতকৃত ও মজুতকৃত সকল ডিনেচার্ড স্পিরিট চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত না হইয়া যায় তাহার জন্য প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা লাইসেন্সি গ্রহণ করিবেন।

১৯ একমাত্র অগ্নি নিরোধক, পাকা দেয়াল ও পর্যাপ্ত আলো-বাতাসের সরবরাহ ব্যবস্থা সংবলিত কক্ষ ছাড়া অন্য কোনো স্থানে ডিনেচার্ড স্পিরিট মজুদ করা যাইবে না। কোনো আগুনের উৎসের সন্নিকটে ডিনেচার্ড স্পিরিট মজুদ করা যাইবে না।

২০. অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধানমতে অনুমোদিত লাইসেন্স/পারমিটপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো ডিনেচার্ড স্পিরিট বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না।

২১ এই লাইসেন্সের আওতায় পাইকারিভাবে ডিনেচার্ড স্পিরিট বিক্রয়ের প্রতিটি পণ্যাগারের জন্য পৃথক পৃথক পাইকারি বিক্রয় লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

২২. এই লাইসেন্সের আওতায় ডিনেচার্ড স্পিরিটের খুচরা বিক্রয় কার্যক্রম পরিচালনা করা যাইবে না।

২৩. সরকার অনুমোদিত সুরাশক্তি ব্যতীত অন্য কোনো প্রকারে সুরাশক্তিতে ডিনেচার্ড স্পিরিট সরবরাহ বা বিক্রয় করা যাইবে না।

২৪. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত যে কোনো ধরনের ডিনেচার্ড স্পিরিট তাহার উপর হইতে সরকার নির্ধারিত হারে মাদকশুল্ক পরিশোধ ব্যতিরেকে বিক্রয় করা যাইবে না।

২৫. ডিস্টিলারির ভারপ্রাপ্ত অফিসারের পূর্বানুমতি ব্যতীত ডিস্টিলারিতে কর্মরত সংশ্লিষ্ট অফিসার ও কর্মচারী ভিন্ন অন্য কোনো ব্যক্তিকে ডিনেচার্ড স্পিরিট উৎপাদন এলাকায় বা সংশ্লিষ্ট গোডাউনে প্রবেশ করিতে দেওয়া যাইবে না।

২৬. এই লাইসেন্সে বর্ণিত শর্তাবলি ছাড়াও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও তদধীন প্রণীত বিধিমালার যে কোনো বিধান এবং মহাপরিচালক কর্তৃক জারীকৃত আদেশ লাইসেন্সের শর্ত বলিয়া গণ্য হইবে।

২৭. এই লাইসেন্সের আওতায় পরিচালিত ডিস্টিলারিতে ডিনেচার্ড স্পিরিট উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র কিংবা বিপণন পণ্যাগারে নিয়ুক্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসার/কর্মচারীদের বেতন ভাতা বাবদ ব্যয়কৃত অর্থের পরিমাণ যদি ডিনেচার্ড স্পিরিট হইতে আদায়কৃত মাদকশুল্কের ৫ শতাংশের বেশি হয় তাহা হইলে মহাপরিচালক কর্তৃক নির্ধারিত হারে সংস্থাপন খরচ হিসাবে পরিশোধ করিতে হইবে।

২৮. লাইসেন্সি নিজ খরচে মহাপরিচালকের অনুমোদনক্রমে ডিস্টিলারিতে ডিনেচার্ড স্পিরিট বিক্রয়ের কেন্দ্র কিংবা বিপণন পণ্যাগারের যাবতীয় ভবন, স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম, ইত্যাদির মেরামত ও রক্ষণাবেক্ষণের কার্য সম্পাদন করিবেন।

২৯. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, যন্ত্রপাতি, সাজসরঞ্জাম, উৎপাদিত ডিনেচার্ড স্পিরিট, কাঁচামাল কিংবা তাদের উপাদান, উপকরণ, যন্ত্রপাতি, ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, চালান, পরিবহন পাস, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

৩০. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত ডিনেচার্ড স্পিরিট তাদের কাঁচামাল এবং উপকরণ ও উপাদানের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

৩১. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৩২. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্র:- এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/২১**

[বিধি ১৮ (৫) দ্রষ্টব্য]

**ব্রিউয়ারির লাইসেন্স**

লাইসেন্স নম্বর .....................তারিখ.............................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং.............................. তারিখঃ......................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ............................ কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার................................ তারিখের.................................... আবেদনের ভিত্তিতে ব্রিউয়ারির লাইসেন্স প্রদান করা হইল :

১. প্রতিষ্ঠানের নাম :..............................................................................

২. প্রতিষ্ঠানের ঠিকানা :..........................................................................

৩. প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম :............................................................

স্বত্বাধিকারীর ঠিকানা :

বর্তমান ঠিকানা :.......................................................................

স্থায়ী ঠিকানা :..........................................................................

জাতীয় পরিচয়পত্র নংঃ................................. মোবাইল নং :...........

৪. বিডা এর রেজিঃ নং : ........................................................................

৫. শিল্প অধিদপ্তরের লাইসেন্স/ছাড়পত্র :.............................................................

৬. টিআইএন : .................................................................................................

৭. ব্রিউয়ারিতে উৎপাদনযোগ্য বিয়ারের বিবরণঃ............................................

**শর্তাবলিঃ**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪. এই লাইসেন্সের শর্তাবলি এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর অধীনে বিদ্যমান সংশ্লিষ্ট বিধিমালা প্রতিপালনের এবং সরকারি পাওনা পরিশোধের নিশ্চয়তা হিসাবে ব্রিউয়ারির জমি, ভবন, যন্ত্রপাতি এবং অন্যান্য সকল স্থাপনা এবং সকল মালামাল ও সম্পদ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট দায়বদ্ধ থাকিবে মর্মে সিউরিটি বন্ড সম্পাদন করিতে হইবে। ব্রিউয়ারি উৎপাদন কার্যক্রম আরম্ভ হইবার এক মাসের মধ্যে উক্তরূপ সিউরিটি বন্ড সম্পাদন করিতে হইবে।

৫. এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে ব্রিউয়ারির কার্যক্রম নির্বাহ করা যাইবে না।

৬. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর নির্দেশাবলি অনুযায়ী নিষিদ্ধ হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৭. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার শর্ত লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৮. এই লাইসেন্সে তালিকাভুক্ত বিয়ার ব্যতীত অন্য কোনো প্রকার বিয়ার উৎপাদন করা যাইবে না।

৯. মহাপরিচালকের নিকট হইতে রেজিস্ট্রেশন গ্রহণ ব্যতীত কোনো প্রকার বিয়ার উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণ করা যাইবে না।

১০. লাইসেন্সি মহাপরিচালক অনুমোদিত যন্ত্রপাতি, কাঁচামাল ও উপকরণ ব্যবহার এবং উৎপাদন পদ্ধতি ও রেসিপি অনুসরণপূর্বক বিয়ার উৎপাদন করিবেন।

১১. ব্রিউয়ারিতে উৎপাদিত বিয়ার বিক্রয়ের জন্য ব্রিউয়ারির লাইসেন্স ছাড়াও পাইকারি বিক্রয়ের লাইসেন্স এবং ব্রিউয়ারির বাইরে পৃথক অন্য কোনো স্থানে মজুত বা বিক্রয় করিতে হইলে পৃথকভাবে মজুত ও বিক্রয় লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

১২. অনুমোদিত কেমিস্টের প্রত্যক্ষ তত্ত্বাবধান এবং প্রশিক্ষিত জনবল ব্যবহার ব্যতীত এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার বিয়ার উৎপাদন করা যাইবে না।

১৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে এ লাইসেন্সের আওতাভুক্ত স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম, ইত্যাদির কোনোরূপ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বিয়োজন করা যাইবে না।

১৪. এই লাইসেন্সের আওতায় বিয়ার উৎপাদন কার্যক্রম পরিচালনার পূর্বে বিয়ার উৎপাদনের উদ্দেশ্যে ব্যবহার্য কাঁচামাল, উপকরণ, রাসায়নিক দ্রব্য ইত্যাদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে স্বীকৃত রাসায়নিক পরীক্ষাগারে পরীক্ষার পর তাহা মান যাচাই সনদসহ মহাপরিচালকের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

১৫. লাইসেন্সপ্রাপ্ত স্থানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এবং তদধীন প্রণীত বিধিমালার দ্বারা স্বীকৃত এবং মহাপরিচালকের অনুমোদিত স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, মোড়ক, বোতল, উপকরণ এবং উৎপাদিত বিয়ার ছাড়া অন্য কোনোকিছু সংরক্ষণ বা গুদামজাত করা যাইবে না।

১৬. লাইসেন্সপ্রাপ্ত স্থানে স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, মোড়ক, বোতল/ক্যান, উপকরণ এবং অন্যান্য বস্তুর নাম ও বিবরণ, ধারণ ক্ষমতা ও পরিমাণ/সংখ্যা, ইত্যাদি সুস্পষ্টভাবে লিপিবদ্ধ থাকিতে হইবে।

১৭. বিয়ার উৎপাদনের পর তাহার রাসায়নিক গুণাগুণ ও মান মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে স্বীকৃত পরীক্ষাগারে পরীক্ষার পর মহাপরিচালকের অনুমোদনক্রমে অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট বিক্রয় লাইসেন্সের আওতায় পাইকারি বিক্রয়/ গুদামজাতকরণ বা রপ্তানি করা যাইবে।

১৮. উৎপাদিত সকল প্রকার বিয়ারের পাত্র, বোতল/ক্যান ও মোড়কের গায়ে তাহার সুরাশক্তি উৎপাদন তারিখ, ব্যাচ নম্বর ব্যবহৃত উপাদানসমূহ, পরিমাণ এবং উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম লিপিবদ্ধ থাকিতে হইবে।

১৯. এই লাইসেন্সের আওতায় বিয়ার উৎপাদনের যে কোনো কার্যক্রম গ্রহণের কমপক্ষে ৪৮(আটচল্লিশ) ঘন্টা পূর্বে (সরকারি ও সাপ্তাহিক ছুটি ব্যতীত) উক্ত কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট জেলা অফিসারকে লিখিতভাবে অবহিত করিবেন।

২০. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত ও মজুতকৃত সকল বিয়ার চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে ব্রিউয়ার প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিবেন।

২১. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এবং তদধীন প্রণীত বিধিমালার আওতায় লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কাহারো নিকট উৎপাদিত বিয়ার বিক্রয় বা সরবরাহ করা যাইবে না।

২২. মহাপরিচালকের অনুমোদন ও অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত রপ্তানির লাইসেন্স ছাড়া উৎপাদিত বিয়ার বিদেশে রপ্তানি করা যাইবে না।

২৩. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত যে কোনো ধরনের বিয়ার বিক্রয় কিংবা কোথাও সরবরাহের পূর্বে সরকার নির্ধারিত হারে মাদক শুল্ক প্রদান করিতে হইবে।

২৪. উৎপাদনকারী প্রতিষ্ঠান উৎপাদিত বিয়ার কোনোভাবেই খুচরা বিক্রয় করিতে পারিবে না।

২৫. ব্রিউয়ারির ভারপ্রাপ্ত অফিসারের পূর্বানুমতি ব্যতীত ব্রিউয়ারিতে কর্মরত অফিসার ও কর্মচারী ভিন্ন অন্য কোনো ব্যক্তিকে ব্রিউয়ারির অভ্যন্তরে প্রবেশ করিতে দেয়া যাইবে না।

২৬. এই লাইসেন্সে বর্ণিত শর্তাবলি ছাড়াও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও তদধীন প্রণীত বিধিমালার সংশ্লিষ্ট বিধান এবং, সময়ে সময়ে, সরকার/মহাপরিচালক কর্তৃক জারীকৃত আদেশ এ লাইসেন্সের শর্ত বলিয়া গণ্য হইবে।

২৭. এই লাইসেন্সের আওতায় পরিচালিত ব্রিউয়ারিতে নিযুক্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসার/কর্মচারীদের বেতন ভাতা বাবদ ব্যয়কৃত অর্থের পরিমাণ যদি ব্রিউয়ারি হইতে আদায়কৃত মাদক শুল্কের ৫ শতাংশের বেশি হয় তাহা হইলে মহাপরিচালক কর্তৃক নির্ধারিত অর্থ ব্রিউয়ারকে সংস্থাপন খরচ হিসাবে পরিশোধ করিতে হইবে।

২৮. ব্রিউয়ার নিজ খরচে মহাপরিচালকের অনুমোদনক্রমে ব্রিউয়ারির যাবতীয় ভবন, স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম ইত্যাদির মেরামত ও রক্ষণাবেক্ষণের কার্য সম্পাদন করিবেন।

২৯. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, যন্ত্রপাতি, সাজসরঞ্জাম, উৎপাদিত বিয়ার, কাঁচামাল কিংবা তাদের উপাদান, উপকরণ, যন্ত্রপাতি, ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, ক্যাশমেমো, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

৩০. উৎপাদিত বিয়ার বিক্রয়/সরবরাহের বিপরীতে সরকারের নির্ধারিত হারে মাদক শুল্ক আদায়ের জন্য পারসোনাল লেজার একাউন্ট (PLA) সংরক্ষণপূর্বক সমুদয় মাদক শুল্ক অগ্রিম পরিশোধ করিতে হইবে। এইক্ষেত্রে মহাপরিচালক কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন পরিমাণ অর্থ পারসোনাল লেজার একাউন্ট (PLA)-এ জমা থাকিতে হইবে।

৩১. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত বিয়ার, তাদের কাঁচামাল এবং উপকরণ ও উপাদানের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

৩২. এই পারমিটের আওতায় ক্রয়কৃত মদ দ্বারা কাহাকেও আপ্যায়ন করা যাইবে না। তবে কর্তৃপক্ষের বিশেষ অনুমতি সাপেক্ষে দেশিমদের পারমিটধারী ব্যক্তি কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালায় পারমিট গ্রহণের বিধান হইতে রেয়াতপ্রাপ্ত ব্যক্তিকে এই পারমিটের মদসহকারে আপ্যায়ন করা যাইবে।

৩৩. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্র:- এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছে মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/২২**

[বিধি ১৮ (৫) দ্রষ্টব্য]

**দেশিমদের বন্ডেড পণ্যাগার/পাইকারি বিক্রয় লাইসেন্স**

লাইসেন্স নম্বর......................................তারিখ................................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং........................................ তারিখ:............................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার................ কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার....................তারিখের.............আবেদনের ভিত্তিতে..................স্থানে দেশিমদের বন্ডেড পণ্যাগার/পাইকারি বিক্রয় লাইসেন্স প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম :............................................................
২ লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির ঠিকানা :...................................................................
৩. পণ্যাগারের অবস্থান ও ঠিকানা :............................................................
৪. পণ্যাগারে সংরক্ষণ ও বিক্রয়যোগ্য দেশিমদের প্রকার ও বিবরণ:.........................
৫. পণ্যাগারের সর্বনিম্ন মজুদ :

<u>শর্তাবলি:</u>

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর এর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. এই লাইসেন্স বলিয়া লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি লাইসেন্সে উল্লিখিত বন্ডেড পণ্যাগারে দেশিমদ পাইকারি বিক্রয়ের জন্য একমাত্র সুবিধাপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান হিসাবে গণ্য হইবেন। তবে সরকার ইচ্ছা করিলে এবং পরিবর্তিত পরিস্থিতিতে প্রয়োজনীয় বিবেচিত হইলে সরকার অন্য যে কোনো এক বা একাধিক ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এই সুবিধা প্রদান করিতে পারিবেন।

৪. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এ লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর সংশ্লিষ্ট ধারা মোতাবেক নিষিদ্ধ কোনো ব্যক্তিকে এ লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৬. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৭. এই লাইসেন্সে তালিকাভুক্ত প্রকার ও সুরাশক্তির দেশিমদ ব্যতীত অন্য কোনো প্রকার দেশিমদ বা অন্য কোনো সুরাশক্তির দেশিমদ প্রস্তুত/প্রক্রিয়াজাত করা যাইবে না।

৮. লাইসেন্সি অবশ্যই সরকার অনুমোদিত প্রক্রিয়ায় সরকার নির্ধারিত সুরাশক্তিতে সরকার নির্ধারিত প্রকারের ভ্যাট বা পাত্রে দেশিমদ প্রক্রিয়াজাত করিবেন।

৯. দেশিমদ প্রক্রিয়াজাতকরণের জন্য অবশ্যই স্বাস্থ্যসম্মত ও বিশুদ্ধ পানি ব্যবহার করিতে হইবে। ব্যবহার্য পানির বিশুদ্ধতা সম্পর্কে প্রতি ৬ মাসে একবার আইন দ্বারা স্বীকৃত কোনো রাসায়নিক পরীক্ষাগারে রাসায়নিক পরীক্ষা সম্পন্ন করিতে হইবে। রাসায়নিক পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদন ব্যতীত দেশিমদ প্রক্রিয়াজাতকরণে কোনো পানি ব্যবহার করা যাইবে না।

১০. দেশিমদ প্রক্রিয়াজাতকরণের জন্য প্রয়োজনীয় সকল যন্ত্রপাতি, পাত্র, আধার, সাজ-সরঞ্জাম, পরিমাপক যন্ত্র ইত্যাদি লাইসেন্সি সরবরাহ করিবেন। উহাদের উপযুক্ততা সম্পর্কে বৎসরে একবার আইন দ্বারা স্বীকৃত রাসায়নিক পরীক্ষকের প্রতিবেদন সংগ্রহ করিবেন। রাসায়নিক পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদন ব্যতীত দেশিমদ প্রক্রিয়াজাতকরণে কোনো যন্ত্রপাতি, পাত্র, আধার, সাজ-সরঞ্জাম, পরিমাপক যন্ত্র, ইত্যাদি ব্যবহার করা যাইবে না। লাইসেন্সি নিজ খরচে এই সকল যন্ত্রপাতি, পাত্র, আধার, সাজ-সরঞ্জাম, পরিমাপক যন্ত্র ইত্যাদি যথাযথভাবে সংরক্ষণ ও মেরামত করিবেন।

১১. মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে এই লাইসেন্সের আওতাভুক্ত স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম ইত্যাদির কোনোরূপ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বিয়োজন করা যাইবে না।

১২. ১৩৫(একশত পঁয়ত্রিশ) প্রুফ সুরাশক্তির নিম্নে এবং ১৪৫ (একশত পঁয়তাল্লিশ) প্রুফ সুরাশক্তির উপরে কোনো দেশিমদ পণ্যাগারে প্রক্রিয়াজাত করা যাইবে না।

১৩. লাইসেন্সপ্রাপ্ত পণ্যাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এবং তদধীন প্রণীত বিধিমালার দ্বারা স্বীকৃত এবং মহাপরিচালকের অনুমোদিত স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, ভ্যাট, বোতল, উপকরণ, পরিমাপক যন্ত্র এবং অন্যান্য প্রয়োজনীয় বস্তু ছাড়া অন্য কোনোকিছু স্থাপন ও সংরক্ষণ করা যাইবে না।

১৪. লাইসেন্সপ্রাপ্ত স্থানে স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, ভ্যাট, বোতল, উপকরণ এবং অন্যান্য বস্তুর গায়ে সুস্পষ্টভাবে তাহার বিবরণী ও পরিমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে।

১৫. এই লাইসেন্সের আওতায় দেশিমদ প্রক্রিয়াজাতকরণের যে কোনো কার্যক্রম পণ্যাগারের ভারপ্রাপ্ত অফিসারের উপস্থিতি ছাড়া সম্পন্ন করা যাইবে না।

১৬. এই লাইসেন্সের আওতায় মজুতকৃত সকল দেশিমদ চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে বন্ডেড পণ্যাগার লাইসেন্সি প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৭. একমাত্র অগ্নি নিরোধক ও পাকা দেয়াল ও পর্যাপ্ত আলো-বাতাসের সরবরাহ বিশিষ্ট যথাযথ নিরাপত্তা ব্যবস্থা সংবলিত কক্ষ ছাড়া অন্য কোনো স্থানে দেশিমদ রিডাকশনে ব্যবহার্য অ্যালকোহল মজুদ করা যাইবে না। কোনো আগুনের উৎসের সন্নিকটে দেশিমদ রিডাকশনে ব্যবহার্য অ্যালকোহল মজুদ করা যাইবে না।

১৮. অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধানমতে লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কাহারো নিকট এ লাইসেন্সের আওতাভুক্ত কোনো দেশিমদ বিক্রয় বা সরবরাহ করা যাইবে না। তবে ক্ষেত্র বিশেষে মহাপরিচালকের অনুমোদনক্রমে এক পণ্যাগার হইতে অন্য পণ্যাগারে উপযুক্ত পরিবহন পাসের আওতায় দেশিমদ পরিবহন ও সরবরাহ করা যাইবে।

১৯. এই লাইসেন্সের আওতায় পাইকারিভাবে দেশিমদ বিক্রয়ের প্রতিটি পণ্যাগারের জন্য পৃথক পৃথক পাইকারি লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

২০. এই লাইসেন্সের আওতায় কোনোভাবেই দেশী মদের কোনো খুচরা বিক্রয় কার্যক্রম পরিচালনা করা যাইবে না।

২১. এই লাইসেন্সের আওতায় মজুদকৃত দেশিমদ পানের অযোগ্য কিংবা অন্য কোনোভাবে অনুপযুক্ত বলিয়া পণ্যাগারের ভারপ্রাপ্ত অফিসারের সন্দেহ হইলে আইন দ্বারা স্বীকৃত রাসায়নিক পরীক্ষকের পরীক্ষা প্রতিবেদনে যদি উক্ত দেশিমদ পানের অযোগ্য পাওয়া যায় তাহা হইলে তাহা ধ্বংস করিয়া ফেলা হইবে এবং এইক্ষেত্রে লাইসেন্সি কোনো ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না।

২২. এই লাইসেন্সের আওতায় প্রক্রিয়াজাত যে কোনো ধরনের দেশিমদ তাহার উপর হইতে সরকার নির্ধারিত হারে মাদকশুল্ক আদায় ব্যতীত বিক্রয় করা যাইবে না।

২৩. লাইসেন্সি খুচরা বিক্রেতাদের নিকট সরবরাহের জন্য কমপক্ষে ৭ (সাত) দিনের সরবরাহ উপযোগী পরিমাণ দেশিমদ সকল পণ্যাগারে মজুদ ও সংরক্ষণ করিতে হইবে।

২৪. পণ্যাগারের দায়িত্বপ্রাপ্ত অফিসারের পূর্বানুমতি ব্যতীত পণ্যাগারে কর্মরত সংশ্লিষ্ট অফিসার ও কর্মচারী ভিন্ন অন্য কোনো ব্যক্তিকে দেশিমদ প্রক্রিয়াজাত এলাকায় প্রবেশ করিতে দেয়া যাইবে না।

২৫. এই লাইসেন্সে বর্ণিত শর্তাবলি ছাড়াও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও তদধীন প্রণীত বিধিমালার যে কোনো বিধান এ লাইসেন্সের শর্ত বলিয়া গণ্য হইবে।

২৬. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সংশ্লিষ্ট ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, যন্ত্রপাতি, সাজসরঞ্জাম, ডিষ্ট্রিলারী হইতে সরবরাহকৃত ওভার প্রুফ দেশিমদ , নির্ধারিত সুরা শক্তি, প্রক্রিয়াজাতকৃত দেশিমদ, যন্ত্রপাতি ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, চালান ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার  কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

২৭. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত দেশিমদ, তাহাদের উপকরণ ও উপাদানের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২৮. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৯. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

৩০. লাইসেন্সির এজেন্টসহ ৩ (তিন) জনের বেশি নিয়োজিত কর্মচারী বন্ডেড পণ্যাগারের অভ্যন্তরে কাজ করিতে পারিবে না। তবে উক্ত সংস্থার কর্মচারী ছাড়া বন্ডেড পণ্যাগারের পাহারার কাজে আরও ৩ জন পাহারাদার নিয়োগ করা যাইবে।

৩১. পণ্যাগারের দেশী মদের মজুদাগারের মূল ফটকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিয়োজিত পণ্যাগার অফিসার  এবং লাইসেন্সির এজেন্টের যৌথভাবে তালাবদ্ধ থাকিবে এবং বন্ধ করিবার পর যৌথভাবে সিলগালা করিতে হইবে। পণ্যাগার খোলার সময় একইভাবে উভয়ের উপস্থিতি বাধ্যতামূলক এবং যৌথভাবে তালা খুলিতে হইবে।

৩২. প্রতিটি দেশী মদের ভ্যাটে যৌথ তালা-চাবির  মাধ্যমে খুলিতে ও বন্ধ করিতে হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের  নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বিঃ দ্রঃ-এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/২৩**

[বিধি ১৮ (৫) দ্রষ্টব্য]

**বিলাতিমদের বন্ডেড পণ্যাগার/পাইকারী বিক্রয় কেন্দ্রের লাইসেন্স**

লাইসেন্স নম্বর ....................তারিখ..............................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং........................................ তারিখ:.......................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ........................................ কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার......................... তারিখের........................ আবেদনের ভিত্তিতে বিলাতিমদের বন্ডেড পণ্যাগার পাইকারী বিক্রয় কেন্দ্রের লাইসেন্স প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির নাম :
   লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির মাতার নাম :
   পিতার/স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :
২. প্রতিষ্ঠানের নাম :
৩. প্রতিষ্ঠানের ঠিকানা :
৪. জাতীয়তা : ....................... জাতীয় পরিচয় পত্র নং ..............................
৫. শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বন্ড লাইসেন্স নম্বর:
৬. ট্রেড লাইসেন্স নং :
৭. টিআইএন :
৮. বন্ডেড পণ্যাগারের অনুমোদিত বিলাতিমদের বিবরণ:
৯. অনুমোদিত রেজিস্টার্ড বিক্রেতার নাম:
১০. আমদানির নিবন্ধন পত্র নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ............. মেয়াদকাল...............

**শর্তাবলি:**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এ লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার শর্ত লঙ্ঘনকারীসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৬. এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে বিলাতিমদের বন্ডেড পণ্যাগার/ পাইকারী বিক্রয় কেন্দ্র পরিচালনা করা যাইবে না।

৭. এই লাইসেন্সে তালিকাভুক্ত বিলাতিমদসমূহ ব্যতীত অন্য কোনো প্রকার বিলাতিমদ কিংবা অন্য কোনো প্রকার অ্যালকোহল জাতীয় দ্রব্য এ বন্ডেড পণ্যাগারের মাধ্যমে সংরক্ষণ বা বিক্রয় করা যাইবে না।

৮. যথাযথভাবে সিলকৃত বিলাতিমদ ছাড়া কোনোরূপ সিল ভাঙ্গা কিংবা দূষিত বা ভেজালপূর্ণ বিলাতিমদ বন্ডেড পণ্যাগারে লাইসেন্সপ্রাপ্ত স্থানে সংরক্ষণ বা বিক্রয় করা যাইবে না।

৯. বন্ডেড পণ্যাগার/পাইকারি বিক্রয় কেন্দ্রের লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনোভাবে কাউকে বিলাতিমদ বা অন্য কোনো প্রকার অ্যালকোহল সেবন করিতে দেওয়া যাইবে না।

১০. সংশ্লিষ্ট জেলা অফিসারের অনুমোদন ছাড়া এই লাইসেন্সের আওতায় কোনো কার্যক্রম পরিচালনার জন্য কোনো অফিসার, ম্যানেজার, বিক্রেতা কিংবা অন্য কোনো ব্যক্তিকে নিয়োগ প্রদান করা যাইবে না।

১১. লাইসেন্সি স্বয়ং কিংবা রেজিস্টার্ড বিক্রেতা ব্যতীত অন্য কেউ এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার বিলাতিমদ বিক্রয় করিতে পারিবেন না।

১২. ডিপ্লোমেটিক বন্ডেড পণ্যাগারের লাইসেন্স এর ক্ষেত্রে বিদেশি কূটনৈতিক ব্যক্তি, কাস্টমস পাসবহিধারী ব্যক্তি এবং কাস্টমস্ আইনে শুল্কমুক্ত সুবিধাপ্রাপ্ত ব্যক্তি ব্যতীত অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো বিলাতিমদ বিক্রয় করা যাইবে না।

১৩. প্রতিবার বিলাতিমদ বিক্রয়ের ক্ষেত্রে ক্রেতার নাম, ঠিকানা, পাসপোর্ট নম্বর, কাস্টমস পাসবহির নম্বর, ইত্যাদি একটি রেজিস্টারে এন্ট্রি করিতে হইবে এবং মদ ক্রেতার পাসপোর্টের একটি ফটোকপি পরিদর্শনকারী অফিসারের পরিদর্শনের জন্য সংরক্ষণ করিতে হইবে।

১৪. এই লাইসেন্সের আওতায় বিক্রয়যোগ্য মদ বিদেশ হইতে আমদানির জন্য একটি পৃথক আমদানি লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

১৫ লাইসেন্সি বা প্রতিষ্ঠান এই লাইসেন্সে বন্ড এর অধীনে বিদেশ হইতে আমদানিকৃত মদ যাহাতে কোনো দেশীয় ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয়, হস্তান্তর বা পাচার না হয় তৎমর্মে সিওরিটি বন্ড সম্পাদন করিবেন।

১৬. এই লাইসেন্সের আওতায় প্রতিবার বিদেশ হইতে মদ আমদানির পর উক্তরূপ আমদানি সম্পর্কে লিখিতভাবে লাইসেন্স ইস্যুকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে। লাইসেন্স ইস্যুকারী কর্তৃপক্ষের যাচাই ব্যতিরেকে আমদানিকৃত কোনো বিলাতিমদ বিক্রয় করা যাইবে না।

১৭. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমোদিত ব্রান্ডের বিলাতিমদ ছাড়া অন্য কোনো বিদেশি/বিলাতিমদ বা মদজাতীয় পানীয় এই বন্ডেড পণ্যাগার লাইসেন্সের মাধ্যমে আমদানি কিংবা ক্রয়-বিক্রয় করা যাইবে না।

১৮. এই লাইসেন্সের আওতায় মজুদকৃত সকল বিলাতিমদ চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে লাইসেন্সি/প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৯. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রেমিসেস, স্থাপনা, বিলাতিমদ, ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, ক্যাশমেমো, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

২০. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত বিলাতিমদের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২১. লাইসেন্সি এই লাইসেন্স ছাড়াও বিলাতি/বিদেশিমদ ও মদজাতীয় পানীয় কোনো খুচরা বিক্রয়ের লাইসেন্স কিংবা কোনোরূপ বার লাইসেন্সপ্রাপ্ত হইয়া থাকেন তাহা হইলে কোনো অবস্থাতেই উক্ত লাইসেন্সসমূহের আওতাভুক্ত বিদেশি/বিলাতিমদ ও মদ জাতীয় পানীয় এই লাইসেন্সের আওতাভুক্ত স্থানে সংরক্ষণ কিংবা তাহার কোনোরূপ কার্যক্রম পরিচালনা করা যাইবে না। এইরূপ ক্ষেত্রে পৃথক পৃথকভাবে বন্ডেড পণ্যাগার এবং খুচরা বিক্রয়ের লাইসেন্সসমূহের হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২২. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৩. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্রঃ- এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/২৪**

[বিধি ১৮ (৫) দ্রষ্টব্য]

## রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল এর বন্ডেড পণ্যাগার লাইসেন্স

**লাইসেন্স নম্বর ..........................তারিখ.........................**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং................................... তারিখ:.................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ...................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার...................................... তারিখের............................... আবেদনের ভিত্তিতে....................স্থানে রেক্টিফাইড স্পিরিট/ অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল এর বন্ডেড পণ্যাগার লাইসেন্স প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের নাম :

২. প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীর নাম :

৩. পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :

৪. বন্ডেড পণ্যাগারের অবস্থান ও ঠিকানা :

৫. জাতীয়তা/জাতীয় পরিচয়পত্র নং :

৬. টিআইএ:

৭. ট্রেড লাইসেন্স নং :

৮. পণ্যাগারে সংরক্ষণ ও বিক্রয়ের জন্য অনুমোদিত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল এর প্রকার ও বিবরণ:

৯. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির এজেন্ট বা প্রতিনিধির নাম, জাতীয় পরিচয়পত্র নং, ঠিকানা :

১০. বন্ডেড পণ্যাগারের অনুমোদিত সর্বনিম্ন মজুত :

**শর্তাবলি:**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪. এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল সংরক্ষণ মজুদ ও সরবরাহ বা বিক্রয় করা যাইবে না।

৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৬. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার শর্ত লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৭. এই লাইসেন্সে তালিকাভুক্ত প্রকার ও সুরাশক্তির রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল ব্যতীত অন্য কোনো প্রকার রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল সংরক্ষণ, মজুদ ও বিক্রয় করা যাইবে না।

৮. লাইসেন্সি সরকার অনুমোদিত প্রক্রিয়ায়, নির্ধারিত সুরাশক্তিতে এবং নির্ধারিত প্রকারের ভ্যাট বা পাত্রে রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল সংরক্ষণ, মজুদ ও বিক্রয় করিবেন।

৯. রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল সংরক্ষণ, মজুদ ও বিক্রয়ের জন্য প্রয়োজনীয় সকল যন্ত্রপাতি, পাত্র, আধার, সাজ-সরঞ্জাম, পরিমাপক যন্ত্র, ইত্যাদি লাইসেন্সি সরবরাহ করিবেন। উহাদের উপযুক্ততা সম্পর্কে বছরে একবার আইনানুগভাবে স্বীকৃত রাসায়নিক পরীক্ষকের প্রতিবেদন সংগ্রহণ করিবেন। রাসায়নিক পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদন ব্যতীত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল সংরক্ষণ, মজুদ ও বিক্রয়ের জন্য কোনো যন্ত্রপাতি, পাত্র, আধার, সাজ-সরঞ্জাম, পরিমাপক যন্ত্র ইত্যাদি ব্যবহার করা যাইবে না। লাইসেন্সি নিজ খরচে এই সকল যন্ত্রপাতি, পাত্র, আধার, সাজ-সরঞ্জাম, পরিমাপক যন্ত্র, ইত্যাদি যথাযথভাবে সংরক্ষণ ও মেরামত করিবেন।

১০. মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে এ লাইসেন্সের আওতাভুক্ত স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম ইত্যাদির কোনোরূপ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বিয়োজন করা যাইবে না।

১১. ১৬০ (একশত ষাট) প্রুফ সুরাশক্তির নিম্নে কোনো রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল পণ্যাগারে সংরক্ষণ, মজুদ ও বিক্রয় করা যাইবে না।

১২. লাইসেন্সপ্রাপ্ত স্থানে স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, ভ্যাট, বোতল, উপকরণ এবং অন্যান্য বস্তুর গায়ে সুস্পষ্টভাবে তাহার বিবরণী ও পরিমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে।

১৩. এই লাইসেন্সের আওতায় রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল এর সরবরাহ গ্রহণ, মজুত, সংরক্ষণ বা বিক্রয় কার্যক্রম পণ্যাগারের ভারপ্রাপ্ত অফিসারের উপস্থিতি ছাড়া সম্পন্ন করা যাইবে না।

১৪. এই লাইসেন্সের আওতায় মজুতকৃত সকল রেক্টিফাইডস্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/ স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৫. একমাত্র অগ্নি নিরোধক ও পাকা দেয়াল ও পর্যাপ্ত আলো-বাতাসের সরবরাহ বিশিষ্ট যথাযথ নিরাপত্তা ব্যবস্থা সংবলিত কক্ষ ছাড়া অন্য কোনো স্থানে রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল মজুদ করা যাইবে না। কোনো আগুনের উৎসের সন্নিকটে রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল মজুদ করা যাইবে না।

১৬. অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধানমতে অনুমোদিত লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না। তবে ক্ষেত্র বিশেষে মহাপরিচালকের অনুমোদনক্রমে এক পণ্যাগার হইতে অন্য পণ্যাগারে উপযুক্ত পরিবহন পাসের রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল পরিবহন ও সরবরাহ করা যাইবে।

১৭. প্রতিটি পৃথক পণ্যাগারের জন্য পৃথক পৃথক বন্ডেড পণ্যাগার লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

১৮. এই লাইসেন্সের আওতায় কোনোভাবেই রেক্টিফাইডস্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল এর কোনো খুচরা বিক্রয় কার্যক্রম পরিচালনা করা যাইবে না।

১৯. এই লাইসেন্সের আওতায় মজুদকৃত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল ব্যবহারের অযোগ্য কিংবা অন্য কোনোভাবে অনুপযুক্ত বলিয়া পণ্যাগারের ভারপ্রাপ্ত অফিসারের সন্দেহ হইলে রাসায়নিক পরীক্ষকের পরীক্ষা প্রতিবেদনে যদি উক্ত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল ব্যবহারের অযোগ্য পাওয়া যায় তাহা হইলে উহা বিধি মোতাবেক ধ্বংস করিতে হইবে এবং এইজন্য লাইসেন্সি কোনো ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন না।

২০. অনুমোদিত প্রকারের রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল এর উপর হইতে সরকার নির্ধারিত হারে মাদক শুল্ক আদায় ব্যতীত বিক্রয় করা যাইবে না।

২১. লাইসেন্সি খুচরা বিক্রেতাদের নিকট সরবরাহের জন্য কমপক্ষে ১০ (দশ) দিনের সরবরাহ উপযোগী পরিমাণ রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল পণ্যাগারে মজুত রাখিবেন।

২২. পণ্যাগারের ভারপ্রাপ্ত অফিসারের পূর্বানুমতি ব্যতীত পণ্যাগারে কর্মরত সংশ্লিষ্ট অফিসার ও কর্মচারী ভিন্ন অন্য কোনো ব্যক্তিকে রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল সংরক্ষণ ও মজুদ এলাকায় প্রবেশ করিতে দেওয়া যাইবে না।

২৩. এই লাইসেন্সে বর্ণিত শর্তাবলি ছাড়াও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও তদধীন প্রণীত বিধিমালার যে কোনো বিধান এবং মহাপরিচালক কর্তৃক, সময়ে সময়ে, জারীকৃত আদেশ/নির্দেশ এই লাইসেন্সের শর্ত বলিয়া গণ্য হইবে।

২৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, যন্ত্রপাতি, সাজসরঞ্জাম, রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল, যন্ত্রপাতি, ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, চালান, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

২৫. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত রেক্টিফাইড স্পিরিট/অ্যাবসোলিউট অ্যালকোহল/স্ট্রং অ্যালকোহল/ইথাইল অ্যালকোহল/এক্সট্রা নিউট্রাল অ্যালকোহল এর যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২৬. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৭. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বিঃ দ্রঃ- এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে উহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/২৫**

[বিধি ৪২ (৪) দ্রষ্টব্য]

**বিদেশিমদ ও মদ জাতীয় পানীয়ের আমদানি বা রপ্তানির লাইসেন্স**

**লাইসেন্স নম্বর .........................তারিখ.........................**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং........................... তারিখ:................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ....................................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার...................... তারিখের...................... আবেদনের ভিত্তিতে বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় আমদানি বা রপ্তানির লাইসেন্স প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম :

২. প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম :

৩. মাতার নামঃ

৪. পিতার নামঃ

৫. বর্তমান ঠিকানা :

৬. স্থায়ী ঠিকানা :

৭. জাতীয় পরিচয়পত্র নং : মোবাইল নং :

৮. প্রতিষ্ঠানের ঠিকানা :

৯. অফিস :

১০. ব্যবসা স্থান :

১১. ই-টিআইএন :

১২. আমদানি /রপ্তানি নিবন্ধন সনদ নম্বরঃ

১৩. আমদানি /রপ্তানি পারমিট/ছাড়পত্র নম্বরঃ

১৪. অনুমোদিত বিদেশিমদ ও মদ জাতীয় পানীয়ের ব্রান্ডসমূহের নাম :

**শর্তাবলিঃ**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর এর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারায় অপরাধী হিসাবে সাজাপ্রাপ্ত ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৬. এই লাইসেন্সে বর্ণিত রুট ও বন্দর ব্যতীত অন্য কোনো রুট বা বন্দরের মাধ্যমে বিদেশিমদের আমদানি/বিলাতিমদের রপ্তানি করা যাইবে না।

৭. এই লাইসেন্সে তালিকাভুক্ত বিদেশিমদসমূহ ব্যতীত অন্য কোনো প্রকার বিদেশিমদ আমদানি করা যাইবে না।

৮. এই লাইসেন্সের আওতায় মহাপরিচালকের নিকট হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত ব্রান্ডের বিদেশিমদ ব্যতীত কোনো প্রকার বিদেশিমদ বিক্রয় করা যাইবে না।

৯. লাইসেন্সি ব্যতীত অন্য কেউ তাহার পক্ষে এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার বিদেশিমদ আমদানি করিতে পারিবেন না।

১০. এই লাইসেন্সের আওতায় আমদানিকৃত বিদেশিমদ লাইসেন্সধারীদের নিকট পাইকারি বিক্রয়/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার অধীন অনুমোদিত ব্যক্তিদের নিকট পরিবেশন ব্যতীত অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট কোনোরূপ বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না।

১১. এই লাইসেন্সের আওতায় কোনো আমদানি বা পাইকারি বিক্রয় করিতে হইলে তাহা ১০ নং শর্ত প্রতিপালন ছাড়াও সরকারের বৈদেশিক মুদ্রা সংক্রান্ত নীতিমালা, আমদানি নীতিমালা এবং সরকারের শুল্ক, আবগারি ও ভ্যাট সংক্রান্ত নীতি ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

১২. দেশের বা বিদেশের একমাত্র বৈধ প্রতিষ্ঠান বা ব্যক্তির সঙ্গে দেশে/বিদেশের প্রচলিত আইনের বিধান পালন করত এই লাইসেন্সের আওতায় বিলাতিমদ আমদানি সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করা যাইবে।

১৩. লাইসেন্সি তাহার আমদানিকৃত বিদেশিমদ উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থাধীনে সংরক্ষণ বা মজুদ করিবেন।

১৪. লাইসেন্সি প্রত্যেকবার বিদেশিমদ আমদানির পর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত অফিসারকে লিখিতভাবে রিপোর্ট করিবেন এবং উক্ত অফিসারের ব্যক্তিগত উপস্থিতি ও পরীক্ষা-নিরীক্ষা ছাড়া বিদেশিমদ এর মোড়ক খুলিতে বা তাহা হইতে কোনো কিছু বিক্রয় বা উৎপাদন কাজে ব্যবহার করিতে পারিবেন না।

১৫. লাইসেন্সি নির্ধারিত ফরমে তাহার আমদানিকৃত সকল বিদেশিমদের নিয়মিত হিসাব সংরক্ষণ করিবেন।

১৬. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ধারা ১৫, ১৬ এবং ১৭ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৭. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

১৮. লাইসেন্সি প্রত্যেক বার বিদেশিমদ আমদানির পূর্বে বিধিমালা অনুসারে ছাড়পত্র গ্রহণ করিবেন এবং আমদানির উদ্দেশ্যে কোনো বন্দরে বিদেশিমদ মজুদ করিবার পর এতদ্‌বিষয়ে লিখিতভাবে মহাপরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে লিখিতভাবে অবহিত করিবেন এবং তাহার নিকট হইতে শুল্ক খালাসের ছাড়পত্র গ্রহণ করিবেন।

১৯. এই লাইসেন্সের আওতায় আমদানিকৃত সকল প্রকার বিদেশিমদ চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত রোধের ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

২০. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাতে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, বিদেশিমদ/বিলাতিমদ, ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, ক্যাশমেমো, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

২১. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত বিদেশিমদ/বিলাতিমদের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২২. এই লাইসেন্স বাতিল/প্রত্যাহার কিংবা অন্য কোনোভাবে তাহার কার্যক্রম রহিত করা হইলে লাইসেন্সটি তাহার ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান করিতে হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বিঃ দ্রঃ-এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/২৬**

[বিধি ৪ (৭) দ্রষ্টব্য]

**বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় আমদানির পূর্বানুমতি**

**পূর্বানুমতি নম্বর .........................তারিখ.........................**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং............................. তারিখ:................................. এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ....................................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার.................... তারিখের........................................... আবেদনের ভিত্তিতে বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় আমদানির পূর্বানুমতি প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম :

২. প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম :

৩. মাতার নাম:

৪. পিতার নাম:

৫. বর্তমান ঠিকানা :

৬. স্থায়ী ঠিকানা :

৭. জাতীয় পরিচয়পত্র নং : মোবাইল নং :

৮. প্রতিষ্ঠানের ঠিকানা :

৯. অফিস :

১০. ব্যবসা স্থান :

১১. ই-টিআইএন :

১২. আমদানি /রপ্তানি নিবন্ধন সনদ নম্বর :

১৩. আমদানির জন্য অনুমোদিত বিদেশিমদ ও মদ জাতীয় পানীয়ের বিবরণ ও পরিমাণ :

১৪. মোট মূল্য:

১৫. আমদানি /রপ্তানি রুট:

১৬. প্রবেশ বন্দর/নির্গমন বন্দর:

<u>শর্তাবলি:</u>

১. এই ছাড়পত্র হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

২. এই ছাড়পত্র প্রদানের তারিখ হইতে ৩ (তিন) মাস পর্যন্ত বলবৎ থাকিবে।

৩. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারায় অপরাধী হিসাবে সাজাপ্রাপ্ত কোনো ব্যক্তিকে এই পূর্বানুমতির কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৪. এই পূর্বানুমতির আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা পূর্বানুমতির কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি পূর্বানুমতিধারীর স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার উক্ত ব্যক্তিসহ পূর্বানুমতিধারীর উপর বর্তাইবে।

৫. এই পূর্বানুমতি বর্ণিত রুট ও বন্দর ব্যতীত অন্য কোনো রুট বা বন্দরের মাধ্যমে বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় আমদানি করা যাইবে না।

৬. এই পূর্বানুমতি তালিকাভুক্ত বিদেশিমদ ও মদজাতীয় পানীয়সমূহ ব্যতীত অন্য কোনো প্রকার বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় আমদানি করা যাইবে না।

৭. পূর্বানুমতিধারী ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কেউ এই পূর্বানুমতির আওতাভুক্ত কোনো প্রকার বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় আমদানি করিতে পারিবেন না।

৮. এ পূর্বানুমতির আওতায় আমদানিকৃত বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় লাইসেন্সিদের নিকট পাইকারি বিক্রয়/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার অধীন অনুমোদিত ব্যক্তিদের নিকট পাইকারি বিক্রয়/পরিবেশন ব্যতীত অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট কোনোরূপ বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না।

৯. এই পূর্বানুমতির আওতায় কোনো আমদানি ও পাইকারি বিক্রয় করিতে হইলে সরকারের বৈদেশিক মুদ্রা সংক্রান্ত নীতিমালা, আমদানি, রপ্তানি নীতিমালা এবং সরকারের শুল্ক, আবগারি ও ভ্যাট সংক্রান্ত নীতি ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

১০. এই পূর্বানুমতির আওতায় যে কোনো দেশের বৈধ প্রতিষ্ঠান বা ব্যক্তির সঙ্গে প্রচলিত আইনের বিধান পালন করত বিদেশিমদ ও মদজাতীয় পানীয় আমদানি সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করা যাইবে।

১১. এই পূর্বানুমতির অধীনে একবার মাত্র বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় আমদানি করা যাইবে। পূর্বানুমতিধারী কোনো বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় আমদানির পর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে লিখিতভাবে রিপোর্ট করিবেন এবং শুল্ক খালাসের ছাড়পত্র গ্রহণ করিবেন।

১২. এই পূর্বানুমতির মাধ্যমে আমদানির ক্ষেত্রে যাবতীয় আর্থিক ও আইনগত দায়-দায়িত্ব আমদানিকারক বহন করিবেন।

১৩. এই পূর্বানুমতিতে বর্ণিত দেশ, কোম্পানি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোনো দেশ, কোম্পানি বা প্রতিষ্ঠান হইতে বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় আমদানি করা যাইবে না এবং বর্ণিত রুট এবং প্রবেশ ও নির্গমন বন্দর ব্যতীত অন্য কোনো রুট বা বন্দর ব্যবহার করা যাইবে না।

১৪. নির্ধারিত সময়ের মধ্যে এ পূর্বানুমতি ব্যবহার করা না হইলে ইহা বাতিল বলিয়া গণ্য হইবে। উপযুক্ত কারণ প্রদর্শন করা হইলে পূর্বানুমতি প্রদানকারী কর্তৃপক্ষ তা পরবর্তী তিন মাসের জন্য নবায়ন করিতে পারিবেন। তবে একবারের বেশি কোনো পূর্বানুমতি নবায়ন করা যাইবে না।

১৫. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই পূর্বানুমতির কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৬. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা পূর্বানুমতির শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া পূর্বানুমতি বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

১৭. পূর্বানুমতির মেয়াদকালে অথবা বর্ধিত মেয়াদকালে বিদেশিমদ ও মদ জাতীয় পানীয় আমদানি করা না হইলে পূর্বানুমতিটি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান করিতে হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বিঃ দ্রঃ- এই পূর্বানুমতি দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই পূর্বানুমতির উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/২৭**

[বিধি ৩৫ (২) দ্রষ্টব্য]

**বিলাতিমদের উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ/বোতলজাতকরণের লাইসেন্স**

**লাইসেন্স নং ......................... ইস্যু তারিখ ......................**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং................................ তারিখ:...................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ....................................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার......................... তারিখের............................................. আবেদনের ভিত্তিতে বিলাতিমদের উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ/বোতলজাতকরণের লাইসেন্স প্রদান করা হইল :

১। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম:

২। প্রতিষ্ঠান/ডিস্টিলারির ঠিকানা:

(ক) অফিস :

(খ) ব্যবসা স্থান :

(গ) কারখানা :

৩। (ক) প্রতিষ্ঠান/ডিস্টিলারির স্বত্বাধিকারীর নাম:

(খ) বর্তমান ঠিকানা:

(গ) স্থায়ী ঠিকানা:

(ঘ) মোবাইল নং:

৪। জাতীয় পরিচয়পত্র নং:

৫। স্বত্বাধিকারীর মাতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে):

৬। স্বত্বাধিকারীর পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে):

৭। বিনিয়োগ বোর্ডের রেজিঃ নং:

৮। টিআইএন নং:

৯। (ক) বিলাতিমদের অনুমোদিত ব্রান্ডের নাম (সুরাশক্তির পরিমাণ):

(খ) বোতলের আকার ও ধারণ ক্ষমতার বিবরণ (রেসিপিসহ):

১০। বিলাতিমদের ব্রান্ডসমূহের রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ :

১১। নিয়োজিত কেমিস্টের নাম:

<u>**শর্তাবলি:**</u>

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ১৫ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর এর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪. এই লাইসেন্সে বর্ণিত স্থান ও কারখানা ব্যতীত অন্য কোনো স্থানে ও কারখানায় বিলাতিমদের উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণ বা বোতলজাতকরণ করা যাইবে না।

৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর সংশ্লিষ্ট ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এ লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৬. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার শর্ত লঙ্ঘনকারীসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৭. এই লাইসেন্সে তালিকাভুক্ত বিলাতিমদসমূহ ব্যতীত অন্য কোনো প্রকার বিলাতিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ বা বোতলজাতকরণ করা যাইবে না।

৮. লাইসেন্সি অবশ্যই সরকার অনুমোদিত রেসিপি অনুসরণপূর্বক বিলাতিমদের উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ বা বোতলজাতকরণ করিবেন।

৯. মহাপরিচালকের নিকট হইতে রেজিস্ট্রেশন গ্রহণ ব্যতীত কোনো প্রকার ব্রান্ডের বিলাতিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ বা বোতলজাতকরণ করা যাইবে না।

১০. অনুমোদিত কেমিস্টের প্রত্যক্ষ তত্ত্বাবধান ব্যতীত এ লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার বিলাতিমদ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ বা বোতলজাতকরণ করা যাইবে না।

১১. মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে এই লাইসেন্সের আওতাভুক্ত স্থাপনা, যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম, ইত্যাদির কোনোরূপ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বিয়োজন করা যাইবে না।

১২. এই লাইসেন্সের আওতায় উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বিলাতিমদ তৈরীর উদ্দেশ্যে ব্যবহার্য অ্যালকোহল, ক্যারামেল (রং), এসেন্স (সুগন্ধি) কোনো স্বীকৃত রাসায়নিক পরীক্ষাগারে পরীক্ষার পর ইহা পানের উপযুক্ত তাহার সনদসহ ব্যবহার্য বোতল, লেভেল, ছিপি ইত্যাদি মহাপরিচালকের অনুমোদনক্রমে ব্যবহার করা যাইবে।

১৩. লাইসেন্সপ্রাপ্ত স্থানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এবং তদধীন প্রণীত বিধিমালার দ্বারা স্বীকৃত এবং মহাপরিচালকের অনুমোদিত স্থাপনা, সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, পাত্র, আধার, মোড়ক, বোতল, উপকরণ এবং অন্যান্য সংশ্লিষ্ট বস্তু ছাড়া অন্য কোনোকিছু সংরক্ষণ বা গুদামজাত করা যাইবে না।

১৪. উৎপাদন ও প্রক্রিয়াজাতকৃত বা বোতলজাতকৃত বিলাতিমদ এর রাসায়নিক গুণাগুণ ও মান কোনো আইন দ্বারা স্বীকৃত পরীক্ষাগারে পরীক্ষার পর মহাপরিচালকের অনুমোদনক্রমে বাজারজাত ও বিক্রয় করা যাইবে।

১৫. উৎপাদিত সকল প্রকার বিলাতিমদের বোতল, লেভেল ও মোড়কের গায়ে তাহার সুরাশক্তি, উৎপাদন তারিখ, ব্যাচ নম্বর ব্যবহৃত উপাদানসমূহ, পরিমাণ এবং উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম অঙ্কিত থাকিতে হইবে।

১৬. এই লাইসেন্সের আওতায় বিলাতিমদের উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ বা বোতলজাতকরণ এর যে কোনো ব্যক্তিকে কমপক্ষে ৪৮ (আটচল্লিশ) ঘণ্টা পূর্বে (সরকারি ও সাপ্তাহিক ছুটি ব্যতীত) উক্ত কার্যক্রম সম্পর্কে জেলা অফিসারকে লিখিতভাবে অবহিত করিবেন।

১৭. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত ও প্রক্রিয়াজাতকৃত বা বোতলজাতকৃত সকল প্রকার বিলাতিমদের লেভেল ও মোড়কের গায়ে ''অত্যধিক ও অনিয়ন্ত্রিত মদ্যপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। আইনের বিধান বর্হিভূত মদ্যপান দন্ডনীয় অপরাধ'' সতর্কবাণী মুদ্রিত থাকিতে হইবে।

১৮. এই লাইসেন্সের আওতায় মজুতকৃত সকল বিলাতিমদ চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে নষ্ট হইবার ক্ষেত্রে লাইসেন্সিকে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৯. একমাত্র অগ্নিনিরোধক এবং পাকা দেয়াল ও পর্যাপ্ত আলো-বাতাসের সরবরাহবিশিষ্ট যথাযথ নিরাপত্তা ব্যবস্থাসম্বলিত কক্ষ ছাড়া অন্য কোনো স্থানে বিলাতিমদ উৎপাদনে ব্যবহার্য অ্যালকোহল মজুদ করা যাইবে না। কোনো আগুনের উৎসের সন্নিকটে বিলাতিমদ উৎপাদনে ব্যবহার্য অ্যালকোহল মজুদ করা যাইবে না।

২০. অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর আওতায় সংশ্লিষ্ট লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কাহারো নিকট এই লাইসেন্সের অধীনে উৎপাদিত ও প্রক্রিয়াজাতকৃত বা বোতলজাতকৃত কোনো বিলাতিমদ বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না।

২১. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাতে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, যন্ত্রপাতি, সাজসরঞ্জাম, উৎপাদিত ও প্রক্রিয়াজাতকৃত বা বোতলজাতকৃত বিলাতিমদ, কাঁচামাল কিংবা তাহাদের উপাদান, উপকরণ ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাব রেজিস্টার, খাতাপত্র, রিপোর্ট, ইস্যুকৃত ক্যাশমেমো ও পরিবহন পাস, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

২২. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের অধীনে উৎপাদিত/প্রক্রিয়াজাত বিলাতিমদ, উহাদের কাঁচামাল এবং উপকরণ ও উপাদানের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২৩ অধিদপ্তর অনুমোদিত ডিস্টিলারির নীলনকশা ও রেসিপি উক্ত লাইসেন্সের সহিত সংরক্ষণ করিতে হইবে।

২৪. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

২৬. এই লাইসেন্স বাতিল/প্রত্যাহার কিংবা অন্য কোনোভাবে তাহার কার্যক্রম রদ করা হইলে লাইসেন্সটি তাহার ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান করিতে হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বিঃ দ্রঃ- এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/২৮**

[বিধি ৩৫ (১১) দ্রষ্টব্য]

**বিলাতিমদের পাইকারি বিক্রয় লাইসেন্স**

লাইসেন্স নম্বর .........................তারিখ.........................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং.................................. তারিখঃ.................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ........................................ কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার......................... তারিখের............................................. আবেদনের ভিত্তিতে বিলাতিমদের পাইকারি বিক্রয় লাইসেন্স প্রদান করা হইলঃ

১. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির নাম :

২. মাতার নাম :

৩. পিতার নাম :

৪. (ক) বর্তমান ঠিকানা :

(খ) স্থায়ী ঠিকানা :

৫. প্রতিষ্ঠানের নাম :

৬. প্রতিষ্ঠানের ঠিকানা :

৭. অফিস :

৮. ব্যবসাস্থান :

৯. জাতীয় পরিচয় পত্র নম্বরঃ মোবাইল নং :

১০. ই-টিআইএনঃ

১১. অনুমোদিত বিলাতিমদের ব্রান্ডসমূহের নামঃ

<u>শর্তাবলিঃ</u>

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর ইহার কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার লাইসেন্সির উপর বর্তাইবে।

৬. এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে বিলাতিমদের পাইকারি বিক্রয় করা যাইবে না।

৭. এই লাইসেন্সে তালিকাভুক্ত বিলাতীমদসমূহ ব্যতীত অন্য কোনো প্রকার বিলাতিমদ কিংবা অন্য কোনো প্রকার অ্যালকোহল জাতীয় দ্রব্য পাইকারি বিক্রয় করা যাইবে না।

৮. এই লাইসেন্সের আওতায় মহাপরিচালকের নিকট হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত ব্রান্ডের বিলাতিমদ ব্যতীত কোনো প্রকার বিলাতিমদ বিক্রয় করা যাইবে না।

৯. একমাত্র যথাযথভাবে সিলকৃত বিলাতিমদ ছাড়া কোনোরূপ সিল ভাঙ্গা কিংবা দূষিত বা ভেজালপূর্ণ বিলাতিমদ লাইসেন্সপ্রাপ্ত স্থানে সংরক্ষণ বা বিক্রয় করা যাইবে না।

১০. কোনো অবস্থাতেই লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনোভাবে কাহাকেও বিলাতিমদ বা অন্য কোনো প্রকার অ্যালকোহল সেবন করিতে দেওয়া যাইবে না।

১১. জেলা বা মেট্রো বা বিশেষ জোন কার্যালয় অফিসারের অনুমোদন ছাড়া এই লাইসেন্সের আওতায় কোনো কার্যক্রম পরিচালনার জন্য কোনো অফিসার, ম্যানেজার, সেলস্‌ম্যান কিংবা অন্য কোনো ব্যক্তিকে নিয়োগ দেয়া যাইবে না।

১২. লাইসেন্সি স্বয়ং কিংবা রেজিস্টার্ড সেল্‌সম্যান ব্যতীত অন্য কেহ এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার বিলাতিমদ পাইকারি বিক্রয় করিতে পারিবেন না।

১৩. একমাত্র লাইসেন্সপ্রাপ্ত পাইকারি বা খুচরা বিক্রেতা, বার বা ক্লাব কিংবা বিলাতিমদের অন্য কোনো প্রকার লাইসেন্সি ব্যতীত অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো বিলাতিমদ বিক্রয় করা যাইবে না।

১৪. এই লাইসেন্সের আওতায় উৎপাদিত ও মজুতকৃত সকল বিলাতিমদ চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, বিলাতিমদ ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, ক্যাশমেমো ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা করবেন।

১৬. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এ লাইসেন্সের আওতাভুক্ত বিলাতিমদের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

১৭. এই লাইসেন্সের আওতায় পাইকারিভাবে বিক্রয়ের উদ্দেশ্যে আমদানি কৃত কিংবা সংগৃহীত বিলাতিমদের প্রতিটি চালানের (কনসাইনমেন্ট) সরবরাহ পাইবার ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে লিখিতভাবে জেলা অফিসারকে তাহার সরবরাহ প্রাপ্তি সম্পর্কে লিখিতভাবে অবহিত করিতে হইবে। জেলা অফিসার কিংবা তাহার প্রতিনিধি কর্তৃক যথাযথভাবে পরীক্ষা ও যাচাই এর পরই উক্ত মদ বিক্রয় করা যাইবে।

১৮. লাইসেন্সি বিলাতিমদের এই পাইকারি বিক্রয় লাইসেন্স ছাড়াও বিলাতিমদের যদি কোনো খুচরা বিক্রয়ের লাইসেন্স কিংবা কোনোরূপ বার লাইসেন্সপ্রাপ্ত হইয়া থাকেন তাহা হইলে কোনো অবস্থাতেই উক্ত লাইসেন্সসমূহের আওতাভুক্ত বিলাতিমদ পাইকারি লাইসেন্স এর আওতাভুক্ত স্থানে সংরক্ষণ কিংবা তাহার কোনোরূপ কার্যক্রম পরিচালনা করা যাইবে না। এইরূপ ক্ষেত্রে পৃথক পৃথকভাবে পাইকারি বিক্রয় এবং খুচরা বিক্রয়ের লাইসেন্সসমুহের হিসাবসমূহ সংরক্ষণ করিতে হইবে।

১৯. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২০. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

২১. এই লাইসেন্স বাতিল/প্রত্যাহার কিংবা অন্য কোনোভাবে তাহার কার্যক্রম রহিত করা হইলে লাইসেন্সটি তাহার ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান করিতে হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্র:-এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/২৯**

[বিধি ৩৫ (১১) দ্রষ্টব্য]

**বিলাতিমদের খুচরা বিক্রয় লাইসেন্স**

লাইসেন্স নম্বর ................................. তারিখ ..................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং.................................. তারিখ:.................................. এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ....................................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার........................ তারিখের................................... আবেদনের ভিত্তিতে বিলাতিমদের খুচরা বিক্রয় লাইসেন্স প্রদান করা হইল :

| | |
|---|---|
| ১. | লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির নাম: |
| ২. | প্রতিষ্ঠানের নাম: |
| ৩. | প্রতিষ্ঠানের ঠিকানা |
| | অফিস: |
| | ব্যবসাস্থান: |
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে): |
| ৫. | টিআইএন: |
| ৬. | খুচরা বিক্রয়যোগ্য বিলাতি মদসমূহের বিবরণ: |
| ৭. | অনুমোদিত রেজিষ্টার্ড বিক্রেতার নাম: |
| ৮. | ট্রেড লাইসেন্স নং :................................ প্রদানকারী কর্তৃপক্ষ :......................... |

**শর্তাবলি:**

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২. এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫. জেলা/মেট্রো/বিশেষ জোন অফিসারের অনুমোদন ছাড়া এই লাইসেন্সের আওতায় কোনো কার্যক্রম পরিচালনার জন্য কোনো অফিসার, ম্যানেজার, বিক্রেতা কিংবা অন্য কোনো ব্যক্তিকে নিয়োগ প্রদান করা যাইবে না।

৬. এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৭. এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে বিলাতিমদের খুচরা বিক্রয় করা যাইবে না।

৮. এই লাইসেন্সের তালিকাভুক্ত বিলাতীমদসমূহ ব্যতীত অন্য কোনো প্রকার বিলাতিমদ খুচরা বিক্রয় করা যাইবে না।

৯. এই লাইসেন্সের আওতায় বিলাতিমদের কোনো বোতল খুলিয়া বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

১০. লাইসেন্সি স্বয়ং কিংবা রেজিস্টার্ড সেল্‌সম্যান ব্যতীত অন্য কেহ এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার বিলাতিমদ খুচরা বিক্রয় করিতে পারিবেন না।

১১. একমাত্র পারমিটধারী ব্যক্তি কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার অধীন স্বীকৃতিপ্রাপ্ত ব্যক্তি ছাড়া অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো বিলাতিমদ বিক্রয় করা যাইবে না।

১২. লাইসেন্সি কর্তৃক এই লাইসেন্সের আওতায় বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষিত সকল বিলাতিমদ চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৩. কোনো অবস্থাতেই এই লাইসেন্সের আওতায় খোলা বোতল, ভেজালযুক্ত, বিষাক্ত, নিম্নশক্তির, বিবর্ণ কিংবা অন্য কোনোভাবে পরিবর্তিত বিলাতিমদ বিক্রয় করা যাইবে না।

১৪. কোনো অবস্থাতেই ২১ বৎসর বয়সের নিম্নে কাহারও নিকট বিলাতিমদ বিক্রয় বা সরবরাহ করা যাইবে না।

১৫. লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই কোনো ছোঁয়াচে রোগাক্রান্ত ব্যক্তিকে কিংবা কোনো মহিলাকে কিংবা ২১ বৎসরের নিম্ন বয়সের কোনো ব্যক্তিকে বিক্রয়কার্য পরিচালনা করিতে দেওয়া যাইবে না।

১৬. লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই একমাত্র লাইসেন্সে অনুমোদিত প্রকারে বিলাতিমদ ব্যতীত অন্য কোনো প্রকার অ্যালকোহল কিংবা বিলাতিমদের উৎপাদনে ব্যবহৃত হইতে পারে এমন কোনো উপাদান বা উপকরণ সংরক্ষণ করা যাইবে না।

১৭. লাইসেন্স প্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই কোনোরূপ নাচ-গান কিংবা অন্য কোনোরকম বিনোদনের ব্যবস্থা করা যাইবে না।

১৮. একমাত্র বিধি দ্বারা নির্ধারিত সুরাশক্তির বিলাতিমদ ব্যতীত অন্য কোনো প্রকার সুরাশক্তির বিলাতিমদ লাইসেন্সপ্রাপ্ত স্থানে মজুদ, সংরক্ষণ বা বিক্রয় করা যাইবে না।

১৯. কোনো অবস্থাতেই লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি কিংবা লাইসেন্সপ্রাপ্ত দোকানের রেজিস্টার্ড সেল্‌সম্যান এই লাইসেন্সের অধীন কোনোরূপ কার্যক্রম পরিচালনা করিবার সময়ে অ্যালকোহল কিংবা অন্য কোনোরূপ নেশার দ্রব্য সেবন কিংবা নেশাগ্রস্ত হইতে পারিবেন না।

২০. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি প্রতিবারই এই লাইসেন্সের অধীন বিক্রয়ের উদ্দেশ্যে সংগৃহীত বিলাতিমদের সরবরাহ পাওয়ার ৪৮(আটচল্লিশ) ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট জেলা অফিসারকে তৎসম্পর্কে লিখিতভাবে অবহিত করবেন। জেলা অফিসার কিংবা তাহার প্রতিনিধি কর্তৃক যথাযথ যাচাই ব্যতীত কোনো অবস্থাতেই বিলাতিমদের কোনোরূপ বিক্রয়ের কার্য নির্বাহ করিতে পারিবেন না।

২১. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, বিলাতিমদ, ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, ক্যাশমেমো ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

২২. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত বিলাতিমদের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২৩. লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লজ্ঞন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

২৫. এই লাইসেন্স যৌক্তিক কারণে বাতিল/সাময়িকভাবে স্থগিত করা হইলে দোকানে সংরক্ষিত বিলাতিমদ অন্য কোনো লাইসেন্সপ্রাপ্ত বিলাতিমদের খুচরা বিক্রেতার নিকট বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ অর্থ লাইসেন্সীকে ফেরত প্রদান করিতে হইবে।

২৬. আইন ও বিধি মোতাবেক এই লাইসেন্স বাতিল কিংবা সাময়িকভাবে স্থগিত বা প্রত্যাহার করা হইলে তাহার জন্য সংশ্লিষ্ট লাইসেন্সি/প্রতিষ্ঠান কোনোরূপ ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন না।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্র:-এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

**ফরম-৩/৩০**

[বিধি ১৫ (৪) দ্রষ্টব্য]

**ব্রান্ড রেজিষ্ট্রেশন লাইসেন্স**

ব্রান্ড রেজিষ্ট্রেশন নম্বর ........................তারিখ........................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং.............................. তারিখ:..................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ................................ কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার................................ তারিখের.................................... আবেদনের ভিত্তিতে বিদেশিমদ ও বিলাতিমদ ও মদজাতীয় পানীয়ের ব্রান্ড রেজিষ্ট্রেশন প্রদান করা হইল :

১. লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম :

২. প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীর নাম :

৩. মাতার নাম:

৪. পিতার নাম:

৫. বর্তমান ঠিকানা :

৬. স্থায়ী ঠিকানা :

৭. জাতীয় পরিচয়পত্র নং : মোবাইল নং :

৮. প্রতিষ্ঠানের ঠিকানা :

১১. টিআইএন:

১২. আমদানি/রপ্তানি নিবন্ধন সনদ নম্বর:

১৩. অনুমোদিত বিদেশিমদ ও মদজাতীয় পানীয়ের ব্রান্ডসমূহের নাম :

১৪. অনুমোদিত বিলাতিমদ ও মদজাতীয় পানীয়ের ব্রান্ডসমূহের নাম ও অনুমোদিত বোটলিং এর বিবরণ :

**শর্তাবলি:**

১. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা এবং সরকার ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সংশ্লিষ্ট আদেশ এই রেজিস্ট্রেশনের শর্ত হিসাবে গণ্য হইবে।

২. এই রেজিস্ট্রেশনের শর্তাবলী যথাযথভাবে পালন সাপেক্ষে এবং প্রতি ৫(পাঁচ) অর্থ বৎসর পর এই রেজিস্ট্রেশন নবায়ন করা যাইবে।

৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই রেজিস্ট্রেশনের কোনোরূপ পরিবর্তন/ সংশোধন করা যাইবে না।

৪. লাইসেন্সে উল্লিখিত স্থান/গুদাম/ওয়্যার হাউজ ব্যতীত অন্য কোথাও সংশ্লিষ্ট লাইসেন্সের আওতাভুক্ত কোন মদ মজুদ করা যাইবে না।

৫. লাইসেন্সের আওতাভুক্ত মাদক বা পণ্যের যথোপযুক্ত নিরাপত্তা লাইসেন্সধারীকে নিশ্চিত করিতে হইবে।

৬. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোনো ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে দিনে বা রাতে যে কোনো সময় এই রেজিস্ট্রেশনে উল্লিখিত ও আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, বিদেশিমদ/বিলাতিমদ, ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, ক্যাশমেমো, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে হইবে।

৭. এই রেজিস্ট্রেশনভুক্ত মাদক/পণ্যের হিসাব নির্ধারিত ফরমে নিয়মিত সংরক্ষণ ও সংশ্লিষ্ট জেলা/মেট্রো/বিশেষ জোন কার্যালয়ে এতৎসংক্রান্ত মাসিক/ষান্মাসিক/বার্ষিক প্রতিবেদন দাখিল করিতে হইবে।

৮. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই রেজিস্ট্রেশন হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৯. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারায় অপরাধী হিসাবে সাজাপ্রাপ্ত ব্যক্তিকে এই রেজিস্ট্রেশনের সহিত সম্পৃক্ত করা কিংবা কর্মচারী/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

১০. এই রেজিস্ট্রেশনের আওতায় কর্মকর্তা/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা সংশ্লিষ্ট লাইসেন্সের কোনো শর্ত লংঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে, তাহা হইলে উক্ত লজ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার লজ্ঘনকারী ব্যক্তিসহ সংশ্লিষ্ট লাইসেন্সির উপর বর্তাইবে।

১১. এই রেজিস্ট্রেশনভুক্ত বিদেশিমদসমূহ ব্যতীত অন্য কোনো প্রকার বিদেশিমদ আমদানি করা যাইবে না।

১২. মহাপরিচালকের নিকট হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত ব্রান্ডের বিদেশিমদ ব্যতীত অন্য কোনো প্রকার বিদেশিমদ বিক্রয় করা যাইবে না।

১৩. লাইসেন্সি ব্যতীত অন্য কেহ তাহার পক্ষে এই রেজিস্ট্রেশনের আওতাভুক্ত কোনো প্রকার বিদেশিমদ আমদানি করিতে পারিবেন না।

১৪. ব্রান্ড রেজিস্ট্রেশনভুক্ত আমদানিকৃত বিদেশিমদ লাইসেন্সধারীদের নিকট পাইকারি বিক্রয়/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার অধীন অনুমোদিত ব্যক্তিদের নিকট পরিবেশন ব্যতীত অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট কোনোরূপ বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না।

১৫. ব্রান্ড রেজিস্ট্রেশনভুক্ত বিদেশিমদ আমদানি বা পাইকারি বিক্রয় করিতে হইলে তাহা ১০ নং শর্ত প্রতিপালন ছাড়াও সরকারের বৈদেশিক মুদ্রা সংক্রান্ত নীতিমালা, আমদানি নীতিমালা এবং সরকারের শুল্ক, আবগারি ও ভ্যাট সংক্রান্ত নীতি ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

১৬. রেজিস্ট্রেশন গ্রহণকালে পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮, অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই রেজিস্ট্রেশনের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ধারা ১৫, ১৬ এবং ১৭ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৭. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ কিংবা এই রেজিস্ট্রেশনের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া রেজিস্ট্রেশন বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

১৮. এই রেজিস্ট্রেশন বাতিল/প্রত্যাহার কিংবা অন্য কোনোভাবে কার্যক্রম রহিত হইলে উহা ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান করিতে হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বিঃ দ্রঃ-এই রেজিস্ট্রেশন দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি উপরিউক্ত শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই রেজিস্ট্রেশনের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে বৈধ বলিয়া গণ্য হইবে না।

**তফসিল-৪**

**ফরম-৪/১**

[বিধি ৮(৬) ও ১৮(৫) দ্রষ্টব্য]

অঙ্গীকারনামা (বন্ড)

**(৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প)**

আমিঃ --------------------------, মাতাঃ ----------------------, পিতাঃ --------------------, জাতীয় পরিচয়পত্র নম্বরঃ ........................স্থায়ী ঠিকানাঃ গ্রাম/সড়ক/মহল্লা-..........................., ডাকঘর-............................, থানা/উপজেলা .........................., জেলা ......................., বর্তমান ঠিকানা:. গ্রাম/সড়ক/মহল্লা-.................., ডাকঘর-..............., থানা/উপজেলা ..........., জেলা ............, প্রতিষ্ঠানের ঠিকানাঃ................................................................, এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, লাইসেন্সের শর্তাবলি এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ প্রতিপালনে এবং সরকারি পাওনা পরিশোধের নিশ্চয়তা হিসাবে............................................, ক্ষেত্রমত, জমি/ভবন/স্থাপনা/মালামাল ও সম্পদ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট দায়বদ্ধ থাকিবে। আমি লাইসেন্সের কোনো বিকৃতি, পরিবর্তন, সংযোজন, বিয়োজন, হস্তান্তর, স্থানান্তর, ইত্যাদি করিব না। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যথাযথ কর্তৃপক্ষের আদেশ অমান্য করিলে এবং লাইসেন্সের শর্তাবলি ভঙ্গ করিলে .............................. টাকা বাংলাদেশ সরকারের তহবিলে জমা প্রদান করিতে বাধ্য থাকিব। অন্যথায়, আইনানুযায়ী দন্ডনীয় হইব মর্মে স্বীকার করিয়া এই অঙ্গীকারনামা সম্পাদন করিলাম।

অঙ্গীকারনামা সম্পাদনকারীর নাম, ঠিকানা, তারিখ ও স্বাক্ষরঃ

অঙ্গীকারনামা গ্রহণকারীর নাম,পদবি, তারিখ ও স্বাক্ষরঃ

সাক্ষীদের স্বাক্ষর ও তারিখঃ

১।

২।

৩।

**ফরম-৪/২**

[বিধি ৫০(ঙ) দ্রষ্টব্য]

রাসায়নিক পরীক্ষার জন্য নমুনা (অ্যালকোহল) সংগ্রহ ও সিলগালা করিবার লেবেল

১। আটক তালিকার ক্রমিক নং ও তারিখ :

২। আটকের স্থান :

৩। যাহার/যাহাদের/যে প্রতিষ্ঠানের নিকট হইতে আটক করা হইল তাহার/তাহাদের/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

৪। যিনি আটক করিলেন তাহার নাম ও পদবি:

৫। আটক বস্তুর বিবরণ :

৬। আটক বস্তুর মোট পরিমাণ/সংখ্যা এবং নমুনা হিসাবে গৃহীত বস্তুর পরিমাণ ও সংখ্যা :

৭। সাক্ষীদের নাম, ঠিকানা ও স্বাক্ষর :

(১)

(২)

৮। যাহার/যাহাদের/যে প্রতিষ্ঠানের নিকট হইতে আটক করা হইল তাহার/তাহাদের/প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর :

৯। অভিযানে নেতৃত্বদানকারী অফিসারের স্বাক্ষর :

১০। যে সিল দ্বারা মোহর করা হইল উহার বিবরণ ও ক্রমিক নং :

১১। আটককারী ও সিলগালা সম্পাদনকারী অফিসারের স্বাক্ষর :

**ফরম-৪/৩**

[বিধি ১৪(২) দ্রষ্টব্য]

**পরিদর্শন প্রতিবেদন**

১। দোকানের নাম:.......................................................................................

২। দোকানের অবস্থান:..................................................................................

৩। বিক্রিত মাদকদ্রব্যের নাম:.........................................................................

৪। পরিদর্শনের তারিখ ও সময়:.....................................................................

লাইসেন্সির উপস্থিতি/অনুপস্থিতি (অনুপস্থিত হইলে তাহার কারণ):...............................

৫। অনুমোদিত বিক্রয়কারীকে দোকানের উপস্থিতি/অনুপস্থিতি (অনুপস্থিত হইলে তাহার কারণ):........

৬। ধারণ ক্ষমতা (সম্ভাব্য): -----------------ন্যূনতম স্টক:-----------------------

৭। দেশি/বিলাতিমদের স্টক:

(ক) বহিমূলে মজুদ:.........................................................................

(খ) বাস্তবে প্রাপ্ত: ...........................................................................

(গ) পার্থক্য (যদি থাকে):................................................................

(ঘ) বিক্রিত মাদকদ্রব্যের পরিমাণ:.....................................................

(ঙ) স্টক এবং বিক্রিত মাদকদ্রব্যের পরিমাণের পার্থক্য (যদি থাকে) এর ব্যাখ্যা:...........

(চ) ন্যূনতম স্টক মজুদ রাখা হইতেছে কিনা?..........................................

৮। কনজাম্পশনের তুলনামূলক পরিসংখ্যান:

(ক) গত মাসের কনজাম্পশন:...................................................................

(খ) গত বৎসরের একই মাসে কনজাম্পশন:...........................................

(গ) এই বৎসরের শুরু থেকে গত মাস পর্যন্ত কনজাম্পশন:............................

(ঘ) গত বৎসরের একই সময়ের কনজাম্পশন:.........................................

৯। কনজাম্পশনের পার্থক্যের কারণ:.......................................................

১০। পরীক্ষার নিমিত্ত সংগৃহীত মদের নমুনার ফলাফল (যদি থাকে):

(ক) সংগ্রহকারী কর্মকতার নাম, পদবি ও কর্মস্থল:.........................................

(খ) কি পরিমাণ মদ সংগ্রহ করা হইয়াছে:..........................................

(গ) পরিমাপ ও ওজন অনুযায়ী কি পরিমাণ পাওয়া গিয়াছে:...............................

(ঘ) ক্রয়কৃত মদের শক্তি: .........................................................

১১। বিগত পরিদর্শনের পর হইতে অদ্য পর্যন্ত গৃহীত মদের পরিবহন পাস যাচাই করা হইয়াছে কিনা; হইয়া থাকিলে যাচাইয়ের ফলাফল: .

১২। ওজন পরিমাপক যন্ত্রপাতি যাচাই করা হইয়াছে কিনা: ..................................

১৩। অনিয়ম আছে কিনা:......................................................................

১৪। অনিয়ম সম্পর্কে দোকানে উপস্থিত লাইসেন্সি বা বিক্রয়কারীর ব্যাখ্যা:..........................

১৫। বিশেষ মন্তব্য (যদি থাকে): .........................................................................

..................................................................................................

পরিদর্শনকারী কর্মকর্তার নাম, পদবি, স্বাক্ষর

ও

সিলমোহর

**ফরম-৪/৪**

[বিধি ৩১(২)(ক) দ্রষ্টব্য]

পণ্যাগারের ভবন, স্থাপনা, যন্ত্রপাতি, ভ্যাট, ড্রাম, ওজনের মেশিন, পরিমাপের পাত্র, ডিপরডসহ অন্যান্য আনুষঙ্গিক সরঞ্জামের হিসাবের রেজিস্টার

পণ্যাগারের নাম:.........................................................................

পণ্যাগারের ঠিকানা:.....................................................................

| ক্রমিক নং | ভবন/ যন্ত্রপাতি/সরঞ্জামের নাম | সংখ্যা | সংগ্রহের তারিখ/সাল | প্রাপ্তির উৎস | ব্যবহারের উপযোগী কিনা? | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | পণ্যাগার ভবন | | | | | |
| ২ | কাঠের ভ্যাট | | | | | |
| ৩ | মেটাল ভ্যাট | | | | | |
| ৪ | ড্রাম | | | | | |
| ৫ | ওজনের মেশিন | | | | | |
| ৬ | পরিমাপের যন্ত্র | | | | | |
| ৭ | ডিপরড | | | | | |

**ফরম-৪/৫**

[**বিধি** ৩১(২)(খ) দ্রষ্টব্য]

**পণ্যাগার এ ভ্যাট, ড্রাম/কাস্ক গেজিং রেজিস্টার**

পণ্যাগারের নাম:..........................................................................

পণ্যাগারের ঠিকানা:......................................................................

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১। কাস্ক বা ড্রামের (কনসাইন) নং | | | | | | | | | | | | | | | |
| ২। স্পিরিট ইস্যুর তারিখ | | | | | | | | | | | | | | | |
| ৩। ড্রামসহ স্পিরিটের ওজন | | | | | | | | | | | | | | | |
| ৪। খালি ড্রামের ওজন | | | | | | | | | | | | | | | |
| ৫। স্পিরিটের ওজন | | | | | | | | | | | | | | | |
| ৬। ধারণ ক্ষমতা | | | | | | | | | | | | | | | |
| ৭। ড্রামের ঢাকনার ব্যাস (Bung Diameter) | | | | | | | | | | | | | | | |
| ৮। উত্তোলনের পূর্বে ডিপ রড কতটুকু ভিজা (Wet) | | | | | | | | | | | | | | | |
| ৯। শক্তি | | | | | | | | | | | | | | | |
| ১০। উত্তোলনের পূর্বে পরিমাণ (আন্ডার প্রুফ লিটার) | | | | | | | | | | | | | | | |
| ১১। উত্তোলনের পূর্বে পরিমাণ (প্রুফ লিটার) | | | | | | | | | | | | | | | |
| ১২। কোনো ভ্যাটে স্থানান্তরিত | | | | | | | | | | | | | | | |
| **ড্রামে মজুদ** | | | | | | | | | | | | | | | |
| ১৩। মোট পরিমাণ (আন্ডার প্রুফ লিটার) | | | | | | | | | | | | | | | |
| ১৪। মোট পরিমাণ (আন্ডার প্রুফ লিটার) | | | | | | | | | | | | | | | |
| ১৫। শক্তি | | | | | | | | | | | | | | | |
| ১৬। প্রুফ লিটার | | | | | | | | | | | | | | | |
| ১৭। রগিং শেষে উত্তোলনের তারিখ | | | | | | | | | | | | | | | |
| ১৮। কোনো ভ্যাটে স্থানান্তরিত | | | | | | | | | | | | | | | |
| ১৯। মন্তব্য | | | | | | | | | | | | | | | |

**ফরম-৪/৬**

[বিধি ৩১(২)(গ) দ্রষ্টব্য]

## ডিস্টিলারি/ব্রিউয়ারী হইতে প্রাপ্ত অ্যালকোহল/বিয়ার ভর্তি ড্রাম ও ট্যাংক রেজিস্টার

পণ্যাগারের নাম.................................................................................

পণ্যাগারের ঠিকানাঃ..........................................................................

| পাস নং ও তারিখ | যে ডিস্টিলারি/ওয়ার হাউজ হইতে প্রাপ্ত উহার নাম | গ্রহণের তারিখ | পরীক্ষার তারিখ | ডেসপ্যাচ হিসাব (লাল লাইন) গ্রহণ হিসাব (কালো লাইন) | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ড্রামের সংখ্যা ও নম্বর | ক্ষমতা | পরিমাপ যন্ত্র | ওজন ইঞ্চি | ড্রামের মোট ওজন | খালি ড্রামের ওজন | স্পিরিটের প্রকৃত ওজন | প্রতি গ্যালনের ওজন/ প্রতি লিটারের ওজন | মোট গ্যালন / লিটার | রড দ্বারা পরিমাপে প্রাপ্ত মোট আভার প্রুফ গ্যালন | ১২ নং ও ১৪ নং কলামের পার্থক্য | ৫ নং সংশোধনের পর স্থিতি | তাপ মাত্রা | নির্দেশক | শক্তি | মোট লিটার | পরিবহণ নর সময়/ স্থানান্তরের সময় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ |
| | | | | | | | | | | | | | | | | | | | | |

| ঘাটতি (এলপি লিটার্) | | রশিদে প্রাপ্ত বর্ধিত পরিমাণ (এলপি) | ইস্যু | | | | | | ৪ নং কলামের ঘাটতি | বদ্ধ কালীন বৃদ্ধির পরিমাণ | চিত্র মোতাবেক রশিদ | মোট ২৬,২৮,৩০,৩১,৩২ ও ৩৩ কলামের যোগফল | ১% এর অতিরিক্ত ঘাটতি | খালি ড্রামের ওজন | সংশ্লিষ্ট রেজিষ্টার | মন্তব্য | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| অনুমোদন যোগ্য | অনুমোদন যোগ্য | | তারিখ | এলপি লিটার | তারিখ | এলপি লিটার | তারিখ | এলপি লিটার | | | | | | | | | |
| ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ | ৩৬ | ৩৭ | ৩৮ | ৩৯ |
| | | | | | | | | | | | | | | | | | |

**ফরম-৪/৭**

[বিধি ৩১(২)(ঘ) দ্রষ্টব্য]

পণ্যাগারে অ্যালকোহল/বিয়ার রিডাকশন, ব্লেন্ডিং ও ইস্যু রেজিস্টার

ডিস্টিলারির নাম....................................................................................

পণ্যাগারের নাম.......................................................................................

ভ্যাট নং........................ গভীরতা................................................ ইঞ্চি

লিটার..........................................

| প্রকৃত গ্রগিংএবং প্রুভিং এর মাধ্যমে প্রাপ্ত মজুত বা ব্যালান্স | | | | | | গ্রহণ | | | | | | | বর্তমান স্থিতি এবং গৃহীত | | | বৃদ্ধি (লন্ডন প্রুফ লিটার) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ ও সময় | গভীরতা (Dip in wet inches) | তাপমাত্রা | নির্দেশক | শক্তি | বাল্ক লিটার | লন্ডন প্রুফ লিটার | কোথা হইতে গৃহীত | বাল্ক লিটার | লন্ডন প্রুফ লিটার | কোনো ভ্যাট হইতে | মোট ড্রামের সংখ্যা | বাল্ক লিটার | লন্ডন প্রুফ লিটার | বাল্ক লিটার | লন্ডন প্রুফ লিটার | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | | | | | | | | | | | | | | | | |

| বরাদ্দকৃত সীমার ঘাটতি (লন্ডন প্রুফ লিটার) | | | | করারোপযোগ্য ঘাটতি (লন্ডন প্রুফ লিটার) | ইস্যু | | | | | | | মোট ভ্যাট বা ড্রাম এর সংখ্যা | মন্তব্য | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | আন্ডার বন্ড | | | প্রদেয় শুল্ক | | অন্য ভ্যাট বা ড্রামে স্থানান্তর | | | | |
| রিডাকশন (মিশ্রিত) | ব্লেন্ডিং (শক্তির মিশ্রিত/ অ্যালকোহলের উপর মিশ্রণ) | র‌্যাকিং (নিষ্কাশন) | গুদামজাত জনিত ঘাটতি | | মন্তব্য | বাল্ক লিটার | লন্ডন প্রুফ লিটার | মোট বাল্ক লিটার বা প্রকৃত যে পরিমাণ পরিমাপ করা হইয়াছে | প্রুফ লিটার | বাল্ক লিটার | লন্ডন প্রুফ লিটার | | অভিযান বা কার্যক্রমের নাম | |
| ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ |
| | | | | | | | | | | | | | | |

**ফরম-৪/৮**

[বিধি ৩১(২)(ঙ) দ্রষ্টব্য]

অ্যালকোহল/বিয়ারের সমাপ্তি জের এবং লেনদেন এর সার সংক্ষেপ রেজিস্টার

পণ্যাগারের নাম.................................................................................

পণ্যাগারের ঠিকানাঃ.................................................................................

মাসের নাম.................................................... বৎসরের নাম.....................................

| তারিখ | বহি মূলে মজুদ | কোথা হইতে গ্রহণ | ডিস্টিলারি হইতে কি পরিমাণ প্রাপ্ত (লিঃ) | বৃদ্ধি | | | ২ হইতে ৭ এর যোগফল | ইস্যুর তারিখ | ইস্যুকৃত | | | | ঘাটতি | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | স্থানান্তরজনিত | কার্যকালীন বৃদ্ধি | গ্রেডিং | | | বন্ড এর অধীনে | | শুল্ক পরিশোধিত কিনা | রিডাকশন | ব্লেন্ডিং | নিষ্কাশন (র‍্যাকিং) | গুদামজাত জনিত | পরিবহন | ১০ হইতে ১৭ পর্যন্ত যোগফল |
| | | | | | | | | | কোনো পণ্যাগারে | মন্তব্য কলামে বর্ণিত অন্য কোনো ডিনেচোরেন্ট | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| | | | | | | | | | | | | | | | | | |

| অতিরিক্ত ঘাটতির পরিমাণ কর আরোপযোগ্য কি না | স্পিরিট ভ্যাটে উত্তোলনের পরিমাণ (আন্ডার প্রুফ লিটার) | আন্ডার প্রুফ | আন্ডার প্রুফ | লাইসেন্সিগণের নিকট নির্ধারিত শক্তির স্পিরিট সরবরাহ | | | | | মোট উৎপাদন খরচ | মন্তব্য | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | আন্ডার প্রুফ | আন্ডার প্রুফ | আন্ডার প্রুফ | ২১ হইতে ২৫ পর্যন্ত কলামের যোগফল/ প্রুফ লিটারে | রাজস্ব আদায় এর পরিমাণ | | | |
| ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ |
| | | | | | | | | | | | |

**ফরম-৪/৯**
[বিধি ৩১(২)(চ) দ্রষ্টব্য]

পণ্যাগার লাইসেন্সি/কর্মকর্তা ও কর্মচারীদের দৈনন্দিন হাজিরা খাতা

পণ্যাগারের নাম.........................................................................................
পণ্যাগারের ঠিকানাঃ..................................................................................

মাসঃ ..........................................................................................
বৎসর ঃ........................................................................................

| ক্রমিক নং | লাইসেন্সি বা অফিসার বা কর্মচারীর নাম ও পদবি | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

**ফরম-৪/১০**

[বিধি ৩১(২)(ছ) দ্রষ্টব্য]

পণ্যাগারে প্রবেশের পাস বহি

পণ্যাগারের নামঃ..........................................................................................

পণ্যাগারের ঠিকানাঃ......................................................................................

| ক্রমিক নং | প্রবেশকৃত ব্যক্তির নাম, পদবি ও ঠিকানা | প্রবেশকৃত ব্যক্তি কোনো প্রতিষ্ঠানে কর্মরত থাকিলে উহার নাম ও ঠিকানা | মোবাইল নম্বর | প্রবেশের তারিখ | প্রবেশের সময় | প্রবেশের উদ্দেশ্য | কাহার সহিত সাক্ষাৎ করিতে ইচ্ছুক তাহার নাম ও পদবি | প্রবেশকারীর স্বাক্ষর | প্রস্থানের তারিখ | প্রস্থানের সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

**ফরম-৪/১১**

[বিধি ৩১(২)(জ) দ্রষ্টব্য]

